বৈষ্ণবাচারদর্পণ।

বৈষ্ণবসর্ব্বস্ব।

অর্থাৎ

বৈষ্ণবদিগের আচরণীয় এবং স্মরণীয় বিশেষ
আবশ্যক বিষয়ের বিবরণ।

প্রথম ভাগ

৫ম বিভব পর্য্যন্ত।

শ্রীমন্মহানুভব বৈষ্ণবের আদেশে

শ্রীযুক্ত প্রভুবর নবদ্বীপচন্দ্র গোস্বামি বিদ্যারত্ন
পণ্ডিত প্রবর কর্ত্তৃক সম্পাদিত হইয়া
শ্রীনৃত্যলাল শীল কর্ত্তৃক প্রকাশিত।

তৃতীয় সংস্করণ।

কলিকাতা।

আহীরীটোলা ষ্ট্রীট ৯৯ সংখ্যক ভবনে
এন্, এল্, শীলের যন্ত্রে মুদ্রিত।
১৮২৩ শকাব্দে।

বিজ্ঞাপন।

"বন্দে ঽনন্তাদ্ভুতৈশ্বর্য্যং শ্রীনিত্যানন্দমীশ্বরম্।
যস্যেচ্ছয়া তৎ-স্বরূপমজ্ঞেনাঽপি নিরূপ্যতে ॥"

শ্রীকবিরাজ গোস্বামী।

শ্রীশ্রীমন্নিত্যানন্দপ্রভুবংশীয় পরম-পূজনীয়পাদ পণ্ডিতাগ্রণী সুপণ্ডিত-প্রবর প্রভুবর শ্রীল শ্রীশ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র গোস্বামি-বিদ্যারত্ন-প্রভু-মহাশয়-প্রণীত শ্রীবৈষ্ণবাচারদর্পণ-নামক বৈষ্ণবসর্ব্বস্ব পুস্তকের প্রথম ভাগের তৃতীয় সংস্করণ প্রকাশিত হইল। শ্রীমদ্ভাগবত-মহাপুরাণ শ্রীপদ্মপুরাণ প্রভৃতি বহুপুরাণ ও শ্রীগৌতমীয়-তন্ত্র শ্রীসনৎকুমার-তন্ত্র প্রভৃতি তন্ত্রশাস্ত্র সকল এবং শ্রীসনাতন গোস্বামি-বিরচিত শ্রীবৃহদ্-বৈষ্ণবতোষণী, শ্রীবৃহদ্ভাগবতামৃত এবং শ্রীরূপগোস্বামি-বিরচিত-শ্রীভক্তিরসামৃতসিন্ধু, শ্রীউজ্জ্বল-নীলমণি ও শ্রীজীব-গোস্বামি কৃত শ্রীকৃষ্ণসন্দর্ভ-শ্রীভক্তিসন্দর্ভ শ্রীভগবৎ-সন্দর্ভ শ্রীপ্রীতি-সন্দর্ভ প্রভৃতি গোস্বামিগ্রন্থসমূহ শ্রীকৃষ্ণকর্ণামৃত স্তবমালা স্তবাবলী শ্রীচৈতন্যচরিতামৃত শ্রীচৈতন্যভাগবত শ্রীগোপালচম্পু শ্রীগৌরগণোদ্দেশদীপিকা--শ্রীগৌরগণ-স্বরূপ-তত্ত্ব-চন্দ্রিকা শ্রীকৃষ্ণার্চ্চন-চন্দ্রিকা শ্রীসঙ্কল্পকল্পদ্রুম শ্রীধ্যানচন্দ্রগোস্বামিসঙ্গৃহীত পূজাপদ্ধতি শ্রীভক্তকল্পদ্রুম প্রভৃতি প্রামাণিক বহুতর বৈষ্ণবগ্রন্থ হইতে বিবিধ সার-সিদ্ধান্ত অংশ এই গ্রন্থে সংক্ষেপে সন্নিবেশিত হইয়াছে, বিশেষতঃ পূর্ব্ববার অপেক্ষা এইবারে বহুতরস্থানে বহুতর অংশ পরিবর্দ্ধিত হওয়াতে অতিশয়িত রূপে গ্রন্থের সৌষ্ঠব সম্পাদিত হইয়াছে ॥ বিশেষতঃ, এই গ্রন্থে শ্রীশ্রীগোবর্দ্ধন-

বাসি মহা-বিচক্ষণ মহানুভাব শ্রীযুক্ত কৃষ্ণদাস বাওয়াজী মহাশয়ের প্রণীত শ্রীশ্রীভাবনামৃতসারসঙ্গ্রহ ও শ্রীসাধনামৃতচন্দ্রিকা প্রভৃতি পুস্তকদৃষ্টে এবং শ্রীধাম নবদ্বীপনিবাসী শ্রীযুক্ত সিদ্ধচৈতন্যদাস বাওয়াজী মহাশয়, তথা শ্রীপাট-অম্বিকা কাল্না-নিবাসি শ্রীযুক্ত মহানুভাব ভগবানদাস বাওয়াজী মহাশয়, তথা অত্রস্থ শ্রীমৎ সোণারগৌরাঙ্গ মহাপ্রভুর দেবালয় নিবাসি গুরুসেবৈকতান শ্রীযুক্ত মহানুভাব গৌরগোবিন্দদাস বাওয়াজী মহাশয়দিগের প্রমুখাৎ বাচনিক সাক্ষাতে শ্রুতে অবগত হইয়া অনেক বিষয় ইহাতে সন্নিবেশিত হইয়াছে। ন্যায়বেদান্তপ্রভৃতি নানাদর্শন শাস্ত্রবেত্তা ও প্রায় সমগ্র-ভক্তিশাস্ত্রের সর্ব্বপ্রকারে সম্যক্ অর্থের ও সুসিদ্ধান্ত তাৎপর্য্যাদির পারদর্শী এবঞ্চ অপরাপর বিবিধ শাস্ত্রজ্ঞান পারদর্শী অথচ সুকঠিন বৈষ্ণবোচিত অবশ্যকর্ত্তব্য-সদাচার সম্পন্ন বিদ্যারত্ন পণ্ডিতপ্রবর-উক্ত, মহা-পৌরাণিক মহানুভব শ্রীযুক্ত নবদ্বীপচন্দ্র গোস্বামি প্রভুবর পূজ্যপাদ-বিরচিত এই বৈষ্ণবাচারদর্পণ-নামক বৈষ্ণবের সর্ব্বস্বধন-গ্রন্থ, সকল সাধন, ও ভজন-প্রণালী, সাধু ও সরল প্রকৃতি বৈষ্ণবগণের অনায়াসে বোধগম্য করিবার নিমিত্ত অতীব সরলভাবে গ্রন্থন করিয়া সুচারুমতে সন্নিবেশিত করিতে চেষ্টা করিয়াছেন, অতএব ইহাতে ভাবক, সাধক, ভক্ত-সম্প্রদায়ের প্রয়োজনীয় কোন বিষয়েরই অভাব পরিলক্ষিত হইবে না, সুতরাং বলা বাহুল্য,যে বৈষ্ণব-সম্প্রদায়ের রাগমার্গে ভাবনামৃত-সারসংগ্রহ বিষয়েও বৈধ-আচরণ বিষয়ে এতাদৃশ গ্রন্থ দ্বিতীয় আর নাই বলিলেও অত্যুক্তি হয় না।

আর ইহার দ্বিতীয়ভাগেতে ষষ্ঠ বিভব হইতে বৈধী চতুঃষষ্টি অঙ্গ ভক্তি অনুযায়ী যাজন ও অনুষ্ঠানের যাবতীয় বিধি নিয়মাদি সুচারুমতে বর্ণিত হইয়া প্রকাশিত হইয়াছে। এই প্রথম ভাগে ষষ্ঠ বিভব পর্য্যন্ত থাকিবার সূচনা যদিও কয়া হইয়াছিল, তথাপি এই প্রথমভাগে পঞ্চবিভবে কেবল রাগমার্গে ভাবনা বিষয়, আর দ্বিতীয়ভাগে অন্য সমস্তই বৈধীভাব সমাচরণের বর্ণনা থাকায় ষষ্ঠ বিভবও বৈধীভাবে পূর্ণবিধায় তাহাও দ্বিতীয়ভাগেই সন্নিবেশিত হইয়াছে।

অবশেষে পরমানন্দ সহকারে ইহাও প্রকাশ করিতে বাধ্য হইলাম, যে গ্রন্থখানি আমাদের যন্ত্রস্থ থাকা কালেই মহাত্মগণ যে ভাবে আগ্রহাতিশয় সহকারে গ্রাহক হইতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন, তাহাতে বোধ করি যে অতি অল্পদিনের মধ্যেই আমাদের এই তৃতীয় সংস্করণের গ্রন্থগুলি নিঃশেষিত হইয়া যাইবে। অতএব অনুরোধ করি গ্রহণেচ্ছু গণ সত্বর হউন। আর একটি অনুরোধ এই যে, এই ঘোর কলিকালেও পুণ্যভূমি ভারতবর্ষে মানবজন্ম পাইয়া পরম-সৌভাগ্য-ক্রমে যদি কেহ শ্রীবিষ্ণুমন্ত্রে দীক্ষিত হইয়া বহুপ্রকারে ভক্তিপথে অগ্রসর হইবার বাস্তবিকই আশা করিয়া থাকেন তবে এই পরমসদাচারসম্পন্ন ও সদাচারশীল বৈষ্ণব-সমাজে বর্ত্তমান ঋষিতুল্য-মহানুভবের প্রণীত ও প্রচারিত উপদেশে বঞ্চিত হইবেন কেন ?

নিবেদক—**শ্রীনৃত্যলাল শীল।**

তৃতীয় সংস্করণের প্রকাশক।

শুদ্ধিপত্র-বিষয়ক পুনশ্চ।

এই গ্রন্থে ২৮৩ পৃষ্ঠায় ৩য় পংক্তিতে, পঞ্চত্রিংশতের পর নিম্নের এই ৪টী লাইন স্খলিত, যথা—

("রূপচিন্তামণৌ চ। ছত্রারিধ্বজবল্লি-পুষ্পবলয়ান্ পদ্মোর্দ্ধ-রেখাঙ্কুশানর্দ্ধেন্দুঞ্চ-যবঞ্চ-বামমনু যা শক্তিং গদাং স্যন্দনম্। বেদী কুণ্ডলমৎস্য পর্ব্বতদরং ধত্তেঽনু সব্যম্পদম্, তাং রাধাং চিরমূনবিংশতি মহালক্ষ্ম্যার্চ্চিতাঙ্ঘ্রিম্ ভজে।" ইতি।)

এই পুস্তকের ভ্রম-সংশোধন বিষয়ে সবিনয়ে সমাবেদন এই যে এতাদৃশ মহদ্দুর্লভ শ্রীবৈষ্ণবসর্ব্বস্বগ্রন্থ অতি বিশুদ্ধ-ভাবে মুদ্রিত করিয়া প্রকাশ করা অতীবসঙ্গত-বিধায় তদ্বিষয় সাধ্যানুরূপ চেষ্টা করিয়াও আমাদের এই গ্রন্থের অশুদ্ধভাব সম্পূর্ণরূপে শুদ্ধ করিতে পারিয়াছি তাহা বলিতেছি না, তবে যদি কোন স্থানে বর্ণের ব্যত্যয় এবং অযথা বিন্যাস প্রভৃতি অশুদ্ধি দৃষ্টিগোচর হয় তাহা সদাশয় পাঠকগণ নিজ প্রতিভা-বলে শুদ্ধ করিয়া লইলে আমি অতিশয় অনুগৃহীত হইব সুতরাং শুদ্ধিপত্র অনাবশ্যক ইতি—

প্রকাশক—

শ্রীশ্রীগৌরহরিঃ।

সূচীপত্র।

সূচীপত্র।

বিষয়	পৃষ্ঠা।	পংক্তি।

———

শ্রীশ্রীসোণারগৌরাঙ্গসুন্দরো

জয়তি তমাম্।

মঙ্গলাচরণ।

"যঃ শ্রীবৃন্দাবনভুবি পুরা সচ্চিদানন্দসান্দ্রো
গৌরাঙ্গীভিঃ সদৃশরুচিভিঃ শ্যাম-ধামা ননর্ত্ত॥
তাসাং শশ্বদ্দৃঢ়তর-পরীরম্ভ-সম্ভেদতঃ কিং
গৌরাঙ্গঃ সন্ জয়তি স নবদ্বীপমালম্বমানঃ॥" ১ ॥

বৃন্দাবন নিত্যারাম, দীব্য-চিন্তামণি-ধাম, সুমধুর-রসের আঁধার। মদনমোহন-শ্যাম, দলিত-নীরদ-দাম, প্রিয়া-সহ সতত বিহার॥ শ্যাম-সহ-সম-রুচি,-দামিনীদমন-রুচি,-গোপিকার গাঢ়-আলিঙ্গনে। গৌরবর্ণ-অভ্যন্তরে, প্রকাশিল মনোহরে, সম্ভেদিয়া শ্যাম সুচিক্কণে॥ গৌরাঙ্গী-গোপিনী-সঙ্গে, নিরন্তর-দৃঢ়ালিঙ্গে, শ্যাম-অঙ্গে ঢাকি গৌররায়। নব-দ্বীপধামে আসি, প্রেম বিলায় রাশি রাশি, তরঙ্গে যার জগৎ ভাসায়॥ বিষ্ণুপ্রিয়া-আদি করি, নবদ্বীপ-সুনাগরী, গৌর-রসে নিমগ্না সদাই। তাঁদের অনুগা হবো, নিতাই পদ-রজ পাবো, নবদ্বীপদাস গায় তাই॥ ১ ॥

শ্রীখড়্দহগ্রামমধ্যে গঙ্গাতীরে মনোহরে।
শ্যামসুন্দর-সেবৈকতান-ভক্তাদি-বেষ্টিতাং॥
বসন্তকেতকীবর্ণামিন্দীবরনিভাম্বরাং।
যূথেশ্বরীগণপ্রেষ্ঠপ্রধানাঽনঙ্গমঞ্জরীং॥
রত্নালঙ্কারভূষাঢ্যাং বরদাং ভক্তবৎসলাং।

শ্রীনিত্যানন্দচন্দ্রেক,-প্রাণাং প্রেমপ্রদায়িনীং ।।
হ্লাদিনীশক্তিরূপাঞ্চ সচ্ছক্তিস্বরূপিণীং ।
সৈকপক্ষসবর্ণাসদ্বাদশাব্দবয়ঃস্থিতাং ।।
তাম্বূলার্পণসেবৈক-রসাধাং শুভদাং স্মরে ।
অনঙ্গাম্বুজকুঞ্জস্থাং জাহ্নবাং মে গুরুং প্রভুং ।। ২ ।।

পূর্ব্বে নাম ছিল যার অনঙ্গমঞ্জরী। মহৎমাধুর্য্যময়ী মাধুর্য্যাধিকারী ।। জাহ্নবা গোস্বামী এবে তাঁর নাম হয়। মাধুর্য্য-প্রকাশ বিনা অন্য কিছু নয় ।। শ্রীরাধিকার বিলাস শ্রীঅনঙ্গমঞ্জরী। মহাভাব মহাপ্রেম তাহাতে প্রচারি ।। বসন্ত-কেতকী-বর্ণা সুনীলবসনা। যূথেশ্বরীগণ-মধ্যে সকল-প্রধানা ।। গঙ্গাতীরে শ্রীপাঠ্ খড়্দহ নামে গ্রাম। সেবা জন্য প্রকাশিলেন মূর্ত্তি রাধাশ্যাম ।। সেবাপরায়ণ-শিষ্য-সেবক-বেষ্টিতা। অনঙ্গাম্বুজকুঞ্জেতে সদা বিরাজিতা ।। বারবর্ষ ছয় মাস পঞ্চদশদিন। বয়স্ হয়, তাম্বূল সেবায় পরম প্রবীণ ।। মহারত্নমণিময়-বলয়-অঙ্গদা। ভক্তবাৎস-ল্যেতে ভক্তে প্রেমদা বরদা ।। শ্রীশ্যামসুন্দর যাঁর অন্তরে বাহিরে। দীক্ষা-গুরু-রূপে কৃপা করিল আমারে ।। নিত্যা-নন্দের আনন্দ বর্দ্ধন করে যেবা। ভাগ্যবলে না পাইনু তাঁর পদসেবা ।। নবদ্বীপচন্দ্রদাস পড়িয়া ফাঁফরে। জাহ্নবা নিতাই বলি ডাকে উচ্চৈঃস্বরে ।। ২ ।।

শ্রীগৌরাঙ্গ-মহাপ্রেম-গঠিত-শ্রীকলেবরং ।
শ্রীগৌরাঙ্গ-প্রেমপদ্ম-মধুব্রত-রসায়ণং ।।
শ্রীগৌরাঙ্গাভিন্নদেহমবধূতং মহাপ্রভুং ।
রসরাজরসামোদং মহাভাব-ঘটাঘনং ।।

চৈতন্যাগ্রজরূপেণ জগচ্চৈতন্য দায়কং।
যস্য লীলা-বিনোদেন কৃতার্থিত-ধরাতলং॥
নিত্যানন্দস্বরূপং শ্রী,-নিত্যানন্দসুবিগ্রহং।
শ্রীনিত্যানন্দনামানং শ্রীনিত্যানন্দধামকং॥
অদ্বৈত-হৃদয়ানন্দ-মচ্যুতানন্দ-নন্দকং।
পীনবক্ষঃ-কম্বুকণ্ঠং কমলাক্ষ-রসোজ্জ্বলং॥
কোটিকন্দর্প-দর্পঘ্নাহিতমন্মথমন্মথং।
নীলাম্বরধরংশ্রীমৎ কটিকৌপীণভূষণং॥
লৌহদণ্ডা-ভীতিদানা-জানুলম্বিত-বাহুকং।
কোটিজ্যোস্নাকর-জয়-প্রহাসি-মুখমণ্ডলং॥
মহানটেন্দ্রং ভজনতরুকন্দং দয়াময়ং।
কৃষ্ণচৈতন্য সর্ব্বস্বং জাহ্নবাজীবনং গুরুং॥
প্রেমপ্রদানৈকতানং নিত্যানন্দং প্রভুং স্মরে॥ ৩॥

শ্রীগৌরাঙ্গ-মহাপ্রেমে গড়া-কলেবর। শ্রীগৌরাঙ্গপ্রেম পদ্মে মত্তমধুকর॥ চৈতন্যের অভিন্নদেহ প্রভু অবধূত। রসরাজরসামোদী মহাভাব-যুত॥ মোর প্রভু জাহ্নবার জীবন নিতাই। পতিতেরে প্রেম দিতে আর কেহ নাই॥ গৌরাঙ্গ-অগ্রজ প্রভু বিগ্রহ-বলাই। স্বরূপ গৌরাঙ্গ মহা-প্রভু যে নিতাই॥ যাঁর লীলাবিলাসেই কৃতার্থ ভূতল। তাঁহার সকলি নিত্যানন্দ সমুজ্জ্বল॥ স্বরূপ নিত্যানন্দ তাঁর দেহ নিত্যানন্দ। নাম নিত্যানন্দ তাঁর ধাম নিত্যা-নন্দ॥ তাঁর নাম লইলে সে পায় নিত্যানন্দ। তাহারে স্মরিলে দূরে যায় নিরানন্দ॥ অদ্বৈত-অচ্যুতানন্দের হৃদয়া-নন্দন। পীনবক্ষা কম্বুকণ্ঠ কমললোচন॥ আজানুলম্বিত

ভুজ কটিতে কৌপীন। নীলত্বকূলবস্ত্র মধ্য অতি ক্ষীণ॥ কোটিকন্দর্পদর্প জিনিয়া সে রূপ। মন্মথমন্মথমূর্ত্তি মহারস-ভূপ॥ লৌহদণ্ড বাহুতে সদা কলিভয় হর। জাহ্নবা-কমলমুখে মত্ত-মধুকর॥ কোটি-জ্যোৎস্নাকর জিনি হাস্য-শোভি আস্য। মহানটরাজ গৌরনামে সদা লাস্য॥ গৌরা-ঙ্গের সর্ব্বস্ব গৌররসধারাধর। পতিতেরে কৃপা কর নিতাই নাগর॥ নবদ্বীপচন্দ্রদাস যুড়ি দুই করে। জাহ্নবা-জীবন বলি ডাকে উচ্চৈঃস্বরে॥ ৩॥

"নিত্যানন্দাদ্বৈতচৈতন্যমেকং, তত্ত্বং নিত্যালঙ্কৃতং ব্রহ্মসূত্রৈঃ। নিত্যৈর্ভক্তৈর্নিত্যয়া ভক্তিদেব্যা, ভাতং নিত্যে ধাম্নি নিত্যং ভজামঃ॥ নিত্যৈ-শ্বর্য্যো নিত্য-লীলা-বিশেষো, নিত্য-শ্রীকো নিত্য-ভৃত্য প্রসঙ্গঃ। নিত্যোপাস্তির্নিত্যলোকো হবতু ত্বাং, নিত্যাদ্বৈতব্রহ্মরূপো হপি কৃষ্ণঃ॥" ৪॥

শ্রীগৌরাঙ্গ নিত্যানন্দ, অদ্বৈত পরমানন্দ, তিন প্রভু এক-তনু মন। ইথে ভেদবুদ্ধি যার, সেই যায় ছারে-খার, তার হয় নরকে গমন॥ নিত্য-ধাম পরিকর, তিনে এক তত্ত্ব বর, ব্রহ্মসূত্রে নিত্য অলঙ্কৃত। নিত্য-ভক্তি'র দ্বারায়, নিত্য-ভক্তের সেবায়, নিত্য-পূজ্য নিত্য-বিরাজিত॥ নিত্যানন্দ করুণায়, জীবে প্রেমভক্তি পায়, গৌরাঙ্গের পাদপদ্ম মিলে। এমন নিতাইচাঁদে, পড়িয়া বিষমফাঁদে, পাইয়া মুক্তি না ভজিনু হেলে॥ করিনু অসাধুসঙ্গ, সকলি হইল ভঙ্গ, না ভজিনু জাহ্নবা-জীবন। হাতে গলে বান্ধি যবে, যমদূতে লৈয়া যাবে, কেবা রক্ষা করিবে তখন॥ নিত্যৈশ্বর্য্য নিত্য-

লীলা, গোপতিতে কেন ঠেলা, ধিক্ ধিক্ মুঞি ছুরাচার। অপরাধী-পাপমতি, মোর না করিলে গতি, পতিতপাবন পরচার ॥ পতিতপাবনপণা, আমা হ'তে যাবে জানা, উদ্ধারি রাখহ পদ পাশে। পড়িয়া ঘোরবিপাকে, গৌর নিতাই বলি ডাকে, নবদ্বীপচন্দ্রদাসে ভাষে ॥ ৪ ॥

"নমস্যামোঽস্যৈব প্রিয়পরিজনান্ বৎসলহৃদঃ
প্রভোরদ্বৈতাদীনপি জগদঘৌঘক্ষয়কৃতঃ ॥
সমানপ্রেমানঃ সমগুণগণাস্তুল্যকরুণাঃ
স্বরূপাদ্যা যেঽমী স্বরসমধুরাস্তানঽপি নুমঃ ॥" ৫ ॥

গৌরপ্রিয়পরিজন অদ্বৈত-গোসাঁই। প্রভুর প্রিয়-পার্ষদ স্বরূপ রামাই ॥ ইত্যাদি যতেক আছেন বৈষ্ণবগোসাঁই। কলিভব তরাইতে আর কেহ নাই ॥ শ্রীগুরু বৈষ্ণব গোসাঁই ভাল অবতার। তাঁসম করুণানিধি না হইবে আর ॥ বৈষ্ণবগোসাঁইর কিবা অপার মহিমা। প্রভু নিজে না পারেন দিতে যার সীমা ॥ বৈষ্ণব ছুয়ারে যদি হইয়ে কুক্কুর। উচ্ছিষ্টে তরান তবে বৈষ্ণব-ঠাকুর ॥ জাতি-কুল-বিদ্যমানে হারাইলাম নিধি। হেন অবতারে মোরে বঞ্চিত কৈল বিধি ॥ একূল ওকূল মোর ছুই কূল পাথার। চুলে ধরি নাথি মারি মোরে কর পার ॥ গৌরগণ! পূর্ণ কর এই অভিলাষ। নবদ্বীপদাসে ভাষে দন্তে ধরি ঘাস ॥ ৫ ॥

মহাভাব রসরাজ সোণার গৌরাঙ্গ। প্রেমময়ীর প্রেম বিলায় ভজন-সর্ব্বাঙ্গ ॥ রসরাজ-নটবর গৌরাঙ্গ-নাগর। নদিয়া-নাগরি-ভাবে ভজ নিরন্তর ॥ প্রথম শ্লোকেতে সেই ভাব প্রকটন। কর্ণপুর গোস্বামির সম্মতে লিখন ॥১॥ অদ্বৈত

চন্দ্র গোস্বামির মধ্যম পুত্র যিনি। শ্যামসুন্দর গোসাঁই নামে খ্যাত তিনি ।। বাল্‌সী গ্রামে নিকষকুলীন বিপ্রসুতা। শ্রীমতী-নাম-জননী-গর্ভসমুদ্ভূতা ।। শ্রীজাহ্নবাসমগুণা জাহ্নবাখ্যা কন্যা। পাণিগ্রহে হইলেন সর্ব্ববিধায় ধন্যা ।। অল্পবয়সেতে গোসাঁই অপ্রকট হন। পতির ভাবেতে যিনি নিজ-দেহ-মন ।। সমর্পিল শ্যামসুন্দর বিগ্রহে তখন। নিজ-যাতা নবঙ্গমঞ্জরী সহ মিলন ।। মোর মন্ত্র দাতা গুরু জাহ্নবা গোসাঁই। নিত্যানন্দগৃহিণীর সঙ্গে ভেদ নাই ।। সেই ভাবে নিজকৃত কয় শ্লোক দ্বারে। ঈশ্বরী বন্দিয়া কৈল সর্ব্ববিঘ্ন দূরে ।। ২ ।। ততঃপর নিজ-শ্লোকে করিল বন্দনা। জাহ্নবার প্রাণ নিতাই নাগর সূচনা ।। ইহার তাৎপর্য্য হয় অতি সঙ্গোপন। নিতাই-গৌর-নাগর দুইজনে একজন ।। লোচনানন্দ ঠাকুর আর বাসুদেব ঘোষে। রামানন্দ রায় আদি যেই মত ভাষে ।। অতি অন্তরঙ্গ ভক্ত বিনা এই ভাব। না হয় উদয় কভু গূঢ় মর্ম্ম সব ।। ৩ ।। বিশ্বনাথ চক্রবর্ত্তীর অতিগূঢ় ভাব। পরে কয় শ্লোকে ব্যক্ত বুদ্ধি অনুভব ।। ৪ ।। কর্ণপূর মতে গৌরগণেরে প্রণাম। করাতে হইবে পূর্ণ মোর মনস্কাম ।। ৫ ।। এবে কহি মো অধমের বংশ পরিচয়। সুন্দরামল্ল বন্দ্য হৈতে ক্রমাগত হয় ।। নিত্যানন্দ পিতামহ ওঝা মহাশয়। নিত্যানন্দ যার পৌত্র, বন্দ্য উপাধ্যায় ।। সাতকাণ্ড রামায়ণ ভাষা গ্রন্থকর্ত্তা। কৃত্তিবাস পণ্ডিত হন বিখ্যাত এ বার্ত্তা ।। তাঁর পিতামহ শ্রীমুরারি ওঝা যিনি। সুন্দরামল্ল-ভ্রাতৃ প্রপৌত্র হন তিনি ।। সুন্দরামল্ল হৈতে দ্বাদশ গণনায়। নিত্যানন্দ হৈতে দশম এ অধম হয় ।।

গ্রন্থপ্রণেতার বংশাবলি

গুরু-পিতৃ-লোকদিগের নাম কীর্ত্তনাদি

মঙ্গলাচরণ।

লঘু-ত্রিপদী।

বীরভূমি জেলা, মৌড়েশ্বর-মেলা, ময়ুরেশ্বর কেহ বলে।
যজন যাজন, শিবের গাজন, বর্ষে বর্ষে তথা চলে॥
চৌকীতে ঘোষণা, সবলোকে জানা, মৌড়েশ্বর পরগণা।
অংশ মানভূমে, কলিযজ্ঞধূমে, রহে সুখি সবজনা॥
একচক্রা গ্রাম, মল্লভূমে নাম, সুবিখ্যাত সুবিস্তার।
সর্ব্ব-গুণধাম, পূরে সর্ব্বকাম, এমনি মহিমা যার॥
অজ্ঞাত- নিবাসে, পাণ্ডব-প্রবাসে, বিখ্যাত হইল আর।
রাক্ষস অসুর, ছিল যে প্রচুর, সকল নাশি অসার॥
পূর্ব্বে বহুকালে, ছিল স্থলে স্থলে, অনেক-দেবাধিষ্ঠান॥
একচক্রেশ্বর, শিব মনোহর, পার্ব্বতী বিরাজমান॥
গণেশ অনন্ত, দেবের নাহি অন্ত, ছিল যথা নদী-কূলে।
কালের প্রভাবে, লুপ্ত হৈল সবে, ঘোরকলি-প্রতিকূলে॥
ময়ূরাক্ষীধারা, ছিল যে প্রখরা, তার তীরে বিরাজিত।
নানা লতা বৃক্ষ, মনোহরে দক্ষ, মনোরম সুশোভিত॥
নানাবিধ ফুলে, গুঞ্জে অলিকুলে, পক্ষিধ্বনি চমৎকার।
অহিংসক-পশু, যথা অষ্টবসু, বিরাজয়ে অনিবার॥
ভব্য-লোক-ততি, চৌদিকে বসতি, ধনী গুণী মানী যত।
বিপ্রের কা কথা, অন্য জাতি যথা, পুণ্যকর্ম্মা সুপণ্ডিত॥
স্থানে স্থানে নানা, শাস্ত্র আলোচনা, যাগ যজ্ঞ অনুক্ষণ।
সে সব শুনিতে, না পাই দেখিতে, হইল কালে নিধন॥
প্রভুধাম পুরা, অযোধ্যা মথুরা, বৃন্দাবন দ্বারাবতী।
গোলোক প্রভৃতি, পুরাণে বিখ্যাতি, কৃষ্ণের নিত্যবসতি॥

যতেক আছিল, সবে সে মিলিল, একচক্রা গ্রাম ধন্য।
হইল শ্রীধাম, সর্ব্ব-গুণধাম, অবতার অগ্রগণ্য ॥
নিত্যানন্দরাম, প্রেমানন্দ-ধাম, যথায় লভিল জন্ম।
অবতীর্ণ হৈয়া, জীব উদ্ধারিয়া, প্রচারিল প্রেম-মর্ম্ম ॥
তথায় বসতি, ওঝা বলি খ্যাতি, যজমানে স্নেহবান্।
সর্ব্বাংশে প্রবীণ, নহে বিদ্যাহীন, অতিশয় অর্থবান্ ॥
পূর্ব্ব-ঋষি-প্রায়, সকল-ক্রিয়ায়, বিপ্রের লক্ষণ যুত।
নাহি যে বিবাদি, দয়াদাক্ষিণ্যাদি, সর্ব্বগুণে বিভূষিত ॥
শ্রীসুন্দরামল্ল, বন্দ্য যার তুল্য, আর নাহি সুবিদিত।
ভট্টনারায়ণ,-বংশের ভূষণ, ওঝা মহাশয় খ্যাত ॥
শাণ্ডিল্য সে গোত্র, বিদিত সর্ব্বত্র, শ্রেষ্ঠ-গোষ্ঠী-সুবেষ্টিত।
শ্রোত্রিয়-প্রধান, কুলের আধান, চারি মেলে বিরাজিত ॥
পরম-সুশীলা, তাহার মহিলা, অন্তরে দুঃখিতা অতি।
যে সুত জন্মিল, কেহ না জীবিল, পূজিল হর পার্ব্বতী ॥
পরে শুভ দিনে, অতি শুভক্ষণে, সুত এক প্রকটিল।
পত্নীর সহিতে, বিচারিয়া চিতে, ওঝা, হারু নাম দিল ॥
শিবের প্রসাদে, হর্ষে ও বিষাদে, অন্তরে আকুল হৈয়া।
জানি ভাগ্য-গতি,শ্রীহর পার্ব্বতী,সমীপে অর্পিল লইয়া ॥
শঙ্কর-কৃপায়, সুত বাড়ে তায়, প্রতি-দিন চন্দ্রমত।
পুত্র রূপবান, ক্রমে বিদ্যাবান, ধার্ম্মিক হইল খ্যাত ॥
সেই সে হইতে, বলে সকলেতে শ্রীল হারাই পণ্ডিত।
পরেশ্বর-পিতা, জানিয়া বিধাতা, কৈল সব-গুণযুত ॥
সুত পরিণয়, দেখিয়া সময়, সুকন্যা সহিতে দিল।
নাম পদ্মাবতী, সাক্ষাৎ শিবসতী, পণ্ডিতের পত্নী হইল ॥

দেবকী রোহিণী, হারাই গৃহিণী, সবে সে মিলিল আসি।
নন্দ বসুদেব, আদি পিতা সব, হারাই হৃদয়বাসি ॥
পণ্ডিত হারাই, সম কেহ নাই, বৈষ্ণব ইহ জগতে।
নিরুপাধি চিত্তে, অনন্য ভক্তিতে, শুদ্ধ সত্ত্ব মিলনেতে ॥
পদ্মাবতী ধন্য, হারু ধন্য ধন্য, জগতের পিতা মাতা।
সর্ব্ব গুণাবাস, প্রেমের প্রকাশ, জানি পূর্ণ কৈল ধাতা ॥
শুভ মাঘমাসি, শুক্লা ত্রয়োদশী, শুভদিন শুভক্ষণে।
সকল আশ্রয়, সর্ব্বাদ্ভুতময়, অপার কারুণ্য গুণে ॥
মহাসঙ্কর্ষণ, বীজাব্ধি শয়ন, গর্ভোদশায়ী যে আর।
পয়োব্ধিশয়ন, শেষ-আদিগণ, সকলি অংশেতে যাঁর ॥
শ্রীঅনন্ত ধাম, নিত্যানন্দরাম, শ্রীকৃষ্ণচৈতন্যাগ্রজ।
শুদ্ধদ্বিজরাজ, করি পিতা-ব্যাজ, হইল পণ্ডিতাত্মজ ॥
সব অংশলৈয়া, পূর্ণতম হৈয়া, প্রকটে হারাই-ঘরে।
নাম নিত্যানন্দ, সর্ব্বরসকন্দ, প্রেম দিল যারে তারে ॥
নন্দালয়ে যেন, জন্মোৎসব হেন, হইল হারাই ঘরে।
যশোদার মত, পুত্রস্নেহ কত, সদা আপনা পাশরে ॥
কৃষ্ণবাল্যলীলা,-মত যত খেলা, খেলয়ে বালক সাথে।
যজ্ঞপত্নী সাজি, বালকের রাজি, অন্ন মাগি খায় হাতে ॥
গোপী-বেশ ধরে, মহারাস করে, কৃষ্ণের যতেক লীলা।
পৌগণ্ড-কিশোর-,রস-লীলা-ভোর, করয়ে অনন্ত-খেলা ॥
একচক্রাবাসী, লোকরাশি আসি, নিতাইর খেলা দেখি।
নহে এ সামান্য, মাতা পিতা ধন্য, ঘোষয়ে সজল আঁখি ॥
এ শিশু অদ্ভুত, কৃষ্ণলীলা যত, কেমনে জানিল সব।
বুঝি দেব কোন, আবির্ভূত হেন, লোকে করে কলরব ॥

সাম-বেদ-মত, যজ্ঞ উপবীত, নিতাইচাঁদেরে দিল।
কশ্যপ-সদন, মত-সুশোভন, হারাই-ভবন হৈল॥
দ্বাদশ-বরষে, সর্ব্ব-বিদ্যাভাসে, নিপুণ নিতাই চাঁদ।
সর্ব্বশাস্ত্র সুখে, স্ফুরে পুত্রমুখে, রূপে সে কামের ফাঁদ॥
সর্ব্বমনোহরে, দেখে সব নরে, অদ্ভুত চিহ্ন সকলে।
হেমাচল-কায়, ষোলবর্ষপ্রায়, হেরে করে রব কলে॥
একচক্রাবাসী, দ্বিজগণ আসি, নিতাই-বিবাহ চিন্তে।
যথা তথা কন্যা, রূপে গুণে ধন্যা, দেখয়ে পাইলে শুন্তে॥
হেনকালে আসি, জনেক সন্ন্যাসী, হারাই নিকটে রহে।
ভিক্ষান্ন খাইয়া, বহু অভ্যর্থিয়া, নিত্যানন্দে লৈতে চাহে॥
আমার সঙ্গেতে, তীর্থ ভ্রমণেতে, কেহ মাত্র আর নাই।
তোমার নন্দন, সর্ব্ব-সুলক্ষণ, দেখিয়া লৈলাম তাই॥
পণ্ডিত হারাই, পুত্রকে হারাই, প্রাণহীন-দশা হৈল।
পত্নী পদ্মাবতী, সেইদশাবতী, সঙ্গি-শিশুরো সে হৈল॥
দাদারে ছাড়িয়া, আমাকে লইয়া, কেন গোঁসাই না গেল।
কনিষ্ঠ আত্মজ, নিতাই অনুজ, দুঃখে বহু বিলাপিল॥
গ্রামবাসি যত, বুঝায় নিয়ত, হইলা কিছু সুস্থির।
সন্ন্যাসী-সঙ্গেতে, তীর্থ যে দেখিতে, চলিলেন রসধীর॥
ভারতে অনেক, তীর্থ সে যতেক, সকলে পাবন করি।
সব অবশেষে, প্রেম পরকাশে, আসি নবদ্বীপপুরি॥
মন্দির যতেক, শূন্য যে প্রত্যেক, কৃষ্ণ-স্থানে কৃষ্ণ নাই।
দ্বারা বৃন্দাবন, হৈতে কৃষ্ণ পুনঃ, গৌড়ে গেছে শুনি ভাই॥
পাতকির ত্রাণ, শুনিয়া সন্ধান, নদিয়া-নগরে বড়।
শুনি এ বারতা, মো পাতকি হেথা, আইলাম করি রড়॥

ভজ শ্রীচৈতন্য, কহ শ্রীচৈতন্য, লহ শ্রীচৈতন্য-নাম।
বলিয়া সতত, নিমাই পণ্ডিত,-বাড়ি কোথা অবিরাম॥
কৃষ্ণ আসি হেথা,লুকাএছে কোথা,তার দাদা মো বলাই।
কালিন্দীর কূলে, ধেনু কুতুহলে, চরান কি মনে নাই॥
এই সব বলি, উভে মিলামিলি, নদিয়ায় হওয়াবধি।
উভে উভ-প্রেমে, এক-দেহ-মনে, গৌরানুগ নিরবধি॥
চৈতন্য আদেশে, সংসার প্রবেশে, অভিলাসি সে নিতাই।
উদ্ধারণ দত্ত, জানে সব তত্ত্ব, তাহারে প্রেরিল তাই॥
অম্বিকা-নগরে, সূর্য্যদাস-ঘরে, জানায় বিবাহ কথা।
শুনিয়া পণ্ডিত, সমাজে অহিত, বলিল অন্তর-ব্যথা॥
নিতাই বিমুখ, করি নাহি সুখ, লৌকিক-বিধান-মতে।
বসুধা মূর্চ্ছিল, যেন প্রাণ গেল, সবে দেখে আচম্বিতে॥
গৌরীদাস আসি, সবারে আশ্বাসি, কহয়ে ভিষকগণে।
চিকিৎসার নহে, নাহি প্রাণ দেহে, মৃতে কি ঔষধ মানে॥
তবে কর পণ, জীয়াবে যে জন, তাহারে বিবাহ দিবে।
অবধূত শক্তি, জানি হবে ভক্তি, কেহ কিছু না বলিবে॥
এতেক কহিয়া, গৌরীদাস গিয়া, নিতাই পদে পড়িল।
গণের সহিতে, নিতাই সাক্ষাতে, আগমনে সে উঠিল॥
প্রভু-অঙ্গ-গন্ধ, ঢুকি নাসা-রন্ধ্র, মৃত সঞ্জীবিত হৈল।
পণ অনুসারে, বিবাহিল তারে, যৌতুকে জাহ্নবা দিল॥
বৃন্দাবনদাস,-ঠাকুর প্রকাশ, করিল বংশ-বিস্তারে।
নরহরিদাস, কৈল যে প্রকাশ, লিখি ভক্তিরত্নাকরে॥
সেই মতে পুনঃ, এবে লিখি, শুন, অন্তরঙ্গ-ভক্তগণ।
ঈশ্বর মহিমা, নাহিক উপমা, সহজে সুবোধ্য নন্॥

অম্বিকা-নগর, সূর্য্যদাস ঘর, বৈরাগ্য-দশায় কৈল।
আবাল-বিরাগী, ভ্রাতৃ-অনুরাগী, গৌরীদাস কাছে রৈল॥
বৃন্দাবনদাস, না কৈল প্রকাশ, সে সব লিখন করি।
সুপ্রকাশ করে, ভক্তিরত্নাকরে, লিখে দাস নরহরি॥
সেই অনুসারে,মুঞি বর্ণিবারে,কি জানি কি আছে শক্তি।
না আছে সাধন, যাহাতে লিখন, করিব নাহিক ভক্তি॥
নবদ্বীপ ধাম, নিকটেতে গ্রাম, শালিগ্রাম যার খ্যাতি।
তথায় নিবাস, নাম সূর্য্যদাস, পণ্ডিত সুবিজ্ঞ অতি॥
ম্লেচ্ছ গৌড় রাজ, করি যার কায, উপার্জ্জিল বহু অর্থ।
সরখেল খ্যাতি, সর্ব্বত্র সুখ্যাতি, রাজ-কার্য্যে সুসমর্থ॥
তিন ভ্রাতা তাঁর, অতি শুদ্ধাচার, জগ-ভরি সুবিদিত।
বসুধা জাহ্নবা, দুই সুতা যেবা, পাইয়া পরম প্রীত॥
ক্রমে বয়ো হৈল, পাত্র না পাইল, কন্যাদ্বয়-সম্প্রদানে।
সর্ব্বাংশে প্রবীণ, সুবাহু প্রাচীন, এক বিপ্র আসি ভণে॥
ভ্রমি সর্ব্ব ঠাঁই, দেখিতে না পাই, কন্যার সুযোগ্য পাত্র।
হটাৎ ভাবিতে, দেখি মম চিতে, আছে এক বর মাত্র॥
মধ্য-রাঢ়দেশে, অশেষ বিশেষে, খ্যাত একচাকা-গ্রাম।
ব্রাহ্মণ-সজ্জন, বহু নিকেতন, হারাই-পণ্ডিত-নাম॥
তথায় বসতি, অতি-শুদ্ধ-মতি, মুকুন্দ * অপর নাম।
অতি সুবিদ্বান, সর্ব্ব-গুণবান, অতিথিতে নহে বাম॥
ওঝা সে উপাধি, ভজি নিরবধি, নিন্দিত কিছুই নাই।
ব্রাহ্মণ অতুল্য, সে সুন্দরামল্ল, বন্দি ঘাটি তাঁর গাঁই॥

---

* তথাহি শ্রীদেবকীনন্দনকৃত বৈষ্ণবাভিধানে। তথা পদ্মাবতী শ্রীমন্মুকুন্দৌ দ্বিজসত্তমৌ। নিত্যানন্দস্বরূপস্য পিতরাবত্তলপ্রিয়ৌ॥ ইতি

তৎসুত হারাই, বিবাহ যে ঠাঁই, কুলীনে বেষ্টিত শুদ্ধে।
তাঁহার নন্দনে, জানে সর্ব্বজনে, দ্বিজরাজ তারা-মধ্যে ॥
শাণ্ডিল্য সে গোত্র, অদ্ভুত চরিত্র, চমৎকার-রস-ধাম।
ব্রাহ্মণে পালধি, সর্ব্বগুণনিধি, নাম নিত্যানন্দরাম ॥
অনুরূপ নাম, সাধে স্বীয় কাম, মহাপুরুষের মূর্ত্তি।
আজানুলম্বিত, বাহু সুবলিত, দেখিলে প্রেমের স্ফূর্ত্তি ॥
কাঁচা যে কাঞ্চন, সেরূপ বরণ, তপস্তীর্থাটন-ধর্ম্ম।
বিপ্রের করণ, তপ তীর্থাটন, বিদ্যা-বলে জানি মর্ম্ম ॥
আপনে আচরি, নদীয়া-নগরী, আইল সকলশেষ।
বুঝি মনো-বিধি, হইল অবধি, ধরি অবধূত-বেশ ॥
পণ্ডিত নিমাই, তাঁর বড় ভাই, বলিয়া ডাকয়ে মায়।
মিশ্র-জগন্নাথ,-পত্নী সুতসাধ, করি রাখে নদিয়ায় ॥
দণ্ড-ত্যাগ করি, প্রেম পরচারি, নাহিক উপমা যাঁর।
নীলাচল হৈতে, আসি অচিরাতে, গৌরাভিন্ন দেহ তাঁর ॥
নিত্যানন্দ-পাত্র, সুযোগ্য সুপাত্র, তোমার কন্যার হয়।
তাঁহার সুযোগ্যা, তব কন্যা ভোগ্যা, জেনো ইহা সুনিশ্চয় ॥
যদি দয়া করি, লন্ অঙ্গীকরি, তুমি দুই কন্যা দিলে।
এ হেন জামাতা, মিলায় বিধাতা, সু-বহুপুণ্যের-ফলে ॥
সুধী-সূর্য্যদাস, নাহি কথা-ন্যাস, মনে মনে সব চিন্তে।
করিল শয়ন, নিদ্রা-অচেতন, স্বপনে পারিল জান্তে ॥
নিত্যানন্দরাম, সাক্ষাৎ বলরাম, রজত-ভূধর-মূর্ত্তি।
নিজ-কন্যা-দ্বয়ে, আপনে দেখয়ে, বারুণী আর রেবতী ॥
স্বপনে দেখিয়া, বিপ্র ঘরে গিয়া, নমস্করি তারে কয়।
যে কহিলে তুমি, স্থির করি আমি, বিলম্ব আর না হয় ॥

নবদ্বীপে গিয়া, শ্রীবাসে কহিয়া, নিভৃতে সে দ্বিজরাজ।
অদ্বৈত জানিয়া, হৃষ্ট-চিত্ত হৈয়া, সাধিল সকল কায ॥
বড়গাছি-গ্রাম, কাছে শালিগ্রাম, তথায় বসতি যাঁর।
হরিহোড়-রাজা, ধনী বহু-প্রজা, নন্দন হয় তাঁহার ॥
কালা-কৃষ্ণদাস, বড়ই উল্লাস, আপনারে ধন্য মানি।
সুবহু সাধন, কৈল আয়োজন, অনেক সম্ভার আনি ॥
ভক্ত-সুখে আশ, ঐশ্বর্য্য প্রকাশ, প্রভুর ইচ্ছাতে হৈল।
মহা আয়োজন, হৈল সংঘটন, অসংখ্য লোক মিলিল ॥
কৃষ্ণদাস-ঘরে, আনন্দ অপারে, হইল সবার বাস।
সূর্য্যদাসানুজ, কৃষ্ণদাস-দ্বিজ, আসি সুবহু-উল্লাস ॥
কৈল নিবেদন, বিবাহ-লগন, অগ্রজা-গমন পরে।
সূর্য্যদাস পরে, প্রভু-পদোপরে, পড়িল প্রেমের ভরে ॥
নিত্যানন্দ হেঁসে, নিজ-প্রেমাবেশে, আলিঙ্গন করি তায়।
ভ্রাতা-গৌরীদাস, দেখি প্রেমোল্লাস, অধীরে পড়ে ধরায়।
সূর্য্যদাস সনে, সবার মিলনে, হইল আনন্দ অতি।
প্রভু-অধিবাস, পূরাইতে আশ, করিল সুধীর-মতি ॥
ভব্য-দ্বিজগণ, সহিতে গমন, সবে কৈল গোধূলিতে।
মধ্যে সে নিতাই, বর্ণিবারে নাই, দ্বিজগণ চারি-ভিতে ॥
কুলীন পণ্ডিত, কুলাচার্য্য যত, পরামর্শ সবে করি।
দিল উপবীত, গাঁই-গোত্রমত, পূর্ব্বাশ্রম-রীতি ধরি ॥
চৈতন্য-আদেশে, যা কর বিশেষে, কিছু দোষ মোর নাই।
নহি যে স্বতন্ত্র, গৌর-পরতন্ত্র, কহিল প্রভু নিতাই ॥
নাহি মোর জাতি, ধাই ইতি উতি, সঙ্গে দত্ত-উদ্ধারণ।
বণিক জাতিতে, বাস ত্রিবেণীতে, পারোশে পাক-ভাজন।

তবে দ্বিজ-নারী, মঙ্গল আচরি, সুমগ্না নিতাই-রসে।
মঙ্গল উৎসব, বাদ্য-কলরব, উলুধ্বনি সবিশেষে ॥
প্রথা-মত লোকে, নিতাইচাঁদকে, সূর্য্যদাস কন্যা দিল।
সেই শুভক্ষণে, স্বর্গে দেবগণে, পুষ্পবৃষ্টি আরম্ভিল ॥
বসুধা কন্যারে, পাত্রসাৎ করে, কনিষ্ঠা ষড়্‌ভুজা দেখি।
সকৌতুক-রূপে, যৌতুক-স্বরূপে, জাহ্নবা দক্ষিণে রাখি ॥
ষড়্‌ভুজ নিতাই, ষড়্‌ভুজা দেখাই, কনিষ্ঠা-কন্যারে লৈল।
বংশের বিস্তারে, বৃন্দাবন তাঁরে, চতুর্ভুজা যে বর্ণিল ॥
শিরের বসন, খসিল তখন, প্রসাদ পারোশ কালে।
অন্ন দুই হাতে, অন্য দুই হাতে, শিরেতে বসন দিলে ॥
অনন্ত-অদ্ভুত,-নিত্যলীলামৃত,-বিলাসি নিতাইরায়।
বামে বসুধারে, দক্ষে জাহ্নবারে, দেখিবারে লোক ধায় ॥
থারাগ। জয় জয় নিত্যানন্দ মহেশ্বরেশ্বর সকল আধার।
ব-রস-সাগর,ব্রজ-জন-নাগর,দ্বিতীয় কৃষ্ণের অবতার ॥ধুয়া॥
বসু-রেবতী-পতি, জাহ্নবা-সঙ্গতি, পুরুষ-প্রকৃতি-দেহধারী।
গৌর-মনোগত,-অভিমত-ভাবিত, নিরবধি গৌর-বিহারী ॥
কলিমলে লিপ্ত,দীপ্ত নহে হরি-রস,অদরশে গৌর-গোসাঁই।
শুদ্ধভক্তি বিনে,অন্য আরাধনে,কলি-জনে আন গতি নাই॥০।

শ্রীবসুধা-দেবী, নারায়ণে সেবি, নিতাই পতি পাইল।
দুগ্ধাব্ধি-সমানে, উদর-প্রমাণে, বীরচন্দ্র প্রকাশিল ॥
যাঁহার চরণে, বত্রিশ লক্ষণে, মহাপুরুষ-স্বরূপ।
কৃষ্ণা-নবমীতে, বোধন-দিনেতে, প্রকটে চৈতন্য-রূপ ॥
পঞ্চদশমাস, গর্ভেতে বিলাস, করিয়া অগ্রহায়ণে।
শুক্ল-চতুর্থীতে, প্রকাশে বাহেতে, প্রভু বাড়ে প্রতিদিনে ॥

পরে অভিরাম, নিত্যানন্দরাম,-সুত দেখিবার আশে।
দাদারে বলাই, ঘন ডাকে তাই, উপনীত দ্বারে এসে॥
দেখিয়া নিতাই, সুখ-সীমা নাই, অভিরামে ধরি গলে।
যে কার্য্য কারণ, তুমি সব জান, কে জন্মে না জানি বলে॥

শ্রীবসুধা-দেবী, মনে বড় ভাবি, কি করে কৃষ্ণ না জানি।
শ্রীবিগ্রহস্থানে, প্রণমি আপনে, মূর্ত্তি বিদারিল শুনি॥
সেই অভিরাম, করিয়া প্রণাম, আমার সাত সন্তানে।
কৈল অন্তর্হিত, কিবা সুবিহিত, কি করিবে কেবা জানে॥
এই অবসান, অষ্টম সন্তান, কৃষ্ণ রক্ষা করে যদি।
যদি সব জানে, চৈতন্য আপনে, প্রকটে প্রেমের নদী॥
ব্যবহার মতে, গোপনে বাহ্যেতে, সকলি রাখয়ে সবে।
অভিরাম আসি, প্রণময়ে হাসি, প্রভু প্রকটয়ে তবে॥
নিতাই-নন্দন, ভুবন-পাবন, সকলগুণের সিন্ধু।
বীরচন্দ্র নাম, রূপে অনুপম, অধম-পতিত-বন্ধু॥
নিত্যানন্দশাখা, যাঁর যশো-লেখা, নাহিক যাহার অন্ত।
কেহ বীরভদ্র, কহে লোক ভদ্র, সাক্ষাৎ যিনি অনন্ত॥
যাঁর দেহখানি,জিনি সৌদামনী, গৌর-প্রেমে মাতোয়াল।
অবনীরে ধন্য, করিতে চৈতন্য, পুনঃ প্রকটিল ভাল॥
ভীষ্মের জননী, গঙ্গা সে আপনি, বসু-গর্ব্ভে জনমিল।
সর্ব্ব-শাস্ত্র-বেত্তা, চট্টো যাঁর ভর্ত্তা, কুলীন মাধব হৈল॥
ষড়্‌ভুজ দেখিয়া, স্বরূপ জানিয়া, মহৈশ্বর্য্য-সুবিলাস।
চৈতন্য স্বতন্ত্র, লৈল নিজে মন্ত্র, বীরচন্দ্র-মাতৃ-পাশ॥

ঈশ্বরী-আদেশে, বীরচন্দ্র শেষে, সংসারে করিল মতি।
রাজবোলহাট, নিকট ঝামট,-পুর নামে যার খ্যাতি ॥
সেই গ্রামে বাস, এক তাঁর দাস, ঈশ্বরী তাঁহার ঘরে।
যাইয়া সত্বরে, বলি সকলেরে, বিবাহ ঘটনা করে ॥
শ্রীযদুনন্দন, নাম সুগণন, আচার্য্য বলিয়া খ্যাতি।
ভার্য্যা যে তাঁহার, লক্ষ্মী নাম যাঁর, সুশীলা পুণ্যা সুমতি ॥
পূজি দেবদেবে, দেবের প্রভাবে, দুহিতা জন্মেছে জানি।
সেই দুই সুতা, রূপে গুণে যুতা, শ্রীমতী ও নারায়ণী ॥
জাহ্নবা-কৃপায়, বিপ্র ভক্তি পায়, প্রেমে পুলকিত কায়।
প্রভু বীরচন্দ্রে, মনের আনন্দে, দান করে দুই সুতায় ॥
হইল জামাতা, আর মন্ত্রদাতা, বীরচন্দ্র এক-কালে।
এ বড় কৌতুক, কি দিবে যৌতুক, সর্ব্বস্ব গুরুর হলে ॥
বৃন্দাবন দাস, গ্রন্থে সুপ্রকাশ, আর নাম সুধাময়।
শ্রীযদুনন্দন, শুদ্ধচিত্ত হন, নানাবিধ গুণালয় ॥
ভার্য্যা বিদ্যুন্মালা, লক্ষ্মী-সম-লীলা, পিতা যাঁর পিপিলাই।
মাহেশে নিবাস, জগন্নাথে আশ, অন্য আশা কিছু নাই ॥
শ্রীকমলাকর, শ্বশুর যাঁহার, জামাতা যদুনন্দন।
কিম্বা সুধাময়, দুইনাম হয়, বিবাদ-মীমাংসা শুন ॥
কিম্বা দুই গ্রামে, দুই উপযমে, দুই বধূ সে হইল।
সমুদ্র-সম্ভবা, কন্যাদান যেবা, বীরচন্দ্রে সে করিল ॥
সেই সুধাময়, জানিহ নিশ্চয়, বিদ্যুন্মালা জায়া যাঁর।
অযোনি-জনিতা, সুধাময় সুতা, নারায়ণী নাম তাঁর ॥
শ্রীমতী সুতায়, আচার্য্য তাঁহায়, শ্রীযদুনন্দন দিল।
কিম্বা এক সুতা, করিতে পালিতা, বন্ধু সুধাময়ে দিল ॥

যাঁর যেই মতে, বর্ণে বহু রীতে, কি বলিব মুক্তি ছার।
দেবীবর রোষে, দিল এই দোষে, বীরভদ্রি এ ব্যাপার ॥
দুই বধূ নিয়া, খড়দহে গিয়া, বসুরে কহি স্বতন্ত্র।
জাহ্নবা ঈশ্বরী, নিজে কৃপাকরি, বধূ-দ্বয়ে দিলা মন্ত্র ॥
সেইকালে আসি, খড়দহবাসী, যতেক প্রভুর গণে।
আনন্দে মগন, করয়ে নর্ত্তন, প্রভুলীলা-প্রকটনে ॥
প্রাজ্ঞ পুরন্দর,-সর্ব্বপরিকর, আনন্দে বিহ্বল অতি।
খড়দহগ্রামে, যাঁর দেব-ধামে, নিতাই নাচয়ে নিতি ॥
পরম উন্মাদ, করে সিংহনাদ, গাছে চড়ি প্রেমভরে।
ব্যাঘ্র তাড়াইয়া, বনে ঢোকে ধাঁয়া, চড়য়ে বাঘ উপরে ॥
দুই তিন দিন, জলে মজ্জি পুন, থাকিয়ে জলের তলে।
সুখেতে তথায়, গৌরগুণগায়, গৌরপ্রেমের বলে ॥
অজাগরে কোলে, করি কুতূহলে, গান করে নাহি ভয়।
তাঁর পরিকর, প্রেমপুরন্দর, প্রেমোন্মাদি মহাশয় ॥
পুনঃ ব্রজে যাই, জাহ্নবা গোসাঁই, গোপীনাথে খাওয়াইল।
শ্রীরাধার স্থানে, গোপীনাথ বামে, রাধা-রাগে সে বসিল ॥
সর্ব্বশক্তিময়ী, বসু গুণময়ী, যাঁর তিন আত্মভব।
সাক্ষাৎ ঈশ্বর, জ্যেষ্ঠ গুণধর, শ্রীগোপীজনবল্লব ॥
দ্বিতীয় তনয়, সর্ব্ব-গুণালয়, গোসাঁই শ্রীরামকৃষ্ণ।
মালদহে যাঁর, বাস মনোহর, লতা বাস কৈল জ্যেষ্ঠ ॥
তৃতীয় তনয়, খড়্দহালয়, গোসাঁই শ্রীরামচন্দ্র।
ভগ্নীপতি যাঁর, পার্ব্বতীকুমার, কুল-কুমুদিনী-চন্দ্র ॥
ফুলিয়ার সার, কুলের উদ্ধার, এঁর পিতামহ হৈতে।
গঙ্গানন্দ নাম, ভট্টাচার্য্য ধাম, সম নাই মুখুটীতে ॥

রামাচার্য্য আখ্যা, তাঁর সুত ব্যাখ্যা, সাক্ষাৎ ব্রহ্মণ্যধাম।
রাঘব কাশী বিশু, গোপাল গোপী শিশু, ষষ্ঠ পার্ব্বতী নাম।।
সেই ষষ্ঠ সুতে, রাখে স্বালয়েতে, বীর-সুত-রামচন্দ্র।
তাঁর আত্মভব, শ্রীরাধামাধব, প্রেম-কল্পতরু-কন্দ।।
তাঁহার নন্দন, পঞ্চ-জ্যেষ্ঠতম, গোসাঁই শ্রীগোপীকান্ত।
তাঁর সুত ধন্য, তৃতীয়েতে গণ্য, নন্দরাম মহাশান্ত।।
শুকদেব নাম, সর্ব্ব গুণধাম, প্রথম তনয় তাঁর।
শ্রীঅদ্বৈতচন্দ্র, সর্ব্ব-রসসান্দ্র, লভিল তনয় সার।।
যাঁহার ঘরণী, শ্রীল-গৌরমণি, সুতপ্ত-কাঞ্চন-কান্তি।
সোণার গৌরাঙ্গ, নিতাই রসাঙ্গ, দুই মূর্ত্তি সর্ব্ব-শান্তি।।
যাঁর প্রেমভরে, কলিকাতাপুরে, নিজে প্রকটিল এবে।
যাঁর নাম লৈতে, পতিত দুর্গতে, হেলায় তরিয়া যাবে।।
শ্রীরাধামোহন, প্রথম নন্দন, মৃদঙ্গবাদনে ধীর।
উদার আশয়, প্রকৃতিতে হয়, গান-বাদ্য-রসবীর।।
স্বরগ্রামে ধন্যা, ঠাকুরের কন্যা, পতি যাঁর অনুরত।
বড়-মা-গোসাঁই, গুণে সম-নাই, সহচরী-নাম-খ্যাত।।
শ্রীশ্যামসুন্দর, গোসাঁই সুতবর, মধ্যম অতি সুধীর।
বাল্সী-গ্রামে ধন্যা, হৃদয়রাম-কন্যা, আসিয়া গঙ্গার তীর।।
শ্রীমতি-প্রসূতা, যাঁর পরিণীতা, গুণেতে জাহ্নবা-সমা।
মুকুটি-বংশেতে, না শুনি এমতে, যাঁহার নাহি উপমা।।
মধ্যমা-গোসাঁই, রূপে গুণে নাই, যাঁহার অধিক সমা।
দ্বাদশ হায়নে, গোস্বামি-বিহীনে, গৌরে প্রাণ-মনো-রমা।।
শ্রীগোলকচন্দ্র, সর্ব্বসুত ইন্দ্র, অদ্বৈত-কনিষ্ঠ সুত।
স্বর্ণ-গৌর-নিষ্ঠ, সদাচার-শ্রেষ্ঠ, সদা ধর্ম্মাচারে যুত।।

শ্যামদাস শাখা, আচার্য্যেতে লেখা, গোসাঁই পরমানন্দ।
নবগ্রামে বাস, কীর্ত্তনে উল্লাস, শ্রীগোবিন্দ-সেবানন্দ ॥
তাঁর নিজ-সুতা, মো অধম-মাতা, নবঙ্গমঞ্জরী নাম।
তাঁহার জননী, শঙ্করী আপনি, দিয়া সাধে মনস্কাম ॥
শ্রীরতিমঞ্জরী, নাম ভেদ তাঁরি, শ্রীরূপমঞ্জরী-শ্রেষ্ঠা।
নবঙ্গমঞ্জরী,-সমান-মাধুরী, লক্ষ-নাম-জপ-নিষ্ঠা ॥
যাঁর মধ্য যাতা, মোর মন্ত্র-দাতা, এক-তনু-মন-কাম।
একত্র আহার, এক উপহার, জপয়ে লক্ষেক নাম ॥
প্রসূতি গুরুত্ব, দুই এক তত্ত্ব, শ্রীগৌর-ভজনে রত।
তাঁহার তনয়, বলিতেহ ভয়, যে হেতু পাতকে যুত ॥
আমি অপরাধি, হই নিরবধি, প্রকৃতি পরম-মন্দ।
গুণেতে লঘিষ্ঠ, পাপেতে গরিষ্ঠ, নাম নবদ্বীপচন্দ্র ॥
শরণ লইল, সে বলে হইল, যে কিছু লিখন মাত্র।
করুণা করিয়ে, পাবন হইয়ে, শোধিবে রসিকপাত্র ॥
শ্রীশ্রীপাঠ নাম, খড়দহ ধাম, গঙ্গাতীরে বিরাজিত।
তথায় বসতি, এই পরিচিতি,-বলে উঠে এ পতিত ॥
সোণার গৌরাঙ্গ, সর্ব্ব ভজনাঙ্গ, দাস হইবার আসে।
বৈষ্ণব আদেশে, এই গ্রন্থ ভাষে, নবদ্বীপচন্দ্র দাসে ॥

বৈষ্ণবাচারদর্পণ।

অর্থাৎ

বৈষ্ণবসর্ব্বস্ব।

গ্রন্থারম্ভ।

শ্রোতা বৈষ্ণবের পদে প্রণতি আচরি। অবতরণিকা ক্রমে গ্রন্থ নির্দ্দেশ করি॥ গুরু-দ্বয়, গৌর, আর, ভক্ত প্রকাশ। অবতারক, আর, শক্তি, গৌরাঙ্গের বিলাস॥ এই ছয় বিলাসের করিয়া বন্দন। গ্রন্থারম্ভে সামান্যে করি মঙ্গল আচরণ॥

গুরুং গুরূন্ গৌরভক্তান্ গৌরং গৌরাবতারকান্।
গৌরপ্রকাশাংস্তচ্ছক্তীর্বন্দে চৈতন্যসংজ্ঞকম্॥
নত্বা মহাপ্রভুং কৃষ্ণচৈতন্যাখ্যং তদগ্রজম্।
প্রভুং নিত্যানন্দরামং প্রভুমদ্বৈতমীশ্বরম্॥
গদাধরপণ্ডিতঞ্চ সহশ্রীবাসপণ্ডিতম্।
গৌরভক্তান্ কল্পতরূন্ মহাপতিতপাবনান্॥
মহোদয়াম্মহাভাগবতান্ বিষ্ণুস্বরূপিনঃ।
মহাযশস্বিনঃ শান্তান্ দয়ালূন্ প্রেমদায়কান্॥
নিত্যানন্দবংশজেন নবদ্বীপেন কেনচিৎ।
প্রণীয়তে সাধকার্থং বৈষ্ণবাচারদর্পণম্॥
শ্রীমদ্বৈষ্ণব-সর্ব্বস্বং সর্ব্বানর্থ-নিবর্ত্তকম্।
শ্রূয়তাং গীয়তাং নিত্যং চিন্ত্যতাং পঠ্যতামমুদা॥

কীর্ত্ততাং স্মর্য্যতাং ভক্ত্যা বৈষ্ণবাচারদর্পণম্।
দীপ্যতাং বৈষ্ণবাচারদর্পণ-দ্যুতিচন্দ্রিকা॥
বিমুদ্য বিষয়ধ্বান্তং ষড়্ভির্হি বিভবৈর্নৃণাম্।
বেদ্যানি ষট্সু বস্তূনি বিভবেষু চ ষট্ ক্রমাৎ॥
সদা ধ্যেয়ানি গেয়ানি বন্দ্যানি সাধকৈর্মুদা।
গুরু-প্রণালী প্রথমে বিভবে বিভবান্বিতা।
নারায়ণং সমারভ্য গণোদ্দেশানুসারতঃ॥
গুরোঃ সিদ্ধপ্রণালী চ তত্ত্বসারো দ্বিতীয়কে।
শ্রীনবদ্বীপধাম্নি শ্রীগৌরাঙ্গস্যাষ্টকালিকী॥
লীলাস্মৃতির্ব্রজে রাধাকৃষ্ণস্য চ তৃতীয়কে।
গৌর-রাধিকয়ো-রঙ্গ-সেবার্থিত্বং তুরীয়কে॥
পঞ্চমে কৃষ্ণচৈতন্যগণোদ্দেশো নিরূপিতঃ।
ষষ্ঠে তু নিত্যকৃত্যানি সদাচারাশ্চ দর্শিতাঃ।
এবং হি ষড়্বিধঃ প্রোক্তো বিভবো ভাবভাবিতঃ॥
সংসারসারবিভবো বিষয়াসক্তি-বারকঃ।
বৈষ্ণবানাং নিদেশেন যথা-মতি যথা-শ্রুতং॥
সর্ব্বমেতৎ সমাসেন বর্ণ্যতে গৌড়ভাষয়া॥

বন্দো দীক্ষা-গুরুর শ্রীচরণ মনোহর। আর যত শিক্ষা-গুরুর পাদপদ্মবর॥ অষ্টাঙ্গ-প্রণত-ভাবে বন্দো সবার পদ। ইষ্টসিদ্ধি হয় দূরে যায় সর্ব্বাপদ॥ গৌরাঙ্গের ভক্ত শ্রীবাস-প্রভৃতি যতেক। পতিত-ভাবেতে নতি পদেতে প্রত্যেক॥ গদাধর-প্রভৃতি প্রভুর নিজ-শক্তি। তাঁ সবার চরণ বন্দো সহ অনুরক্তি॥ প্রভুর অবতারক অদ্বৈত দয়াময়। শ্রীপাদ বন্দনা করি দারুণ-দুঃখ-ক্ষয়॥ মোর প্রভু নিত্যানন্দ অদ্ভুত-

বিলাস। অভিন্ন-চৈতন্য-দেহ স্বরূপ-প্রকাশ।। তাঁর পাদ-পদ্ম বন্দো দন্তে করি ঘাস। অষ্টম পুরুষ ক্রমে মুক্তি যাঁর দাস।। শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভু স্বয়ং ভগবান্। পরিবারাবরণ সহ অনন্ত প্রণাম।। আর যত শ্রোতা-ভক্ত-গণে নমস্করি। সাবধান হইয়া গ্রন্থ সূচনা যে করি।। শ্রীকৃষ্ণচৈতন্য মহা-প্রভু ভগবান্। নিত্যানন্দ প্রভু মোর জাতি ধন প্রাণ।। অদ্বৈত-আচার্য্য প্রভু বুদ্ধি যে আমার। তিনের পাদপদ্মে বহু প্রণতি আমার।। গদাধর-শ্রীবাস-প্রভৃতি-ভক্ত-গণ। পরম-দয়ালু মহা-পতিত-পাবন।। প্রেমদাতা জীবগণের বাঞ্ছা-কল্পতরু। শ্রীগৌরাঙ্গপদ-প্রাপ্তির যাঁরা কৃপা-গুরু।। দুর্জ্ঞেয় অগম্য গৌরাঙ্গ-গুণ-গাথা। শুকনারদাদিরও, অন্যের কা কথা।। ব্রহ্মা শিব শেষ যার অন্ত নাহি পায়। কলিযুগে হেন লীলা করে গৌররায়।। ভুবন পবিত্র হয় গৌরাঙ্গ-লীলায় প্রভু-ভক্ত-দ্রোহি-স্পর্শ কভু নাহি পায়।। প্রভু-পরিকর অনুগ্রহ করে যারে। সেই সে ডুবয়ে গৌর-লীলার পাথারে।। প্রকটাপ্রকট লীলা দুইত প্রকার। কভু অপ্রকট কভু প্রকট বিহার।। প্রকটে যে রূপ অপ্রকটে সেই মত। ভক্ত সহ প্রভু বিহরয়ে অবিরত।। শ্রীচৈতন্যভাগবতে আছয়ে প্রমাণ। বৃন্দাবনদাস মুখে প্রভু নিজে গান।। অদ্যাপিহ সেই লীলা করে গৌররায়। কোনো২ ভাগ্যবানে দেখিবারে পায়।। সর্ব্ব-অবতারের সকল ভক্ত লইয়া। বৃন্দাবনচন্দ্র-গৌর বিহরে নদিয়া।। বৃন্দাবন হৈতে নবদ্বীপ মুখ্য হয়। গৌর-শ্যাম-রূপে প্রভু সদা বিলসয়।। শুদ্ধ-মাধুর্য্য-মূর্ত্তি সর্ব্ব-রসাশ্রয়। সর্ব্ব অবতারী আসি যাহাতে মিলয়।। গৌরা-

ঙ্গেতে গৌণ-বুদ্ধি করয়ে যে ছার। নবদ্বীপ-ধামে গৌণ-জ্ঞান হয় তার ॥ যে সুখ-বিলাস হয় নবদ্বীপধামে। গৌর-ভক্তের কৃপা হইলে সর্ব্ব মর্ম্ম জানে॥ এ হেন গৌরাঙ্গ-ভক্তের পদাশ্রয় করি। এবে যে কহিয়ে তাহা শুন যত্ন করি॥ পুনঃ পুনঃ নিবেদিয়ে শুন বন্ধুগণ। বৈষ্ণবসর্ব্বস্ব এই গ্রন্থ নিরূপণ॥ গোবর্দ্ধনবাসী কৃষ্ণদাস মহাজন। সাধ-নামৃতচন্দ্রিকাদি যাঁহার গ্রন্থন॥ সেই অবলম্বে বৈষ্ণবাচার দর্পণ। যাহার স্মরণে সর্ব্বানর্থ-নিবারণ॥ অম্বিকাবাসী ভগবান্‌দাস মহাশয়। কেবল যাঁহার কৃপায় এই গ্রন্থ হয়॥ পুনঃ পুনঃ বন্ধুগণ করি নিবেদন। শ্রীগৌরভক্তের পদে লইয়ে শরণ॥ ভক্তেতে অনন্য যেই, প্রভু তাঁর বশ। ভুবন ব্যাপিল এই প্রভুর সুযশ॥ সোণার-গৌরাঙ্গ-প্রভু, ভক্তের জীবন। ভক্ত বিনা প্রভুর অন্যত্র নাহি মন॥ গৌর-গোবিন্দ-বলে হইয়া সুবলী। সকলের কৃপা পাইয়া হই কুতূহলী॥ এই গ্রন্থ সুপ্রকাশ তাঁদের কৃপায়। শক্তি সঞ্চা-রিলেন এই অধম-জনায়॥ জয় গৌর ভক্তগণ মকর-প্রধান। সবার চরণে মোর কোটি পরণাম॥ যাঁরা ভক্তিরসামৃত-সিন্ধুতে বিহরে। মহাকাল-জাল-ভয় পরাভব করে। পঞ্চবিধা মুক্তি-নদী করে অনাদর। অন্য-অভিলাষ-শূন্য সবার অন্তর॥ জয় ভক্ত-পদরজ সংসার-কৃন্তন। জয় ভক্ত পদজল ভজন-বর্দ্ধন॥ জয় ভক্ত-ভুক্ত-শেষ, পরম-মঙ্গল জয় ভক্ত-নাম, ভক্তি পাইবার বল॥ জয় ভক্তগণ-সত্য আনন্দস্বরূপ। নিতাইগৌরাঙ্গ-লীলা রস-কাম্য-কূপ॥ জয় জয় ভক্তবৃন্দ! কৃপা কর মোরে। শ্রীপাদ-কমল-রজঃ দে

মোর শিরে।। দন্তে তৃণ ধরি মুঞি করি নিবেদন। শ্রী-গৌরাঙ্গ-লীলামৃতে ডুবুক্ মোর মন।। পতিতপাবন জয় বৈষ্ণব-গোসাঁই। তোমা বই ত্রিভুবনে মোর কেহ নাই।। মোর শিরে ধর তব শ্রীপদকমল। চিত্তে শ্রীচৈতন্য-লীলা করুক্ ঝলমল।। নিবেদন করি মুঞি সবার চরণে। মম অভিলাষ পূর্ণ কর নিজ গুণে।। আমি অতি দুষ্টমতি, মূর্খের অশেষ। অতিশয়-কু-বুদ্ধি, নাহি অধ্যয়ন-লেশ।। তোমা সবার শ্রীচরণ কেবল ভরসা। তাহা হইতে মোর পূর্ণ হবে সর্ব্ব আশা।। অগতির গতি-মতি-বুদ্ধি-দাতা তুমি। এ বড় ভরসা চিত্তে ধরি আছি আমি।। যদি বল, আমি হই পাপিষ্ঠ অধম। কোটি জন্ম হবে মোর নরকে আগম।। তাতে মোর চিন্তা নাই শুন ভক্তগণ। তব নামাভাসে হয় পাপ-বিমোচন।। কপোত-বণিক্-ব্যাধ-চণ্ডালাদি করি। তোমাদের সঙ্গ-বলে সবে গেল তরি।। যদি বল আমি হই বড় অপরাধী। কখনো না হবে মোর মনোরথ-সিদ্ধি।। তাতে নিবেদন করি শুন দয়াময়। নিজ-জনের অপরাধ ক্ষমিতে জুয়ায়।। মাতৃ-ক্রোড়ে পুত্র যদি মল মূত্র করে। সেই দোষে মাতা তারে ত্যাগ নাহি করে।। অপরাধি হই আমি তোমার চরণে। অপরাধ-ক্ষমা করি রাখ নিজ-গুণে।। অপরাধ-ফল যদি মোরে ভোগাইবে। মোর দুঃখ জানি শুনি তব দুঃখ হবে।। পর-দুঃখে দুঃখি তোমার দয়ালু অন্তর। তাতে মোর অপরাধ ক্ষমহ সত্বর।। মোরে উদ্ধারিয়া কর স্বনাম সফল। পতিতপাবন নাম ঘুষুক সকল।। দয়া করি মো পতিতে যদি না তরাবে। পতিতপাবন নামে

কলঙ্ক লাগিবে।। তদন্যথায় পতিতপাবন কে বলিবে। পতিত পাবনপণা এবে বুঝা যাবে।। জয় গৌর-ভক্তগণ কৃপা কর মোরে। তোমাদের পদ-রেণু রহু মোর শিরে।। শ্রীপাঠ খড়দহ শ্রীনবদ্বীপধাম। শ্রীজাহ্নবা-পাদপদ্মে কোটি পরণাম।। জাহ্নবা-স্থাপিত রাধা-শ্যামল-সুন্দর। অনন্তদেবের পদে প্রণতি বিস্তর।। অনঙ্গমুঞ্জরী আর নবঙ্গ-মুঞ্জরী। মদীয়-প্রসূতি পদে কোটি নমস্করি।। শ্রীগোলক-চন্দ্র গৌরগণেতে বিকাশ। যাহা হইতে হৈল মো অধমের প্রকাশ।। তাঁর পদে নতি, গৌর-গোবিন্দ আদেশে। শিক্ষাদি পাইয়া এবে করিয়ে নির্দ্দেশে।। নিজে অতি মূঢ়-মতি কিছুই না জানি। ভক্ত কৃপায় বোবায় বুলে শাস্ত্রে উহা শুনি।। নিত্যানন্দবংশ্য নবদ্বীপচন্দ্র নাম। গঙ্গাতীর শ্রীশ্রীপাঠ খড়দহ-ধাম।। পতিতের ত্রাণ সাধুর আদেশ পাইয়া। তৃতীয় সংস্কারে এই গ্রন্থ বিবরিয়া।। সাধুকৃপা-বলে হইল স্বয়ং-প্রকাশ। তাহা বিনা নাহি মোর উপায় প্রয়াস।। শ্রদ্ধান্বিত-রাগানুগ-ভক্তের কারণ। হইল বৈষ্ণবা-চারদর্পণ বরণ।। প্রকাশ পাউন ছয় বিভব বিস্তারি। লোকের বিষয়-অন্ধকার দূর-করি।। এই গ্রন্থে ছয় বস্তু ছয় বিভবেতে। সাধকের ধ্যেয় গেয় বন্দ্য রাগ-মতে।। প্রথম-বিভবে বস্তু শ্রীগুরুপ্রণালী। নারায়ণ-আদি গুরু-পরম্পরা বলি।। সংক্ষেপে বর্ণিত আছে চারি সম্প্রদায়। দ্বিতীয়ে শ্রীগুরু-তত্ত্ব-সারের বিধায়।। সিদ্ধগুরুপ্রণালী যে দ্বিতীয় বিভবে। বয়ো-বর্ণ-বেশ-সেবা যার যেই হবে।। নবদ্বীপ-ধাম তত্ত্ব স্বরূপ নির্ণয়। সোণার গৌরাঙ্গে ভজি সর্ব্ব-সিদ্ধি

হয় ।। তৃতীয় বিভবে গৌরলীলা নবদ্বীপে। প্রিয়পরিকর সঙ্গে যথাযথ-রূপে ।। নবদ্বীপ-ধ্যান সহ অষ্ট-কাল-ক্রমে। তাহার ভাবনা আর ব্রজের নিয়মে ।। রাধাকৃষ্ণ-নিত্য-লীলা যথাযথ স্থানে। রাধা-মর্ম্মসখী-সঙ্গে হয় রাত্রি-দিনে ।। চতুর্থ বিভবে মনের স্মরণে বাসনা। সোণার গৌরাঙ্গ নিত্যানন্দ উপাসনা ।। আত্মেন্দ্রিয়প্রাণমন করি সম্বোধনা। সখীভাবে রাধা অঙ্গ সেবার প্রার্থনা ।। পঞ্চম-বিভবে চৈতন্যের পরিকর। তাঁসবার নাম-স্থান-গুর্ব্বাদি-গোচর ।। ষষ্ঠবিভবেতে বৈষ্ণবের নিত্যকর্ম্ম। সদাচার-অনুষ্ঠান সাধুদের ধর্ম্ম ।। সাধুশাস্ত্র উপদেশ বৈষ্ণব আদেশে। যথা সাধ্য বর্ণিত হইবে নির্ব্বিশেষে ।। এই ষষ্ঠ বস্তু গ্রন্থ-প্রতিপাদ্য হয়। জানিয়া সাধকের গৌর-প্রেম লাভ হয় ।। সংসারের সার এই বিভব নিশ্চয়। বিষয়-আশয়ে কাম-নিবারক হয় ।। বৈষ্ণবের আজ্ঞা-বল করিয়া স্মরণ। এবে গুরুপ্রণালীর করিয়ে সূচন ।।

গুরুপ্রণালীসূচনে বৈষ্ণবসম্প্রদায়বিবরণম্।

শ্রীপদ্মপুরাণে শ্রীগৌতমীয়তন্ত্রে চ যথা।

কলৌ খলু ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ।
সম্প্রদায়বিহীনা যে মন্ত্রাস্তে নিষ্ফলা মতাঃ ।। ইত্যাদি ।।

কলিতে হইবে চারি সম্প্রদায় স্থিতি। সম্প্রদায় বিহীন মন্ত্রে নাহি হয় গতি ।। বিনা সম্প্রদায়ি-গুরুর উপদেশ ব্যর্থ। ভক্তি হওয়া দূরে রহু নাশে না অনর্থ ।।

অতঃ কলৌ ভবিষ্যন্তি চত্বারঃ সম্প্রদায়িনঃ।
শ্রী-ব্রহ্ম-রুদ্র-সনকা বৈষ্ণবাঃ ক্ষিতিপাবনাঃ ।।

অতএব কলিতে বৈষ্ণব সম্প্রদায়। পৃথিবী-পাবন তাঁদের শ্রেণী-চতুষ্টয়॥ ব্রহ্ম-সম্প্রদায় আর শ্রী-সম্প্রদায়। রুদ্র-সম্প্রদায় ও সনক-সম্প্রদায়॥

তথাহি। রত্নাবল্যাং।

রামানুজং শ্রীঃ স্বীচক্রে মধ্বাচার্য্যং চতুর্ম্মুখঃ।
শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রো নিম্বাদিত্যং চতুঃসনঃ॥

শ্রীসম্প্রদায় হন রামানুজ স্বামী। চতুর্ম্মুখ-সম্প্রদায় মধ্বাচার্য্য-নামী॥ বিষ্ণুস্বামী-মহান্ত শ্রীরুদ্র-সম্প্রদায়। নিম্বাদিত্য স্বামী চতুঃ সনক সম্প্রদায়॥ তার মধ্যে ব্রহ্মসম্প্রদায় সুশোভিত। নিতাই গৌরাঙ্গ গণ যাতে বিরাজিত॥ ভক্তি-অধিকারী সম্প্রদায় চতুষ্টয়। সংক্ষেপে কহিয়ে যৈছে সম্প্রদায় হয়॥ শ্রীকৃষ্ণচৈতন্য-প্রভু বাঞ্ছা-কল্পতরু। নারায়ণ রূপে হন এ সবার গুরু॥ শ্রী, নারায়ণের প্রিয়া শিষ্যা পুনঃ তাঁর। সর্ব্বশাস্ত্রে বিস্তার অদ্ভুতক্রিয়া যাঁর॥ শ্রীশব্দেতে লক্ষ্মী তাঁর শাখা উপশাখা। হইল অনেক তাহা কে করিবে লেখা॥ সেইগণে রামানুজ আচার্য্য হইল। তাঁহা হইতে রামানুজ সম্প্রদা চলিল॥ শ্রীলক্ষ্মণাচার্য্য নাম পূর্ব্বে তাঁর হয়। অত্যাদরে রামানুজাচার্য্য সবে কয়॥ নিজ নামে রামানুজ সূত্রভাষ্য কৈল। তাঁর শাখা উপশাখা জগৎ ব্যাপিল॥ ১॥ এবে কহি মাধ্বী সম্প্রদায়ের বিষয়। দিঙ্মাত্র কহি আগে কহিব যে হয়॥ শ্রীনারায়ণের শিষ্য ব্রহ্মা প্রজাবান্। শিষ্য প্রশিষ্যাদি যাঁর মহাভাগ্যবান॥ সেই গণ মধ্যে শ্রীমাধ্ব শিষ্য হইল। যিনি ব্রহ্ম-সূত্রভাষ্য প্রথমেই কৈল॥ এই হেতু মাধ্বাচার্য্য নাম হইল তাঁর। তদবধি

মাধ্বাচার্য্য-সম্প্রদায়-প্রচার ।। তাঁর শিষ্য প্রশিষ্য যতেক অন্ত নাই। ভক্তি প্রবর্ত্তাইতে ব্যাপিল সর্ব্ব ঠাঁই ।। ২ ।। শ্রীনারায়ণের শিষ্য রুদ্র কৃপাময়। তাঁর শিষ্য প্রশিষ্যের অন্ত নাহি হয় ।। বিষ্ণুস্বামী শিষ্য হইলেন সেই গণে। ভক্তিরসে মত্ত হইলেন শিষ্য সনে ।। পরম-প্রভাব বিদ্যা সকল শাস্ত্রেতে। বিষ্ণুস্বামী সম্প্রদায় হইল তাঁহা হইতে ।।৩ সনক সম্প্রদায় এবে করি যে প্রকাশ। নারায়ণ হইতে হংস বিগ্রহ বিলাস ।। তাঁর শিষ্য সনকাদি চারি মহাশয়। তাঁর শিষ্য প্রশিষ্যের অন্ত নাহি হয় ।। সেই গণ মধ্যে নিম্বা-দিত্য শিষ্য হইল। তাঁহা হইতে নিম্বাদিত্য সম্প্রদায় চলিল ।। নিম্বাদিত্য-প্রভাব পরম চমৎকার। তাঁর শিষ্য প্রশিষ্যেতে ব্যাপিল সংসার ।। ৪ ।। শ্রী-মাধ্ব-রুদ্র-সনক সম্প্রদায়ি-গণে। হইল সম্প্রদায়-বদ্ধ প্রভাব-কারণে। রামানুজাচার্য্যগণের মধ্য হইতে। রামানন্দাচার্য্য হইল পূজ্য সর্ব্বমতে ।। তাঁর শিষ্য প্রশিষ্য প্রভৃতি বহু হয়। খ্যাত হইলেন রামানন্দি সম্প্র-দায় ।। বিষ্ণুস্বামী সম্প্রদায়ে শ্রীবল্লবাচার্য্য। অনুভাষ্য করি হইল সর্ব্বমতে আর্য্য ।। শ্রীবল্লবী সম্প্রদায় বলি হইল খ্যাতি। কি বলিব অন্য সম্প্রদায়ের এই রীতি ।। সর্ব্ব অবতার, গুরু, মিলে এক ঠাঁই। চৌদ্দ ভুবনের গুরু চৈতন্য গোসাঁই ।। মহাপ্রভু ধন্য-লীলা প্রকাশ কলিতে। যে সম্প্র-দায়ে তাহা লিখি পূর্ব্ব হইতে ।।

তথাহি, শ্রীস্বরূপগোস্বামিকৃতকড়চায়াং শ্রীকবিকর্ণপুর-গোস্বামিকৃতশ্রীগৌরগণোদ্দেশদীপিকায়াঞ্চ।

পরব্যোমেশ্বর-স্বামি-শিষ্যো ব্রহ্মা জগৎপতিঃ।

তস্য শিষ্যো নারদোঽভূদ্ব্যাসস্তস্যাপি শিষ্যতাম্ ।।
শুকো ব্যাসস্য শিষ্যত্বং প্রাপ্তো জ্ঞানাবরোধনাৎ।
তস্য শিষ্যাঃ প্রশিষ্যাশ্চ বহবো ভূতলে স্থিতাঃ ।।
ব্যাসাল্লব্ধ্বা কৃষ্ণদীক্ষাং মাধ্বাচার্য্যো মহাশয়ঃ।
চক্রে বেদান্ বিভজ্যাসৌ সংহিতাং শতদূষণীম্ ।।
নির্গুণাদ্ ব্রহ্মণো যত্র সগুণস্য পরিক্রিয়া।
তস্য শিষ্যো ঽভবৎ পদ্মনাভাচার্য্যো মহাশয়ঃ ।।
তস্য শিষ্যা নরহরিস্তচ্ছিষ্যো মাধবো দ্বিজঃ।
অক্ষোভস্তস্য শিষ্যোঽভূত্তচ্ছিষ্যো জয়তীর্থকঃ ।।
তস্য শিষ্যো জ্ঞানসিন্ধুস্তস্য শিষ্যো মহানিধিঃ।
বিদ্যানিধিস্তস্য শিষ্যো রাজেন্দ্রস্তস্য সেবকঃ ।।
জয়ধর্ম্মমুনিস্তস্য শিষ্যো ভূদ্গণমধ্যতঃ।
শ্রীমদ্বিষ্ণুপুরী যস্য ভক্তিরত্নাবলী কৃতিঃ ।।
জয়ধর্ম্মস্য শিষ্যোঽভূদ্ব্রহ্মণ্যঃ পুরুষোত্তমঃ।
ব্যাসতীর্থস্তস্য শিষ্যো যশ্চক্রে বিষ্ণুসংহিতাম্।।
শ্রীমল্লক্ষ্মীপতিস্তস্য শিষ্যো ভক্তিরসাশ্রয়ঃ।
তস্য শিষ্যো মাধবেন্দ্রো ভক্তিধর্ম্ম-প্রবর্ত্তকঃ ।।
কল্পবৃক্ষসাবতারো-ব্রজধামনি নিষ্ঠিতঃ।
প্রীতি-প্রিয়ো বৎসলতোজ্জ্বলাখ্য-গুণধারিণঃ ।।
তস্য শিষ্যোঽভবচ্ছ্রীমানীশ্বরাখ্যপুরী যতিঃ।
কলয়ামাস প্রেমাণংশ্রীমাধুর্য্যরসাত্মকম্ ।।
উজ্জ্বলং শুচিনামানমাত্মামোদাদিবর্জ্জিতম্।
পরিণামে কৃষ্ণপ্রেমমাত্রাকাঙ্ক্ষাসদাশয়ম্ ।।
অদ্বৈতঃ কলয়ামাস দাস্যসখ্যে ফলে উভে।

শ্রীমানুঙ্গপুরীত্যেব বাৎসল্যে তং সমাশ্রিতঃ ॥
প্রেম্নোরীকৃত্যশ্রীগৌরঃ শ্রীঈশ্বরপুরীং স্বয়ম্।
জগদাপ্লাবয়ামাস প্রাকৃতাপ্রাকৃতাত্মকম্॥
স্বীকৃত্য রাধিকা-ভাব-কান্তী পূর্ব্বসুদুর্লভে।
অন্তর্ব্বহীরসাম্ভোধী শ্রীমন্মদনমোহনঃ ॥
আদ্যব্যূহোঽপি চৈতন্যমাবিশদ্ যৎ পুরে পুরা।
বিচুক্ষোভ মনস্তস্য দৃষ্ট্বা গন্ধর্ব্বনর্ত্তনম্ ॥
দ্বারকাস্থোঽপি ভগবান্ প্রাবিশচ্ছ্রীশচীসুতম্।
নানাবতারাঃ সুতরামেককালপ্রভাবতঃ ॥
যথাশ্যামোঽবিশৎ কৃষ্ণং ভগবন্তং পুরা স্বয়ং।
যোগমায়াবলাদেতে তিষ্ঠন্ত্যন্যত্র যদ্যপি ॥
তথাপি প্রাবিশন্ গৌরেঽচিন্ত্যলক্ষণলক্ষিতঃ।
যথোক্তং ব্যাসচরণৈঃ প্রভাসখণ্ডমধ্যতঃ ॥
অচিন্ত্যাঃ খলু যে ভাবা ন তাংস্তর্কেণ যোজয়েৎ।
রঘুনাথং প্রবিশ্যাপি যথা তিষ্ঠতি ভার্গবঃ ॥
এবং শ্রীনারদমুখা-স্তিষ্ঠন্ত্যন্যেষু ধামসু।
তথাপি প্রভুনা সার্দ্ধং দীব্যন্তি প্রতি-দেহবৎ ॥
কিন্তু যদ্‌যদ্‌ভক্তগণা যদ্‌যদ্ভাববিলাসিনঃ।
তত্তদ্ভাবানুসারেণ ব্রজে তেষামভূদ্গতিঃ ॥
গৌরচন্দ্রোদয়ে হ্যদ্বৈতং প্রতি গৌর-বচো যথা।
দাস্যে কেচন কেচন প্রণয়িণঃ সখ্যে তথৈ বা হ্যপরে,
রাধামাধবপ্রেষ্ঠয়া কতিপয়ে শ্রীদ্বারকাধীশিতুঃ।
সখ্যাদাবুভয়ত্র কেচন পরে যেবাঽবতারান্তরে,
ময্যাবদ্ধ-হৃদোঽখিলান্ বিতনবৈ বৃন্দাবনাসঙ্গিনঃ ॥

পরব্যোমনাথ হন প্রভু নারায়ণ। তার শিষ্য হয় ব্রহ্মা জগৎ-কারণ॥ তার শিষ্য হইল নারদ প্রেম-ময়। শিষ্য হইল তাঁর ঠাক্রি ব্যাস গুণালয়॥ ব্যাস-শিষ্য শুকদেব মাধ্বাচার্য্য আর। পরমদয়ালু, ভক্তি-রস-পারাবার॥ মাধ্বাচার্য্য হইতে মাধ্বীসম্প্রদায়-স্থিতি। দ্বৈতবাদী বলি যাঁর ব্রহ্মাণ্ডে সুখ্যাতি॥ বেদ-সার-দ্বৈত-মতে গ্রন্থ এক কৈল। শতদূষণী-সংহিতা যার নাম হইল॥ সেই গ্রন্থে কৈল সগুণ-ব্রহ্মের নির্ণয়। সগুণের প্রভা যে নির্গুণ ব্রহ্ম হয়॥ নিজনামে সূত্রভাষ্য তিনি বিরচিল। একারণে মাধ্বাচার্য্য-সম্প্রদায় চলিল॥ মাধ্বাচার্য্যের শিষ্য হইল পদ্মনাভাচার্য্য। তাঁর শিষ্য নরহরি অলৌকিক-কার্য্য॥ দ্বিজরাজ মাধব হইল শিষ্য যে তাঁহার। তাঁর শিষ্য অক্ষোভ-আচার্য্য খ্যাতি যাঁর॥ জয়তীর্থ তাঁর শিষ্য ভুবন বিদিত। তাঁর শিষ্য জ্ঞানসিন্ধু বিজ্ঞান-শোভিত॥ তাঁর শিষ্য মহানিধি গুণের অবধি। মহানিধির সেবক হইল বিদ্যানিধি॥ রাজেন্দ্র আচার্য্য তাঁর সেবক হইল। জয়ধর্ম্ম মুনি তাঁর শিষ্যতা পাইল॥ যাঁর গণ-মধ্যে বিষ্ণুপরী মহাশয়। ভক্তিরত্নাবলী গ্রন্থ যাঁর কৃত হয়॥ প্রভু যাঁর স্থানে রত্ন যাচ্ঞা করিল। ভক্তি রত্নাবলী-গ্রন্থ আনি সমর্পিল॥ জয়ধর্ম্মের সেবক শ্রীপুরুষোত্তম। তাঁর শিষ্য ব্যাসতীর্থ ভক্ত নিরুপম॥ শ্রীবিষ্ণু সংহিতা গ্রন্থ যাঁহার রচিত। যা শুনিলে কৃষ্ণতত্ত্ব হ সুবিদিত॥ তাঁর শিষ্য লক্ষ্মীপতি ভক্তি-রসাশ্রয়। শিষ্য তাঁর মাধবেন্দ্রপুরী মহাশয়॥ ব্রজারামে স্থিতি কল্পবৃ অবতার। প্রণয় উজ্জ্বলরস ফল হয় যার॥ কৃপার সমু

হেন কেবা আছে আর। যারধর্ম্ম প্রবর্ত্তিল এ তিন সংসার ॥ তচ্ছিষ্য ঈশ্বরপুরী নিত্যানন্দ আর। অদ্বৈত শ্রীরঙ্গ পুরী এ চারি প্রচার ॥ শ্রীঈশ্বরপুরী হয় মধুর-রসাশ্রয়। জগতে মধুর-রস দিল পরিচয় ॥ অদ্বৈত-আচার্য্য দাস্য-সখ্য-অভিমান। বাৎসল্য-রসেতে রঙ্গপুরী ভক্তিমান ॥ নিত্যানন্দ-প্রভু-তত্ত্ব কে বুঝিতে পারে। জগৎ পবিত্র হৈল যাঁর অবতারে ॥ যদ্যপি বিশ্বের গুরু হন সর্ব্বমতে। কৃপা করি গুরু কৈল জীবে শিক্ষা দিতে ॥ বহু-কাল বহু-তীর্থ করিয়া ভ্রমণ। কৃষ্ণ-প্রেমাবেশে শেষে আইলা বৃন্দাবন ॥ মাধবেন্দ্র-পুরী সঙ্গে তঁহি দেখা হইল। দোঁহে দোঁহা মিলি বহু আনন্দ পাইল ॥ আপন মনের কথা কহিলা পুরীরে। নিজ শক্তি সঞ্চারিল তাঁহার শরীরে ॥ প্রেমাবিষ্ট হ'য়ে বাহ্য নাহিক কাহার। দোঁহে পরস্পর ভক্তি করেন প্রচার ॥ নিত্যানন্দ-লীলা হয় অনন্ত অপার। জীবে হেন শক্তি নাহি তাহা বুঝিবার ॥ আপনে আচরি ধর্ম্ম শিখায় জগতে। কি আশ্রম বেশ কেহ না পারে জানিতে ॥ অচিন্ত্য-প্রভাব সর্ব্ব-রসের আশ্রয়। কৃষ্ণচৈতন্যের সর্ব্ব-লীলার সহায় ॥ এই শ্রীচৈতন্য-প্রভু স্বয়ং ভগবান। ঈশ্বর-পুরীরে কৈল গুরু অভিমান ॥

তথাহি শ্রীমদ্বক্রেশ্বর-পণ্ডিত-গোস্বামি-শিষ্য শ্রীগোপাল-
গুরু-গোস্বামি-মহাশয়কৃত-পদ্যানি।

শ্রীমন্নারায়ণো ব্রহ্মা নারদো ব্যাস এব চ।
শ্রীলমাধ্বঃ পদ্মনাভো নৃহরির্মাধবস্তথা ॥
অক্ষোভো জয়তীর্থশ্চ জ্ঞানসিন্ধুর্মহানিধিঃ।

বিদ্যানিধিশ্চ রাজেন্দ্রো জয়ধর্ম্মমুনিস্তথা ॥
শ্রীমল্লক্ষ্মীপতিঃ শ্রীমন্মাধবেন্দ্রপুরীশ্বরঃ।
ততঃ শ্রীকৃষ্ণচৈতন্য-প্রেমকল্পদ্রুমো ভুবি ॥
নিমানন্দাখ্যয়া যোঽসৌ বিখ্যাতঃ ক্ষিতিমণ্ডলে ॥

ঈশ্বরপুরী-মহিমা প্রভু নিজ-মুখে গায়। পুরী-গোসাঁইর শিষ্য স্বয়ং গৌর-রায় ॥ প্রভুর অদ্ভুত শক্তি কে পারে বুঝিতে। নিমা-নন্দ-সম্প্রদায় হৈল প্রভু হৈতে ॥ প্রভু-নাম-মধ্যে মুখ্য নিমাই পণ্ডিত। নিত্যানন্দ প্রভুর এই নামে অতি প্রীত ॥ প্রভুর বৈষ্ণবগণে দেখি নদিয়ায়। নিমাই-সম্প্রদায় বলি অদ্যাপিহ গায় ॥ নিমাই হৈতে পাইল সকলে আনন্দ। এই হেতু অবনি-বিখ্যাত নিমানন্দ ॥ নিমাই-পণ্ডিত-কৃষ্ণচৈতন্য-গোসাঞি। সোণার গৌরাঙ্গ বিনা আর গতি নাই ॥ নিত্যানন্দের প্রাণ, গৌর রসের সদন। অশেষ বিশেষে কৈল রস আস্বাদন ॥ গয়াদেশ হৈতে প্রভু শ্রীগৌ-রাঙ্গ হরি। চলিলেন ঈশ্বরপুরীরে কৃপা করি ॥ পুনঃ লুকা-ইল নবদ্বীপে ভক্তদ্বারে। পুনর্লুকাইতে চাহে লুকাইতে মারে ॥ পুনরপি গৌরচন্দ্র গিয়া নদিয়ায়। ব্যক্ত হইলেন প্রিয় ভক্তের ইচ্ছায় ॥ মাধুর্য্যাস্বাদোদ্ধত কৃষ্ণচৈতন্য-রূপে। বিরাজয়ে নব-ভক্তিময় নবদ্বীপে ॥ সর্ব্ব-অবতার-সার চৈতন্য গোসাঁই। অংশ কলা আদি সব তাহাতে মিশাই ॥ আর সব বৈভব যে প্রাভব বিহিত। পরাবস্থা আদি সব চৈতন্যে মিশ্রিত ॥ মহা-অবতারী গৌর সর্ব্ব-রসাশ্রয়। সর্ব্বা-বতারসদ্ভক্তি-ভক্ত-জনাশ্রয় ॥ প্রমাণ আছয়ে বহু-শাস্ত্রে বহুতর। গৌরাঙ্গে মিলিল যত সর্ব্ব অবতার ॥ শ্বেতদ্বীপা-

দিতে প্রভুর বহু অবতার। কল্প কল্পান্তরের ভক্ত সঙ্গতি যাহার॥ ভক্তের নিজ-ভাব-মতে দেখান অনেক। রুক্মিণীর ভাব কেহ দেখয়ে প্রত্যেক॥ সত্যভামা-ভাব কেহ দেখে আনন্দিত। যার যেই ভাব দেখে ভাবনা-বিহিত॥ মৎস্য কূর্ম্ম উপাসনা ছিল যে পূর্ব্বেতে। সেই ভাব দেখে এবে গৌরাঙ্গ-অঙ্গেতে॥ নদিয়া-নাগরী দেখে কন্দর্প-স্বরূপ। তার্কিক পাষণ্ডি দেখে বিরাটের রূপ॥ শ্রীরাম স্বরূপ কেহ দেখয়ে নয়নে। ষড়্ভুজ রূপ কেহ দেখে বিদ্যমানে॥ এই রূপে নানা-লীলা দেখে ভক্তগণ। পূর্ব্বে যার যেই ছিল ভাবনা ভজন॥ আশ্রয়াদি-ভেদে সবায় রাধাকৃষ্ণ মিলে। সবে আসি চৈতন্যে প্রবেশে কুতূহলে॥ মহা-অবতারী হন চৈতন্য গোসাঞি। সোণার গৌরাঙ্গ সম ব্রহ্মাণ্ডেতে নাই॥ মহা-অবতারী এই বিচার নির্দ্ধার। মিলয়ে যাহাতে অবতারী অবতার॥ অতএব কারণ না জানি, বেদ জল্পে। সোণার গৌরাঙ্গ না হয়েন প্রতি কল্পে॥ অবতারী মহা-অবতারীর কারণ। ঐশ্বর্য্য মাধুর্য্য ভাব আধিক্য লক্ষণ॥ উপদেশ মতে শুনিয়াছি যে কিঞ্চিৎ। ইহার কারণ এই হয় সুবিদিত॥ শ্রীগুরুপ্রণালী প্রভু পর্য্যন্ত কহিল। গ্রন্থ বাহুল্যের ভয়ে পরে না লিখিল॥ ধর্ম্ম-সংস্থাপনে গুরু-স্বীকার করিয়া। জগৎ সিঞ্চিলা রাধা-প্রেমসুধা দিয়া॥ আপনি আচরি ধর্ম্ম জীবে শিক্ষাইল। আচণ্ডালে হরিনাম দিয়া নিস্তারিল॥ যত ব্যূহ অবতার কৃষ্ণের আছিল। চৈতন্য-প্রভুতে সব আসি প্রবেশিল॥ সকলের স্থিতি হয় যদ্যপি প্রভুতে। পৃথক শরীর নানা-রস

আস্বাদিতে॥ যে যে সাধকের হয় যে যে ভাবে স্থিতি। সেই ভাব অনুসারে হয় তার গতি॥ প্রকটা-প্রকট দুই লীলার প্রকার। প্রভু সঙ্গে সদা রহে নিজ পরিবার॥ যে কালে যে লীলা প্রভু প্রকাশ করয়। পরিবারগণ তাঁর সহায় নিশ্চয়॥ সেই দ্বারে প্রবর্ত্তিল কলিযুগ-ধর্ম্ম। চৈতন্যের দাসে জানে এই সব মর্ম্ম॥ নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য শ্রীনিবাস। গদাধর দামোদর মুরারি হরিদাস॥ আর যত চৈতন্য-গোসাঁইর ভক্তগণ। ভক্তিভাবে শিরে ধরি সবার চরণ॥ সূত্ররূপে কিছু এবে কৈল নিবেদন। বিস্তারিয়া সব আগে করিব বর্ণন॥ সংক্ষেপে কহিয়ে এবে শুন ভক্তগণ। চৈতন্যের অবতারে মুখ্য প্রয়োজন॥

"শ্রীরাধায়াঃ প্রণয়-মহিমা কীদৃশো বাহনয়ৈবা,স্বাদ্যো যেনাদ্ভুত-মধুরিমা কীদৃশো বা মদীয়ঃ। সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভা-ত্তদ্ভাবা-ঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ॥" ইতি চরিতামৃতে

রসিক-শেখর-মণি ব্রজেন্দ্রকুমার। রস আস্বাদিতে মনে করিলা বিচার॥ নানা-মতে কৈল রস-নির্য্যাসাস্বাদন তথাপি আমার বাঞ্ছা না হইল পূরণ॥ ইহাতে আমার এই অনুভব হয়। আমার অধিক সুখ রাধা আস্বাদয়॥ অতএব আশ্চর্য্য হয় রাধিকার প্রেমা। প্রতিক্ষণে ইহা বাঢ়ে নাহি পাই সীমা॥ রাধিকার প্রেমের মহিমা কি প্রকার। আপনে বুঝিতে মোর হৈল চমৎকার॥ অদ্ভুতমহিমা মোর মাধুর্য্যে হয়। যে প্রেমদ্বারায় রাধা তাহা আস্বাদয়॥ আমা হইতে রাধা পায় যে জাতীয় সুখ। তাহা আস্বাদিতে আমি সদা

উন্মুখ॥ অথবা না জানি আমায় আছে কোন রস। আমার মোহিনী রাধা তারে করে বশ॥ বায়ুবশে যদি পায় মোর অঙ্গগন্ধ। উড়িয়া পড়িতে চাহে প্রেমে হয়ে অন্ধ॥ তাম্বূল-চর্ব্বিত যদি করে আস্বাদন। আনন্দ সাগরে ডুবে হারা-ইয়া জ্ঞান॥ মোর অনুভবে রাধার সুখ কি প্রকার। কেন না জানিতে পারি তাহার প্রচার॥ সুখ-আস্বাদিতে এই হেতু লোভ হৈল। রাধিকার ভাবকান্তি অঙ্গীকার কৈল॥ অতএব শচীগর্ভ-সিন্ধুসম হয়। কৃষ্ণরূপচন্দ্র তাহে জন্ম প্রকাশয়॥ প্রভু আবির্ভাবের এই মুখ্য প্রয়োজন। গৌণ অনুমানি আর সকল কারণ। চৈতন্যের অবতারে মুখ্য-প্রয়োজন। সংক্ষেপে লিখিল বহু না কৈল বর্ণন॥ অতি-গোপ্য এসব কহিতে না যুয়ায়। নিতাইগৌর হৃদে ধরে তার গম্য হয়॥ কৃষ্ণদাস-কবিরাজের চরণ ধরিয়া। যা কিছু কহিলাম ক্ষম মূঢ়ে করি দয়া॥ বৈষ্ণবগোসাঁঞি কৃপা করহ কিঞ্চিৎ। তবে সে পূরিবে মোর মনের বাঞ্ছিত॥

ইতি শ্রীবৈষ্ণবাচারদর্পণে বৈষ্ণবসর্ব্বস্বে শ্রীগুরুপ্রণালী-বর্ণনং নাম প্রথমোবিভবঃ॥ ১॥

দ্বিতীয় বিভব।

গুরুতত্ত্বসার।

জয় জয় গৌরচন্দ্র রসের বিগ্রহ। জয় নিত্যানন্দ গৌর
প্রেমময়-দেহ ॥ জয় শ্রীঅদ্বৈতচন্দ্র ঈশ্বর সাক্ষাতে। মহা
প্রভুর মনোবৃত্তি যাঁর সর্ব্ব জ্ঞাতে ॥ জয় জয় গৌর-ভক্ত স
কর দয়া। লিখিতে পারিয়ে যাতে স্মরণ করিয়া ॥ শ্রীগুরু
চরণপদ্ম হৃদয়ে ধরিয়া। গুরুর সিদ্ধপ্রণালী কহি বিবরিয়া।

শ্রীকৃষ্ণচৈতন্য নিত্য-লীলা-অবতারী। সাঙ্গোপাঙ্গে সপা
র্ষদে সমস্ত-নিস্তারী ॥ গুরুতত্ত্ব গৌরতত্ত্ব একই প্রকার
অঙ্গ ও পার্ষদরূপে করয়ে উদ্ধার ॥ প্রথমে গুরু পাদাশ্র
করি বিবরণ। দীক্ষাগুরু শিক্ষাগুরু দুই প্রকরণ ॥ প্রথমে
যিনি মন্ত্র করেন উপদেশ। মন্ত্রগুরু দীক্ষাগুরু জানি
বিশেষ ॥ গুরুতত্ত্ব, কৃষ্ণতত্ত্ব, জানান যে জন। তিনি শিক্ষা
গুরু হন শাস্ত্রের বচন ॥ ঈশ্বর-স্বরূপ-তত্ত্ব মন্ত্র-গুরু জানি
বৈকুণ্ঠের পতি মন্ত্রদাতা শিরোমণি ॥

তথাহি শ্রীতত্ত্বদীপিকায়াম্।

দীক্ষাগুরুর্যঃ কথিত ঐশ্বর্য্যাদীশ্বরোভবেৎ।
মাধুর্য্যাদ্ভুতমাখ্যায় পরৈশ্বর্য্যাদ্ভুতো ভবেৎ ॥ ইতি ॥

শ্রীমদ্ভাগবতে চ ১১ স্কন্ধে ১৭ অধ্যায়ে ২২ শ্লোকে
উদ্ধবং প্রতি শ্রীভগবদ্বাক্যম্।

আচার্য্যং মাং বিজানীয়ান্নাবমন্যেত কর্হিচিৎ।
ন মর্ত্ত্যবুদ্ধ্যাহসূয়েত সর্ব্ব-দেবময়ো গুরুঃ ॥ ইতি চ ॥

এই সব তত্ত্ব জানাইলেন যে জন। তিনি শিক্ষা-গুরু হ
প্রমাণ বচন ॥ ভগবান্ আপনে শিক্ষা-গুরুর স্বরূপ। শি

পিঞ্ছ-গুঞ্জমালী উজ্জ্বল-রস-ভূপ।। কৃষ্ণকর্ণামৃতে বিল্বমঙ্গলবচন চিন্তামণির্জয়তি শ্লোকে স্পষ্ট লিখন।। শ্রীকৃষ্ণ-গুরু-বৈষ্ণব, শাস্ত্রে এক কহে। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সদা স্থিতি রহে।।

তথাহি শ্রীমদ্ভাগবতে নবমস্কন্ধে ৪ অধ্যায়ে ৫১ শ্লোকে
দুর্ব্বাসসং প্রতি শ্রীভগবদ্বচনম্।

সাধবো হৃদয়ং মহ্যং সাধূনাং হৃদয়ন্ত্বহম্।
মদন্যত্তে ন জানন্তি নাহং তেভ্যো মনাগপি।। ইতি।।

গুরু কৃষ্ণ এক দেহ এক মনঃ প্রাণ। ইথে ভেদ নাহি কিছু, শাস্ত্রের প্রমাণ।।

যো গুরুঃ স হরিঃ সাক্ষাদ্ যো হরিঃ স গুরুঃ স্বয়ম্।
গুরুর্যস্য ভবেত্তুষ্টস্তস্য তুষ্টো হরিঃ স্বয়ম্।। ইতি।।

কৃষ্ণে অপরাধ গুরু করেন মোচন। গুরু অপরাধ কভু না হয় মার্জ্জন।। বৈষ্ণব চরণে যদি হয় অপরাধ। ভগবান্ ভাবেন যাহা বড়ই প্রমাদ।। হরি রুষ্টে গুরু ত্রাতা, শাস্ত্রে ইহা কয়। গুরু রুষ্ট হৈলে বড় পরমাদ হয়।। অতএব সর্ব্ব-থায় সর্ব্ববিধিমতে। গুরুকে প্রসন্ন কর সর্ব্বসিদ্ধি যাতে।।

হরৌ রুষ্টে গুরুস্ত্রাতা গুরৌ রুষ্টে ন কশ্চন।
তস্মাৎ সর্ব্ব-প্রযত্নেন গুরুমেব প্রসাদয়েৎ।। ইতি।।

এই রূপে পরস্পর মিলি দুই জন। সাধু শিক্ষাগুরু হন এই সে কারণ।। বিশ্বাসে সমান সেবা দোঁহার চরণ। রসা-মৃতসিন্ধু-গ্রন্থে প্রমাণ বচন।।

তথাহি ভক্তিরসামৃতসিন্ধৌ।

গুরুপাদাশ্রয়স্তস্মাৎ কৃষ্ণদীক্ষাদি-শিক্ষণম্।
বিশ্রম্ভেন গুরোঃ সেবা সাধুবর্ত্মানুবর্ত্তনম্।। ইতি।।

স্থূল তটস্থ মৃত্যু সূক্ষ্ম তটস্থ হৈল। অমুকদাস বলি
তার নামকরণ কৈল॥ বিধিমতে কৃষ্ণ মন্ত্র গ্রহণ করায়।
মর্ত্ত্যজীব মাত্রের প্রাপঞ্চিক ভাব যায়॥

তথাহি শ্রীমদ্ভাগবতে শ্রীনারদং প্রতি শ্রীভগবদ্বাক্যম্।

প্রযুজ্যমানে ময়ি তাং শুদ্ধাং ভাগবতীং তনুম্।
আরব্ধ কর্ম্ম নির্ব্বাণো ন্যপতৎপাঞ্চ ভৌতিকঃ। ইতি

সাধুশাস্ত্র-মত-বৈধাচারী সদাশয়। কৃষ্ণনাম গানে
রুচি জীবে দয়াময়॥

শ্রীপদ্মপুরাণে চ।

কৃষ্ণমন্ত্রপ্রবেশেন মায়াদেহস্য নাশতঃ।
কৃপয়া গুরুদেবস্য দ্বিতীয়ং জন্ম কথ্যতে॥ ইতি॥

স্বজাতীয়াশয়স্নিগ্ধ মহৎ যার খ্যাতি। তাঁর সঙ্গে ভজে
সদা ব্রজে করে স্থিতি॥ সাধুসঙ্গ, নামগান, ভাগবত শ্রবণ
ব্রজে বাস শ্রদ্ধা-সহ শ্রীমূর্ত্তি-সেবন॥ সকল-সাধন-শ্রেষ্ঠ
এই পঞ্চ অঙ্গ। কৃষ্ণ-প্রেম উপজায় ইহার অল্প সঙ্গ॥

তথাহি ভক্তিরসামৃতসিন্ধৌ।

স্বজাতীয়াশয়ে স্নিগ্ধে সাধৌ সঙ্গঃ সতোবরে।
শ্রীমদ্ভাগবতার্থানামস্বাদো রসিকৈঃ সহ॥ ইতি॥

গুরুদেব নাম-মন্ত্রে দীক্ষা করাইল। সাধু-সঙ্গে কৃষ্ণ ভজ
এই আজ্ঞা দিল॥ সেই আজ্ঞা পাইয়া আসি সাধু স্থানে
কৃতাঞ্জলি-পুটে অতি বিনয়-বচনে॥ প্রণাম করিয়া তবে
করিবে প্রার্থনা। যাহা কিছু অভিলাষ মনের বাসনা॥
তুমি বাঞ্ছা-কল্পতরু কৃষ্ণগত-মন। তুমি কৃপাসিন্ধু নাথ
পতিতপাবন॥ যে কর সে কর প্রভু মুঞি নীচ জন। কৃপা

করি কর মোর অভীষ্ট পূরণ ।। সর্ব্বধর্ম্মোপর তুমি তপস্যার পর। আরাধ্যের পর তুমি দয়াল গুরুবর ।। রাধাকৃষ্ণ-সেবা প্রাপ্তি আশ্রয় কারণ। গুরু কৃপায় হৈল মোর দ্বিতীয় জনম ।। কামগায়ত্রী কামবীজ করে উপাসনা। সখীভাবে রাধা-অঙ্গ সেবার প্রার্থনা ।। রতি-রাগ অনুসারে আত্ম সুখ ত্যজে। তৃতীয়-জনমে প্রেম-বশে কৃষ্ণে ভজে ।।

কামবীজোপাসনেন সখীত্বঞ্চ সমাশ্রয়েৎ।
রতি-রাগং সদা প্রাপ্য প্রেম্না জন্ম তৃতীয়কং ।।

অন্যৎ-গোপালতাপণীপ্রভৃতিশ্রুতিপ্রমাণবচনানি শ্রীহরি-ভক্তিবিলাসীয় ১ প্রথমবিলাসে দ্রষ্টব্যানি ।।

কোনও ভাগ্যে, কোনও, জীবের শ্রদ্ধা যদি হয়। তবে সেই জীব সাধুসঙ্গ যে করয় ।। সাধুসঙ্গ হৈতে হয় শ্রবণ কীর্ত্তন। সাধন-ভক্তিতে সর্ব্বানর্থ নিবর্ত্তন ।। অনর্থ-নিবৃত্তি হৈলে ভক্তি-নিষ্ঠা হয়। নিষ্ঠা হৈতে শ্রবণাদ্যে রুচি উপজয় ।। রুচি হৈতে হয় তবে আসক্তি প্রচুর। আসক্তি হইতে জন্মে রতির অঙ্কুর ।। সেই রতি গাঢ় হৈলে ধরে প্রেম নাম। সেই প্রেম প্রয়োজন সর্ব্বানন্দধাম ।।

তথাহি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ।

আদৌ শ্রদ্ধা, ততঃ সাধুসঙ্গো, ঽথ ভজনক্রিয়া।
ততো ঽনর্থ-নিবৃত্তিঃ স্যা,-ত্ততো নিষ্ঠা, রুচিস্ততঃ ।।
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাঽভ্যুদঞ্চতি।
সাধকানাময়ং প্রেম্নঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ ।। ইতি।।

সংক্ষেপে কহিল এই গুরুতত্ত্ব-সার। দীক্ষাগুরু শিক্ষা-

গুরু দুয়ের বিচার ॥ মন্ত্র-গুরুকে বৈধ বলিয়া নির্ব্বাচন। সাধকের সংশয় যাবে করি বিবেচন ॥ শাস্ত্র-বিধি-মতে যেই করে উপদেশ। বৈধ-গুরু বলি তারে শাস্ত্রেতে নির্দ্দেশ ॥ বৃন্দাবনে গোপীর রাধাকৃষ্ণ উপাসনা। এ দুর্ল্লভ সুখ-সিন্ধু যজায় যে জনা ॥ সিদ্ধদেহে কৃষ্ণপ্রিয়সখীর সম্বন্ধ। সাধু গুরু শিষ্যে প্রাণ-বন্ধুতা নির্ব্বন্ধ ॥

ব্রজোপাসনতো হেতৎ যেঽন্য-ক্ষেত্র উপাসতে।
শাস্ত্রোপাস্য-সাধনেন স গুরুর্বৈধিরুচ্যতে ॥
কৃষ্ণং প্রেষ্ঠপরাত্মানং ভজতে ভাবতো গুরুঃ।
গুরুঃ সংকৃষ্ণভক্তস্য দেহেন সাধয়েৎ পুনঃ ॥ ইতি।

শাস্ত্র অনুসারি এই দীক্ষা-শিক্ষা-গুরু। সাধকের সেব রীতি প্রেমকল্পতরু ॥

তথাহি শ্রীরূপগোস্বামিচরণৈঃ শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ।

সেবা সাধকরূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি।
তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রজলোকানুসারতঃ ॥ ইতি।

ভক্তিশাস্ত্রে কৃষ্ণসেবা হয় দুই রূপে। সিদ্ধ-রূপে এ আর সাধক-স্বরূপে ॥ সেবা-রীতি-ক্রম আগে ভাব অঙ্গী কার। প্রেমরসাস্বাদে পিছে নিয়ম স্বীকার ॥ সেবার নিয়ে রাগ বাড়ে অনুক্ষণ। রাগ-বৃদ্ধি হৈলে ভাবাদির প্রকটন। পঞ্চ-ভাব মধ্যে রাগ সর্ব্বত্র আছয়। যার যৈছে ভাব তৈছে রাগের উদয় ॥ শান্ত দাস্য সখ্য আর বাৎসল্য মধুর। সকি উত্তম কিন্তু পরে পরে পূর। ইতি মধ্যে যার যেই ভা ইচ্ছা হৈবে। রাগানুগা ভক্তিমতে সেবন করিবে ॥

তথাহি শ্রীরূপগোস্বামিচরণৈঃ শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ।

ইষ্টে সারসকীরাগঃ পরমাবেষ্টিতা ভবেৎ।
তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোদিতা ॥
বিরাজন্তীমভিব্যক্তিং ব্রজবাসিজনাদিষু।
রাগাত্মিকামনুস্মৃতা যা সা রাগানুগোচ্যতে ॥ ইতি ॥

বাঞ্ছিত বস্তুতে স্বাভাবিক রুচি-রস। রাগের লক্ষণ
ইহা আলম্বন-বশ ॥ রাগময়ী ভক্তি রাগাত্মিকা সুবিদিতা।
ব্রজবাসি-জনে মাত্র ব্যক্ত বিরাজিতা ॥ রাগাত্মিকার
অনুগতা রাগানুগা ভক্তি। সর্ব্ব রসে বর্ত্তে কিন্তু মধুরে
সুব্যক্তি ॥ মধুররসেতে মুখ্যা রাধা-ঠাকুরাণী। কৃষ্ণের
হ্লাদিনী শক্তি গোপী-শিরোমণি ॥ রাধার কনিষ্ঠা ভগ্নী
অনঙ্গমঞ্জরী। সৌন্দর্য্য-সৌভাগ্য-সীমা সখী-সর্ব্বোপরি ॥
রাধার সম্বন্ধে শ্রীকৃষ্ণের প্রেম-পাত্রী। মাধুর্য্যাদি-গুণে
সখীগণে সুখদাত্রী ॥ রাধাকুণ্ড-তীরে এক মন্দির আছয়।
অনঙ্গ-নন্দদা নাম তার পরিচয় ॥ সে মন্দির মধ্যে সদা হয়
অবস্থান। শ্রীরাধাকৃষ্ণের সেবা করে সাবধান ॥ তাঁর
সেবা-সখী মধ্যে অষ্ট মুখ্যা-গণ। অনুগত প্রেম-সেবা করে
অনুক্ষণ ॥ ১ ললিতা ২ বিশাখা ৩ চিত্রা ৪ চম্পকলতিকা।
৫ রঙ্গদেবী ৬ সুদেবী ৭ তুঙ্গবিদ্যা, গুণাধিকা ॥ ৮ইন্দুরেখা
এই অষ্ট সখী যূথেশ্বরী। প্রত্যেকের অষ্ট অষ্ট যূথ পর-
চারি ॥ আর অনুগত অষ্ট মঞ্জরীর গণ। মুখ্যা যে যে তার
নাম করি নিবেদন ॥ প্রথম গণের মুখ্যা শ্রীরূপমঞ্জরী।
শ্রীরতিমঞ্জরী দেবী দ্বিতীয়া বিচারি ॥ শ্রীলবঙ্গমঞ্জরী দেবী
তৃতীয়া গণনে। শ্রীরসমঞ্জরী দেবী, চতুর্থী, স্বগণে ॥

শ্রীবিলাসমঞ্জরী দেবী পঞ্চমী বর্ণন। শ্রীমদনমঞ্জরী দেবী ষষ্ঠে নিরূপণ॥ শ্রীকেলীমঞ্জরী দেবী সপ্তমী গণন। শ্রীভৃঙ্গমঞ্জরী দেবী অষ্টমী বর্ণন॥ এই অষ্ট মঞ্জরী প্রধান নিরূপণ। অনঙ্গমঞ্জরীর সবে করেন সেবন॥ অনঙ্গমঞ্জরী মোর জাহ্নবা-ঈশ্বরী। পরমেষ্ঠি-গুরু প্রেমময়-দেহধারী॥ প্রকৃতি পুরুষ-নিত্যানন্দ-সমুজ্বল। প্রেমকল্প-মহীরুহের স্কন্দমূল তল॥ সিদ্ধ-প্রণালীর মূল জাহ্নবা-ঈশ্বরী। প্রথমে বন্দি প্রভু অনঙ্গমঞ্জরী॥

রাধাব্রজেন্দ্রাত্মজপাদপঙ্কজ,-চ্ছটামরালীকৃতচিত্তবৃত্তীকং সমস্তগোপীজনরাগমঞ্জরী,-মনঙ্গপূর্ব্বাংপ্রণমামি মঞ্জরীম্।

শ্রীরাধা-ব্রজেন্দ্রসুত-পাদপদ্ম-দ্যুতি। সেবনে মরালী ভূত চিত্তেন্দ্রিয়বৃত্তি॥ সর্ব্ব-গোপীগণের যে রাগের মঞ্জরী প্রণতভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী॥ ১॥

বসন্তকালোদ্ভবকেতকীততি,-প্রভাবিড়ম্ব্যন্তট-কান্তিডম্বরং। বিলাসসন্ধাননিদানচাতুরী,-মনঙ্গ পূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্॥ ২॥

বসন্তকালে কেতকীকুসুম-সংহতি। তাহার কান্তিকে নিন্দে যাঁর অঙ্গকান্তি। বিলাস-সন্ধানে যাঁর নিদান চাতুরী। প্রণত-ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী॥ ২॥

সুধাকরব্রাতরসাকরাননাং, সুরঙ্গবিম্বারুণসুন্দরাধরাং। মুকুন্দসঙ্গোৎসবরাসগর্গরী,-মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্॥ ৩॥

কোটি সুধাকর জিনি মুখে সুধা যাঁর। পক্কবিম্বফল-ম

সুন্দর অধর ।। গোবিন্দ-সঙ্গ উৎসব-রসের গর্গরী। প্রণত-ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী ।। ৩ ।।

বলিত্রয়ীবল্লরিবন্ধমধ্যমাং বৃহন্নিতম্বার্পিত-রত্ন-মেখলাং। পদদ্বয়ালম্বিতচারু-চর্চ্চরী,-মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্ ।। ৪ ।।

ক্ষীণ-কটিবন্ধ যার ত্রিবলি-লতাতে। রত্নের মেখলা শোভে পৃথু নিতম্বেতে।। চরণে শোভিত যাঁর সুচারু-চর্চ্চরী। প্রণত-ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী ।। ৪ ।।

শ্রীরাধিকাপ্রাণসমা কণীয়সী,-বিশাখয়া শিক্ষিত-সখ্য-সৌষ্ঠবাং। লীলামৃতপ্রজ্বলিতাঙ্গমাধুরী,-মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্ ।। ৫ ।।

রাধার কনিষ্ঠা ভগ্নী রাধা-প্রাণ-সমা। বিশাখা সখ্যের গুরু, গুণে নিরুপমা।। লীলামৃতে উজ্জ্বল যাঁর শ্রীঅঙ্গমাধুরী। প্রণত ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী ।। ৫ ।।

বিনিন্দিতেন্দীবরভাস্বরাম্বরা,-মনঙ্গরক্তারুণকঞ্চু-কাঞ্চিতাং। সদা স্ফুরদ্দ্বাদশবর্ষমাধুরী,-মনঙ্গ পূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্ ।। ৬।।

নীলপদ্মবর্ণ নিন্দি পরিধেয়বাস। অনঙ্গরঞ্জিতবর্ণ-কঞ্চু-লিকা ভাস ।। সদা প্রকটে দ্বাদশ-বৎসর-মাধুরী। প্রণত-ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী ।। ৬ ।।

অনঙ্গনন্দাম্বুজকুঞ্জসংস্থিতিং বিশোককন্যেক্ষিত-দৌত্যপদ্ধতিম্। স্বনাথসেবাধিকৃতাবধীশ্বরী,-মনঙ্গপূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্ ।। ৭ ।।

অনঙ্গ-নন্দদা-পদ্ম-কুঞ্জে যার স্থিতি। ললিতার ঠাঞি

শিক্ষা দৌত্য-পদ্ধতি ॥ নিজপ্রাণনাথের সেবার অধীশ্বরী প্রণত-ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী ॥ ৭ ॥

স্তনদ্বয়ানিন্দিতদাড়িমীফলাং, কপোললোলারুণ-রত্নকুণ্ডলাম্। প্রতপ্তচামীকররোচিবল্লরী,-মনঙ্গ-পূর্ব্বাং প্রণমামি মঞ্জরীম্ ॥ ৮ ॥

যাঁর স্তনদ্বয় জিনে দাড়িম্বের ফল। কপোলে দোলয়ে রাঙ্গা রত্নের কুণ্ডল ॥ যাঁর প্রতপ্তহেমমনোহর বল্লরী। প্রণত ভাবেতে বন্দো অনঙ্গমঞ্জরী ॥ ৮ ॥

পঠত্যনঙ্গাদিকমঞ্জরীগুণ,-প্রকাশকং যোহষ্টক-মেতদীরিতং। সমীহিতং শ্রীবৃষভানুপুত্রিকা, দদাতি তস্মৈ স্বপদাব্জসেবনং ॥ ৯ ॥

অনঙ্গমঞ্জরী অষ্টক যে করে পঠন। সকলি দুরিত তা করিয়া দহন ॥ বৃষভানুপুত্রি তারে করুণা করিয়া। নিকটে রাখয়ে স্বচরণ-সেবা দিয়া ॥ ৯ ॥

অনঙ্গমঞ্জরীপদ বন্দি শিরে ধরি। বন্দনা করিব এবে শ্রীরূপমঞ্জরী ॥ যাঁর অনুগত হলে যোগ্যসেবা পাব। এ ভরসায় তাঁর চরণ বন্দিব ॥

ঈশবুদ্ধিবাসিতান্তলোকবৃন্দদুর্লভা, 'ব্যক্তরাগব-র্ত্ম রত্নদানবিজ্ঞবল্লভা। স্বপ্রিয়ালিগোষ্ঠপালি-কেলিকীরপঞ্জরী, মামুরীকরোতু নিত্যদেহরূপ-মঞ্জরী ॥ ১ ॥

যাহার ঈশ্বরবুদ্ধি-বাসনা-হৃদয়। হেন লোক সকলে সুদুর্লভ হয় ॥ ব্যক্ত-রাগ-পথ-রত্ন করিতে প্রদান। সুবিজ্ঞ সে প্রিয়া বিনা আর নাহি আন ॥ প্রিয়াজীর সখিবৃন্দ

শ্রেষ্ঠা অনুপমা। তাহে কৃষ্ণ-গূঢ়লীলা-শুকপক্ষি-সমা ॥ তাহার পিঞ্জর-রূপ-নিত্য দেহধারি। অঙ্গীকার কর মোরে শ্রীরূপমঞ্জরী ॥ ১ ॥

ভক্তিহীনমানুষেষু সানুকম্পচিন্তয়া, শশ্বতুন্ন-চিত্ততালিগর্ব্ববিস্ফুরদ্দয়া। গোষ্ঠচন্দ্রচেষ্টিতা-ম্রতাপগাননির্ঝরী, মামুরীকরোত্ত নিত্যদেহরূপ-মঞ্জরী ॥ ২ ॥

ভক্তিহীন মানুষ সকল দেখি ভবে। নিজ কৃপায় চিন্তে সদাই সখ্যভাবে ॥ উল্লসিত চিত্তে দয়া যাঁহার স্ফুরয়। কৃষ্ণ-লীলা-নদীর নির্ঝরী যেঁহ হয় ॥ প্রেমদাতা নিত্যদেহ রাধা-সেবাকারী। অঙ্গীকার কর মোরে শ্রীরূপমঞ্জরী ॥ ২ ॥

শ্রীলসীধুসিক্তবার্ষভানবীসখীগণা, নিত্যতত্তদানু-কূল্যকুল্য উচ্ছলন্মনাঃ। মাদৃশেষু মূঢ়ধীষু সর্ব্বতঃ শুভঙ্করী, মামুরীকরোত্ত নিত্যদেহরূপমঞ্জরী ॥ ৩ ॥

নিজ-সুশীতলামৃতে রাধা-সখীগণে। অনুক্ষণ করে যেঁহ মধুর সিঞ্চনে ॥ নিত্য রাধা-গোবিন্দের নিকুঞ্জবিহার। আনুকূল্য করিতে উল্লাস চিত্ত যাঁর ॥ মো-সদৃশ-মূঢ়বুদ্ধি-জনের বিষয়। সর্ব্বতো ভাবেতে যিনি মঙ্গল করয় ॥ প্রেম-সেবা দাতা যিনি নিত্য-দেহ-ধারী। অঙ্গীকার কর মোরে শ্রীরূপমঞ্জরী ॥ ৩ ॥

গৌরচন্দ্র-শাসনাদুপেত্য কুঞ্জ-কাননং, রাগমার্গ-পান্থসাধুমণ্ডলৈকজীবনম্। বিশ্ববর্ত্তিভক্তিকাম-পূর্ত্তিকল্পবল্লরী, মামুরীকরোত্ত নিত্যদেহরূপ-মঞ্জরী ॥ ৪ ॥

শ্রীকৃষ্ণচৈতন্য প্রভুর নিজাদেশ পাইয়া। বৃন্দাবনে কুঞ্জ মধ্যে নিবসিল গিয়া ॥ রাগপথে পথি হয় যত সাধুজন তাঁ সবার যেঁহ হয় কেবল জীবন ॥ অবনিমণ্ডলে যত সা সুবিরাজে। তাসবার মনোবাঞ্ছা প্রপূরণ কাযে ॥ কল্পলত সমা হন প্রেম দান করি। অঙ্গীকার কর মোরে শ্রীরূপ মঞ্জরী ॥ ৪ ॥

ধীরতাগভীরতাদিসদ্গুণৈকসৎখনিঃ, স্বানুরাগ-
রঞ্জিতব্রজেন্দ্রসূনুহৃন্মণিঃ। রাধিকাগিরীন্দ্র-
ধারিনিত্যদাসিকাচরী, মামুরীকরোত্ত নিত্যদেহ-
রূপমঞ্জরী ॥ ৫ ॥

গম্ভীরতা ধৈর্য্য আদি সদ্গুণেগণ। তাহার উত্তম খনি হয় যেই জন ॥ ব্রজেন্দ্রসুতের হিয়া-মণি অনুক্ষণ। নিজ অনুরাগে যেঁহ করেন রঞ্জন ॥ রাধা-গিরিধারী-পদে দাসী ভাবাচারি। অঙ্গীকার কর মোরে শ্রীরূপমঞ্জরী ॥ ৫ ॥

স্বাঙ্ঘ্রিপঙ্কজাশ্রয়াস্তু যে বসন্তি সজ্জনাঃ, স্নেহ-
দানকামনাতিনিত্যবিক্লবন্মনাঃ। প্রাণতুল্যতা-
প্রতীতসর্ব্বগোপসুন্দরী, মামুরীকরোতু নিত্য-
দেহরূপমঞ্জরী ॥ ৬ ॥

যাঁর নিজপাদপদ্মে শুদ্ধ করি রতি। আশায় করেন বা যত সাধু-ততি ॥ তাঁ সবার নিজাভীষ্ট-প্রদান-কারণ। অনু ক্ষণ বৈকল্য করয়ে যাঁর মন ॥ প্রাণতুল্য প্রতীতি করে গোপীগণ। অথবা বিখ্যাতা যিনি গোপীর জীবন ॥ ব্রজে প্রেমদাতা যেঁহ নিত্য-দেহ-ধারি। অঙ্গীকার কর মো শ্রীরূপমঞ্জরী ॥ ৬ ॥

প্রৌঢ়ভাবভাবিতান্তভূমালিকল্পিতা, সর্ব্বদা তথাপি লোকরীতিরিত্যলজ্জিতা। কুন্দবৃন্দনিন্দিকৃষ্ণকীর্ত্তিবারিঝর্ঝরী, মামুরীকরোতু নিত্যদেহরূপমঞ্জরী।। ৭।।

প্রৌঢ়-মহাভাবে বিভাবিত যাঁহার অন্তর। তাহাতে বিভ্রম-বৃন্দ প্রেষ্ঠ-মনোহর।। সেই প্রৌঢ়-মহাভাবে দেহ সুবলিত। লোকরীতি বিধায় তবু হয় সুলজ্জিত।। কুন্দপুষ্পবৃন্দ জিনি কৃষ্ণ-যশোরস। উহার ঝর্ঝরী যাতে কৃষ্ণ সদা বশ।। হেন ব্রজ-প্রেম-দাতা নিত্যদেহধারি। অঙ্গীকার কর মোরে শ্রীরূপমঞ্জরী।। ৭।।

সর্ব্বগুহ্যরম্যকেলিরূপণাদিসম্পদা, তুষ্টসিদ্ধবৈরিগোপিকাভিরাপ্তসম্পদা। তাভিরষ্ট-কৃষ্ণ-সঙ্গনৃত্যরঙ্গচর্চ্চরী, মামুরীকরোতু নিত্যদেহ-রূপমঞ্জরী।।৮।।

সকলের গোপনীয়-রম্য-কেলিস্থল। নিরূপণ আদি যাঁর সম্পদ প্রবল।। তুষ্ট-সিদ্ধ-বৈরিগোপী-সহপ্রাপ্ত কাযে। সদানন্দরস যাঁর হৃদয়ে বিরাজে।। গোপীসঙ্গবাঞ্ছা নিজ কৃষ্ণসঙ্গময়। নৃত্য-রঙ্গ-তালবিশেষ-চর্চ্চরী যে হয়।। হেন ব্রজপ্রেমদাতা নিত্যদেহধারি। অঙ্গীকার কর মোরে শ্রীরূপমঞ্জরী।। ৮।।

রূপমঞ্জরীগুণৈকলেশমাত্রসূচকম্, যঃ পঠেদিদং নিজার্থসারবিৎসদষ্টকম্। স্বপ্রিয়েণ রাধিকাসুবল্লভেন তুষ্টতা, দীয়তে নিজাঙ্ঘ্রিপদ্মসেবনস্য যোগ্যতা।। ৯।।

শ্রীরূপমঞ্জরী-গুণ এক লেশ মাত্রের। সূচক পঢিলে

পাই সার সর্ব্বার্থের ।। প্রিয়া সহ শ্রীরাধাবল্লভ কৃষ্ণ, শুনে। অনুরূপযোগ্যতা দেন স্বপাদসেবনে ।। ৯ ।।

যার থাকে জ্ঞানকর্ম্ম-কুবুদ্ধির লেশ। হেন জন নাহি পায় তাঁর পরিদেশ ।। নানা পক্ষি কুঞ্জে যাঁর করে কলরব সখি গতা-য়াত সদা পরম-বৈভব ।। যাঁহার গাত্র-গন্ধ নাহি ছাড়য়ে ভ্রমর। লালসায় শ্যাম যাঁরে হেরে নিরন্তর ।। ব্রজে নিত্য-দেহধারী কস্তুরীমঞ্জরী। সেবা কার্য্যে নিয়োজ মোরে কৃপা করি ।। রূপ-রতি-মঞ্জরী যাঁর নয়নের তারা সদাই অলস অঙ্গ পিরীতি-বাগুরা ।। পরম-পিরীতি রতি মঞ্জরীর সনে। যাঁহার নিগূঢ় প্রেম পরম নির্জ্জনে ।। শ্রীগুণ লবঙ্গ-রস-মঞ্জরী বিলাস। যূথ সহ পূর্ণ কর মোর অভি লাষ ।। কৌতুক-পিটারী যাঁরা অল্প-বয়সী। হরি হা হেন সখীর কবে হবো দাসী॥ চলিতে দুপার্শ্বে যাঁদের খেলে বিজুরী। কতদিনে হব মুঞি তাঁদের অনুচরী ।। মুখ-সুধা কর যাঁদের কোটি চন্দ্র জিনি। কৃপাকরি কর মোরে নিজে সঙ্গিনী ।। প্রিয়-নর্ম্মসখী তব ঈশ্বরী ঈশ্বর। বৃষভানুসুত আর গিরিবরধর ।। এ দোঁহার পাদপদ্ম-সেবামৃত-রসে পরিপূর্ণ হও তুমি রজনী-দিবসে ।। কেবল তোমার পাদ পদ্মে মোর গতি। নাহি আমা-সম-হীন পতিত অগতি কৃষ্ণকৃপাভরে অতি সুপ্রসন্নমনে। নিজ গুণে কৃপা-দৃ কর আমা পানে ।। সংসার সাগরে কাম-আদি ফণিগণ দংশিয়াছে গ্রাসকরি মোরে অনুক্ষণ ।। তাহাতে ব্যাকু বড় হইয়াছি আমি। সকরুণ-মধুর-স্বভাব হও তুমি ।। তোমা নিজাভীষ্ট সেব্য যুগলকিশোর। তাঁর পাদপদ্মতে

করিয়া গোচর॥ তোমাদের পাদপদ্ম-নিকটে আমারে। কেন নাহি লও তুমি করুণা-অন্তরে॥ তব পদরেণু মোর জীবন আশয়। শ্রীচরণে প্রেম সেবা যে কৃপায় হয়॥ সেই কৃপা কর এই অধম-দুর্জনে। অন্য কিছু নাহি মাগি তোমার চরণে॥ বংশীবটতটে তোমার প্রিয়া শ্রীরাধিকা। কৃষ্ণের বিলম্বে তাপ পায়েন অধিকা॥ এতক্ষণ কৃষ্ণ কেন না আইল হেথা। এ রূপ শুনিয়া তোমার রসেঙ্গিত কথা॥ কবে আমি পরম-সহর্ষ-চিত্ত হৈয়া। রাধিকা নিকটে দিব কৃষ্ণকে আনিয়া॥ শ্রীরাধিকার মহামান-শান্তির নিমিত্তে। কৃষ্ণের সহিত তাঁর সঙ্গ করাইতে॥ অনেক প্রার্থনা করি প্রসন্ন করিয়া। রাধিকা নিকটে দিব কৃষ্ণকে আনিয়া॥ এই অনুকূলকার্য্যে শ্রমযুক্ত হৈবে। নিভৃত নিকুঞ্জে গিয়ে শয়ন করিবে॥ সে সময় কবে তোমার যুগল চরণ। তব প্রীতি কারণে করিব সম্বাহন॥ গোবর্দ্ধন-গোকুল-নিকটে ঘোর বনে। একাকীনি কোথা গেলে কুসুমকাননে॥ এই ভয়ে ভীত বাক্যে রাধা-গিরিধর। কহিতেই শুনিমাত্র হইয়া তৎপর॥ হে রূপমঞ্জরী তোমার অন্বেষণ লাগি। বনে প্রবেশিব গিয়া হই অনুরাগি॥ কুণ্ড-দ্বয়ে রাই-কানু গ্রীষ্ম শরৎকালে। জলকেলী করিবেন মহা-কুতূহলে॥ বেণু-বীণা-গাত্রবস্ত্র-হরণ করিয়া। তীরে রহিবেন হাস্যবদন হইয়া॥ সে সময় কবে তোমার নিকটে রহিব। প্রফুল্ল-বদনে শোভা নয়নে দেখিব॥ অতি বড় প্রেমে রাধা তমালে দেখিয়া। ব্রজেন্দ্র-নন্দন প্রেমে বিহ্বল হইয়া॥ আলিঙ্গন করিতে যাবেন রাই যবে। সখীগণে গূঢ়-হাস্যমুখী হবে তবে॥

সে সময় কবে তুমি ভ্রুভঙ্গি করিয়া। রাধিকাকে জানাইবে
তমাল বলিয়া।। সে সময় কবে তোমার নিকটে রহিয়া।
দেখিব সুভ্রূর ভঙ্গি নয়ন ভরিয়া।। অরণ্য-ভ্রমণ-লীলা
করিতে করিতে। অকস্মাৎ কৃষ্ণ গোবর্দ্ধন-কন্দরাতে।।
নিবিড়-লতার মাঝে করিলে প্রবেশে। ব্যাকুলা হবেন রাই
কৃষ্ণের উদ্দেশে।। দেখাইয়া দিবে তুমি কৃষ্ণ-গোপ্য-স্থান
কবে এই আমারে করিবে শিক্ষা-দান।। হে রসমঞ্জরি
তোমার কস্তুরিকা সখী। সেবা-ক্রম সম্যক নাহি জানে
যে দেখি।। শীঘ্র করি সব সেবা-শিখাহ ইহারে। এই
কথা শুনি যবে কহিবে তাহারে।। তাহা শুনি শ্রীরসমঞ্জরী
কবে মোরে। সেবা-ক্রম শিক্ষাইবে করুণ অন্তরে।। গোষ্ঠী
বাদ বিচারেতে বিমনা হইয়া। বনমালা গাঁথা ছাড়ি যা
কোথা ধ্যায়া।। গৃহে গুরুজন মিথ্যাবিবাদ শুনিতে। ব
আর্ত্তি দেখি তোমার সামান্য কথাতে।। ইহা বলি শ্রীরূপ
মঞ্জরী কবে মোরে। সখী আগে ভৎসিবে উন্মত্ত-প্রেম
ভরে।। মঞ্জুলালি বিলাসাদি মঞ্জরীর গণ। কতেক কহি
তাঁ সবার বিবরণ।। অন্তরঙ্গা মধ্যে যে যে কয়েক মঞ্জরী
তা সবার নাম-রূপ-বেশাদি বিচারি।। গুর্ব্বাদির সিদ্ধনা
মঞ্জরী-আখ্যানে। বয়োবর্ণ বেশ সেবা কহি বিবরণে।
ন্যূন সংখ্যা বয়সের যদ্যপি আছয়। দ্বাদশ বৎসর হে
অনুভব হয়।।

নিত্যানন্দ রাম, সর্ব্ব-রস-ধাম, কৃষ্ণের নন্দিনী শক্তি
লীলার বিধান, করয়ে সন্ধান, প্রকৃতি-পুরুষ-মূর্ত্তি।। শু
ভাবে সেবা, করয়ে জাহ্নবা, মন্ত্র লইয়া যার ঠাঞি। বা

পতিভাব, যে বুঝে এ সব, তাঁহার তুলনা নাই ॥ রাধার ভগিনী, নারী-শিরোমণি, অনঙ্গমঞ্জরী যেঁহ। পুনঃ প্রকটিয়া, জাহ্নবা বলিয়া, খেয়াতি পাইল তেঁহ ॥ সুনীল বসন, অঙ্গের বরণ, বসন্তকেতকী-শোভে। অরুণকাঞ্চলি, খেলায় বিজুলি, হেরি তনু মন লোভে ॥ রাধার মন্দিরে, রহে নিরন্তরে, প্রেমের তরঙ্গে ভাসে। দ্বাদশ বরষে, সদাই নিবসে, সেবা করে শিল্পবেশে ॥

তবে যথা নাম, লাবণ্যের ধাম, বিলাসমঞ্জরী খ্যাতি। বর্ণ-গোরচনা, হরিত-বসনা, মদন-মধুর-ভাতি ॥ অনঙ্গমঞ্জরী, হইতে সুন্দরী, ছোট পঞ্চদশ দিনে। দ্বাদশ বৎসরে, বৈসে নিরন্তরে, সেবা মাল্য-বিরচনে ॥

কন্দর্পমঞ্জরী, বলি নাম ধরি, অমুক যাহার নাম। চম্পকবরণা, কুসুম-বসনা, কৃষ্ণপ্রেম-অভিরাম ॥ ঊনচতুর্দ্দশ, দিবস বয়স, বিলাসমঞ্জরী হৈতে। সেবা সম্পাদনা, সুগন্ধিরচনা, স্থিতি বর্ষ দ্বাদশেতে ॥

যথা-নাম-ধীর, সুধার শরীর, শ্রীহর্ষমঞ্জরী নাম। প্রেমের নিধান, শুভ্র পরিধান, শুদ্ধ-হেম-দেহধাম ॥ ত্রয়োদশদিন, বয়সেতে হীন, পূর্ব্বের অপেক্ষা জানি। দ্বাদশ বরষে, সদাই বিলাসে, শয্যা-সেবা অনুমানি ॥

মোহনীমঞ্জরী, পরম-সুন্দরী, অমুক নাম যাহার। বসন পাটল, গৌরকান্তি ভাল, রূপে গুণে পারাবার ॥ শ্রীহর্ষমঞ্জরী, হৈতে জন্ম ধরি, দ্বাদশ দিবস পরে। সেবা সম্পাদনা, তাম্বূল-রচনা, দ্বাদশ বর্ষে বিহরে ॥

অমুক গোসাঞি, পিরীতের ঠাঞি, রঙ্গিণীমঞ্জরী জিনি।

কাঞ্চনবরণা, শ্যামলবসনা, সুধা-সুখ-বিতরিণী ।। মঞ্জরী-মোহিনী, হৈতে বিনোদিনী, হীন একাদশ দিনে। দ্বাদশ হায়নে, বৈসে চিরদিনে, চামর বায়ু সেবনে ।।

অমুক চরণ, অতি অকিঞ্চন, শ্রীনর্ম্মমঞ্জরী খ্যাতি। গৌর বর্ণ অঙ্গ, বসন পিশঙ্গ, কৃষ্ণ যার ধন জাতি ।। পরে দশ দিন, হইল জনন, রঙ্গিণীমঞ্জরী হৈতে। দ্বাদশ বৎসর, বয়ো নিরন্তর, গন্ধ-সেবা নিয়মেতে ।।

অমুক আখ্যান, প্রেমভক্তিমান, মাধুরীমঞ্জরী বলি। কুঙ্কুমবরণ, কপিশবসন, রঙ্গরসকুতূহলী ।। নব দিন পরে, নিজ জন্ম ধরে, শ্রীনর্ম্মমঞ্জরী হৈতে। দ্বাদশ বর্ষে, সদাই নিবসে, জল-সেবা শুদ্ধ চিত্তে ।।

যথা নাম দাস, কৃষ্ণ-অভিলাষ, মালতীমঞ্জরী নাম। গৌরবর্ণ শোভা, নীলবস্ত্র আভা, গোবিন্দচরণ ধাম ।। পরে অষ্ট দিন, আত্মজন্ম ক্ষীণ, মাধুরীমঞ্জরী হইতে। সদাই দ্বাদশ, দিবস বয়স, পাদ-সেবা নিয়মেতে ।।

এই মতে সেবা, সিদ্ধরূপে যেবা, গুরু-পরম্পরা-ভাবে। বৃন্দাবন ধামে, সদা রাধাশ্যামে, গৌরাঙ্গ-রূপেতে পাবে ।।

রাগ-পথে যে ভজন, ব্রজে যার বিরাজন, বেদাদির সুগুহ্য সাধন। সনকাদি-শেষ তায়, ধ্যানে অন্ত নাহি পায়, প্রেম-মর্ম্ম জানে সখীগণ ।। শুদ্ধ সে মাধুর্য্য-বর্য্য, পরমানন্দ-প্রাচুর্য্য, প্রেমসিন্ধুমগ্ন-আত্মারাম। নাহি অন্য-কাম-কার্য্য, কৃষ্ণ-সুখ সে তাৎপর্য্য, নাহি তায় সোপাধিক কাম ।। ব্রজ-পরিকর যত, কৃষ্ণপ্রেমে অনুরত, অবিরত করেন সেবন।
মন পশিল মনোআশ, অন্তরে যেন লতাশ, রাগ ক্রমে বাড়ে

অনুক্ষণ।। তাঁদের অনুগ হয়ে, প্রেম-সেবা লবে চেয়ে, বসতি করিবে সখী-মাঝ। রূপে গুণে অনুরাগী, সদা হ'য়ে ডগমগি, ঈঙ্গিতে বুঝিবে সব-কায।। সেবা-কারি যে সতত, নর্ম্ম-মর্ম্ম-সখি যত, আর যত মঞ্জরীর-গণ। নিধি-মহাপদ্ম আদি, অষ্টশক্তি শ্রী-ভূ-আদি, শ্রীদামাদি সব সখাগণ।। ব্রজ-পরিকর যত, অনন্তের অগণিত, পিতৃ-মাতৃ-গুরু-বন্ধু-জন। প্রেমময়ী-পরি-করে, স্কন্ধ-শাখা-সুবিস্তারে, শ্রীচৈতন্য প্রেম-বৃক্ষ হন।। প্রশাখা আর উপশাখা, কে করিতে পারে লেখা, প্রেমদ্রুমের কভু নাই অন্ত। আর ভাগ্যবান যত, রাগ-সেবা-অনুগত, হইয়া হইবে প্রেমবন্ত।। গৌরভক্ত-প্রিয়-সব, গণিবে শাখি-পল্লব, পরে পরে সে উপ-পল্লব। বৃক্ষ মহা-গুণধাম, নব সিকড় অনুপম, কবি-আদি-যোগীন্দ্র যে নব।। পরম অদ্ভুত যাঁর, মূলস্কন্ধ সুবিস্তার, পরব্যোম ্রহ্মাণ্ড ভেদিয়া। উত্তম অধম নাই, যারে দেখে তার ঠাঁই, ্রেম দেয় সর্ব্বত্র ব্যাপিয়া।। স্বানুভব-প্রেমাদরে, প্রেমা-তের সাগরে, প্রেমময়ী অন্তরে বাহিরে। রাগমতে যে ভজিবে, কিম্বা যেবা নাম লবে, প্রেমাস্বাদ স্ফুরিবে তাহারে।।

এইত কহিল সিদ্ধ-প্রণালী বর্ণন। যা ভাবি পাইবে ্রজের রাধাকৃষ্ণ-ধন।। বৈষ্ণবের আজ্ঞাক্রমে যে কিছু ্ণিল। গুরু-পরম্পরা কার নাম না লিখিল।। নিজ নিজ ্রুবর্গ নাম ইথে দিয়া। সাধক জানিবে সবে আনন্দিত হয়া।। মধুর-রসের ভক্তমাত্র ইহা জানে। অন্যের প্রবেশ ্থে না হয় কখনে।। বৃদ্ধ-গুরু-পরম্পরা-রীতি এই হয়। ্ক্তির সিদ্ধান্ত-শাস্ত্র প্রমাণ আছয়।। যদিও এ সব হয়

ব্রজ-অনুসারে। ভাবনা রাগের মার্গে রাগ-অনুসারে
শ্রীগৌরাঙ্গলীলাধামে সর্ব্ব সিদ্ধি হয়। অতএব বিবৃতি ত
কহিতে যুয়ায় ।। বৈষ্ণব গোসাঞি কৃপা করহ কিঞ্চিৎ
তবে সে পূরিবে মোর মনের বাঞ্ছিত ।।

সিদ্ধপ্রণালীতত্ত্বসার।

বর্ণিত হইল ভক্তিশাস্ত্রের প্রমাণ। এবে কহি যথাযো
ধামের সন্ধান ।। ইহা হয় অতিশয় নিগূঢ় গোপ্যভা
গৌরভক্ত বিনা নাহি পায় অনুভাব ।। ভারতবর্ষ হয় স
বর্ষের প্রধান। শ্রীনবদ্বীপধাম যায় বিরাজমান ।। গ
আদি মহানদী ভারতবর্ষেতে। ভারতবর্ষেও প্রশংসা ক
ভাগবতে ।। ভরতবর্ষ-ভেদে শ্রীনবদ্বীপ হয়। বিস্তারি
শ্রীবিষ্ণুপুরাণে নিরূপয় ।।

তথাহি বিষ্ণু পুরাণে।

ভারতাস্যাস্য বর্ষস্য নব ভেদান্নিশাময়।
ইন্দ্রদ্বীপঃ ১ কশেরুশ্চ ২ তাম্রবর্ণো ৩ গভস্তিমান্ ।।
নাগদ্বীপ ৫ স্তথা সৌম্যো ৬ গন্ধর্ব্ব ৭ স্ত্বথ রাবণঃ ।।
অয়ন্তু নবমস্তেষাং দ্বীপঃ ৯ সাগরসম্ভৃতঃ।
যোজনানাং সহস্রন্তু দ্বীপোঽয়ং দক্ষিণোত্তরাৎ ।।

সাগরসম্ভৃত ইতি সমুদ্র-প্রান্তর্বর্ত্তীতি শ্রীধরস্বামি-
চরণৈর্ব্যাখ্যাতং। নবমস্যাস্য পৃথঙ্নামাকথনাৎ
নাম্নাঽপি নবদ্বীপোঽয়মিতি গম্যতে ।। ইতি তাৎপর্য্য
ইন্দ্র, কশেরু, তাম্রবর্ণ, গভস্তিমান্। নাগ, সৌ
দ্বীপ রাবণ ।। এই অষ্ট দ্বীপ হয় ভারত

ভেদে। নবদ্বীপ ইহাকে কহয়ে নির্ব্বিবাদে ॥ সাগরের প্রান্তবর্ত্তী সহস্র যোজন। উত্তর দক্ষিণ তার প্রশস্তায়তন ॥ ভারতবর্ষের এই নব ভেদ শুন। বিষ্ণুপুরাণীয় এই শ্লোকেতে বর্ণন ॥ তাহাতে শ্রীধরস্বামি ব্যাখ্যা মনোহর। নবমের নাম নাহি শ্লোকেতে গোচর ॥ অতএব নবদ্বীপ অন্বর্থ নাম হয়। যাহাতে সকল দ্বীপ সদা বিরাজয় ॥

ইথে যে বিশেষ বিষ্ণুপুরাণে প্রচার। সর্ব্বধাম-ময় এ মহিমা নদীয়ার ॥ কেহ কহে নবদ্বীপ হয় পরব্যোম। কেহ কহে শ্বেতদ্বীপ শুদ্ধ-সত্ত্ব-স্তোম ॥ কেহ কহে গোলোক কেহ দ্বারাবতী। কেহ কহে বৃন্দাবন কৃষ্ণের নিত্য-স্থিতি ॥ জয় নবদ্বীপ পরানন্দের গরিমা। গৌরভক্ত বিনা যার না জানে মহিমা ॥ জয় নবদ্বীপময়ী বিষ্ণুপ্রিয়া মাতা। প্রভুর রাঙ্গা দুটিপদ যার অলঙ্কর্ত্তা ॥ গৌরদ্বিজরাজ বিশ্বম্ভরের বসতি। ত্রিজগতের সর্ব্ব-বস্তু-সর্ব্ব-গুণবতী ॥ সর্ব্ব-শোভা সর্ব্ব-কান্তি-সর্ব্ব-শক্তিমতী। যার স্পর্শে হয় জীবের ভক্তি রতি প্রীতি ॥

তথাহি কর্ণপূরগোস্বামিচরণৈরুক্তং
গণোদ্দেশদীপিকায়াং।

রসজ্ঞাঃ শ্রীবৃন্দাবনমিতি যমাহুর্বহুবিদো,
যমেতং গোলোকং কতিপয়জনাঃ প্রাহুরপরে।
সিতদ্বীপং প্রাহুঃ পরমপি পরব্যোম জগদু,
র্নবদ্বীপঃ সোঽয়ংজয়তি পরমানন্দগরিমা ॥
তস্মিন্ বাসমুরীচকার নৃহরির্বিশ্বম্ভরাখ্যং দধৎ,
তচ্চেষ্টাবসতী সমস্ত-জগতাং বাসোঽপি তত্রাভবৎ।

তৈঃ সাকং মহতী হরেরনুগুণাকারঽপি লীলাভবদ্,
যদ্যাসীজ্জগতাং মনোঽপি পরমানন্দায় সন্দং যতঃ ॥

এমতে নবদ্বীপ নাম বিখ্যাত জগতে। শ্রবণাদি নববিধ ভক্তি দীপ্তা যাতে॥ শ্রবণ কীর্ত্তন আদি নববিধ ভক্তি। দেখহ শ্রীভাগবতে প্রহ্লাদের উক্তি॥

শ্রবণং ১ কীর্ত্তনং ২ বিষ্ণোঃ স্মরণং ৩ পাদসেবনম্ ॥৪
অর্চ্চনং ৫ বন্দনং ৬ দাস্যং ৭ সখ্যম্ ৮ আত্মনিবেদনম্ ॥৯
ইতি পুংসার্পিতা বিষ্ণৌ ভক্তিশ্চেন্নবলক্ষণা।
ক্রিয়স্তে ভগবত্যদ্ধা তন্মন্যেঽধীতমুত্তমম্ ॥ ইতি ॥
শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদভবদ্বৈয়াসকিঃ কীর্ত্তনে,
প্রহ্লাদঃ স্মরণে তদঙ্ঘ্রিসরণে লক্ষ্মীঃ পৃথুঃ পূজনে।
অক্রূরস্ত্বভিবন্দনে কপিপতির্দাস্যেঽথ সখ্যেঽর্জ্জুনঃ,
সর্ব্বস্বাত্মনিবেদনে বলিরভুৎ কৃষ্ণাপ্তিরেষাং পরম্ ॥

তন্নির্ণয়ো যথা। শ্রবণং পূর্ব্বরাগেন ১। প্রবাসে চাপি
কীর্ত্তনম্ ২। স্মরণং প্রেমবৈচিত্ত্যে ৩। রাসো-
ল্লাসে চ সেবনম্ ৪। অর্চ্চনং কৃষ্ণলীলায়াং ৫।
মানেন চাপি বন্দনম্ ৬। দাস্যভাবে সদা-যুক্তং
প্রেমসেবাবিধানতঃ ৭। নিত্যং রাসে ভবেৎ
সখ্যং ৮। সম্ভোগাত্মনিবেদনম্ ৯। নবধা ভক্তি-
যোগেন সিদ্ধোঽপি চ নিগদ্যতে॥ ইতি নবধাভক্তিঃ।

এই নববিধভক্তি নবদ্বীপধামে। দর্শে স্পর্শে ধ্যানে বা লইলে যার নামে॥ সর্ব্বার্থের সিদ্ধি হয় প্রেমধন লভে। মূর্খ নীচ চণ্ডাল যবন আদি সবে॥ গতি-হীন, পতিত, পাতকী, লোক বল। প্রেমে মত্ত হাসে নাচে ঊর্দ্ধ করি বাহু॥ নব

অঙ্গ দূরে থাক, একাঙ্গ আশ্রয়ে। মায়া-বন্ধ নাশি পরম্ পদকে লভয়ে।। দেখ পরীক্ষিত রাজা শ্রবণ করিয়া। ব্যাসের নন্দন শুক কীর্ত্তন করিয়া।। স্মরণ করিয়া শ্রীপ্রহ্লাদ মহাশয়। সর্ব্বভক্ত-শ্রেষ্ঠ বলি জগতে ঘোষয়।। পৃথু মহারাজ যাঁর সম্যক্ অর্চ্চায়। আপনে কমলাদেবী চরণ-সেবায়॥ বন্দনায় বিখ্যাত শ্রীঅক্রূর মহাশয়। রুদ্রাত্মক হনূমানের দাস্যে নিষ্ঠা রয়।। অর্জ্জুন সুবিখ্যাত যাঁর সখ্য করিয়া। বলি মহারাজ আত্ম-নিবেদন দিয়া।। এক এক অঙ্গ ভজি সাধে নিজ কায। সেই নব অঙ্গ সিদ্ধ নবদ্বীপ মাঝ।। কিম্বা নবদ্বীপ ধামে নব-দ্বীপ-নাম। পৃথক্২ হয় কিন্তু এক-গ্রাম।। সত্য-ত্রেতা-দ্বাপর-কলির আরম্ভেতে। না হইল নামের ব্যত্যয় কোনোমতে।। কলির প্রাদুর্ভাবে যদি নামের ব্যত্যয়। তবু নবদ্বীপে সব অনুভব হয়।। ব্রজে বজ্রনাভ হৈতে কৃষ্ণের ইচ্ছাতে। বসাইল গ্রাম কৃষ্ণলীলানুসারেতে।। কত কাল পরে কত গ্রাম লুপ্ত হইল। কত গ্রাম নামে লোক অস্ত ব্যস্ত হৈল।। নবদ্বীপে অন্তর্ভূত যত আছে গ্রাম। প্রভু-ভক্ত-লীলা-মতে ব্যক্ত হৈল নাম।। কত অস্ত-ব্যস্ত, কত লুপ্ত সেই মতে। কিন্তু নবদ্বীপ নাম জানাই ক্রমেতে।। দ্বীপ-নাম-শ্রবণে সকল দুঃখক্ষয়। গঙ্গা-পূর্ব্ব-পশ্চিম-তীরেতে দ্বীপ-নয়।। পূর্ব্বে অন্তর্দ্বীপ ১ শ্রীসীমন্ত-দ্বীপ ২ হয়। গোদ্রুম-দ্বীপ ৩ শ্রীমধ্য-দ্বীপ ৪ চতুষ্টয়॥ কোল-দ্বীপ ৫ ঋতু ৬ জহ্নু ৭ মোদ-দ্রুম ৮ আর। রুদ্র-দ্বীপ ৯ এই পঞ্চ পশ্চিমে প্রচার।। এই নবদ্বীপে নবদ্বীপাখ্যা এথাই। প্রভু-প্রিয়-শিব-শক্তি শোভয়ে সদাই।। শোভাময় সুন্দর

বসতি নদীয়ার। নবদ্বীপে লোক যত সংখ্যা নাহি তার। শ্রীচৈতন্যভাগবতে বৃন্দাবনদাস। লিখিয়াছেন গাথা যাহ তাহাতে প্রকাশ॥ "মধুপুরী-প্রায় যেন নবদ্বীপ-পুরী। এ জাতি লক্ষ লক্ষ কহিতে না পারি॥ প্রভুর বিহার লাগি পূর্ব্বেই বিধাতা। সকল সম্পূর্ণ করি থুইয়াছেন তথা। যদ্যপি এ ধাম ব্যক্ত আচ্ছন্ন তবু হয়। প্রভুর অবতার যথ কলি-গুপ্ত হয়"॥ "সপ্তমস্কন্ধে শ্রীভাগবতের লিখন। ব্যাস দেব-প্রকাশিত সুস্পষ্ট বচন॥"

যথা। ইত্থং নৃতির্য্যগৃষিদেবঝষাবতারৈ, র্লোকান্ বিভাবয়সি
হংসি জগৎ প্রতীপান্। ধর্ম্মং মহাপুরুষ পাসি যুগা-
নুবৃত্তং, ছন্নঃ কলৌ যদভবস্ত্রিযুগোঽথ স ত্বং॥

"পূর্ব্ব পূর্ব্ব অবতারে যে ধামে যে লীলা। গুপ্তে নব দ্বীপে তাহা সব প্রকাশিলা॥ পূর্ব্ব পূর্ব্ব যত নিজ ধামে বিহার। সেরূপ বিহরে হেথা শচীর কুমার॥ ব্রহ্মাদি অগোচর নবদ্বীপ-লীলা। যারে জানাইলেন প্রভু সেই জানিলা॥ এক দিন যে লীলা করেন নদীয়ায়। শ্রীঅনন্ত দেব তার অন্ত নাহি পায়॥ দ্বাপরে যে কৃষ্ণরূপে ব্রজে বিহরে। কলিযুগে সেই প্রভু নদীয়া বিহরে॥ ক্ষণে সঙ্কোচে ক্ষণে হয় বিস্তারিত। নবদ্বীপধাম পদ্মপুষ্প-প্রা রীত॥ প্রভুর আলয় হইতে যে রহয়ে দূরে। সেই শী আইসে তারে দূর নাহি স্ফুরে॥ আসিয়া অসংখ্যলো সঙ্কীর্ত্তন-স্থানে। অল্প স্থানের বিস্তার কেহ নাহি জানে সর্ব্ব প্রকারেতে নবদ্বীপ শ্রেষ্ঠ হয়। প্রভুর অসংখ্য ভ যথা বিলসয়॥ নবদ্বীপমধ্যে মায়াপুর নামে স্থান। যথা

জন্মিলেন গৌরহরি ভগবান্ ।। বৃন্দাবনে যোগপীঠ যেমত সুমধুর। নবদ্বীপে যোগপীঠ তেমন মায়াপুর ।। মায়াপুর-শোভা সদা ব্রহ্মাদি ধেয়ায়। কেবা পারে বর্ণিবারে তার মহিমায় ।। যে দেখে বারেক তার তাপ দূরে যায়। মায়া-পুরে মায়ার বন্ধন নাহি ভায় ।। প্রধান-শ্রোত্রিয়-বংশ পণ্ডিত কৃত্তিবাস। অরণ্য-কিষ্কিন্ধ্যা-কাণ্ডে লিখেছেন প্রকাশ ।। "স্থানের প্রধান যাঁর ফুলিয়া নিবাস। রামায়ণ গান দ্বিজ মনে অভিলাষ ।।" কৃত্তিবাস-পণ্ডিত মুরারি-ওঝার নাতি। যার কণ্ঠে সদা কেলি করেন ভারতী ।। সেই কৃত্তিবাস কবি আদিকাণ্ডে ভণে। নবদ্বীপ সর্ব্বথায় প্রধান গণনে ।। 'গঙ্গারে লইয়া যান আনন্দিত হৈয়া। আসিয়া মিলিল গঙ্গা তীর্থ সে নদিয়া ।। সপ্তদ্বীপমধ্যে সার নবদ্বীপগ্রাম। এক-রাত্রি গঙ্গা তথা করেন বিশ্রাম ।। রথে চড়ি ভগীরথ যান আগুয়ান। আসিয়া মিলিল গঙ্গা নাম সপ্তগ্রাম ।। সপ্ত-গ্রাম তীর্থ জানা প্রয়াগ-সমান। সেখান হইতে গঙ্গা করেন প্রমাণ ।।" প্রভু-নিত্যানন্দ-প্রিয় দত্ত-উদ্ধারণ। যথায় প্রকট হৈয়া জন্ম লভিলেন ।। এমন নিতাই আর গৌর-ন্দরে। উপাধি ছাড়িয়া ভাব নবদ্বীপ-পুরে ।। নবদ্বীপ-সম-ম ত্রিভুবনে নাই। নিত্য বিলসয়ে যথা গৌরাঙ্গ নিতাই ।।

হেন নবদ্বীপ মাঝে, ভক্ত সহিত বিরাজে, মহাভাব-রস-াজ-মূর্ত্তি। শুদ্ধ-প্রেমময়-দেহ, রাগমার্গে ভজে যেহ, তার য় সদা প্রেম-স্ফূর্ত্তি ।। হাস্যাদ্ভুত-বীর-রস, করুণ-রৌদ্র-ীভৎস, আর ভয় এই সপ্ত রস। পঞ্চবিধ ভক্তজনে, গৌণ ।ই রস গণে, সঞ্চারিয়া ভাব পরবশ ।। পঞ্চ প্রকার রতি

ভেদে, হয় পঞ্চ ভক্ত ভেদে, মিলনে রসাল ভাব হয়। শান্ত
রতি দাস্য-রতি, সখ্য-ও-বাৎসল্য-রতি, মধুর-রতি ক্রমে পরা
শ্রয়॥ শান্ত দাস্য আর সখ্য, বাৎসল্য মধুর মুখ্য, ভক্তি
রসে এ পঞ্চ প্রধান। পঞ্চ রসে পঞ্চ রতি, স্থায়িভাবে ব্যাপ
স্থিতি, করে ভক্তে আনন্দ প্রদান॥ আগন্তুক সপ্ত গৌণ
আইসে পেয়ে কারণ, কভু না হয় ব্যাপ্য ভাবে স্থিতি
শান্ত-ভক্ত সনকাদি, নবযোগেন্দ্র কব্যাদি, দাস্যভক্ত সেবক
সংহতি॥ সখ্য-ভক্ত শ্রীদামাদি, বাৎসল্য-ভক্ত পিত্রাদি
মধুর-ভক্ত-মুখ্য গোপীগণ। মহিষী ও লক্ষ্মীগণ, অসংখ
নাহি গণন, মধুররসের মুখ্যাতে গণন॥ ঐশ্বর্য্য জ্ঞানেতে
মিশ্রা, কেবলা হয় অমিশ্রা, পুনঃ এই দুই রতি হয়। বৈকু
ণ্ঠাদি-পুরীদ্বয়ে, ঐশ্বর্য্য-প্রবীণ হয়ে, ষড়ৈশ্বর্য্য জ্ঞানেতে
মিলয়॥ গোকুলে কেবলা রতি, জ্ঞানৈশ্বর্য্যের নাই গতি
এই জন্য সঙ্কোচিত নহে। দেখিলেহ নাহি মানে, মহৈশ্বর্য্য
প্রকটনে, ব্যাপিয়া কেবলা প্রীতি রহে॥ ঐশ্বর্য্য উদ্দীপন
বশে, শান্তরস দাস্য-রসে, ভক্তগণ সদানন্দ পায়। বাৎসলে
ও সখ্য-রসে, আর সে মধুর-রসে, ঐশ্বর্য্যাদি স্থান না
পায়॥ দেবকী ও বসুদেবে, ঐশ্বর্য্য দেখিয়া সেবে, আ
ভয়ে কৃষ্ণেরে বন্দিল। সে বিশ্বরূপ দেখিয়া, অর্জ্জুন ভ
পাইয়া, কৃষ্ণে কত বিনয় করিল॥ কৃষ্ণ-কৃত-পরিহাসে
রুক্মিণীর হৈল ত্রাসে, কৃষ্ণ ছাড়িবেন বলি ভয়। কৃষ্ণনিষ্ঠা
তৃষ্ণা-ত্যাগ, শান্ত গুণ দুই-ভাগ, দুই গুণ ভক্তেতে ব্যাপয়
শান্তের স্বভাব শুন, মমতা-গন্ধ বিহীন, পরব্রহ্ম-পরমে

পূর্ণৈশ্বর্য্য জ্ঞান ॥ ষড়ৈশ্বর্য্য-পরিপূর্ণ, অন্যাধিক্য হয় চূর্ণ, আধিক্য হয় দাস্য-রস-ভাবে। সংভ্রমে ঈশ্বর-জ্ঞান, গৌরব-প্রাচুর্য্যে ধ্যান, নিরন্তর সুখ দেয় সেবে ॥ শান্ত-গুণ দাস্যে আছে, কৃষ্ণ-সুখে সেবা কাছে, দাস্য-রসে হয় দুই গুণ। শান্ত দাস্য-উভ-গুণ, সখ্যে বিশ্বাস প্রধান, সখ্যরসে হয় তিন গুণ ॥ সন্ভ্রম-গৌরব-হীন, হয় বিশ্বাস-প্রধান, চড়ায় চড়ে স্কন্ধের উপর। সেবা করায় কৃষ্ণেরে, আপনি সেবয়ে তাঁরে, আত্মা হইতে মমতা প্রচুর ॥ শান্ত-দাস্য-সখ্য-গুণ, বাৎসল্যে সে প্রবীণ, চারি গুণ এই রসে সার। অসঙ্কোচ অগৌরব, তাড়ন ভৎর্সন সব, মমতাধিক্যের ব্যবহার ॥ কৃষ্ণে নিজ-পাল্য জ্ঞান, নিজকে পালক জ্ঞান, ইথে হয় পালন সেবন। অমৃতসমান জ্ঞানে, বাৎসল্যের চারি গুণে, কৃষ্ণ হন আনন্দে মগন ॥ কৃষ্ণ-নিষ্ঠা-সেবাধিক্য, অসঙ্কোচ মমতা মুখ্য, লালনাদি হয় কান্তভাবে। নিজাঙ্গ দিয়া সেবন, কৃষ্ণের সুখ বাঞ্ছন, পঞ্চগুণ মধুর-স্বভাবে ॥ আকাশাদি গুণ যেন, পরে পরে প্রকটন, এক দুই তিন চারি ক্রমে। পঞ্চ গুণ পৃথিবীতে, ব্যক্ত আছে ত্রিজগতে, সেই মত মধুর সংযমে ॥ সুমাধুর্য্য-মধু-গন্ধে, হেম-ভজনারবিন্দে, গৌর-গোবিন্দে সব পাবে। বিশুদ্ধ-ভাবের রীতে, নিতাইচৈতন্যে চিতে, নবদ্বীপচন্দ্র-দাসে ভাবে ॥

আত্মাকে করিতে ধন্য, ভজ নিতাই চৈতন্য, জ্ঞান-কর্ম্ম-অভিলাষ ত্যজি। হৃদয়েশ শ্রীচৈতন্য, বিনা নাহি গতি অন্য, নিতাই সহিতে ভজ মজি ॥ বিনা গৌরাঙ্গ নিতাই, প্রেমভক্তি দিতে নাই, ভজ নিতাই গৌরাঙ্গের পদ। বিশ্ব-

সারোদ্ধার-তন্ত্র, আর ঊর্দ্ধাম্নায়-তন্ত্র, বিধি অনুসারি সুস-
ম্পদ ॥ মন্ত্র যন্ত্র গুরু স্থানে, লৈয়া করি উপাসনে, বিধি-
মতে রাগ অনুগত। দয়াল পরমানন্দ, বাসুঘোষ রামানন্দ
নরহরি ঠাকুর আদি যত ॥ এ সবার অনুসারে, ভজিয়
গৌরসুন্দরে, হাতে হাতে প্রেমফল পাবে। দূরে যাবে
শোক তাপ, যত অপরাধ পাপ, রাধাকৃষ্ণলীলা স্ফূর্ত্তি হবে।
কৃষ্ণের যতেক খেলা, সর্ব্বোত্তম-রস-লীলা, অনায়াসে স
আস্বাদিবে। ব্রহ্মা শিব সনকাদি, নাহি পেয়ে অন্ত আদি
নবদ্বীপে আসি গৌরে সেবে ॥ শ্রীগৌরাঙ্গ নটবর, রস
রাজ-মূর্ত্তি-ধর, প্রেমময়ীর প্রেমে গড়া তনু। অন্তঃশ্যাম
ব্রজরাজ, বহির্গৌর-যুবরাজ, রূপে জিনে কোটি-চন্দ্র-ভানু
ছাড়ি অন্য খুটিনাটি, ভজ নিতাই পদদুটি, সব তত্ত্ব কৃপা
স্ফুরিবে। সাবধানে শুন ভাই, গৌর বিনা গতি নাই
নিতাই ভজিলে গৌর পাবে ॥ নিতাই দয়াল-প্রভু, ম
নাহি শুনি কভু, দূরে থাকুক দেখিবার কায। যাহার না
আনন্দ, দূরে যায় নিরানন্দ, ব্রহ্মানন্দ পায় মহালাজ ॥ অশ
সার যার হিয়া, সে যায় প্রেমে গলিয়া, হয় যেন ননী
সুসর। নবদ্বীপচন্দ্র-দাসে, নিরবধি সেই আশে, গা
নিতাই গৌর সুন্দর ॥

ইতি শ্রীবৈষ্ণবাচারদর্পণে বৈষ্ণবসর্ব্বস্বে শ্রীগুরুসিদ্ধপ্রণালী
বর্ণনং নাম দ্বিতীয়ো বিভবঃ ॥ ২ ॥

তৃতীয় বিভবঃ।

জয় গৌর নিত্যানন্দ সর্ব্বরসময়। জয়াদ্বৈতচন্দ্র জয় ভক্ত-কৃপাময়॥ অনঙ্গমঞ্জরী জয় জাহ্নবা ঈশ্বরী। যাঁহার কৃপায় স্ফুরে সকল মাধুরী॥ শ্রীগুরুচরণপদ্ম হৃদয়ে ধরিয়া। অষ্টকালে সেবা কহি সংক্ষেপ করিয়া॥

অথাষ্টকালনিরূপণম্ ধ্যানচন্দ্রগোস্বামিপদ্ধত্যাম্।

নিশান্তঃ প্রাতঃ পূর্ব্বাহ্ণো মধ্যাহ্নশ্চাঽপরাহ্ণকঃ।
সায়ম্ প্রদোষো রাত্রিশ্চ কালা অষ্টৌ যথাক্রমম্॥
মধ্যাহ্নো যামিনী চৈতৌ ষণ্মুহূর্ত্তমিতৌ স্মৃতৌ।
ত্রিমুহূর্ত্তমিতা জ্ঞেয়া নিশান্ত-প্রমুখাঃ পরে॥

আগে কাল নিয়মাদি কহি বিবরিয়া। অষ্টকাল ক্রমে ভক্ত ভজ মন দিয়া॥ নিশান্ত, প্রাতঃ, পূর্ব্বাহ্ন, মধ্যাহ্ন, যে আর। অপরাহ্ন, সন্ধ্যা, প্রদোষ, রাত্রি, অষ্টকাল॥ যথাক্রমে মধ্যাহ্ন যামিনী, ছয় মুহূর্ত্ত। নিশান্তাদি আর, তিন মুহূর্ত্ত প্রমিত॥ এইরূপ কাল নিয়ম স্মরণে হইবে। শ্রীগৌরাঙ্গে রাধাকৃষ্ণ,-লীলা আস্বাদিবে॥ প্রথমে চৈতন্য প্রভুর লীলা-গুণধন্য। অষ্টকালে আস্বাদয় ভক্ত অগ্রগণ্য॥ নবদ্বীপ-ধামে তাহা ভাবনা করয়। অতএব ধামের বর্ণনা অগ্রে হয়॥

তত্রাদৌ শ্রীনবদ্বীপস্য ধ্যানং যথা চৈতন্যার্চ্চনচন্দ্রিকায়াং।

ফুল্লশ্রীদ্রুমবল্লিতল্লজলসদ্ভীরা তরঙ্গাবলী,
রম্যামন্দমরুন্মরালজলজশ্রেণীষু ভৃঙ্গাস্পদম্।
সদ্রত্নাচিততীর্থদিব্যনিবহা শ্রীগৌরপাদাম্বুজ,-

তস্যান্তীরসুরম্যহেমসুরসা মধ্যে লসচ্ছ্রীনব,-
দ্বীপো ভাতি সুমঙ্গলো মধুরিপোরানন্দবন্যো মহান্।
নানাপুষ্পভলাঢ্যবৃক্ষলতিকারম্যো মহৎসেবিতো,
নানাবর্ণবিহঙ্গমালিনিনদৈহৃৎকর্ণহারী হি যঃ ॥
তন্মধ্যে দ্বিজভব্যলোকনিকরাগারানি রম্যাঙ্গণ,-
মারামোপবনালিমধ্যবিলসদ্বেদীবিহারাস্পদম্।
সদ্ভক্তিপ্রভয়া বিরাজিতমহদ্ভক্তালিনিত্যোৎসবম্,
প্রত্যাগারমঘারিমূর্ত্তি সুমহৎ ভাতীহ যৎ পত্তনম্ ॥
তন্মধ্যেরবিকান্তিনিন্দিকনকপ্রাকার সত্তোরণম্,
শ্রীনারায়ণগেহমগ্রবিলসৎসংনর্ত্তনপ্রাঙ্গনম্।
লক্ষ্ম্যন্তঃপুরপাকভোগশয়নশ্রীচন্দ্রশালং পুরম্,
যদ্গৌরাঙ্গহরের্বিভাতি সুখদং স্বানন্দসম্বৃংহিতম্ ॥
তন্মধ্যে নবচূড়রত্নকলসং বজ্রেন্দ্ররত্নান্তরা,
মুক্তাদামবিচিত্রহেমপটলং সদ্ভক্তিরত্নাচিতম্।
বেদদ্বার সদষ্টমৃষ্টমণিরুট্শোভাকবাটান্বিতম্,
সচ্চন্দ্রাতপপদ্মরাগবিধুরত্নালম্বিযন্মন্দিরম্ ॥
তন্মধ্যে মণিচিত্রহেমরচিতে মন্ত্রার্ণযন্ত্রান্বিতে,
ষট্কোণান্তরকর্ণিকাগ্রশিখর শ্রীকেশরে সন্নিভে।
কূর্ম্মাকারমহিষ্ঠ যোগমহসি শ্রীযোগপীঠেঽম্বুজ,
আকাশাতপচন্দ্রপত্রবিমলে যদ্ভাতি সিংহাসনম্ ॥
পার্শ্বাধঃপদ্মপট্টীঘটিতহরিমণিস্তম্ভবৈদূর্য্যপৃষ্ঠম্,
চিত্রচ্ছাদাবলম্বিপ্রবরমণিমহামৌক্তিকং কান্তিজালম্।
তূলাস্তশ্চীনচেলাসনমৃদুপমৃদুপ্রান্তপৃষ্ঠোপধানম্,

সিংহাসনস্থ মধ্যে শ্রীগৌরকৃষ্ণং স্মরেত্ততঃ।
দক্ষে নিত্যানন্দরামং গৌরাঙ্গপ্রেমবিগ্রহম্ ॥
বামে গদাধরং দেবমানন্দশক্তিবিগ্রহম্।
দেবস্যাগ্রে কর্ণিকায়ামদ্বৈতং বিশ্বপাবনম্ ॥
তদ্দক্ষিণে ভক্তবর্য্যং শ্রীবাসং ছত্রহস্তকম্।
চতুর্দ্দিক্ষু মহানন্দময়ং ভক্তগণং তথা ॥

বৃন্দাবনধাম সম নবদ্বীপধাম। যাহার স্মরণে সিদ্ধ হয় মনস্কাম॥ ধ্যান যথা শ্রীচৈতন্যার্চ্চনচন্দ্রিকাতে। অতি-মনোহর তাহা লিখি সংক্ষেপেতে॥ পতিতপাবনী-সুরধুনী-সুবেষ্টিত। প্রফুল্লিত-দ্রুমবল্লী-তরু-বিরাজিত॥ মন্দ-পবনেতে উঠে তরঙ্গ-আবলি। চতুর্ব্বিধ-কমলে (লাল, নীল, পীত ও শুক্ল) ঝঙ্কার করে অলি॥ হংস-চক্রবাক-পক্ষী মিলি ক্রীড়া করে। পুলিন-মণ্ডলী-মধ্যে ঝলমল করে॥ নানারত্ন-বিনির্ম্মিত বিচিত্র-সোপান। স্থল-জল-দ্বিজ-শব্দে হরে মনঃপ্রাণ॥ গৌরপাদাম্বুজধূলি-ধূসরিত-অঙ্গা। নানা-ভাবাবলি-যুক্তা শোভে দেবী গঙ্গা॥ তার তীরে সুন্দর সুবর্ণ-ভূমি শোভে। সুপ্রকাশ নবদ্বীপ-মধ্যে মনো-লোভে॥ শ্রীকৃষ্ণের সুমঙ্গল আনন্দের বন্যা। তাহাতেই ব্যাপ্ত-পুর নগরী সে ধন্যা॥ নানা-পুষ্পফলে যুক্ত বৃক্ষলতা সব। নানাবর্ণ-বিহঙ্গালি-ধ্বনির বৈভব॥ তার মধ্যে দ্বিজ-ভব্য-লোকের নিকর। নিকেতন উপবন আরাম বিস্তর॥ তার মধ্যে বেদী-শালা বিহারের স্থান। যাহার স্মরণে ভক্ত হয়েন অজ্ঞান॥ শুদ্ধ-ভক্তি-প্রভাবেতে বিরাজিত সব।

মূর্ত্তি যে শোভন। উৎসব আনন্দে সব করে উচ্চাটন ॥
তার মধ্যে সূর্য্যকান্তি নিন্দে কান্তি যার। তোরণ-বন্ধন-
মালা সকলের সার ॥ শ্রীনারায়ণগৃহ অগ্রে সুশোভন।
শ্রীগৌরাঙ্গ-মহাপ্রভুর নর্ত্তন প্রাঙ্গণ ॥ লক্ষ্মী-অন্তপুর পাক-
ভোগের আলয়। শয়ন-শ্রীচন্দ্রশালা-পুর মণিময় ॥ গৌরা-
ঙ্গের সুখদ-স্বানন্দ-পরিবৃত। মধ্যে নবচূত, রত্নঘট বিরা-
জিত ॥ হীরা-হরিরত্নান্তর-মন্দির বিরাজে। মুক্তাদাম-লম্বি-
হেমপটল-সুসাজে ॥ শুদ্ধভক্তিরত্নে বিনির্ম্মিত-বেদ দ্বার
অষ্ট-মণি-যুক্ত অষ্ট-কবাট তাহার ॥ চন্দ্রাতপ-মধ্যে পদ্ম
কিবা শোভা করে। মুক্তার ঝালর যাহা চতুর্দ্দিগে ধরে।
পদ্মরাগ-চন্দ্র-রত্নে ভিত্তি সুশোভন। তার মধ্যে মণিচিত্র
হেমসিংহাসন ॥ মন্ত্রবর্ণ-যন্ত্রান্বিত-ষট্‌কোণ অন্তরে। কর্ণি
কার শেখর তুলনা শ্রীকেশরে ॥ কূর্ম্মাকার মহিষ্ঠ শ্রীযোগ
মহোৎসব। যোগ-পীঠাম্বুজে সর্ব্বানন্দের উদ্ভব ॥ কোটি
সূর্য্য হইতে সিংহাসনের প্রকাশ। কোটি চন্দ্রমার ন্যা
শীতল বিলাস ॥ দুই পার্শ্ব পদ্মরাগ-মণিতে গঠিত। হরি
মণিস্তম্ভ-বৈদূর্য্য-পৃষ্ঠে বিরাজিত ॥ চিত্রছাদালম্বি-মণি-মুক্তা
কান্তি-জাল। তূলা মধ্যে চীন-চেলাসন শোভে ভাল।
উড়ুপ-মৃদুল-প্রান্ত-প্রেষ্ঠ-উপাধান। স্বর্ণান্ত-চিত্রিত অ
কোণ করি ধ্যান ॥ তবে সিংহাসন মধ্যে গৌরকৃষ্ণ স্মরে
দক্ষিণে শ্রীনিত্যানন্দচন্দ্র শোভা করে ॥ বামে গদাধরান
শক্তির স্বরূপ। অগ্র কর্ণিকাতে শ্রীঅদ্বৈত ভক্তি-ভূপ।
পার্শ্বে ছত্রহস্ত ভক্তবর্য্য শ্রী-শ্রীবাস। চতুর্দ্দিকে মহান

অথ শ্রীনবদ্বীপাষ্টকম্।

শ্রীগৌড়দেশে সুরদীর্ঘিকায়া, স্তীরেঽতিরম্যে পুরপুণ্যময্যা।
লসন্তমানন্দভরেণ নিত্যং, তং শ্রীনবদ্বীমহং স্মরামি ॥ ১ ॥
যস্মৈ পরব্যোম বদন্তি কেচিৎ, কেচিচ্চ গোলোক ইতীরয়ন্তি।
বদন্তি বৃন্দাবনমেব তজ্জ্ঞা,-স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ২ ॥
যঃ সর্ব্বদি ক্ষু স্ফুরিতৈঃ সুশীতৈ,-র্নানাদ্রুমৈঃ সুপবনৈঃপরীতঃ
শ্রীগৌরমধ্যাহ্নবিহারপাত্রৈ,-স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥৩॥
শ্রীস্বর্ণদী যত্র বিহারভূমিঃ, সুবর্ণসোপান-নিবদ্ধতীরা।
ব্যাপ্তোর্ম্মিভির্গৌরবগাহরূপৈ,-স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥৪
মহান্ত্যনন্তানি গুহানি যত্র, স্ফুরন্তি হৈমানি মনোহরানি।
প্রত্যালয়ং যঃ শ্রয়তে সদা শ্রী,-স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥৫।
বিদ্যাদয়াক্ষান্তিমুখৈঃ সমস্তৈঃ, সদ্ভির্গুণৈর্যত্র জনাঃ প্রপন্নাঃ।
সংস্তূয়মানা ঋষিদেবসিদ্ধৈ,-স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৬ ॥
যস্যান্তরে মিশ্রপুরন্দরস্য, সানন্দসম্যৈকপদং নিবাসঃ।
শ্রীগৌরজন্মাদিকলীলয়াঢ্য,-স্তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥৭॥
গৌরো ভ্রমন্ যত্র হরিঃ স্বভক্তৈঃ, সঙ্কীর্ত্তনপ্রেমভরেণ সর্ব্বম্।
নিমজ্জয়ত্যুৎপলভৃন্মদাব্ধৌ, তং শ্রীনবদ্বীপমহং স্মরামি ॥ ৮ ॥
এতন্নবদ্বীপবিচিন্তনাঢ্যম্, পদ্যাষ্টকম্ প্রীতমনাঃ পঠেদ্যঃ।
শ্রীমচ্ছচীনন্দনপাদপদ্মে, সুদুর্ল্লভং প্রেমবাপ্নুয়াৎ সঃ ॥ ৯ ॥

ইতি শ্রীমন্নবদ্বীপাষ্টকম্ স্তোত্রং সমাপ্তম্।

গৌড়দেশে দেবদীর্ঘী ভাগীরথী নাম। তার তীর-মধ্য-বর্ত্তী চিন্তামণিধাম ॥ পুণ্যময়-পুর অতিশয় মনোরম। পরানন্দোল্লাস ভূমি প্রেমের সংযম ॥ দর্শে, স্পর্শে, বাসে,

॥ ১ ॥ কেহ বলে পরব্যোম, গোলোক কেহ বলে। নিত্য
লীলা-ধাম বৃন্দাবন কেহ বলে ॥ তত্ত্বজ্ঞ ভক্তেরা নিজভা
অনুসারে। দ্বারকা, মথুরা কহে কৃষ্ণের বিহারে ॥ দর্শে
স্পর্শে, বাসে, সিদ্ধ করে যে বাসনা। সেই নবদ্বীপ আমি
করিয়ে ভাবনা ॥ ২ ॥ প্রস্ফুটিত পুষ্পবৃক্ষের আরাম কাননে
সুশীতল গন্ধবাহি দক্ষিণ-পবনে ॥ সব-দিক আমোদিত
যথায় শীতল। মধ্যদিনে শ্রীগৌরাঙ্গের বিহারের স্থল।
দর্শে, স্পর্শে, বাসে, সিদ্ধ করে যে বাসনা। সেই নবদ্বীপ
আমি করিয়ে ভাবনা ॥ ৩ ॥ গৌরাঙ্গ-বিহার স্থলে যথা
মন্দাকিনী। সুবর্ণ-ঘটিত-ঘাটে সোপানের শ্রেণী ॥ গৌর
দেহ অবগাহে উত্থিত তরঙ্গে। তীর-গর্ভ-স্থল-জল শোভে
নানারঙ্গে ॥ দর্শে, স্পর্শে, বাসে, সিদ্ধ করে যে বাসনা। সেই
নবদ্বীপ আমি করিয়ে ভাবনা ॥ ৪ ॥ প্রতিপুরে প্রতিগৃহে
প্রতি গুহা যেন। সুবর্ণ-রচিত সর্ব্ব মনোহর হেন ॥ অনন্ত
মহৎরত্নে নিত্য সুশ্রী যথা। সর্ব্ব সমৃদ্ধি-লক্ষ্মী আশ্রয়েছেন
যথা ॥ দর্শে, স্পর্শে, বাসে, সিদ্ধ করে যে বাসনা। সেই
নবদ্বীপ আমি করিয়ে ভাবনা ॥ ৫ ॥ বিদ্যা,দয়া,ক্ষমা, আদি
সমস্ত সদ্গুণে। ভূষিত আছয়ে লোক সুপ্রসন্ন মনে ॥ সে
স্থানের জনগণে, ঋষি দেবগণ। সিদ্ধ আদি সবে আসি
করেন স্তবন ॥ দর্শে, স্পর্শে, বাসে, সিদ্ধ করে যে বাসনা।
সেই নবদ্বীপ আমি করিয়ে ভাবনা ॥ ৬ ॥ যথায় জগন্নাথ
মিশ্র পুরন্দরাবাস। নিত্যানন্দধাম নিত্যানন্দের বিলাস।
শ্রীগৌরাঙ্গ আবির্ভাব আদিলীলা যথা। সতত গৌরাঙ্গ

বাসনা। সেই নবদ্বীপ আমি করিয়ে ভাবনা ॥ ৭ ॥ ভক্ত-সঙ্গে সঙ্কীর্ত্তন লীলা-রসরঙ্গে। বিহরে গৌরাঙ্গ যথা প্রেমের তরঙ্গে ॥ প্রেমভরে ভ্রমিয়া মহানটবর ভাবে। প্রেমোন্মাদে মগ্নকরান আপামর সবে ॥ দর্শে, স্পর্শে, বাসে, সিদ্ধ করে যে বাসনা। সেই নবদ্বীপ আমি করিয়ে ভাবনা ॥৮॥ এই নবদ্বীপাষ্টক সংস্কৃত আট শ্লোক। নবদ্বীপ ধ্যানময় পড়ে যেই লোক ॥ প্রসন্ন মনেতে ইহা করিলেও শ্রবণ। শ্রীশচীনন্দন পদে পায় প্রেমধন ॥ নবদ্বীপচন্দ্র দাস উহার লাগিয়া। নবদ্বীপাষ্টক ভাষে দুবাহু তুলিয়া ॥

নবদ্বীপধামের বর্ণনা অষ্ট শ্লোক। পাঠে গৌর-প্রেম পায় যে সে কোনো লোক ॥ ধামের বর্ণনা কিছু সংক্ষেপে কহিল। এবে প্রভুর সাময়িক লীলা আরম্ভিল ॥

প্রগে শ্রীবাসস্য দ্বিজকুলরবৈর্নিষ্ফুটবরৈঃ,
শ্রুতি ধ্বানপ্রখ্যৈঃ সপদি গতনিদ্রং পুলকিতম্।
হরেঃ পার্শ্বে রাধাস্থিতিমনুভবন্তং নয়নজৈ,-
র্জলৈঃ সংসিক্তাঙ্গং বরকনকগৌরং ভজ মনঃ ॥ ১ ॥

নিশা অবসানে শ্রীবাসের উদ্যানেতে। শ্রীমণি-মন্দিরে রত্নপর্য্যঙ্ক শোভিতে ॥ কুসুম শয্যাতে শুতিয়াছে গৌরচন্দ্র। অলি-পিক-নাদে ভঙ্গ হইল নিদ্রানন্দ ॥ গর গর চিত্ত সহজেই নিজ ভাবে। তাহাতে উদয় হয় দ্বিতীয় বিভাবে ॥ শ্রীঅঙ্গে শোভিত কিবা অদ্ভুত অনুভাব। হর্ষ বিষাদ শঙ্কা সঞ্চারি স্বভাব ॥ নয়নকমলে প্রেমানন্দবারি ঝরে। পুলকে পূরিল কিবা গৌর-কলেবরে ॥ নিকুঞ্জমন্দিরে রাধাকৃষ্ণের বিলাস। স্মরণ করিয়া প্রভু ছাড়ে ঘন-শ্বাস ॥ অনুরাগে

অরুণিত নয়নারবিন্দ। সে মাধুরী দেখি প্রেমে ভাসে ভক্ত-বৃন্দ ।। অঙ্গুলি মন্ত্রিত দুই ভুজ ধরি শিরে। অঙ্গমোড়া দি প্রভু আলসের ভরে ।। জৃম্ভার উদ্গমে দন্ত-কিরণ-প্রকাশ নাসাপুট প্রফুল্লিত ছোটিকা-বিলাস ।। হেনকালে স্বরূপাদি সব ভক্ত মেলি। মহাপ্রভুর নির্মঞ্ছন করে কুতূহলী ।। কেহ অতিসুমধুর স্বরে করে গান। মধুর মৃদঙ্গ কেহ বাজায় সুতান ।। করতাল-মন্দিরাদি সুমেল করিয়া। প্রভুমুখ হেরি নাচে কেহ মত্ত হইয়া ।। এই মত পরানন্দে ডুবে ভক্তগণ। সে সব আনন্দ, মুখে না হয় বর্ণন ।। তার পর মহাপ্রভু ভক্তগণ সঙ্গে। নিজগৃহে গমন করেন অতি রঙ্গে ।। নিজদ্বারে ভক্তগণে করিয়া বিদায়। শয্যাতে শয়নকরে গৌর-দ্বিজরায় ।। নিশান্তকালের এই গৌরাঙ্গ-চরিত সাধক যেজন ইহা ভাবে আনন্দিত ।। ১ ।।

প্রাতঃ স্ব স্ব ইতি স্বপার্ষদবৃতঃ স্নাত্বা প্রসূনাদিভি,-
স্বাং সংপূজ্য গৃহীতচারুবসনঃ স্রক্চন্দনালঙ্কৃতঃ।
কৃত্বা বিষ্ণুসমর্চ্চনাদি সগণো ভুক্ত্বান্নমাচম্য স,-
দ্বীটঞ্চান্যগৃহেক্ষণং স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহং ।। ২

রতন-মন্দিরে রত্নপালঙ্ক উপরে। সুমৃদুল পুষ্পশয্যা তাতে শোভা করে ।। কুসুম-শয্যাতে প্রভু শচীর নন্দন শুতিয়া আছেন শোভা না হয় বর্ণন ।। উপরে চাঁদোয়া মুক্তা-ঝালর সহিতে। মধ্যেতে কমল তার শোভা অদ্ভুতে ।। ক্ষীরসরোবরে যেন কনক-কমল। শয্যাতে তেমন অঙ্গ করে ঝলমল ।। হেনকালে শচীমাতা আনন্দিত মন

গৃহে করিল গমন। উঠ বাপ বিশ্বম্ভর কমলনয়ন॥ প্রাতঃ-
কাল হৈল নিমাই বৈসহ উঠিয়া। আমি মরি বাপ তোর
বালাই লইয়া॥ তোমার শ্রীবাসাদি-ভক্ত উৎকণ্ঠিত হইয়া।
প্রাঙ্গণে দেখিতে তোমায় আছে দাণ্ডাইয়া॥ জননীর স্নেহ-
বাণী শুনি গৌরচন্দ্র। উঠি করে কচালয়ে নয়নারবিন্দ॥
জননী-চরণে তবে করি নমস্কার। ভক্তগণ-সঙ্গে মিলে কৃপা-
পারাবার॥ যথা-যোগ্য সবা-সঙ্গে করিয়া মেলন। কহিতে
স্বপ্নের কথা ঝরে দুনয়ন॥ কদম্ব-কেশর জিনি পুলক
শ্রীঅঙ্গে। গদগদ বাণী কহে পূর্ব্বভাব-রঙ্গে॥ ভাব জানি
ভক্তগণ মন্দ মন্দ স্বরে। পূর্ব্ব-রাসলীলা গায় আনন্দের
ভরে॥ গান শুনি কতক্ষণে ভাব সম্বরিয়া। দন্তধাবন-পীঠে
বৈসেন যাইয়া॥ দন্তধাবনাদি প্রাতঃকৃত্য সব করি। গঙ্গা-
স্নান করিবারে চলে গৌরহরি॥ প্রিয়দাসগণ লইল কুসুম
বসন। গঙ্গা-পূজা-দ্রব্য লৈয়া করয়ে গমন॥ কৃষ্ণ-কথা-রঙ্গে
প্রভু ভক্তগণ সঙ্গে। গঙ্গা-তটে চলিলেন আনন্দতরঙ্গে॥
গঙ্গা নমস্করি তবে জলে প্রবেশিল। নিত্যানন্দাদ্বৈত-গদা-
ধর সঙ্গে লৈল॥ তা সবার সহিতে জলে নানা ক্রীড়া করে।
তীরে উঠি শুষ্ক-বস্ত্র পরিধান করে॥ গঙ্গাপূজা নতি স্তুতি
করি গৌরচন্দ্র। গণ-সহ গৃহে চলে আনন্দের কন্দ॥ শৃঙ্গার-
বেদীতে প্রভু প্রবেশ করিতে। পাদাম্বুজ ধুয়ে মোছে ভক্ত
আনন্দেতে॥ শৃঙ্গার-চৌকীতে তবে বসে শচীসুত। শুক্ল
পট্টাম্বর দাস পরায় ত্বরিত॥ শ্রীখণ্ডের ঊর্দ্ধপুণ্ড্র তিলক
ললাটে। কেশর-চন্দন লেপে ভুজ-বক্ষতটে॥ কুণ্ডল অঙ্গদ
মালা [illegible]

য়াইয়া সুগন্ধি-কুসুম দাসগণ। মালা গলে দিয়া তবে দখায় দর্পণ॥ বিষ্ণুগৃহে তবে প্রভু করিয়া গমন। ষোড়শোপচারে পূজা করি বিলক্ষণ॥ তুলসীকে জল দিয়া নতি স্তুতি করি। মাতৃস্নেহে মিষ্টান্নাদি ভোজন আচরি॥ আচমন করিয়া তাম্বুল দিল মুখে। ভক্তসঙ্গে আসনেতে বৈসেন মহাসুখে॥ কতক্ষণ কৃষ্ণকথা করে আলাপন। এমন সময়ে আসি করে নিবেদন॥ শুন প্রভু শচীমাতা ভোজন করিতে। ডাকিছেন ভক্ত-সঙ্গে চলহ ত্বরিতে॥ শুনি প্রভু শীঘ্র উঠি ভক্তগণ সঙ্গে। নারায়ণ আরতি দেখিতে অতি রঙ্গে॥ ভোজন-গৃহে বসিলেন প্রেমের তরঙ্গে। নিত্যানন্দাদ্বৈত গদাধরাদির সঙ্গে॥ শ্রীবিষ্ণু-নৈবেদ্য কত কুতূহল রঙ্গে। ভোজন করিয়া আচমন কৈল রঙ্গে॥ তাম্বুল শ্রীমুখে দিয় শয্যার উপরে। যোগনিদ্রা প্রতি তবে দৃষ্টিপাত করে॥ সে সময়ে দাসগণ চামর ব্যজন। নানামত সেবা করে পাদসম্বাহন॥ প্রাতঃকালের এই গৌরাঙ্গের চরিত। সাধক যে জন ইহা ভাবে আনন্দিত॥ ২॥

হরিবনগতিলীলাং ব্যাকুলীভূতগোষ্ঠাং, স্মৃতিবিষয়গতাং যঃ কারয়ামাস সাক্ষাৎ। তদনুকরণকারী ভক্তবৃন্দস্য মধ্যে, তমহমনুভজামি শ্রীল গৌরাঙ্গচন্দ্রং ॥ ৩॥

পূর্ব্বাহ্নের কৃত্য এবে করিয়ে লিখন। মধুর গৌরাঙ্গ লীলা করিবে স্মরণ॥ সখা সঙ্গে শ্রীকৃষ্ণের বনেতে গমন তাহাতে ব্যাকুল সব ব্রজবাসিগণ॥ তাহার স্মরণ কি

মধ্যে নানা-ভাবে বিভূষিত। অশ্রু-কম্প-স্তম্ভ সর্ব্ব অঙ্গ রোমাঞ্চিত॥ এমন শ্রীগৌরচন্দ্র ভক্তগণ সঙ্গে। সেবন করিব আমি আনন্দতরঙ্গে॥ পূর্ব্বাহ্নকালের এই গৌরাঙ্গ-চরিত। সাধক যে জন ইহা ভাবে আনন্দিত॥ ৩॥

সহালিশ্রীরাধাসহিত হরিলীলাং বহুবিধাম্,
স্মরন্মধ্যাহ্নীয়াং পুলকিততনু-গদ্গদবচাঃ।
ব্রুবন্ ব্যক্তং তাঞ্চ স্বজনগণমধ্যে হ্যনুকুরুতে,
শচীসুনুর্যস্তং ভজ মম মনস্ত্বং বত সদা॥ ৪॥

মধ্যাহ্নের লীলা এবে করহ স্মরণ। গৌরাঙ্গের তদ্বা-বাচ্য লীলা অনুপম॥ সখী সহ শ্রীরাধিকা কৃষ্ণের যে লীলা। স্মরণ করিয়া মধ্যাহ্নের নানা খেলা॥ ব্যক্ত করি কহে করে সে অনুকরণ। ভক্তগণ মধ্যে নানা-ভাব-বিভূষণ॥ মহাভাব-রসময় মূর্ত্তি সে অদ্ভুত। ভজহ ত্বরিতে হেন প্রভু শচীসুত॥ মধ্যাহ্নকালের এই গৌরাঙ্গ-চরিত। সাধক যে জন ইহা ভাবে আনন্দিত॥ ৪॥

পরাবৃত্তিং গোষ্ঠে ব্রজনৃপতিসূনোর্বিপিনতো,
মহানন্দাম্ভোধেঃ সপদি জনয়িত্রীং স্বহৃদয়ে।
স্মরন্ শ্রীগৌরাঙ্গো নটতি বলতে নিশ্বসিতি চ,
ক্ষণং মুহ্যন্ সর্ব্বান্ বিবশয়তি যস্তং ভজ মনঃ॥ ৫॥

এবে অপরাহ্নলীলা স্মরণ সে করে। গৌরচন্দ্রলীলা চিন্তে আনন্দ অন্তরে॥ ধেনুগণ প্রিয়সখা গণ করি সঙ্গে। বন হৈতে ব্রজে কৃষ্ণ যায় নানা-রঙ্গে॥ নটবর-বেশ চূড়া ময়ূরের পুচ্ছ। গলে বনমালা কর্ণে অশোকের গুচ্ছ॥ গো-

নীলাম্বুজ-বরে॥ অধরে মুরলী ধরি বাজায় সুস্বরে। সখাগ
দল শৃঙ্গ নানা বাদ্য করে॥ উচ্চ-পুচ্ছ করি ধায় ধেনু ব্রজ
মাঝে। হাম্বা হাম্বা ধ্বনি যেন জলদ গরজে॥ রম্য-হর্ম্যে
শ্রীরাধিকা দেখিয়া কৃষ্ণেরে। নানা-ভাব-বিভূষিত হয় কলে
বরে॥ সেই ভাবে বিভাবিত হৈয়া গৌরহরি। ব্রজলীল
রূপ-গুণ পরানন্দে স্মরি॥ স্তম্ভ, কম্প, অশ্রু, ঘর্ম্ম, পুল
হুঙ্কার। আনন্দ-তরঙ্গে উঠে কত শতবার॥ ভক্তমধ্যে না
লীলা করে প্রকটন। হেন গৌরপাদপদ্ম ভজ মোর মন
অপরাহ্নকালের এই গৌরাঙ্গ-চরিত। সাধক যে জন ই
ভাবে আনন্দিত॥ ৫॥

সায়ন্তনীং কৃষ্ণমনোজ্ঞলীলাং, স্নানাশনাদ্যাং হি
মুহুর্ব্বিচিন্ত্য। স্বভক্তমধ্যেঽনুকরোতি নিত্যম্,
তাং যো মন স্তং ভজ গৌরচন্দ্রম্॥ ৬॥

সায়ংকালে শ্রীকৃষ্ণের লীলা মনোহর। স্মরিয়া শ্রীগৌ
চন্দ্র প্রেমেতে বিভোর॥ ভক্তমাঝে করে সেইমতানুকর
ভাবেতে উন্মত্ত হইয়া করে সঙ্কীর্ত্তন॥ কদম্ব-কেশর জি
পুলক শরীর। সুরধুনী-বারি যেন নয়নের নীর॥ হুঙ্কার গর্জ্জ
নানা-ভাব-বিভূষণ। হেন গৌরচন্দ্র-পদ ভজ মোর ম
সায়াহ্নকালের এই গৌরাঙ্গ-চরিত। সাধক যে জন ই
ভাবে আনন্দিত॥ ৬॥

সমুৎকণ্ঠাসন্নাকলিতহরিবার্ত্তা বত যথা,
বিস্ফূর্ত্তাসৌরাবা হরিমপি নিকুঞ্জে গতবতী।
তথাত্মানং মত্বা কটিমিহিতপাণির্বিশতি চ,

এবেত প্রদোষ-লীলা করিয়ে বর্ণন। সাধকজনের কর্ণ-মনোরসায়ণ॥ পূর্ব্ব-লীলা গৌরচন্দ্র করিয়া স্মরণ। অতি উৎকণ্ঠাতে ব্যাকুলিত-তনু-মন॥ নয়নকমলে মকরন্দ-বারি ঝরে। কদম্বকেশর জিনি পুলক শরীরে॥ গদগদ বাণী আধ আধ কথা কহে। চল সখি নিকুঞ্জে বিলম্ব নাহি সহে॥ এত কহি মত্ত-গজরাজ-গতি জিনি। গমন করেন গৌরচন্দ্র গুণ-মণি॥ কখনো স্খলিত গতি কভু ধীরে ধীরে। ঢুলিতে ঢুলিতে গেল শ্রীবাসের ঘরে॥ শ্রীবাস-প্রাঙ্গণে দিব্য মণ্ডপ সুন্দর। তাহাতে বসিল গিয়া গৌর দ্বিজবর॥ চতুর্দ্দিকে নিজ ভক্ত-মণ্ডলি বিরাজে। তারাগণ মধ্যে যেন রাকা-পতি সাজে॥ হেন গৌরহরি-লীলা স্মর মোর মন। বিনতি করিয়া আমি করি নিবেদন॥ প্রদোষকালের এই গৌরাঙ্গ-চরিত। সাধক ভাবিবে হৈয়া পরমানন্দিত॥ ৭॥

শ্রীশ্রীবাসগৃহে মুদাপরিবৃতো ভক্তৈঃ স্বনামাবলীং,
গায়দ্ভির্গলদশ্রুকম্পপুলকো গৌরো নটিত্বা প্রভুঃ।
পুষ্পারামগতে সুরত্নশরনে জ্যোৎস্নাযুতায়াং নিশি,
বিশ্রান্তঃ স শচীসুতঃ কৃতফলাহারো নিষেব্যো মম॥৮॥

সংক্ষেপেতে নিশা-কৃত্য করিয়ে লিখন। যাহার শ্রবণে য় কর্ণ রসায়ণ॥ গৌরচন্দ্র নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য। দাধর শ্রীবাসাদি যত ভক্তবর্য্য॥ শ্রীবাস প্রাঙ্গণে আরম্ভিল কীর্ত্তন। চতুর্দ্দিকে মণ্ডলি করিয়া ভক্তগণ॥ মধ্যে নাচে গীরচন্দ্র গদাধর সঙ্গে। নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য কত ঙ্গে॥ জয় কৃষ্ণ গোবিন্দ গোপাল বনমালী। নামাবলী গায়

নূপুরধ্বনি অদ্ভুত তরঙ্গ॥ নানা ফুলে বনমালা শোভে গৌ
অঙ্গ। নয়নকমলে বহে জাহ্নবী-তরঙ্গ॥ কদম্বকুসুম জিনি
পুলক মুকুল। ঘর্ম্ম বিন্দু বিন্দু শোভে অঙ্গেতে বিপুল॥ থ
থর কাঁপে অঙ্গ যেন চল-দল। কণ্ঠে না নিঃস্বরে বাণী গদ
গাদ স্বর॥ ক্ষণে অঙ্গস্তম্ভ হয় বিবর্ণ হয় ক্ষণে। মনে ইচ্ছা হ
ক্ষণে হুঙ্কার গর্জ্জনে॥ ক্ষণে ক্ষণে অট্টহাস গড়াগড়ি যায়
জাম্বুনদ জিনি তনু ধূলাতে লুটায়॥ চতুর্দ্দিকে ভক্তগণ হরি
হরি বলে। কেহ কার কণ্ঠ ধরি কান্দে উচ্চৈঃস্বরে॥ এ
মত কতক্ষণ করি সঙ্কীর্ত্তন। বিশ্রাম করেন প্রভু লৈয়া ভক্ত
গণ॥ দাসগণ নানাবিধ করয়ে সেবন। পাদ-সম্বাহন আ
চামর-ব্যজন॥ নানাবিধ-ফল আর বিবিধ-পক্কান্ন। ভক্তগ
সঙ্গে লয়ে করয়ে ভোজন॥ আচমন করি সুখে তাম্বু
খাইয়া। পুষ্পোদ্যানে দিব্য গৃহে শয্যাতে যাইয়া॥ শয়
করয়ে প্রভু শ্রীশচীনন্দন। দাসগণ নানাবিধ করয়ে সেবন
নিশাকালের এই গৌরাঙ্গের চরিত। সাধক ভাবিবে হৈয়
পরমানন্দিত॥ ৮॥

শ্রীরূপগোস্বামির লিখন অনুসারি। শ্রীগৌরাঙ্গের অ
কাল লীলা নিত্য স্মরি॥ বর্ণিয়া পয়ারচ্ছন্দে নবদ্বীপ দাস
বর্ণিতে আরম্ভ কৈল মাধুর্য্য প্রকাশ॥

বিশ্বনাথ চক্রবর্ত্তী ঠাকুর মহাশয়। তাঁর পদ বন্দে
যাতে প্রেমস্ফূর্ত্তি হয়॥ তাঁহার প্রণীত গৌর-লীলার অ
স্মৃতি। অষ্টকালে যে যে মত মাধুর্য্যের রীতি॥ সেই ম
মাধুর্য্যময় রাগ-অনুসারে। যে ভাবয়ে গৌর-লীলা নমস্কা
তারে॥

শ্রীগৌরাঙ্গমহাপ্রভোশ্চরণয়োর্যা কেশশেষাদিভিঃ,
সেবা হ্যগম্যতয়া স্বভক্তবিহিতা সান্যৈর্যয়া লভ্যতে।
তাং তন্মানসিকীং স্মৃতিং প্রথয়িতুং ভাব্যাং সদাসত্তমৈ,-
নৌমি প্রাত্যহিকং তদীয়-চরিতং শ্রীমন্নবদ্বীপজম্॥ ১॥

শ্রীগৌরাঙ্গ মহাপ্রভুর কমল-চরণ। ব্রহ্মা-শিব-শেষাদির অগম্য সেবন॥ কেবল মাত্র ভক্তগণে সতত সেবয়। সেই সেবা অন্য জনের যাতে লভ্য হয়॥ সেই মানসিক সেবা করি বিস্তারিত। গৌরাঙ্গচরিত নিত্য সাধুর ভাবিত॥ প্রাত্যহিক সেই লীলা নবদ্বীপজাত। বন্দে নবদ্বীপদাস হইয়া প্রণত॥ ১॥

রাত্র্যন্তে শয়নোত্থিতঃ সুরসরিৎস্নাতো বভৌ যঃ প্রগে,
পূর্ব্বাহ্নে স্বগণৈর্লসত্যুপবনে তৈর্ভাতি মধ্যাহ্নকে।
যঃ পূর্য্যামপরাহ্নকে নিজগৃহে সায়ং গৃহে হ্যথাঙ্গণে,
শ্রীবাসস্য নিশামুখে নিশি বসন্ গৌরঃ স নো রক্ষতু॥ ২॥

প্রাতঃকালে শয্যা হৈতে করি গাত্রোত্থান। সুবাসিত জলে কৈলা মুখ-প্রক্ষালন॥ ১॥ তৈল-মর্দ্দন করি গঙ্গাস্নান কল। শ্রীবিষ্ণু-অর্চ্চনা করি ভোজন করিল॥ ২॥ পূর্ব্বাহ্ন সময়ে ভক্ত মন্দিরে গমন। কৃষ্ণকথা-রসানন্দে কভুত কীর্ত্তন॥ ৩॥ মধ্যাহ্নে স্বর্ধুনী-তটে উপবন সুখে॥ ৪॥ অপরাহ্নে নবদ্বীপে ভ্রমেন কৌতুকে॥ ৫॥ সায়াহ্নে গমন করেন আপনার পুরে॥ ৬॥ প্রদোষে গণের সহ শ্রীবাস-মন্দিরে। স্বানুভবানন্দে করি নাম-সঙ্কীর্ত্তন॥ ৭॥ নিশায় নিজ-গৃহে গিয়া করেন শয়ন॥ ৮॥ ২॥

রাত্র্যন্তে পিককুক্কুটাদি-নিনদং শ্রুত্বা স্বতল্পোত্থিতঃ

শ্রীবিষ্ণুপ্রিয়য়া সমং রস-কথাং সম্ভাষ্য সন্তোষ্য তাম্।
গত্বা ঽন্যত্র ধরাসনোপরি বসন্ স্বস্তিঃ সুধৌতাননো,
যো মাত্রাদিভিরীক্ষিতোঽতিমুদিতস্তং গৌরমধ্যেম্যহম্॥

নিশা-শেষে পিক-কুক্কুটাদির ধ্বনি শুনি। নিজ শ
হইতে উঠি গৌর-গুণমণি॥ রসের সম্ভাষে বিষ্ণুপ্রি
সন্তোষিয়া। শচী-মাতা আদি সবে দেখেন হৃষ্ট হইয়
বাহ্যে গিয়া ধরাসনে নামি দিব্য জলে। স্বভক্ত-সহিত (
শ্রীমুখ প্রক্ষালে॥ পরমানন্দিত লীলায় শ্রীগৌর সুন্দ
কি সাধনে জানি আমি হইয়ে কিঙ্কর॥ ৩॥

প্রাতঃ স্বঃ-সরিতি স্বপার্ষদবৃতঃ স্নাত্বা প্রসূনাদিভি-,
স্তাং সংপূজ্য গৃহীত-চারুবসনঃ স্রক্‌চন্দনালঙ্কৃতঃ।
কৃত্বা বিষ্ণুসমর্চ্চনাদি সগণো ভুক্ত্বান্নমাচম্য চ,
দ্বিত্রং চান্যগৃহে ক্ষণং স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহম্

প্রাতে স্বপার্শ্বদ সহ গঙ্গাস্নান করে। গন্ধ-কুসুমাদি f
পূজিয়া গঙ্গারে॥ মনোহর বস্ত্র যুগ্ম পরিধান করি। চন
মাল্যেতে সর্ব্ব অঙ্গ অলঙ্করি॥ মিষ্টান্ন পক্কান্ন আদি যো
ভক্তগণ। বিষ্ণুগৃহে সাঙ্গ করি বিষ্ণু সমর্চ্চন। ভক্তগণ
করি ভোজনাচমন। তাম্বুল চর্ব্বিয়া অন্য-গৃহেতে শয়
এই পরানন্দ-লীলায় শ্রীগৌর সুন্দর। কি সাধনে জ
আমি হইয়ে কিঙ্কর॥ ৪॥

পূর্ব্বাহ্নে শয়নোত্থিতঃ সুপয়সা প্রক্ষাল্য বক্ত্রাম্বুজম্,
ভক্তৈঃ শ্রীহরিনামকীর্ত্তনপরৈঃ সার্দ্ধং স্বয়ং কীর্ত্তয়ন্।
ভক্তানাং ভবনে ঽপি চ স্বভবনে ক্রীড়ন্নৃণাং বর্দ্ধয়,-
ত্যানন্দং পুরবাসিনাং যঃ উরুধা তং গৌরমধ্যেম্যহম্॥

পূর্ব্বাহ্নে শয্যা হইতে করি গাত্রোত্থান। সুবাসিত
ল মুখপদ্ম-প্রক্ষালন ॥ নাম-সংকীর্ত্তন-পর ভক্ত-গণ সঙ্গে।
ং সংকীর্ত্তন করি নটবর-রঙ্গে ॥ স্বভবনে কভু কভু
ক্তর ভবনে। পরমানন্দিত করে পুরবাসি জনে ॥ পূর্ব্বা-
র এই লীলা শ্রীগৌর সুন্দর। কি সাধনে জানি আমি
য়ে কিঙ্কর ॥ ৫ ॥

মধ্যাহ্নে সহ তৈঃ স্বপার্ষদগণৈঃ সঙ্কীর্ত্তয়দ্ভির্ভৃশম্,
সাদ্বৈতেন্দু-গদাধরঃ কিল সহ-শ্রীলাবধূত-প্রভুঃ।
আরামে মৃদুমারুতৈঃ শিশিরিতৈর্ভৃঙ্গদ্বিজৈর্নাদিতে,
স্বং বৃন্দাবিপিনং স্মরন্ ভ্রমতি যস্তং গৌরমধ্যেম্যহম্ ॥৬॥

মধ্যাহ্নে সপার্ষদ সঙ্কীর্ত্তন অতিশয়। সঙ্গে অবধূত
ত্যানন্দ প্রেমময় ॥ অদ্বৈতচন্দ্র আদি গদাধর গোসাঁই।
আনন্দ বর্ণিবারে কারো শক্তি নাই ॥ গঙ্গাতীরে
মন প্রভু রম্য উপবনে। গঙ্গার-লহরী আর শীতল-
নে ॥ নানা-পক্ষী রব করে ভ্রমর ঝঙ্কার। দেখি স্বীয়
াবন-স্মৃতি সবাকার ॥ রাধা-ভাবে-মত্ত প্রভু অধৈর্য্য
ল। মধ্যাহ্ন-স্মরণী-লীলায় আনন্দ বাঢ়িল ॥ এই পরানন্দ
লায় শ্রীগৌর-সুন্দর। কি সাধনে জানি আমি হইয়ে
ঙ্কর ॥ ৬ ॥

যঃ শ্রীমানপরাহ্নকে সহগণৈস্তৈস্তাদৃশৈঃ প্রেমবাং,-
স্তাদৃক্ষু স্বয়মপ্যলং ত্রিজগতাং শর্ম্মাণি বিস্তারয়ন্।
আরামাত্তত এতি পৌরজনতা-চক্ষুশ্চকোরোড়ুপো,
মাত্রা দ্বারি মুদেক্ষিতো নিজগৃহং তং গৌরমধ্যেম্যহম্ ॥৭॥

অকৈতব প্রেমে মত্ত নিজ ভক্তগণ। আপনি সে প্রেমে

নাচি নাচায় ভক্তজন ।। অপরাহ্নে সগণেতে প্রেমে ম
হইয়া। ত্রিজগতে সুমঙ্গল দিল বিস্তারিয়া ।। তবে ভক্ত
গণ-সহ গৃহে আগমন। দেখি পুর-গ্রাম-বাসী আনন্দি
মন ।। স্নেহে মত্ত শচীদেবী করে নিরীক্ষণ। চক্ষুর-পুত্ত
গৌর সবার জীবন ।। পুত্র-প্রীতে শচীদেবী করেন লালন
অপরাহ্নলীলা-স্মৃতির সার বিবরণ ।। এই পরানন্দ-লীলা
শ্রীগৌর-সুন্দর। কি সাধনে জানি আমি হইয়া কিঙ্কর ॥৭।

যস্ত্রিস্রোতসি সায়মাপ্তনিবহৈঃ স্নাত্বা প্রদীপালিভিঃ,
পুষ্পাদ্যৈশ্চ সমর্চ্চিতঃ কলিতসৎপট্টাম্বরঃ স্রগ্ধরঃ।
বিষ্ণো স্তৎসময়ার্চ্চনঞ্চ কৃতবান্ দীপালিভি স্তৈঃ সমম্,
ভুক্ত্বান্নানি সুবীটিকামপি তথা তং গৌরমধ্যেম্যহম্ ॥৮

সায়াহ্নে পার্ষদ-সহ গঙ্গাস্নান কৈল। ভক্তগণে প্রদ
পাবলিতে নীরাজিল ।। গন্ধ-পুষ্প-ধূপ-দীপ-মাল্য আ
করি। লইয়া অর্চ্চিল মনোহারি গৌরহরি ।। পরে পরি প
বস্ত্র মাল্যাদি চন্দন। দীপ-পুষ্পাদিতে কৈল শ্রীবিষ্ণু-অর্চ্চন
ভক্ত সহ ভোজন করি তাম্বূল চর্ব্বিল। সায়াহ্ন-স্মরণী প্র
সংক্ষেপে কহিল ।। সায়ং পরানন্দলীলায় শ্রীগৌর সুন্দর
কি সাধনে জানি আমি হইয়া কিঙ্কর ।। ৮ ।।

যঃ শ্রীবাসগৃহে প্রদোষ সময়ে হ্যদ্বৈতচন্দ্রাদিভিঃ,
সর্ব্বৈ-র্ভক্তগণৈঃ সমং হরিকথাপীযূষমাস্বাদরন্।
প্রেমানন্দ-সমাকুলশ্চটুলধীঃ সংকীর্ত্তনে লম্পটঃ,
কর্ত্তুং কীর্ত্তনমূর্চ্ছমুদ্যমপরস্তং গৌরমধ্যেম্যহম্ ।। ৯ ।।

প্রদোষে গমন কৈল শ্রীবাস-ভবন। নিত্যানন্দ অ
তাদি লৈয়া ভক্তগণ ।। হরি-কথা অমৃত করেন আস্বাদন

প্রেমানন্দে আকুল হইয়া ক্ষণে ক্ষণ ॥ সংকীর্ত্তন-লম্পট করে
চ্চ সংকীর্ত্তন। প্রদোষে ভক্তের সহ কীর্ত্তন-উদ্যমে ॥
নিশা-মুখে পরানন্দে শ্রীগৌর-সুন্দর। কি সাধনে জানি
আমি হইয়া কিঙ্কর ॥ শ্রীগৌরাঙ্গ নবদ্বীপচন্দ্র পদে আশ।
প্রদোষ-স্মরণী ভাষে নবদ্বীপদাস ॥ ৯ ॥

শ্রীবাসাঙ্গন আবৃতো নিজগণৈঃ সার্দ্ধং প্রভুভ্যাং নট,-
মুচ্চৈস্তালমৃদঙ্গবাদনপরৈ-র্গায়ন্তিরত্যুল্লসন্।
ভ্রাম্যন্ শ্রীল-গদাধরেণ সহিতো নক্তং বিভাত্যদ্ভুতম্,
স্বাগারে শয়নালয়ে স্বপিতি যস্তং গৌরমধ্যেম্যহম্॥১০॥

নিশায় শ্রীবাসাঙ্গনে সহ নিজ-গণ। নিত্যানন্দাদ্বৈত
ঙ্গে উচ্চ-সঙ্কীর্ত্তন ॥ মৃদঙ্গ-করতাল-বাদ্য-পটু বাদ্য করে।
ল্লাসে নর্ত্তন করে গৌর-নটবরে ॥ তৌর্য্যত্রিক মণ্ডলিতে
দাধর সঙ্গে। অদ্ভুত-নর্ত্তন প্রভু করে নানা-রঙ্গে ॥ তবে
জ গৃহে গিয়া শয়ন-মন্দিরে। শয়ন করেন প্রিয়া-শয্যার
পরে ॥ রাত্রি পরানন্দ লীলায় শ্রীগৌর-সুন্দর। কি সাধনে
নি আমি হইয়ে কিঙ্কর ॥ সোণার গৌরাঙ্গ-পাদ-সম্বাহনে
শ। নিশালীলা-স্মরণী ভাষে নবদ্বীপদাস ॥ ১০ ॥

শ্রীগৌরাঙ্গবিধোঃ স্বধামনি নবদ্বীপে হষ্টকালোদ্ভবাম্,
ভাব্যাং ভব্যজনেন গোকুলবিধোর্লীলাস্মৃতে-রাদিতঃ।
লীলাং দ্যোতযদেতদত্র দশকং প্রীত্যান্বিতো যঃ পঠেৎ,
তং প্রীণাতি সদৈব যঃ করুণয়া তং গৌরমধ্যেম্যহম্ ॥১১॥

শ্রীগৌরাঙ্গ-চাঁদের এই নিত্য চরিত। নবদ্বীপে অষ্ট-
লে সাধুর ভাবিত ॥ শ্রীব্রজলীলার অগ্রে করিলে স্মরণ।
গৌরাঙ্গসুন্দরের হৈবে কৃপার ভাজন ॥ প্রীত হৈয়া দশক

নিত্য করিলে পঠন। মনোভীষ্ট ফল দেন শ্রীশচীনন্দন। মোপার গৌরাঙ্গ-পদসেবা করি আশ। অষ্টকালী লী ভাষে নবদ্বীপদাস ॥

এইত গৌরাঙ্গলীলা স্মরণী-বর্ণন। এবে ব্রজে রাধাকৃ লীলা বিবরণ ॥ প্রথমে জানিবে বৃন্দাবনের স্বরূপ। কৃষ্ণপ্রি নিত্যধাম হয় অপরূপ ॥

ততো বৃন্দাবনং ধ্যায়েৎ পরমানন্দবর্দ্ধনম্।
সর্ব্বর্ত্তু-কুসুমোপেতং পতত্রিগণ-নাদিতম্ ॥
ভ্রমদ্ভ্রমরঝঙ্কার-মুখরীকৃত-দিঙ্মুখম্।
কালিন্দীজল-কল্লোল-সঙ্গি-মারুতসেবিতম্ ॥
নানাপুষ্পলতাবদ্ধ-বৃক্ষষণ্ডৈশ্চ মণ্ডিতম্।
কমলোৎপলকহ্লার-ধূলিধূষরিতান্তরম্ ॥
তন্মধ্যে রত্নভূমিঞ্চ সূর্য্যাযুত-সমপ্রভাম্।
তত্র কল্পতরুং ধ্যায়েন্নিয়তপ্রেমবর্ষিণম্ ॥
মাণিক্যশিখরালম্বি তন্মধ্যে মণিমণ্ডপম্।
নানারত্নগণৈশ্চিত্রং সর্ব্বর্ত্তুসুবিরাজিতম্ ॥
নানারত্নলসচ্চিত্র-বিতানৈরুপ-শোভিতম্।
রত্নতোরণ-গোপূর-মাণিক্যাচ্ছাদনান্বিতম্ ॥
দিব্যস্বর্ণমুক্তাতার-মুক্তাহার বিরাজিতম্।
কোটিসূর্য্যসমাভাসং বিমুক্তং ষট্‌তরঙ্গকৈঃ।
তন্মধ্যে রত্নখচিতং স্বর্ণসিংহাসনম্ মহৎ ॥
ইত্থং কল্পতরোর্মূলে রত্নসিংহাসনোপরি।
বৃন্দারণ্যে স্মরেৎ কৃষ্ণং সুস্থিতং প্রিয়য়া সহ ॥
অথ সৌরীতটে দিব্যৈশ্বর্য্য-মাধুর্য্য-ভূষিতে।

বৈকুণ্ঠোত্তম-সৌভাগ্যে শ্রীকৃষ্ণা-হস্ত্য-হধিদৈবতে ॥
পৃথিব্যাং বিদ্যামানেহপ্য-হপ্রাকৃতে সচ্চিদাত্মকে।
মাথুরে মাধুরৈশ্বর্য্য-প্রেমৈক-পুরুষার্থিভিঃ ॥
মহর্ষিপ্রমুখৈর্ধ্যানাগম্যেহনন্তাংশসম্ভবে।
নানাবৃক্ষলতাকুঞ্জ-পুষ্পপুঞ্জসুসৌরভে ॥
বৃন্দারণ্যে কল্পবৃক্ষ-তলে কোটিরবিপ্রভে।
লোচনানন্দ-মাধুর্য্য-দিব্যে শ্রীরত্ন-মন্দিরে ॥
সহস্রদল-মাণিক্য-কেশরাম্বুজ-মধ্যগে।
রত্নসিংহাসনে বামে স্থিতয়া রাধয়া সহ ॥
রাজমানং দলালিস্থ-গোপীমণ্ডলমণ্ডিতম্।
কন্দর্পবীজগায়ত্রী-পুরাণাক্ষর-বিগ্রহম্ ॥
দ্বাত্রিংশল্লক্ষণৈর্যুক্তং চতুঃষষ্টিগুণান্বিতম্।
কন্দর্পকোটিলাবণ্যং স্ফুরচ্চিন্ময়ভূষণম্ ॥
নবযৌবনসম্পন্নং নীলনীরদসুন্দরম্।
রাসবিলাসিনং নিত্যং গোবিন্দং সুখবারিধিম্ ॥

তবে কৃষ্ণলীলাধাম করিবে স্মরণ। যথা শ্রীযামলে আছে
[া]ণ-বচন ॥ পরমানন্দ-বর্দ্ধন শ্রীল-বৃন্দাবন। ছয় ঋতু কুসুম
ভিত অনুক্ষণ ॥ নানাজাতি-পক্ষিগণ-শব্দে সুনাদিত।
র-ঝঙ্কারে তাহে দিশা মুখরিত ॥ কালিন্দীর জল-সন্নি-
তে সেবিত। নানাপুষ্প-লতা-বৃক্ষ-সমূহে মণ্ডিত ॥
নকহ্লারোৎপল-পরাগে ধূষর। সর্ব্বানন্দময় স্থান অতি
াহর ॥ তার মধ্যে রত্নভূমি সূর্য্যযুত সম। তার মধ্যে
প-মহীরুহ মনোরম ॥ শুদ্ধ-প্রেমামৃত-বৃষ্টিকারি অনুক্ষণ।
াক্যশিখরালম্বী মাঝে সুশোভন ॥ শ্রীমণিমণ্ডপ নানা-

রত্নগণার্চ্চিত। সর্ব্ব-ঋতু-সুখ সদা যাতে বিরাজিত ।। নানা
রত্নোচিত্ত-চিত্র-বিতান-শোভিত। রত্নের তোরণ-মালা গোপু
মণ্ডিত ।। অদ্ভুত-মাণিক্যাচ্ছাদন তাহে সমন্বিত। দিব্যস্বর্ণ
তার-মুক্তা-হার বিরাজিত ।। কোটিসূর্য্য-সমকান্তি অতি
অদ্ভুত। সর্ব্বদা যাহাতে ছয় তরঙ্গ বিমুক্ত ।। তন্মধ্যে রত্ন
রচিত স্বর্ণ সিংহাসন। অতি সুমহৎ সর্ব্ব জগত মোহন
তাহাতে শ্রীকৃষ্ণচন্দ্র মদনমোহন। বামে শ্রীরাধিকা দে
করে বিরাজন ।। সৌরী-তটে ধাম দিব্য ঐশ্বর্য্য-মাধুর্য্য
ভূষিত বৈকুণ্ঠোত্তম সৌভাগ্যেতে বর্য্য ।। পৃথিবীতে বিদ
মান কিন্তু অপ্রাকৃত। সচ্চিদানন্দ-স্বরূপ-কৃষ্ণ-অধিষ্ঠিত
মথুরামণ্ডলে নানারত্ন-বিরচিত। সৌরী-বারি-মারুত-সুগ
সুসেবিত ।। পরমমাধুর্য্য-প্রেম-পুরুষার্থি জন। বৃক্ষ-লত
কুঞ্জ পুষ্পপুঞ্জ-সুশোভন ।। নিষ্কাম-মহর্ষিগণ-ধ্যানের অগম
শ্রীঅনন্ত-অংশভব-স্থান মনোরম্য ।। এমন শ্রীবৃন্দাব
কল্প-তরুতলে। কোটি রবি শশী হৈতে সুপ্রভা উজ্জ্বলে
লোচনানন্দ-মাধুর্য্য শ্রীরত্নমন্দিরে। সহস্রদল-কমল ঝল
করে ।। মাণিক্য-কেশর চারু বরাটক মধ্যে। রত্নসিংহাস
সর্ব্বমনোরথ সিদ্ধে ।। বামভাগে শ্রীরাধিকা সহ বিরাজিত
দলালীতে শ্রীগোপীমণ্ডলি সুশোভিত ।। কামবীজ-গার
অক্ষর কলেবর। দ্বাত্রিংশল্লক্ষণযুক্ত সর্ব্ব-মনোহর ।। চতু
ষষ্টি-গুণান্বিত কন্দর্প-লাবণ্য। চিন্ময়-ভূষণ নবযৌব
সম্পন্ন ।। নীলনীরদতনু চারুপীতাম্বর। রাসবিলাসি নি
রসিকশেখর ।। সুখের সমুদ্র শ্রীগোবিন্দদেব মূর্ত্তি। এই
ধ্যান কর হৈয়া একমতি ।। অতঃপর সাধুবর শুন দিয়া মন

কৃষ্ণলীলা-অনুসারি স্থান নিরূপণ ।। সেই অনুসারে সাধক
রণ করিবে। যথাযথ স্থানে সেই রস আস্বাদিবে ।। সমুদয়
ন্দাবনের স্বরূপনির্ণয়। সাধু কৃপায় যাহা কিছু হইবে উদয়॥
াহাই লিখিয়ে ভাল মন্দ নাহি জানি। পূর্ব্বমহাজন-লেখা
কাশিয়ে আমি ।।

শ্রীমদ্বৃন্দাবনং রম্যং দ্বাদশবন-শোভিতম্।
শুদ্ধস্বর্ণময়ং স্থানং কল্পবৃক্ষ-সুশোভিতম্॥
নানাপুষ্পদ্রুমৈরাঢ্যং তদ্রেণুপরিপূরিতম্।
প্রিয়নর্ম্মসখীবৃন্দ-সেবন-স্থানমব্যয়ম্ ।।

বায়ব্য হৈতে যমুনা আইল বৃন্দাবনে। বৃন্দাবন প্রদ-
ণ মথুরা প্রদক্ষিণে ।। গোকুল প্রদক্ষিণ করি গেলা পূর্ব্ব-
খ। প্রয়াগে গঙ্গার সহ গেলা বহু-সুখে ।। বৃন্দাবনের
য়ব্য কোণে ভদ্র-বন। ছয় ক্রোশ যমুনাপার বিচিত্র-কানন॥
না-বৃক্ষ নানা-লতা যমুনার-ধার। তথা গোচারণ কৃষ্ণ
রন অপার ।। ব্রজের উত্তরে যমুনা পারে বিল্ব-বন।
া-বৃক্ষ নানা-লতা বিচিত্র-কানন ।। নানা-বৃক্ষ-লতাপূর্ণ
ুসরোবর। তথা গোচারণ কৃষ্ণ করেন বিস্তর ।। বৃন্দাবনে
ব্য কোণে ভাণ্ডীর-বন। চারি ক্রোশ যমুনাপার বিচিত্র-
নন ।। অতিবড় গম্ভীরবন যমুনার ধার। তাতে কৃষ্ণচন্দ্র
গ্য করেন বিহার ।। বৃন্দাবনে অগ্নিকোণে গোকুল-মহা-
। ছয়ক্রোশ যমুনাপার বিচিত্র-কানন ।। নানা-বৃক্ষ নানা-
া যমুনার ধার। গোকুলের পূর্ব্বে সে ঝাউ-বন অপার ।।
দর মন্দির সেই গোকুল-নগরে। তথা কৃষ্ণ বাল্যলীলা
তর করে।। সুবর্ণের পুরী বিশ্বকর্ম্মার নির্ম্মাণ। রত্নবান্ধা

ঘাট সব, নাহি উপমান ॥ ব্রজের দক্ষিণে ছয়ক্রোশ তাল
বন। ধেনুক মারিয়া তাল করেন ভোজন ॥ ব্রজের পশ্চি
নয় ক্রোশ খদির-বন। খদির ফলিলে কৃষ্ণ করেন গোচার
খদিরের লোভে নিত্য গোচারণে যান। সখাগণ সঙ্গে কৃ
খদির বহু খান ॥ ব্রজের পশ্চিমে তিন ক্রোশ বহুলা-বন
অতিবড় গম্ভীর স্থান বিচিত্র-কানন ॥ বহুলের দিনে কৃ
করেন গোচারণ। বহুলা-পান করেন কৃষ্ণ সঙ্গে সখাগণ
ব্রজের নৈঋতে কুমুদ-বন দশ ক্রোশ। গোচারণ করি কৃ
পাইল সন্তোষ ॥ বহুতৃণ তথা ধেনু খাঞা তৃপ্ত হৈল। ধে
সুখেতে কৃষ্ণ বহু সুখ পাইল ॥ শ্রীবৃন্দাবনের পশ্চিমে কা
বন। অষ্টাদশ ক্রোশ সেই বিচিত্র-কানন ॥ সেই বনে কৃ
চন্দ্র বহু কৃপা কৈল। মুরলীর ধ্বনিতে পাষাণ-দ্রব হৈল
কৃষ্ণের চরণ-চিহ্ন রহিল সেই স্থানে। অদ্যাপি পর্ব্বতে
দেখ বিদ্যমানে ॥ রাধা লৈয়া বহু-লীলা কৈল সেইবনে
রাম-রূপ রাধায় দেখাইল সে স্থানে ॥ বৃন্দাবনের দক্ষি
পঞ্চ-ক্রোশ মধু-বন। নানা-বৃক্ষ নানা-লতা বিচিত্র-কান
বলরাম সঙ্গে কৃষ্ণ কৈল মধু-পান। সেই বনে ধ্রুব পা
কৃষ্ণে করি ধ্যান ॥ বহু খেলা গোচারণ কৈল সেইবনে।
যুদ্ধ জল-কেলি কৈল সখাসনে ॥ রাধিকার সঙ্গে রাস কৈ
বৃন্দাবনে। নানা খেলা গোচারণ যমুনা-পুলিনে ॥ এ
দ্বাদশ বন হইল নির্ণয়। ব্রজের দক্ষিণে মথুরা তিন ক্রো
হয় ॥ বৈকুণ্ঠ জিনিয়া সেই হয় মধুপুরী। মণি-মাণি
নির্ম্মাণ সেই সুবর্ণের পুরী ॥ ব্রজের পশ্চিমে নয় ক্রো
রাধাকুণ্ড। শ্রীরাধাকুণ্ডুর অগ্নিকোণে শ্যামকুণ্ড ॥

কুণ্ডুর সঙ্গমে জল একত্র মিলন। রাধাকুণ্ডুর চারি তটে
চিত্র কুঞ্জবন ॥ পূর্ব্ব তটে রাসস্থলী শ্রীমণিমন্দির। তরু-লতা
নানাপুষ্প নিকুঞ্জ কুটীর ॥ শ্রীরাধাকুণ্ডুর অষ্ট দিগে অষ্ট
কুঞ্জ। উত্তরে মদন-সুখদা ললিতার কুঞ্জ ॥ কতশত কল্পতরু
বিচিত্র-কানন। নানা পুষ্পলতা তাতে করয়ে শোভন ॥
শ্রীকুণ্ডুর ঈশানে হয় বিশাখার কুঞ্জ। নানা-বৃক্ষ নানা-লতা
ফল-ফুল পুঞ্জ ॥ বিশাখানন্দদা নাম কৃষ্ণের রাস-স্থলি।
তাতে কৃষ্ণচন্দ্র করে বহু রাস-কেলি ॥ শ্রীকুণ্ডুর দক্ষিণে কুঞ্জ
চম্পকলতার। অতিনিভৃতকুঞ্জ কামকেলি নাম তার ॥ নানা-
বৃক্ষ নানা-লতা পুষ্প বিকসিত। মলয়া-পবন বহে গন্ধে
আমোদিত ॥ শ্রীকুণ্ডুর পূর্ব্বে চিত্রা-দেবীর কুঞ্জ ভাল।
মনোহর নাম তার পরম রসাল ॥ বহু-রসকেলি কৃষ্ণ কৈল
সেই কুঞ্জে। নানা-বৃক্ষ তরু-লতা ফল-ফুল-পুঞ্জে ॥ শ্রীকুণ্ডুর
পশ্চিমে কুঞ্জ তুঙ্গবিদ্যার। অতিবড় বিচিত্র-কুঞ্জ অরুণ নাম
তার ॥ শ্রীকুণ্ডুর অগ্নিকোণে ইন্দুরেখার স্থান। অতিশীতল
কুঞ্জ চন্দ্রসুখদা নাম ॥ নানা-পুষ্প বিকসিত সেই কুঞ্জ মাঝে।
পূর্ণচন্দ্র উদয় যেন সেই কুঞ্জ সাজে ॥ শ্রীকুণ্ডুর নৈঋতে রঙ্গ-
দেবীর স্থান। সুখদানন্দ নাম তার কৃষ্ণের বিশ্রাম ॥ নানা-
রস-ক্রীড়া কৃষ্ণ কৈল সেই কুঞ্জে। রাধা সঙ্গে দিবা-লীলা
কৌতুক সে কুঞ্জে ॥ শ্রীকুণ্ডুর বায়ব্যে কুঞ্জ হয় সুদেবীর।
বসন্তসুখদা নাম মলয়া বহে ধীর ॥ নানা-বৃক্ষ-লতা-পুষ্প
য় বিকসিত। সে সবার গন্ধে কৃষ্ণ হইল মোহিত ॥ ময়ূর
কোকিল ভৃঙ্গ পক্ষি শুক সারী। আরও নানাপক্ষি আছে সেই
কুঞ্জভরি ॥ এই অষ্টসখীর যে হয় অষ্ট কুঞ্জ। সেই স্থানে

রাধাকৃষ্ণ-লীলা-রস-পুঞ্জ ॥ সূর্য্যপূজাছলে শ্রীরাধিকা সখী-
গণে। এই কুঞ্জে দিবা-রাস কৈল কৃষ্ণ সনে ॥ শ্রীকুণ্ডুর
দক্ষিণে এক ক্রোশ গোবর্দ্ধন। দশ ক্রোশ বেষ্টিত উচ্চ তিন
যোজন ॥ গোবিন্দকুণ্ডু ব্রহ্মকুণ্ডু গোবর্দ্ধনের কাছে। সিদ্ধকুণ্ডু
সঙ্কর্ষণকুণ্ডু সে স্থানে আছে ॥ দানগড় মানগড় সেই গোব-
র্দ্ধনে। শ্রীরাধিকার স্থানে দান সাধিল সেই স্থানে ॥
ব্রজের পশ্চিমে চৌদ্দ ক্রোশ নন্দীশ্বর। নন্দের আলয় সেই
গোপের নগর ॥ সেহ স্বর্ণপুরী বিশ্বকর্ম্মার নির্ম্মাণ। মণি-
মাণিক্য-নির্ম্মাণ কৃষ্ণ-বাসস্থান ॥ শ্রীবৃন্দাবনের স্বরূপ হয়
সেই স্থান। তাহার মহিমা কিছু কহনে না জান ॥ নন্দীশ্বর
অর্দ্ধক্রোশে হয় যাবট গ্রাম। রাধিকার নিজ-গৃহ হয় সে
শ্রীধাম ॥ সেই গ্রামে আছে এক সিন্ধু-সরোবর। যাবট
আছয়ে তার তটের উপর ॥ যাবটের পূর্ব্বদিগে রাধিকা
মন্দির। সুবর্ণের পুরী সেই সুবর্ণের প্রাচীর ॥ মণি-মাণিক্য
নির্ম্মাণ আয়ানের পুরী। নানা-পুষ্প-লতা-বৃক্ষ-পুঞ্জ সারি
সারি ॥ নন্দীশ্বরের দক্ষিণে সঙ্কেত এক ক্রোশ। নিভৃত
নিকুঞ্জে কৃষ্ণ রাসেতে সন্তোষ ॥ কতশত কল্পতরু নানা
পুষ্প-লতা। নানাপক্ষিগণ আছে শব্দ করে তথা ॥ সঙ্কে-
তের পূর্ব্বে হয় কেলি-সরোবর। রাধাকৃষ্ণ জলকেলি করে
বিস্তর ॥ সঙ্কেত-দক্ষিণে ক্রোশৈক বৃষভানু-পুর। রাধিকা
পিতার স্থান অতি সুমধুর ॥ পর্ব্বত উপর সেই সুবর্ণ
পুরী। মণি-মাণিক্য নির্ম্মাণ স্থান অতি চিত্রকারি ॥ বৃষভানু
পুর-পূর্ব্বে সূর্য্যকুণ্ডু তিন ক্রোশ। বৃষভানু সুতা, সূর্য্য
পূজিতে সন্তোষ ॥ সূর্য্যকুণ্ডুর পশ্চিম তটে সূর্য্যের আলয়

র্ণের মন্দির মনোরম অতিশয়।। সূর্য্যকুণ্ড-দক্ষিণে রাধা-
ণ্ড দুই ক্রোশ। সূর্য্যপূজা ছলে রাধাকৃষ্ণের সন্তোষ।।
ণ্ড-তীরে রাধাকৃষ্ণ দিবা-রাসলীলা। সখীগণ লৈয়ে তথা
রে নানা খেলা।। নন্দীশ্বরের পূর্ব্বে কুণ্ড হয় ললিতার।
কডাক, অর্দ্ধডাক হয় বিশাখার।। নানাপুষ্পতরুলতা হয়
ণ্ডতীরে। সুবহুনির্ম্মলজলে কুণ্ড মনো হরে।। নন্দীশ্বরের
ত্তরে পাবন-সরোবর। দক্ষিণে যশোদা-কুণ্ড দেখিতে সুন্দর॥
ন্দীশ্বরের উত্তরে যমুনা অষ্ট ক্রোশ। রাম-ঘাটে বলরাম
াসেতে সন্তোষ॥ কৃষ্ণ রহিলেন যখন মথুরার পাটে।
লরামে পাঠাইল গোপীর নিকটে।। বলরাম প্রবোধিল
র্ব্ব গোপীগণে। সেই ঘাটে লীলা কৈল গোপীগণ সনে॥
াম-ঘাটের পূর্ব্বে দুই ক্রোশ গোপী-ঘাট। গোপীর বস্ত্র হরি
ৃষ্ণ কৈল নানা-নাট॥ গোপী-ঘাটের পূর্ব্বে দুই ক্রোশ
ন্দ-ঘাট। বরুণে হরিয়া নন্দে নিল নিজ পাট॥ বৃন্দা-
নের পূর্ব্বে দুই ক্রোশ মান-সরোবর। নানাবৃক্ষ নানালতা
দখিতে সুন্দর॥ সংক্ষেপে কহিল এই বৃন্দাবন-ধ্যান। সাধক
হইলে ইহার পাইবে সন্ধান॥ কহিতে না পারি বৃন্দাবনের
াহিমা। শিব-ব্রহ্মাদি দেব নাপায় যার সীমা॥ সাধক
হইয়া এই ধামে নিষ্ঠা করি। যে সময়ে যে যে লীলা তাহা
অনুসারি॥ রাগ-ভক্তি মতে যথা ধামে যথা স্থানে। করিবে
ভাবনা সব ভাবের বিধানে।। চৌরাশি ক্রোশ ব্যাপি বৃন্দা-
নমণ্ডলে। বৃত্তান্ত সংক্ষিপ্ত সার বর্ণিল এ স্থলে।। অতঃ-
পর কহি ব্রজতত্ত্ব সে অদ্ভুত। ভাগবতামৃতগ্রন্থে যে আছে
বর্ণিত॥

সত্ত্বমাথুর-স্বরূপঃ পরিচ্ছিন্নোঽপ্যঽথাদ্ভুতঃ।
স্ফারঃ সঙ্কুচিতশ্চ স্যাৎ কৃষ্ণলীলাঽনুসারতঃ॥

কৃষ্ণলীলা অনুসারে অদ্ভুত চরিত। কভু বিস্তারিত ব
হয় সঙ্কুচিত॥ সঙ্কুচিত হইল দেখ যৈছে মহারাসে।
হৈতে গোপীগণ আইসে অনায়াসে॥ বিস্তার হইল য
ব্রহ্মার মোহনে। গোবৎস বালক যত একত্র মিলনে
সর্ব্বদা বসন্ত সুখময়-বৃন্দাবনে। রাধাকৃষ্ণ-নিত্য-লীলা
রাত্রি দিনে॥ এ লীলা সাধন-দেহে করিয়া ভাবনা। সি
দেহ পেয়ে পূর্ণ হইবে বাসনা॥ দিবা রাত্রি রাধাকৃষ্ণে
যে যে লীলা হয়। তদুচিত সেবা কিছু দিয়ে পরিচয়॥

শ্রীরাধাপ্রাণবন্ধোশ্চরণকমলয়োঃ কেশশেষাদ্যগম্যা,
যা সাধ্যা প্রেমসেবা ব্রজচরিতপরৈর্গাঢ়লৌল্যৈকলভ্যা।
সা স্যাৎ প্রাপ্তায় যাতাং প্রথয়িতুমধুনা মানসীমস্য সেবাং
ভাব্যাং রাগাধ্বপান্থৈর্ব্রজমনুচরিতং নৈত্যিকং তস্য নৌমি

ব্রজে কৃষ্ণের যেই নিত্য চরিত্র প্রচার। তাহা নমস্ক
কহি সেবার বিস্তার॥ শ্রীরাধার প্রাণবন্ধু ব্রজেন্দ্রনন্দন
ব্রজেন্দ্রনন্দনের পুনঃ রাধা প্রাণধন॥ সে পদকমলে সাধ
প্রেমসেবা হয়। ব্রহ্মাশিবশেষাদির গম্য কভু নয়॥ হে
সেবা রাগ-মাত্রে লভে ব্রজ-জনে। তার আনুগত্যে ভক্তজ
ভাবে মনে॥ শুন এবে অষ্টকালের সেবা বিবরণ। সূত্র
রূপে এক শ্লোকে সকল বর্ণন॥

কুঞ্জাদ্গোষ্ঠং নিশান্তে প্রবিশতি কুরুতে দোহনান্না-
শনাদ্যাম্, প্রাতঃ সায়ঞ্চ লীলাং বিহরতি সখিভিঃ
সঙ্গবে চারয়ন্ গাঃ। মধ্যাহ্নে চাথ নক্তং বিল-

সতি বিপিনে রাধয়াহ্নাহপরাহ্নে, গোষ্ঠং যাতি
প্রদোষে রময়তি সুহৃদো যঃ স কৃষ্ণোহবতান্নঃ ॥

নিশা-শেষে কুঞ্জ হইতে গোষ্ঠে প্রবেশিল। ১। প্রাতে গো-দোহন-ভোজনাদি-ক্রিয়া কৈল॥ ২ ॥ পূর্ব্বাহ্নেতে গোচারণ করি সখা সঙ্গে। ৩। মধ্যাহ্নকালেতে বনে বিলসয়ে রঙ্গে॥ ৪ ॥ অপরাহ্নে পুনর্গোষ্ঠে প্রবেশ করিয়া। ৫। সন্ধ্যাকালে সব সুহৃজ্জনে সুখ দিয়া॥ ৬॥ রাত্র্যারম্ভে প্রিয় সঙ্গে করিয়া ভোজন। ৭। রজনীতে কুঞ্জে রাধা সঙ্গে বিহরণ॥ ৮॥ অষ্টকালে এইরূপে যার লীলা সদা। হেন কৃষ্ণ আমারে রক্ষা করুন সর্ব্বদা॥ প্রথমে একত্রে সব লীলা নিবেদিয়া। একে একে কহি সব এবে বিবরিয়া॥

রাত্র্যন্তে ত্রস্তবৃন্দেরিতবহুবিরবৈ-র্বোধিতৌ কীর-
শারী, পদ্যৈর্হৃদ্যৈরহৃদ্যৈরপি সুখশয়নাদুত্থিতৌ
তৌ সখীভিঃ। দৃষ্টৌ হৃষ্টৌ তদাত্ত্বোদিতরতিল-
লিতৌ কক্‌খটীগিঃ-সশঙ্কৌ, রাধাকৃষ্ণৌ সতৃষ্ণাবপি
নিজনিজধাম্ন্যাপ্ততল্পৌ স্মরামি॥ ১॥

রজনীর শেষে, নিদের অলসে, বৃন্দা চমকিত হইল। যত আচরি, বহুরব করি, শারী শুকে উঠাইল॥ বাক্য মনোহর, কিছু দুঃখকর, শারী শুকে তঁহি কহে। শুনিয়া নাগর, নাগরী কাতর, চমকিত হয় দোঁহে॥ সুখশয্যা হতে, সখীর সহিতে, উঠিয়া দোঁহে বসিল। পরস্পর অঙ্গ, রতিসুখসঙ্গ, নিরখি আনন্দ পাইল॥ তবে দোঁহা হেরি, কক্‌খটী বানরী, দারুণ বচন বলে। অরুণ প্রকাশে, জটিলা আইসে, ইহা শুনি শঙ্কাকুলে॥ সতৃষ্ণা প্রেমেতে, কুঞ্জগৃহ

হৈতে, বাহির হইল দুঃখে। নিজ নিজ ঘরে, গিয়া শয্যো-পরে, অলসে শুইল সুখে॥ তবে সখিগণে, আপন ভবনে, প্রবেশিল রসালসে। শুইল শয়নে, লীলার স্মরণে, নবদ্বীপ দাসে ভাবে॥

রাত্রি-শেষের লীলা এই কহিল প্রথমে। সাধক ভাবিবে ইহা সেবার নিয়মে॥ সখীর সঙ্গিনীরূপ নিজকে মানিয়া। অনঙ্গমঞ্জরীগণ-মধ্যে প্রবেশিয়া॥ রাধাকৃষ্ণের রসালস দেখি নানা রঙ্গে। ডুবিল যুগল আঁখি রূপের তরঙ্গে॥ আছিল যতেক সাধ পূরিল সকল। পুলকে ভরিল তনু করে টল-মল॥ সাত্ত্বিক-বিকার সব প্রকাশিল অঙ্গে। স্বর্ণঝারি হাতে করি গেলা সখীসঙ্গে॥ নিশান্তকালের লীলা প্রকাশি বর্ণনে। প্রাত-লীলা নবদ্বীপচন্দ্রদাস ভণে॥ ১॥

রাধাং স্নাতবিভূষিতাং ব্রজপয়াহূতাং সখীভিঃ প্রগে,
তদ্গেহে বিহিতান্নপাকরচনাং কৃষ্ণাবশেষাশনাম্।
কৃষ্ণং বুদ্ধমবাপ্তধেনুসদনং নির্ব্ব্যূঢ়-গো-দোহনং,
সুস্নাতং কৃতভোজনং সহচরৈস্তঞ্চাথ তাঞ্চাশ্রয়ে॥ ২॥

রাধাকৃষ্ণের গাত্রোত্থান লীলা নিরূপিয়া। শ্লোকের যে অর্থ পাছে কহি বিবরিয়া॥ প্রভাতে জটিলা গেল রাধার মন্দিরে। কপাট খুলিয়া বৃদ্ধা প্রবেশিল ঘরে॥ বধূর হৃদয়ে পীতবস্ত্র নিরখিয়া। নিষ্ঠুর বচন কহে শঙ্কিতা হইয়া॥ ললিতা বিশাখা কোথা পরমাদ হৈল। বধূ অঙ্গে পীতবস্ত্র কেমনে আইল॥ কৃষ্ণের বসন এই হেন অনুমানি। ভাল ভাল বলি সবে করে কাণাকানি॥ বিশাখা আসিয়া কহে শুন ঠাকুরাণি। বৃদ্ধা হৈলে বুদ্ধিলোপ হয় হেন জানি॥

কৌশেয় রঙ্গীম বস্ত্র বসন্ত উৎসবে। রাধিকারে পরাইল আনন্দেতে সবে॥ শ্রীকৃষ্ণের বস্ত্র কাঁহা দেখ রাধা-অঙ্গে। বিচারিয়া নাহি কহ কুতর্ক-তরঙ্গে॥ শুনিয়া জটিলা ভ্রান্তা হইয়া তখনে। ভাবিতে চিন্তিতে গেলা আপন ভবনে॥ তবে বৃষভানুসুতা বাহিরে আইলা। প্রাতঃকৃত্য আদি স্নান বিধান করিলা॥ নানা রসকথা কহি নিজ সখীগণে। বস্ত্র অলঙ্কার সেবা করিলা যতনে॥ হেথা ব্রজেশ্বরী তবে উঠিয়া প্রভাতে। পৌর্ণমাসী সঙ্গে যান কৃষ্ণে জাগাইতে॥ বাল্যলীলা গান দোঁহে করিয়া চলিলা। পরম আনন্দে কৃষ্ণমন্দিরে আইলা॥ কপাট খুলিয়া রাণী কৃষ্ণে জাগাইল। কৃষ্ণের পরিধানবস্ত্র পীত না দেখিল॥ ডাক দিল রোহিণীকে স্নেহাবিষ্ট হইয়া। হেথা আসি রামের মা গো দেখ নিরখিয়া॥ রামের এ নীলবস্ত্র পরিল কেমনে। কপালে গেরির দাগ কস্তুরী বদনে॥ বনে বনে ফিরে সদা না মানে বচন। ইহার উপায় সখি কি করি এখন॥ স্নেহেতে আকুলা রাণী অনেক কহিল। তাহা শুনি কৃষ্ণ তবে উঠিয়া বসিল॥ মাতাকে প্রণাম করি বাহির হইয়া। প্রাতঃকৃত্য আদি সব ক্রিয়া সমাপিয়া॥ জননীর ক্রোড়ে আসি আনন্দে বসিল। ব্রজের বালক সব আসিয়া মিলিল॥ শ্রীদাম সুদাম দাম সুবল উজ্জ্বল। বসন্ত কোকিলার্জ্জুন শ্রীমধুমঙ্গল॥ স্তোককৃষ্ণ ভদ্রসেন আদি সখাগণ॥ কৃষ্ণসঙ্গে গো-দোহনে করিলা গমন॥ তবে ব্রজেশ্বরী কুন্দলতা পাঠাইয়া। রাধিকারে নিজ গৃহে আনিল ডাকিয়া॥ রাধা আসি রাণীপদে প্রণাম করিল। মুখে চুম্ব দিয়া রাণী কহিতে লাগিল॥ শুন

রাধে বাছা মোর রাখ এক বাণী। দুর্ব্বাসার বর তোমায় আমি ভাল জানি ॥ তুমি যেই অন্ন ব্যঞ্জন রন্ধন করিবে তাহা যে খাইবে সেই দীর্ঘায়ু হইবে॥ এত শুনি রাধা তবে রন্ধনে চলিল। কৃষ্ণ গো-দোহন করি মন্দিরে আইল স্নান করি নানা বেশে হইল ভূষিত। অলক-তিলকে রা[illegible] করিল শোভিত॥ রাধিকা আনিয়া দিল দিব্যান্ন-ব্যঞ্জন সখাগণ সঙ্গে কৃষ্ণ করিল ভোজন॥ আচমন করি সুখে শয় করিল। রাধিকা তাম্বূল দিয়া চরণ সেবিল॥ কৃষ্ণ নিদ্র গেল রাধা উঠি ধীরে ধীরে। কপাট ভেজিয়া ধনী আই[illegible] বাহিরে ॥ কৃষ্ণের প্রসাদ অন্ন করিয়া ভোজন। নিজ গৃ[illegible] রসবতী করিলা গমন ॥ প্রাতঃকাল-লীলা এই লিখি[illegible] জানিবে। ইহা আনুগত্যে সেবা সাধক ভাবিবে॥ শ্রীগুরু পাদপদ্ম হৃদয়েতে ধরে। নবদ্বীপচন্দ্র দাস পূর্ব্বাহ্ন লীল স্মরে॥ ২॥

পূর্ব্বাহ্নে ধেনুমিত্রৈর্বিপিনমনুসৃতং গোষ্ঠলোকানুয়াতম্,
কৃষ্ণং রাধাপ্তিলোলং তদভিসৃতিকৃতে প্রাপ্ততৎকুণ্ডতীরম্।
রাধাঞ্চালোক্য কৃষ্ণং কৃতগৃহগমনামার্য্যয়ার্কার্চ্চনায়ৈ,
দিষ্টাং কৃষ্ণপ্রবৃত্ত্যৈ প্রহিতনিজসখীবর্ত্মনেত্রাং স্মরামি ॥[illegible]

পূর্ব্বাহ্নে নন্দের গৃহে গোধন লইয়া। ব্রজের বালক স[illegible] মিলিল আসিয়া॥ শিঙ্গা-বেণু-রবে সবে নাচিতে লাগিল। উৎকণ্ঠিত ব্রজবাসী দেখিতে আইল॥ গোচারণ-বেশ কৈল কৃষ্ণ বলরাম। দোঁহে হয় দোঁহাকার তুলনার ধাম॥ যাত্রা কালে জননীর চরণ বন্দিয়া। বিপিনে চলিল সবে ধেনুগণ লৈয়া॥ হৈ হৈ হম্বা রব সবে পাইল শুনিতে। গৃহ ছাড়ি

পীগণ আইল দেখিতে ।। কৃষ্ণমুখ চাহি সবে করে নিবে-
। কিবা গৃহবাসে, বনে যায় প্রাণধন ।। তবে কৃষ্ণ
পীগণ দেখি নানা-রঙ্গে। রাধারে সঙ্কেত কৈল নয়ন-
ঙ্গে ।। ধেনু লইয়া সখা সঙ্গে কৌতুক আচরি। বনে
বশিল কর-তালে গান করি ।। বন-মধ্যে গোচারণ আর
া খেলা। স্থানে স্থানে যূথে২ গোবৎসের মেলা ।। মধু-
লেরে, সুবলেরে সঙ্গে করি। সর্ব্বাগ্রে চলিল কৃষ্ণ দোঁহা-
 ধরি ।। রাধার দর্শন লাগি উৎকণ্ঠিত মন। রাধা-
-তীরে তবে করিল গমন ।। নন্দালয় হৈতে রাধা নিজ-
 গেল। কোথা কুন্দলতা বলি জটিলা ডাকিল ।। আজ
ক্ষণ এক কহিল বিচার। বধূ লৈয়া সূর্য্যপূজা করাবে
ার ॥ এত বলি জটিলা গেল গৃহকর্ম্মান্তরে। কহিতে
ল রাধা তুলসী সখীরে ।। বৃন্দাবনে যাহ সখি কৃষ্ণ
বেষণে। আমরাও আসিতেছি সূর্য্যের পূজনে ॥ শীঘ্র
সিয়ে সম্বাদ আমারে কহিবে। সখীসঙ্গে কৃষ্ণেরে মিলিব
া তবে ।। তুলসীরে পাঠাইয়া অভিসার কৈল। সূর্য্য-
া-ছলে বনমধ্যে প্রবেশিল ॥ মদনানন্দ-কুঞ্জেতে সঙ্কেত
য়া। তুলসী মিলিল মালা প্রসাদ লইয়া ।। কৃষ্ণের
াদ-মালা অগ্রে সমর্পিল। উঠাইয়া ললিতা রাধার গলে
॥ মালা-স্পর্শে রাধিকার ভাব উপজিল। কৃষ্ণঅনু-
ার সমুদ্র উথলিল ।। সূর্য্যকে প্রণাম করি চলে ধীরে
। নাগরে মিলিল গিয়া রাধাকুণ্ড-তীরে ।। দোঁহার
নে দোঁহে আনন্দ পাইল। সকলের মনে মহাসুখ
জিল ।। এই রাধাকৃষ্ণলীলা সাধনে ভাবিবে। লীলা

আনুগত্যে সেবা মনে বিচারিবে॥ পূর্ব্বাহ্ণের লীলা এ
বর্ণিয়া অবশেষে। নবদ্বীপদাস মধ্যাহ্ন-লীলা ভাষে॥ ৩

মধ্যাহ্নে ঽন্যোন্যসঙ্গোদিতবিবিধবিকারাদিভূষাপ্রমুগ্ধৌ, বাম্যোৎকণ্ঠাতিলোলৌ স্মরমখললিতাদ্যালিনর্ম্মাপ্তশাতৌ। দোলারণ্যাম্বুবংশীহৃতিরতিমধুপানার্কপূজাদিলীলৌ, রাধাকৃষ্ণৌ সতৃষ্ণৌ পরিজনঘটয়া সেব্যমানৌ স্মরামি॥ ৪॥

রাধাকৃষ্ণের মিলন লীলা কহি সূত্ররূপ। মধ্যাহে
বিলাস উজ্জ্বল রসভূপ॥ দোঁহার মিলনে দোঁহে বিবশ হইল
কিলকিঞ্চিতাদি ভাব প্রকাশ পাইল॥ সে ভাব দোঁহ
হয় অঙ্গের ভূষণ। মান করি উৎকণ্ঠায় চঞ্চল দুজন
কন্দর্পের যজ্ঞ হয় সখীগণ মেলি। কৃষ্ণসহ হাস পরিহা
কুতূহলী॥ কৃষ্ণের মানস জানি প্রিয়-সহচরী। হিন্দো
দোলয় দোঁহায় নানা রস করি॥ রাধাকুণ্ড অষ্ট দিকে অ
কুঞ্জ হয়। সখীসঙ্গে প্রতি কুঞ্জে গমন করয়॥ পুষ্পে
দ্যানে বিহরিয়া কৈল জল-কেলি। জলমধ্যে নানা-রঙ্গ-র
কুতূহলী॥ কৃষ্ণের সহিতে সখীগণের চাতুরী। পুষ
ঞ্জলি-মধ্যে রাধা বংশী কৈল চুরী॥ বংশী হারাইয়া কৃ
সখীর সহিতে। বাদ অনুবাদ বহু কৈল রস রীতে॥ বং
না পাইয়া কৃষ্ণ লজ্জিত হওয়াতে। তুলসী আনিয়া বং
দিল কৃষ্ণ হাতে॥ বংশী পাইয়া কৃষ্ণ আনন্দিত মন। মিষ্ট
ফল মূল করিল ভোজন॥ মধুপান করি কৈল তাম্বূল চর্ব্বণ
কুঞ্জে সুশয্যায় দোঁহে করিল শয়ন॥ রসের আস্বাদে দোঁ
সুতৃপ্ত হইল। সখীগণ যথা-যোগ্য সেবা সম্পাদিল॥ দোঁ

গ্ন হইলেন মদনতরঙ্গে। প্রিয়-নর্ম্ম-সখীগণ দেখে নানা
ঙ্গে ॥ তবে উঠি রাধা সূর্য্য পূজিবারে গেল। ব্রহ্মচারি-
শে কৃষ্ণ পুরোহিত হৈল ॥ মধুমঙ্গলের সঙ্গে কৌতুক
াচারে। সূর্য্যপূজা করাইল সুখে রাধিকারে ॥ তবে
ষ্ণ গেল যথা নিজ সখাগণ। রাধা পুনঃ নিজালয়ে করিল
মন ॥ মধ্যাহ্নকালের এই লীলা রসময়ী। সাধক ভাবিবে
মে সাধনানুযায়ী ॥ শ্রীগুরুর পদসেবা হৃদি করি আশ।
পরাহ্ণী লীলা ভাবে নবদ্বীপদাস ॥ ৪ ॥

শ্রীরাধাং প্রাপ্তগেহাং নিজরমণকৃতে কৢপ্তনানোপহারাম্,
স্নাতাং রম্যবেশাং প্রিয়মুখকমলালোকপূর্ণপ্রমোদাম্।
কৃষ্ণঞ্চৈবাপরাহ্ণে ব্রজমনুচলিতং ধেনুবৃন্দৈর্বয়স্যৈঃ,
শ্রীরাধালোকতৃপ্তং পিতৃমুখমিলিতং মাতৃমৃষ্টং স্মরামি ॥ ৫ ॥

তবে রাধা সঙ্গিসঙ্গে গৃহে প্রবেশিল। পাণ-বীড়া মৃগ-
-চন্দন রচিল ॥ এ সব রচনা করি পুনঃ স্নান কৈল।
ায়সখীগণে বেশ ভূষা পরাইল ॥ মনোহর-বেশে অট্টা-
কার উপরে। কৃষ্ণ-সন্দর্শনে গেল আনন্দ অন্তরে ॥ এথা
াড়া-মোদে অপরাহ্ন আসি হৈল। বাল বৎস লইয়া
ষ্ণ ব্রজে প্রবেশিল ॥ শিঙ্গা বেণু বাজে কত বাজে কর-
ল। হই-হই-হাম্বা-রব করে গো-গোপাল ॥ দ্বাদশ
াপাল চারিদিগে, কৃষ্ণ মাঝে। সবার সমান বল বেশ
াল সাজে ॥ আর সব গোপাল আগে আছে কত ছলে।
চলেতে আয় ভাই যাই চল বলে ॥ প্রিয়-মুখ-কমল
রখি কমলিনী। মনের আনন্দে পরিপূর্ণ হৈল ধনী ॥ কৃষ্ণ
ামুখ হেরি আনন্দে ভাসয়। নয়নে নয়নে প্রেমসন্ধান

করয় ॥ দোঁহার প্রেমের রীতি দেখি সখীগণ। পরস্প
চাহে সবে আনন্দিত মন ॥ কতক্ষণে নন্দীশ্বরে কৃষ্ণ প্রবে
শিল। আনন্দিত ব্রজবাসী কৃষ্ণেরে বেড়িল ॥ নন্দ উ
নন্দ দোঁহে রামকৃষ্ণ হেরি। উথলিল দোঁহাকার প্রেমে
লহরি ॥ রোহিণী যশোদা রামকৃষ্ণে লৈয়া কোলে। শ
শত চুম্ব দিল বদনকমলে ॥ মঙ্গল আচরি রামকৃষ্ণে ঘ
লৈল। শ্রীঅঙ্গ মার্জ্জন করি সুখে বসাইল ॥ স্বর্ণথা
কর্পূরের দীপাবলি জ্বালি। আরতি করিল রাণী গোপীগ
মেলি ॥ অপরাহ্নকাল লীলা এইত জানিবে। সাধনা
গত্যে সেবা সাধক ভাবিবে ॥ সখীর অনুগা সেবা পাইবা
আশে। নবদ্বীপচন্দ্রদাস সায়ং-লীলা ভাষে ॥ ৫ ॥

সায়ং রাধাং স্বসখ্যা নিজরমণকৃতে প্রেষিতানেকভোজ্যা
সখ্যানীতেশশেষাশনমুদিতহৃদাং তাঞ্চ তঞ্চ ব্রজেন্দুম্।
সুস্নাতং রম্যবেশং গৃহমনুজননী-লালিতং প্রাপ্তগোষ্ঠম্,
নির্ব্যূঢ়োস্রালিদোহং স্বগৃহমনুপুনর্ভুক্তবন্তং স্মরামি ॥ ৬।

তবে সন্ধ্যাকাল জানি, বৃষভানুর নন্দিনী, অট্টালিকা হৈতে
গেল ঘরে। বিশাখা সহিতে তথা, কৃষ্ণের অনুরাগ কথা
কহে সুখে বিরল মন্দিরে ॥ করি নানা উপহার, মিষ্টা
বিবিধ আর, পান মাল্য সুগন্ধি চন্দন। নিজসখী হাতে
দিয়া, প্রেমচিহ্ন জানাইয়া, পাঠাইল কৃষ্ণের কারণ ॥ সখী
নন্দালয়ে গিয়া, রাধিকার নাম দিয়া, কৃষ্ণে উপহার সম
র্পিল। কিছু কিছু ভুঞ্জাইয়া, গন্ধ মাল্য অঙ্গে দিয়া, মিলনে
সঙ্কেত কহিল ॥ শুনি কৃষ্ণ প্রেমভরে, সখীরে সম্মান করে
মালা প্রসাদ দিয়া বিদায় কৈল। প্রসাদ লইয়া ধনি, রাধি

ক্ষারে দিল আনি, রাধা সুখে ভোজন করিল ।। হেথা পুনঃ ব্রজেশ্বরী, কৃষ্ণচন্দ্রমুখ হেরি, আনন্দেতে হইল অধীর। স্নেহের প্রসর-ভরে, গদগদবাণীস্বরে, নয়নে বহয়ে প্রেম-নীর ।। স্নান অঙ্গ-সম্মার্জ্জনে, রতনের বিভূষণে, মনোহর-বেশে সাজাইয়া। রূপের মাধুরী হেরি, অনিমিষে ব্রজেশ্বরী, রহে যেন চিত্রার্পিতা হৈয়া ।। তবে কৃষ্ণ বলরাম, করি কিছু বিশ্রাম, গো-দোহন করিবারে গেলা। যাইতে আসিতে পথে, ব্রজবালকের সাথে, রস-পরিহাস নানা-খেলা ।। গো-দোহন সমাপিয়া, গোষ্ঠ হৈতে গৃহে গিয়া, জননীর নিকটে বসিল। তবে নন্দ-রাজ-রাণী, ভক্ষণের দ্রব্য আনি, যতন করিয়া কৃষ্ণে দিল ॥ জননীর মুখ হেরি, আনন্দে ভোজন করি, সুকোমল পালঙ্কে শুইলা। ব্রজের বালক ত, গৃহে গিয়া এই মত, গান করে সবে কৃষ্ণলীলা ।। তঁহি ন্দলতা ধনী, সুরস তাম্বূল আনি, দিল কর্পূরাদি মুখবাস। মধুমঙ্গল আসি, ধীরে ধীরে কাছে বসি, সব খেয়ে উঠাইল স ।। সায়ংকালের এই লীলা, সংক্ষেপেতে নিবেদিলা, দ্বীপদাস প্রীত মনে। সাধনে আপন মনে, ভাবিবেক যতনে, সখীদের অনুগত হৈয়া ।। ৬ ।। প্রদোষকালের লা বর্ণিবার আশে। নবদ্বীপচন্দ্রদাস সেবানন্দে ভাসে ॥

াধাং স্বালীগণান্তামসিতনিশাযোগ্যবেশাং প্রদোষে,
ত্যা বৃন্দোপদেশাদভিসৃতযমুনাতীরকল্পাগকুঞ্জাম্।
ঞ্চং গোপৈঃ সভায়াং বিহিতগুণিকলালোকনং স্নিগ্ধমাত্রা,
াদানীয় সংশায়িতমথ নিভৃতং প্রাপ্তকুঞ্জং স্মরামি ॥ ৭ ॥

তবে রাধা-বিনোদিনী, রজনী আরম্ভে ধনী, নিজ সখী-

গণ মধ্যে ছিলা। কৃষ্ণে অনুরাগ মনে, উথলয় অনুক্ষণে,
তাহে অতি চঞ্চলা হইলা॥ জ্যোৎস্না-অন্ধকারোচিত, যবে
যেই সুবিহিত, সেই মত সখী কৈল বেশ। দূতীর আদে
পাই, যমুনার তীরে রাই, কুঞ্জমধ্যে করিল প্রবেশ॥ কুঞ্জবনে
ঘুরি ফিরি, কুসুম-চয়ন করি, মনোমত শয্যা বিরচিয়া। বিহা
রের দ্রব্য লৈয়া, রাই উৎকণ্ঠিতা হৈয়া, আছে কৃষ্ণের পং
নিরখিয়া॥ এথা কৃষ্ণ বলরাম, নিখিল গুণের ধাম, গোপ
সভা-মধ্যে-প্রবেশিল। দেখি রামকৃষ্ণানন, আনন্দিত মুনি
গণ, নৃত্য গীত করিতে লাগিল॥ কতক্ষণে নন্দরাণী, রাম
কৃষ্ণে গৃহে আনি, সুখে করি কথোপকথন। বিমল বাৎ
সল্যরসে, আনন্দসাগরে ভাসে, নিরখিয়া দোঁহার বদন
রোহিণী তাহার পরে, রামে নিয়া নিজ ঘরে, পালঙ্ক উপ
শোয়াইল। অনেক যতন করি, রত্নালয়ে ব্রজেশ্বরী, শ্রীকৃ
শয়ন করাইল॥ আপন মন্দিরে তথা, নন্দ সঙ্গে করি কং
সুখে দোঁহে করিল শয়ন। দশদণ্ড রাত্রিশেষে, শ্রীকৃ
নাগরবেশে, কুঞ্জমধ্যে করিল গমন॥ দোঁহে তঁহি দরশনে
আনন্দ বাঢ়িল মনে, প্রেমে অঙ্গ হইল অবশ। দোঁ
দোঁহা মুখ হেরি, দোঁহো বাহু ধরাধরি, আস্বাদয় বা
সরস॥ দরিদ্র পাইল যেন, বহু মূল্য মহাধন, দোঁহা
মিলনে হেন জানি॥ রসকেলি পারাবারে, ডুবি রহে নিং
ন্তরে, নবদ্বীপদাস মনে মানি॥ ৭॥ প্রদোষ-সপ্তমকালে
লীলার স্বরূপ। সাধনানুগত্যে ভাবি পাবে সিদ্ধ রূপ।
অষ্টমী-রাত্রির লীলা বর্ণিবার আশে। শ্রীরূপের শ্লোক নব
দ্বীপদাসে ভাষে॥

তাবুৎকৌ লব্ধসঙ্গৌ বহুপরিচরণৈর্বৃন্দয়ারাধ্যমানৌ,-
গানৈর্নর্ম্মপ্রহেলীসুলপননটনৈ রাসলাস্যাদিরঙ্গৈঃ।
প্রেষ্ঠালীভি-র্লসন্তৌ রতিগতমনসৌ মৃষ্টমাধ্বীকপানৌ,
ক্রীড়াচার্য্যৌ নিকুঞ্জে বিবিধরতিরণৌদ্ধত্যবিস্তারিতাস্তৌ॥৮
তাম্বূলৈ-র্গন্ধমাল্যৈ-র্ব্যজনহিমপয়ঃপাদসম্বাহনাদ্যৈঃ,
প্রেম্না সংসেব্যমানৌ প্রণয়িসহচরীসঞ্চয়েনাপ্তশাতৌ।
বাচা কান্তৈরণাভির্নিভৃতরতিরসৈঃ কুঞ্জসুপ্তালিসংঘৌ,
রাধাকৃষ্ণৌ নিশায়াং সুকুসুমশয়নে প্রাপ্তনিদ্রৌ স্মরামি॥৯

রাধাকানু চিত, ছিল উৎকণ্ঠিত, পরস্পর না দেখিয়া। মিলন হইল, আনন্দ পাইল, নিকুঞ্জ-ভবনে গিয়া॥ এ হেন সময়ে, কৌতুক হৃদয়ে, বৃন্দা দেবী আসি মিলে। বহু পরিচার, করিয়া প্রচার, সেবা করে কুতূহলে॥ নানাবিধ গান, প্রহেলী আখ্যান, নৃত্যরাস-রসরঙ্গে। বচন-মাধুরী, রসের চাতুরী, প্রচারিয়া সখী সঙ্গে॥ আর কত শত, আছে নানামত, বনদেবী-বিরচনে। যাহার নির্ম্মাণ, সর্ব্বগুণাধান, সুখময় বৃন্দাবনে॥ সখীর সমাজে, রাধা শ্যাম রাজে, উপমা নাহিক হয়। রতি অনুগত, দোঁহাকার চিত, দোঁহাতে আবিষ্ট হয়॥ সুখে মধুপানে, সুখের বিধানে, ক্রীড়ায় আশ্চর্য্য দোঁহে। নিকুঞ্জ ভবনে, নানা-রতি-রণে, চাপল্য-বিধায় রহে॥ ৮॥

কর্পূরতাম্বূল দিয়া, গন্ধমাল্য বিরচিয়া, হিমজল চামরব্যজন। প্রণয়ে আকুল মন, দোঁহা-পাদ-সম্বাহন, করে প্রিয়সহচরীগণ॥ বচনচাতুরী-ছলে, নিজ অভিপ্রায় বলে, বিরলে মধুর রসে আশা। সুচতুরা সখীজন, বুঝিয়া দোঁহার মন, লীলা নিরীক্ষণের লালসা॥ কেহ কোনো ছল করি, একে একে

সহচরী, কুঞ্জ হৈতে বাহির হইল। গবাক্ষের রন্ধ্র দিয়া, রস বেশ নিরখিয়া, নিজ-নিজ-শয়নে শুইল ॥ রাধা-শ্যাম-সুবি লাসে, আকুল মদনালসে, নিদ্রা গেল কুসুমশয়নে। আ আধ অঙ্গ শ্যাম, আধ আধ গৌর ধাম, নীলমণি জড়ি কাঞ্চনে॥ সুখময় বৃন্দাবনে, এই লীলা দিনে দিনে, রা শ্যাম করে নিরন্তরে। সুরসিক ভক্তগণ, অদ্যাপিহ দরশ করে সদা আনন্দ অন্তরে ॥ এ লীলা অষ্টম কালে, সাধ ভাবিবে ভালে, সখী-ভাবে সেবা নিরূপণ। সখী-ভাব বিন ভাই, অন্য ইহা জানে নাই, নবদ্বীপদাসের নিবেদন ॥ ৯।

ইহা মধ্যে ভক্তিশাস্ত্র-মত অনুসারি। লীলার সিদ্ধা কিছু বর্ণিয়ে বিবরি ॥

প্রকটাঽপ্রকটা চেতি সা লীলা দ্বিবিধোচ্যতে।
অতঃ প্রকটলীলায়াং কৃষ্ণো মধুপুরং ব্রজেৎ ॥

প্রকট অপ্রকট এই দুই কৃষ্ণ-লীলা। শাস্ত্রে দুই লী কিন্তু নিত্যত্বে স্থাপিলা ॥ অপ্রকটে সদা কৃষ্ণ রহে বৃন্দা বনে। প্রকট-লীলাতে করে গমনাগমনে ॥ দ্বারকা মথু ব্রজে গোলোকেতে আর। এই চারি হয় কৃষ্ণলীলার প্রচার শুদ্ধমাধুর্য্যের ধাম হয় বৃন্দাবন। গোলোকে ইহার মধ্যে ঐশ্বর্য্য-প্রকটন ॥ সাধকেরা নিজ নিজ ভজনানুভাবে গুণময় দেহ ত্যজি নিত্যদেহ পাবে ॥ ভজনে অভীষ্ট স্থানে রহিবে তাবৎ। শ্রীকৃষ্ণ প্রকটলীলা করয়ে যাবৎ॥ প্রকটলীলাতে ব্রজে জনম লইয়া। বাসনানুসারে সিদ্ধ শরীর পাইয়া ॥ নিত্যসিদ্ধ নিজগণমধ্যে প্রবেশিবে। শ্রী কৃষ্ণের সেবাসুখে সদাই রহিবে ॥ কিম্বা অন্য ব্রহ্মাণ্ডে

কটলীলায়। ব্রজে জনমিয়া রহে কৃষ্ণের সেবায়॥ ব্রজে ন্ম বিনা নহে নিত্যসিদ্ধ ভক্ত। রাধাকৃষ্ণ-রসরীতি না হয় ব্যক্ত॥ দেখ ব্রজে যে যে গোপী গৃহে রুদ্ধা ছিল। শ্রীকৃষ্ণ হিত তাদের রাস না হৈল॥ ধ্যানবলে কৃষ্ণপ্রাপ্তি তাহা-র হয়। সেইক্ষণে শরীরের গেল গুণময়॥ এইরূপে নর্জন্ম বৃন্দাবনে হৈল। কিম্বা দেহ ত্যজি পুন ব্রজে জন-ল॥ নিত্যসিদ্ধগণ-মধ্যে প্রবেশ করয়। প্রকটলীলাতে ষ্ণ-সঙ্গ-প্রাপ্তি হয়॥ তবে সে গৌরাঙ্গ-লীলায় নবদ্বীপ-মে। ব্রজ-নিত্য-পরিকর আসিয়া জনমে॥ যে যে পরি-র হয় যেমন অন্তরঙ্গ। সেই অনুসারে লভে সেই ভক্তি ঙ্গ॥ ইহাদের জনম আছিল অন্য স্থানে। বিবাহ করিয়া াপ বৃন্দাবনে আনে॥ পূর্ব্বে মুনি ইহারা দণ্ডকারণ্য-বাসী। রামে দেখিয়া কৃষ্ণে হইল অভিলাষী॥ প্রিয়ভাবে কৃষ্ণ াভোগে লোভ হইল। অতএব নারী হইয়া জনম পাইল॥ ম ইচ্ছা করি সবে কৃষ্ণে কৈল মন। তাহাতে হইল ভব-ন্ধু-বিমোচন॥ ক্রমে ক্রমে প্রাপ্ত হইল ব্রজেন্দ্রনন্দন। র প্রাপ্ত হইল সুদুর্লভ প্রেমধন॥

পুরা মহর্ষয়ঃ সর্ব্বে দণ্ডকারণ্যবাসিনঃ।
দৃষ্ট্বা রামং হরিং তত্র ভোক্তুমৈচ্ছন্ সুবিগ্রহম্॥
তে সর্ব্বে স্ত্রীত্বমাপন্নাঃ সমুদ্ভূতাশ্চ গোকুলে।
হরিং সংপ্রাপ্য কামেন ততো মুক্তা ভবার্ণবাৎ॥

হেন কত বহু শত প্রমাণ আছয়ে। তাহা না লিখিল বাহুল্যের ভয়ে॥ যাহা না লিখিলে নহে তাহাই খিল। আনুসঙ্গক্রমে কিছু পরিচয় দিল॥ ইথে ভক্ত-

বৃন্দ মোর দোষ না লইবে। প্রসঙ্গ দ্বারাতে সব বিশে
জানিবে।। *বৈষ্ণব গোসাঞি কৃপা করহ কিঞ্চিৎ।* পূর্ণক
নবদ্বীপদাসের বাঞ্ছিৎ।।

এবে কিছু কহি কৃষ্ণলীলার বিধান। প্রতিদিনে প্রতি
দণ্ডে যেমত সন্ধান।। বিশেষানুরাগিভক্ত সন্তোষ কারণ
বর্ণিব সংক্ষেপে রাধাকৃষ্ণ আচরণ।। দণ্ডাত্মিকী লীলা হ
যাহার আখ্যান। ভাবিবে ভাবনা-যোগ্য সাধক-প্রধান।
সনৎকুমার সংহিতায় প্রমাণ বচন। নারদমুনি সহ বৃন্দা
দেবী সম্বাদন।।

অথ শ্রীসনৎকুমার সংহিতায়াম্। শ্রীনারদ উবাচ।

তত্ত্বং বেদিতু-মিচ্ছামি নৈত্যিকং চরিতং হরেঃ।
তদাদিতো মম ব্রূহি যদি যোগ্যোঽস্মি শোভনে।।

শ্রীবৃন্দা উবাচ।

রহস্যমপি বক্ষ্যামি কৃষ্ণভক্তোঽসি নারদ।
ন প্রকাশ্যং ত্বয়া হ্যেতদ্ গুহ্যাদ্ গুহ্যতমং মহৎ।।
মধ্যে বৃন্দাবনে রম্যে পঞ্চাশৎকুঞ্জমণ্ডিতে।
কল্পবৃক্ষনিকুঞ্জে তু দিব্যে রত্নময়ে গৃহে।।
নিদ্রিতৌ তিষ্ঠতস্তল্পে নিবিড়ালিঙ্গিতৌ মিথঃ।
মদাজ্ঞাকারিভিঃ পশ্চাৎ পক্ষিভির্বোধিতাবপি।।
গাঢ়ালিঙ্গননির্ভেদমাপ্তৌ তদ্ভঙ্গকাতরৌ।
ন মনস্কুরুতস্তল্পাৎ সমুত্থাতুং মনাগপি।।
ততশ্চ শারিকাসংঘৈঃ শুকাদ্যৈরপি তৌ মুহুঃ।
বোধিতৌ বিবিধৈঃ পদ্যৈঃ স্বতল্পাদুদতিষ্ঠতাম্।।
উপবিষ্টৌ ততো দৃষ্ট্বা সখ্যস্তল্পে মুদান্বিতৌ।

প্রবিশ্য চক্রিরে সেবাং তৎকালস্যোচিতাং তয়োঃ ॥
পুনশ্চ শারিকাবাক্যৈরুত্থায় তৌ স্বতল্পতঃ।
গচ্ছতঃ স্ব-স্ব-ভবনং ভীত্যুৎকণ্ঠাকুলৌ মিথঃ ॥
প্রাতশ্চ বোধিতো মাত্রা তল্পাদুত্থায় সত্বরম্।
কৃত্বা কৃষ্ণো দন্তকাষ্ঠং মাত্রা চ সখিভির্বৃতঃ ॥
মাত্রানুমোদিতো যাতি গোশালাং দোহনোৎসুকঃ।
রাধাঽপি বোধিতা বৃদ্ধবয়স্যাভিঃ স্বতল্পতঃ ॥
উত্থায় দন্তকাষ্ঠাদি কৃত্বাঽভ্যঙ্গং সমাচরেৎ।
স্নানবেদীং ততো গত্বা স্নাপিতাঽত্র নিজালিভিঃ ॥
ভূষা-গৃহং ব্রজেত্তত্র বয়স্যা ভূষয়ন্ত্যপি।
ভূষণৈর্বিবিধৈর্দিব্যৈর্গন্ধমাল্যানুলেপনৈঃ ॥
ততশ্চ স্বজনৈস্তস্যাঃ শ্বশ্রূং সংপ্রার্থ্য যত্নতঃ।
পক্তুমাহূয়তে স্বন্নং সখিভিঃ সা যশোদয়া ॥

শ্রীনারদ উবাচ।

কথমাহূয়তে দেবি পাকার্থং সা যশোদয়া।
সতীষু পাককর্ত্রীষু রোহিণীপ্রমুখাস্বপি ॥

শ্রীবৃন্দোবাচ।

পূর্ব্বং দুর্ব্বাসসা দত্তো বরস্তস্যৈ মহামুনে।
ইতি কাত্যায়নীবক্ত্রাচ্ছ্রুতমাসীন্ময়া পুরা ॥
"ত্বয়া যৎ পচ্যতে দেবি তদন্নং মদনুগ্রহাৎ।
মিষ্টং স্বাদ্বমৃতস্পর্দ্ধি ভোক্তুরায়ুস্করং তথা ॥"
ইত্যাহ্বয়তি তাং নিত্যং যশোদা পুত্রবৎসলা।
আয়ুষ্মান্মে ভবেৎ পুত্রঃ স্বাদুলোভাত্তথা সতি ॥
শ্বশ্রানুমোদিতা সাপি হৃষ্টা নন্দালয়ং ব্রজেৎ।

সসখীপ্রকরা তত্র গত্বা পাকং করোতি চ ॥
কৃষ্ণোপি দুগ্ধং গাঃ কাশ্চিদ্দোহয়িত্বা জনৈঃ পরাঃ
আগচ্ছতি পিতুর্বাক্যাৎ স্বগৃহং সখিভির্বৃতঃ ॥
অভ্যঙ্গমর্দ্দনং কৃত্বা দাসৈঃ সংস্নাপিতো মুদা।
ধৌতবস্ত্রধরঃ স্রগ্বী চন্দনাক্তকলেবরঃ ॥
দ্বিফালবদ্ধকেশৈশ্চ গ্রীবাভালোপরি স্ফুরন্।
চন্দ্রাকারস্ফুরদ্ভালতিলকালকরঞ্জিতঃ ॥
কঙ্কণাঙ্গদকেয়ূররত্নমুদ্রালসৎকরঃ।
মুক্তাহারলসদ্বক্ষা মকরাকৃতিকুণ্ডলঃ ॥
মুহুরাকারিতো মাত্রা প্রবিশেদ্ভোজনালয়ম্।
অবলম্ব্য করং সখ্যুর্বলদেবমনুব্রতঃ ॥
হাসয়ন্ বিবিধৈর্বাক্যৈঃ সখীংস্তৈর্হাসিতঃ স্বয়ম্।
ইত্থং ভুক্ত্বা তথাচম্য দিব্যখট্টোপরি ক্ষণম্ ॥
বিশ্রমেৎ সেবকৈর্দত্তং তাম্বূলং বিভজন্নদন্।
রাধাপি ভোজনানন্দং দৃষ্ট্বা যশোদয়াদৃতা ॥
ললিতাদিসখিবৃতা ভুংক্তেঽন্নং লজ্জয়ান্বিতা।
গোপবেশধরঃ কৃষ্ণো ধেনুবৃন্দপুরঃসরঃ ॥
ব্রজবাসিজনৈঃ প্রীত্যা সর্ব্বৈরনুগতঃ পথি।
পিতরং নত্বা সৎকৃত্য নেত্রান্তেন প্রিয়াগণম্ ॥
যথাযোগ্যং তথাচান্যান্ স নিবর্ত্ত্য বনং ব্রজেৎ।
বনং প্রবিশ্য সখিভিঃ ক্রীড়িত্বা চ ক্ষণং ততঃ ॥
বঞ্চয়িত্বা চ তান্ সর্ব্বান্ দ্বিত্রৈঃ প্রিয়সখৈঃ সহ।
সঙ্কেতকং ব্রজেদ্ধর্ষাৎ প্রিয়াসন্দর্শনোৎসুকঃ ॥
সাঽপি কৃষ্ণে বনং যাতে দৃষ্ট্বা তং গৃহমাগতা।

সূর্য্যাদিপূজাব্যাজেন কুসুমাদ্যাহৃতেস্তথা ॥
বঞ্চয়িত্বা গুরূন্ যাতি প্রিয়সঙ্গেচ্ছয়া বনম্ ॥
ইত্থং তৌ বহুযত্নেন মিলিত্বা সগণৈস্ততঃ।
বিহারৈর্ব্বিবিধৈস্তত্র বনে বিক্রীড়তো মুদা ॥
স্যন্দোলিকাং সমারূঢ়ৌ সখীভির্দোলিতৌ কচিৎ।
ক্বচিদ্বেণুং করস্থং তং প্রিয়য়া চোরিতং হরিঃ ॥
অন্বেষয়ন্ পালব্ধো বিপ্রলব্ধঃ প্রিয়াগণৈঃ।
হাসিতো বহুধা তাভির্হৃতস্ব ইব তিষ্ঠতি ॥
বসন্তঋতুনাজুষ্টং বনখণ্ডং ক্বচিম্মুদা।
প্রবিশ্য চন্দনাম্ভোভিঃ কুঙ্কুমাদিজলৈরপি ॥
বিসিঞ্চিতৌ যন্ত্রমুক্তৈস্তৎপঙ্কেনাপি তৌ মিথঃ।
সখ্যঃ পুরো বিসিঞ্চন্তি তাশ্চ তৌ সিঞ্চতঃ পুরঃ ॥
তথান্যাস্বৃতুজুষ্টাসু ক্রীড়তো বনরাজিষু।
তত্তৎকালোচিতৈর্নানাবিহারৈঃ সগণৌ দ্বিজ ॥
শ্রান্তৌ ক্বচিদ্বৃক্ষমূলমাসাদ্য মুনিসত্তম।
উপবিশ্যাসনে দিব্যে মধুপানং প্রচক্রতুঃ ॥
ততো মধুমদোন্মত্তৌ নিদ্রয়া মিলীতেক্ষণৌ।
মিথঃ পাণিং সমালম্ব্য কামবাণবশং গতৌ ॥
রিরংসূ বিশতঃ কুঞ্জং স্খলদ্বাসৌ মনৌ পথি।
ক্রীড়তশ্চ ততস্তত্র করিণীযূথপৌ যথা ॥
সখ্যোপি মধুভির্মত্তা নিদ্রয়া পিহিতেক্ষণাঃ।
অভিতঃ কুঞ্জপুঞ্জেষু সর্ব্বা এব বিসিস্মিরে ॥
পৃথগেকেন বপুষা কৃষ্ণোঽপি যুগপদ্বিভুঃ।
রময়িত্বা চ তাঃ সর্ব্বাঃ করিণীর্গজরাড়িব ॥

প্রিয়াং গত্বা তয়া তাভিঃ সরোবরমথাব্রজৎ।
জলসেকৈর্মিথস্তত্র ক্রীড়িত্বা সগণৌ ততঃ॥
বাসঃস্রক্‌চন্দনৈর্দিব্যভূষণৈরপি ভূষিতৌ।
তত্রৈব সরসস্তীরে দিব্যরত্নময়ে গৃহে॥
অশ্নতঃ ফলমূলানি কল্পিতানি ময়ৈব হি।
হরিস্তু প্রথমং ভুক্ত্বা কান্তয়া পরিবেশিতম্॥
দ্বিত্রিভিঃ সেবিতো গচ্ছেৎ শয্যাং পুষ্পবিনির্ম্মিতাম্
তাম্বূলৈর্ব্যজনৈস্তত্র পাদসম্বাহনাদিভিঃ॥
সেব্যমানো ভৃশংস্তাভির্মোদতে প্রেয়সীং স্মরন্।
রাধিকাঽপি হরৌ সুপ্তে সগণা মুদিতান্তরা॥
অপি তত্র গতপ্রাণা তদুচ্ছিষ্টং ভুনক্তি যৎ।
কিঞ্চ দেব ততো ভুক্ত্বা ব্রজেচ্ছয্যানিকেতনম্॥
দ্রষ্টুং কান্ত-মুখাম্ভোজং চকোরীব নিশাকরম্।
তাম্বূলান্যপি চাশ্নাতি বিভজন্তী প্রিয়ালিভিঃ॥
কৃষ্ণোঽপি তাসাং শুশ্রূষুঃ স্বচ্ছন্দভাষিতং মিথঃ
প্রাপ্তনিদ্র ইবাভাতি বিনিদ্রোঽপি পটাবৃতঃ॥
তাশ্চ ক্ষ্বেল্যাং ক্ষণং কৃত্বা মিথঃ কান্তকথাশ্রয়াঃ।
ব্যাজনিদ্রাং হরের্জ্ঞাত্বা কুতশ্চিদনুমানতঃ॥
বিমৃশ্য বদনং দৃগ্‌ভিঃ পশ্যন্তোঽন্যোন্যমাননম্।
লীনা ইব লজ্জয়া স্যুঃ ক্ষণমূচুর্ন কিঞ্চন॥
ক্ষণাদেব ততো বস্ত্রং দূরীকৃত্য তদগ্রতঃ।
সাধু নিদ্রাং গতোঽসীতি হাসয়ন্তি হসন্তি চ॥
এবং তৌ বিবিধৈর্হাস্যৈ রমমাণৌ গণৈঃ সহ।
অনুভূয় ক্ষণং নিদ্রাসুখঞ্চ মুনিসত্তম॥

উপবিশ্যাসনে দিব্যে সগণৌ বিস্তৃতে মুদা।
পণীকৃত্য মিথোহারচুম্বাশ্লেষপরিচ্ছদান্ ॥
অক্ষৈর্বিক্রীড়তঃ প্রেম্না নর্ম্মালাপপুরঃসরম্।
পরাজিতোঽপি প্রিয়য়া জিতমিত্যবদন্মৃষা ॥
হারাদিগ্রহণে তস্যাঃ প্রবৃত্তস্তাড্যতে তয়া।
তয়ৈবং তাড়িতঃ কৃষ্ণঃ কর্ণোৎপলসরোরুহৈঃ ॥
বিষণ্ণবদনো ভূত্বা গতস্ব ইব নারদ।
জিতোঽস্ম্যহং ত্বয়া দেবি গৃহ্যতাং যৎপণীকৃতং ॥
চুম্বনাদি ময়া দত্তমিত্যুক্ত্বা চ তথাচরৎ।
কৌটিল্যং তদ্ভ্রুবোর্দ্রষ্টুং শ্রোতুঞ্চ ভৎর্সনং বচঃ ॥
ততঃ শারিশুকানাঞ্চ শ্রুত্বা বাগাহবং মিথঃ।
নির্গচ্ছতস্ততঃ স্থানাদ্গন্তুকামৌ গৃহং প্রতি ॥
কৃষ্ণঃ কান্তামনুজ্ঞাপ্য গবামভিমুখং ব্রজেৎ।
সা তু সূর্য্যগৃহং গচ্ছেৎ সখীমণ্ডলসংযুতা ॥
কিঞ্চিদ্দূরং ততো গত্বা পরাবৃত্য হরিঃ পুনঃ।
বিপ্রবেশং সমাস্থায় যাতি সূর্য্যগৃহং প্রতি ॥
সূর্য্যঞ্চ পূজয়েত্তত্র প্রার্থিতস্তৎসখীজনৈঃ।
তদৈব কল্পিতৈর্বেদৈঃ পারিহাস্যাবগর্ভিতৈঃ ॥
ততস্তা অর্পিতং কান্তং পরিজ্ঞায় বিচক্ষণাঃ।
আনন্দ-সাগরে লীনা নাবিদুঃ স্বং ন চাপরম্ ॥
বিহারৈর্বিবিধৈরেবং সার্দ্ধযামদ্বয়ং মুনে।
নীত্বা গৃহান্ ব্রজেযুস্তাঃ স চ কৃষ্ণো গবাং ব্রজেৎ ॥
সঙ্গম্য তু সখীঃ কৃষ্ণো গৃহীত্বা গাঃ সমন্ততঃ।
আগচ্ছতি ব্রজং কর্ষন্ মুত্তানমুরলীরবৈঃ ॥

ততো নন্দাদয়ঃ সর্ব্বে শ্রুত্বা বেণুরবং হরেঃ।
গোধূলিপটলব্যাপ্তং দৃষ্ট্বা চাপি নভস্তলম্॥
বিস্মৃত্য সর্ব্বকর্ম্মাণি স্ত্রিয়ো বালাদয়োঽপি চ।
কৃষ্ণস্যাভিমুখং যান্তি তদ্দর্শনসমুৎসুকাঃ॥
রাধিকাঽভিসমাগত্য গৃহং স্নাত্বা বিভূষিতা।
সংপাচ্য কান্তভোগার্থং দ্রব্যাণি বিবিধানি চ॥
সখীসংঘযুতা যাতি কান্তং দ্রষ্টুং সমুৎসুকা।
রাজমার্গে ব্রজদ্বারি যত্র সর্ব্বে ব্রজৌকসঃ॥
কৃষ্ণোপি তান্ সমাগম্য যথাবদনুপূর্ব্বশঃ।
দর্শনস্পর্শনবচঃস্মিতপূর্ব্বাবলোকনৈঃ॥
গোপবৃন্দান্নমস্কারৈঃ কায়িকৈর্বাচিকৈরপি।
সাষ্টাঙ্গপাতৈঃ পিতরৌ রোহিণীমপি নারদ॥
নেত্রান্তসূচিতৈনৈব বিনয়েন প্রিয়াস্তথা।
এবং তৈশ্চ যথাযোগ্যং ব্রজৌকোভিঃ প্রপূজিতঃ
গবালয়ং তথা গাশ্চ সংপ্রবেশ্য সমন্ততঃ।
পিতৃভ্যামর্থিতো যাতি ভ্রাত্রা সহ নিজালয়ম্॥
স্নাত্বা পীত্বা তথা কিঞ্চিদ্ভুক্ত্বা মাত্রানুমোদিতঃ।
গবালয়ং পুনর্যাতি দোগ্ধুকামো গবাং পয়ঃ॥
তাশ্চ দুগ্ধ্বা দোহয়িত্বা পায়য়িত্বা চ কাশ্চন।
পিত্রা সার্দ্ধং গৃহং যাতি পয়োভারশতানুগঃ॥
তত্রাপি মাতৃবৃন্দৈশ্চ তৎপুত্রৈশ্চ বলেন চ।
সম্ভুংক্তে বিবিধান্নানি চর্ব্ব্য-চূষ্যাদিকান্যথ॥
তন্মাতুঃ প্রার্থনাৎ পূর্ব্বং রাধয়াঽপি তদৈব হি।
প্রস্থাপ্যন্তে সখিদ্বারা পক্বান্নানি তদালয়ম্॥

শ্লাঘয়ংশ্চ হরিস্তানি ভুক্ত্বা পিত্রাদিভিঃ সহ।
পক্কান্নানি গৃহীত্বা যাঃ সখ্যস্তত্র সমাগতাঃ ॥
বহূনি চ পুনস্তানি প্রদত্তানি যশোদয়া।
সখ্যা তত্রত্যয়া দত্তং কৃষ্ণোচ্ছিষ্টং তথা রহঃ ॥
সর্ব্বং তাভিঃ সমানীয় রাধিকায়ৈ নিবেদ্যতে।
সাঽপি ভুক্ত্বা সখীবর্গযুতা তদনুপূর্ব্বতঃ ॥
সখীভির্মণ্ডিতা তিষ্ঠেদভিসর্ত্তুং সমুদ্যতা।
প্রস্থাপ্যতেঽনয়া কাচিদিত এব ততঃ সখী ॥
তয়াভিসারিতা সাঽথ যমুনায়াঃ সমীপতঃ।
কল্পবৃক্ষনিকুঞ্জেঽস্মিন্ দিব্যরত্নময়ে গৃহে ॥
সিতকৃষ্ণনিশাযোগ্যবেশা যাতি সখীযুতা।
কৃষ্ণোপি বিবিধং তত্র দৃষ্ট্বা কৌতূহলং ততঃ ॥
কবিত্বানি মনোজ্ঞানি শ্রুত্বা চ গীতকান্যপি।
ধনধান্যাদিভিস্তাংশ্চ প্রীণয়িত্বা বিধানতঃ ॥
জনৈরাকারিতো মাত্রা যাতি শয্যানিকেতনম্।
মাতরি প্রস্থিতায়াং তু ভোজয়িত্বা ততো গৃহাৎ ॥
সঙ্কেতকং কান্তয়াঽত্র সমাগচ্ছেদলক্ষিতঃ।
মিলিত্বা তা-বুভাবত্র ক্রীড়তো বনরাজিষু ॥
বিহারৈর্বিবিধৈর্বেশলাস্যগীতপুরঃসরৈঃ।
সার্দ্ধযামদ্বয়ং নীত্বা রাত্রেরেবং বিহারতঃ ॥
সুষুপ্সূ বিশতঃ কুঞ্জং পঞ্চষাভিরলক্ষিতৌ।
নির্ব্বৃত্তকুসুমৈঃ কৢপ্তকেলিতল্পে মনোহরে।
সুপ্তাবতিষ্ঠতস্তত্র সেব্যমানৌ প্রিয়ালিভিঃ ॥ ইতি ॥

অথ দণ্ডাত্মকালালা শ্রীরাধাশ্যামসুন্দরস্য।

অতঃপর বৃন্দাবনে নিকুঞ্জ-মন্দিরে। দণ্ডাত্মিকী লীলা
চিন্তে সাধক অন্তরে।। সনৎকুমার সংহিতাতে শ্রীনারদ
মুনি। বৃন্দাদেবী প্রতি প্রশ্ন করে মিষ্টবাণী।। শুন দেবী
শ্রীকৃষ্ণের নৈত্যিক-চরিত। জানিতে আমার চিত্ত হয় উৎ-
কণ্ঠিত।। যদি যোগ্য হই, আদি হৈতে কহ মোরে। হে
শোভনে সব লীলা করিয়া বিস্তারে।। বৃন্দা কহে কৃষ্ণভক্ত
তুমি মুনিবর। রহস্য যদ্যপি তবু কহিব সত্বর।। এই কথ
কহি তোমায় না কহিও কারে। গুহ্য হৈতে গুহ্য উহা
রাখিহ অন্তরে॥ রমণীয় বৃন্দাবন মধ্যে সুশোভন। পঞ্চা-
শত সুমধুর কুঞ্জেতে মণ্ডন।। কল্পবৃক্ষ নিকুঞ্জেতে শ্রীরত্ন
মন্দিরে। বিবিধ কুসুম-শয্যা তাহার উপরে।। শ্রীরাধা-
গোবিন্দ অতি দৃঢ় আলিঙ্গনে। শুতিয়াছে দুই জন মুদিত
নয়নে।। মোর আজ্ঞাকারী শুক-শারি পক্ষিগণ। বচ-
নেতেও, দুহুঁ থাকে নিদ্রা অচেতন।। বিয়োগ কাতরে দুহুঁ
দৃঢ় আলিঙ্গন। শয্যা হৈতে উঠিতেও নাহি করে মন।।
তারপরে শুক শারি নানা সুপদ্যেতে। প্রবোধ করায় দুহু
অতি আনন্দেতে॥ শুকশারিকার ধ্বনি করিয়া শ্রবণ। নিকু-
ঞ্জেতে জাগরিত হৈল সখীগণ।। নিশা-অন্ত-প্রভাত বে
জানিয়া তখন। কুঞ্জ মধ্যে সব সখী করিল গমন।। দেখে
দোঁহে খট্টোপরি অলসে শয়ন। শ্যাম অঙ্গে রাধা অঙ্গ
করি আক্রমণ।। দেখিয়া আনন্দমনে যত সখীগণ। জয়
জয় রাধাকৃষ্ণ কর জাগরণ।। নিকুঞ্জ ত্যজিয়া গৃহে করহ
গমন। লোক-গতাগতি এবে হৈল হে বিষম।। শুনিয়া

খীর বাণী বৃষভানুসুতা। লজ্জায় উঠিতে চায় হৈয়া চম-
ৃতা।। তখন নাগররাজ লৈয়া হৃদি মাঝে। দৃঢ়করি ধরি
াখি সাধে নিজ কায়ে।। হেরিয়া শ্রীকৃষ্ণ-কার্য্য রাধা বিনো-
নী। লজ্জায় বিব্রতা হৈয়া বসিলেন ধনী।। সখী-বৃন্দ-
হ বৃন্দা কহিল বচন। বিপদে ফেলিবে সবায়, কাছে গুরু
ন।। তবে সখীবাক্যে দোঁহে শয্যা হৈতে উঠি। বৈশেন
ানন্দে নিদ্রালস্য-যুক্ত দিঠি।। সে সময়ে সখীগণ ভিতরে
াবেশি। দুহুঁ রূপ হেরে প্রেমসাগরেতে ভাসি।। তৎকাল
চিত সেবা করে সখীগণ। স্বপ্রাণের সহ দোঁহার করে
ার্জ্জন॥ এইরূপে যত প্রিয়নর্ম্মসখীগণ। নিজ নিজ যোগ্য
নবা করিল সাধন।। শয্যা হৈতে উঠি পুনঃ সখীর বচনে।
াজ নিজ গৃহে দুহুঁ করয়ে গমনে।। ভয়োৎকণ্ঠা-ব্যাকু-
ত উভয়ের মন। নিজ নিজ শয্যাতে দুহুঁ করিল শয়ন।।
ীগণ স্বস্ব গৃহে করয়ে গমন। যাহার যে মত সেবা করি
ম্পাদন।। নির্জ্জনেতে নিজগৃহে করিল প্রবেশ। প্রাতঃ
ল হৈল আসি দিবস বিশেষ।। এখানে শ্রীনন্দালয়
নন্দ-গৃহিণী। জাগি জাগাইল যত্নে কৃষ্ণ নীলমণি॥ ক্রোড়ে
ায়া কত শত চুম্বন করিয়া। অশ্রুজলে ভাসি যায় মহা-
দ পাইয়া।। কৃষ্ণাঙ্গ কৃশাঙ্গ হেরি রাণী যশোমতি। স্নেহ-
ক্ত বাক্য বলে বালকের প্রতি।। নিদ্রাভঙ্গ হৈল বাছার
পূ রাক্ত জলে। মুখ-প্রক্ষালন কর এবে কুতূহলে॥ এখানে
বটগ্রামে প্যারিজীউ স্থানে। রজনী প্রভাতা হেরি মুখ-
দিগণে।। গবাক্ষের দ্বার দিয়া চক্ষু প্রসারিয়া। দেখিছে
অঙ্গশোভা অতিহৃষ্ট হৈয়া।। পীতাম্বর দেখি অঙ্গে চম-

কিয়া কয়। কালার বসন রাই অঙ্গে কেন রয়॥ সে বাণী
শুনিয়া ধনী বিশাখা সুন্দরী। সঙ্গোপনে পরাইল নীলপট্ট
সাড়ি॥ ঈষদ হাসিয়া রাই সখীমধ্যে আইল। কর্পূরাক্ত
জলে পরে মুখ প্রক্ষালিল॥ ১দণ্ড॥ এথা প্রাতঃকালে নিজ
নন্দনমন্দিরে। যশোদার ডাকে কৃষ্ণ উঠিয়া সত্বরে॥ দৃঢ়া
লস্য দূর কৈল পার্শ্ব-মোড়া দিয়া। জননী চরণে নতি করে
নম্র হৈয়া॥ দন্তধাবনাদি করি সখাগণ সঙ্গে। মাত্রাসুমো
দনে গোশালায় যায় রঙ্গে॥ ধবলি শ্যামলি বলি ডাকে ঘন
ঘন। সখা সঙ্গে গাভি দুগ্ধ করয়ে দোহন॥ তবেত শ্রীনন্দা
লয়ে শ্রীনন্দকিশোর। হস্তমুখ প্রক্ষালিত করিয়া তৎপর॥
দাসগণ গন্ধ-তৈল মৰ্দ্দন করিল। যমুনা যাইতে শীঘ্র
উদ্যোগী হইল॥ এথা শ্রীরাধিকা নিজ শয়ন-মন্দিরে।
মুখরাদি সখী-বাক্যে জাগিল তৎপরে॥ তা সবার বচনে
শয্যা হৈতে উঠিয়া। দন্তধাবনাদি করে আনন্দিত হৈয়া॥
তবে কৃষ্ণপ্রেমময় সখীগণ সনে। হস্ত মুখ প্রক্ষালিয়া
বসিল আসনে॥ প্রিয়সখীগণ সবে বেণী মুক্ত কৈল।
স্বস্তিকাখ্য কাঁকুই দিয়া কেশ বিন্যাসিল॥ আমোদিত তৈল
অঙ্গে করিয়া মৰ্দ্দন। স্নানে যাইতে নারীদের উল্লাসিত
মন॥ যমুনাতে কৃষ্ণ সঙ্গে হইবে মিলন। মনে মনে ভাবি
সবার প্রফুল্ল-বদন॥ গোপনে গোপের বালা ক্ষীর সর
লৈল। প্যারিজীউর সঙ্গে রঙ্গে গমন করিল॥ ২দণ্ড॥
রাধাকৃষ্ণ দুহুঁজন যমুনার জলে। জল-কেলি করিল মনের
কুতূহলে॥ প্রিয়নৰ্ম্মসখী সব শ্রীঅঙ্গ মৰ্দ্দিল। শুষ্ক বসন
পরি তীরেতে বসিল॥ ৩দণ্ড॥ মনঃ সাধে সখীগণ নৈবেদ্য

ারায়। প্রেমানন্দে রাধাশ্যামে ভোজন করায়।। অব-
শষ দ্রব্য সবে করিয়া ভোজন। দ্রুতগতি নিজ-গৃহে করিল
মন।। কোনো কোনো দিন এই স্নানাদি করণ। নিজ
নিজ নিকেতনে করে সম্পাদন।। অভ্যঙ্গোদ্বর্ত্তন করি
ানের বেদিতে। চৌকীতে বসিয়া স্নান করে সখী সাথে॥
বশ-গৃহে তবে ধনী করয়ে গমন। সেখানেতে সখীগণ
রয়ে সেবন।। চন্দনসম লেপন করিয়া অতি রঙ্গে। নানা-
ত্র অলঙ্কার পরায় শ্রীঅঙ্গে।। ৪ দণ্ড।। এখানেতে যশো-
তি অতিব্যগ্রা হৈয়া। কুন্দলতা পাঠাইলেন শ্রীরাধা
াগিয়া।। দ্রুতগতি আসি ধনী কুটিলাকে কয়। বধূ দিতে
ব্রজেশ্বরীর আজ্ঞা তোমায়।। যশোদার নিজজনের মৌখিক
চন। কুটিলা, জটিলা আগে করে নিবেদন।। তবে
স জটিলা কহে শ্রীমতীর প্রতি। যাহ বাছা পাক করি
াইস শীঘ্রগতি।। কালার কুটিল আঁখি না দেখ কদাচিত।
ানে মানে নিজ-গৃহে আসা সে উচিত।। শুনিয়া শ্রীমতী
তি প্রীতিযুক্ত মনে। সখী-সঙ্গে যায় রঙ্গে নন্দের ভবনে॥
ইরূপে রন্ধন করিতে সখী সনে। নিত্য যান শ্রীমতী
শ্রীনন্দ-নিকেতনে।। ৫ দণ্ড॥ এ কথা শুনিয়া শ্রীনারদ মুনি-
র। বৃন্দাদেবী প্রতি তবে করয়ে উত্তর।। শুন দেবি
শ্রীযশোদা পাকের নিমিত্তে। রাধিকাকে কেন আনে অতি
যত্নেতে।। রোহিণী প্রভৃতি বহু পাককর্ত্রী আছে। ইহাতে
ামার মনে সন্দেহ হৈয়াছে॥ তবে বৃন্দাদেবি কহে শুন
নিবর। গুহ্য হৈতে গুহ্য কথা অতি গূঢ়তর।। পূর্ব্বেতে
ধাকে যে দুর্ব্বাসা মুনীশ্বর। অতিশয় হর্ষমনে দিয়াছেন

বর ।। কাত্যায়নী-মুখ হৈতে শুনিয়াছি আমি। এবে তাহ
সংক্ষেপে শুন মুনি তুমি ।। "হে রাধিকে তুমি যাহা করিবে
রন্ধন। মোর কৃপায় হইবে তাহা অমৃত-তুলন ।। স্বাদু
অমৃতস্পর্দ্ধি, যে তাহা খাইবে। নিরোগী থাকিবে আর আয়ু-
র্ব্বৃদ্ধি হবে" ॥ ইহার নিমিত্তে তাঁকে স্বসুতবৎসলা। প্রতি-
দিন যশোদা ডাকে হৈয়া ব্যাকুলা ।। মোর পুত্রের পরমায়ু
হউক অক্ষয়। স্বাদু লোভে খায় অন্ন-ব্যঞ্জন-নিশ্চয় ॥ এমতে
শাশুড়ির আজ্ঞায় প্রতিদিন। শ্রীরাধা শ্রীনন্দালয়ে করয়ে
গমন ।। যাইতে পথের মাঝে হেরি চিকণকালা। উথ-
লিল প্রেমসিন্ধু বাড়ে স্মর-জ্বালা ।। নাগর নাগরী-মুখ করি
দরশন। ধবলীর ভ্রমে করে ধবল-বন্ধন ।। হেরিয়া দোঁহার
ভাব সখা সখীগণ। খলখল করিয়া হাসয়ে সর্ব্বজন ॥
অতিকষ্টে সে ভাব সম্বরি কমলিনী। দ্রুত যাইয়া নন্দালয়ে
উপনীত ধনী ।। ৬ দণ্ড ।। আসিয়া যশোদারাণী রাধাকে
দেখিয়া। কোলে লৈল অতি স্নেহে মুখে চুম্ব দিয়া ।। রাণী
বলে মরি যাই রাধে গুণবতী। ব্রজ মাঝে তোমা সম নাহি
কেহ সতী ।। তোমার হস্তের অন্ন করিয়া ভোজন। দীর্ঘায়ু
হউক মোর কৃষ্ণ প্রাণধন ।। শীঘ্র যাহ বাছা তব সহচরী
সনে। রন্ধন করহ গিয়া কৃষ্ণের কারণে ॥ ব্রজেশ্বরী আজ্ঞা
পাইয়া রাধা বিনোদিনী। রন্ধনশালাতে যাই গজেন্দ্র-
গামিনী ।। হর্ষযুক্তা নিজ সখীগণ লৈয়া সঙ্গে। নানাবিধ
পাক করে প্রেমের তরঙ্গে ।। তথায় রোহিণী সঙ্গে রন্ধন
করিল। স্বাদু সকল পকান্নাদি প্রস্তুত করিল ।। ৭ দণ্ড ॥
এথা কৃষ্ণ কোনো গাভি করয়ে দোহন। কোনো ধেনুগণে

ত্র দোঁহে সখাগণ ॥ সস্নেহেতে নন্দরাণী কৃষ্ণে বোলা-
ল। সখাগণ সঙ্গে কৃষ্ণ রঙ্গেতে চলিল ॥ পিতৃ-বাক্যে
রা করি সঙ্গে সখা লৈয়া। নিজগৃহপ্রতি আইসে আন-
ন্ত হৈয়া ॥ দাসগণ করে অঙ্গ-প্রত্যঙ্গ-মর্দ্দন। স্নান
রি হর্ষে ধৌত বস্ত্র পরে পুনঃ ॥ চন্দনকুসুমমালা-যুক্ত
লেবর। ত্রিকালে বহন কেশ গ্রীবা মনোহর ॥ ভালে
রু চন্দ্রাকার তিলক রঞ্জিত। অলকা ভ্রমরমালা তাহে
শোভিত ॥ কেয়ূর কঙ্কনাঙ্গদ রত্নমুদ্রা আর। তাহাতে
াভিত করে করি-করাকার ॥ মুক্তাহার রত্নহার শোভে
ঃস্থলে। মকরাকৃতি কুণ্ডল কর্ণে ঝলমলে ॥ বারম্বার
কে মাতা ভোজন করিতে। সখা-কর ধরি কৃষ্ণ বলরাম
থে ॥ ভোজন গৃহেতে গিয়া বসিল আসনে। ভোজন
য়ে সুখে সখাগণ সনে ॥ বিবিধ অন্ন ব্যঞ্জন করয়ে
াজন। নানাবিধ বাক্যে হাসায় সব সখাগণ ॥ রসিক-
খর কৃষ্ণ ভোজন করিতে। রাই মুখপানে তবে চাহে
চিত্তে ॥ দুহুঁ মুখ হেরি দোঁহে পরম আনন্দ। ভোজন
ল কৃষ্ণসঙ্গে সখাবৃন্দ ॥ সখাগণ-বচনেতে আপনি
য়। ভোজন করিয়া গন্ধি-জলে আচময় ॥ ক্ষণেক
ঙ্ক মাঝে করয়ে শয়ন। সুগন্ধি কর্পূর সহ তাম্বূল চর্ব্বন ॥
কে যোগায় সব আনন্দের ভরে। পাদ-সম্বাহন সে
ন আদি করে ॥ ৮ দণ্ড ॥ তবে রাধা নিজ সখীগণ করি
ঙ্গ। কৃষ্ণ-সেবানন্দ দেখি প্রেমের তরঙ্গে ॥ কৃষ্ণের
াজন শেষ ধনিষ্ঠিকা লৈল। সখীবৃন্দ লৈয়া রাই ভোজনে
ল ॥ যশোদা-আদৃতা ললিতাদি-সখীবৃতা। ভোজন

করয়ে অন্নাদিক লজ্জান্বিতা ।। যশোদা রোহিণী অতি আদর
করিয়া । রাইকে ভোজন করায় আকণ্ঠ পূরিয়া ।। ভোজ-
নান্তে বিনোদিনী আচমন কৈল । কোলে লৈয়া যশোমতি
তাম্বূল খাওয়াইল ।। তবে শ্রীরাধিকা সখীগণ সঙ্গে লৈয়া ।
পালঙ্কে শয়ন করে অঙ্গ প্রসারিয়া ।। পাছে সখীগণ সব
করয়ে ভোজন । প্রেমেতে শ্রীমতী করে কৃষ্ণের স্মরণ ।।
৯ দণ্ড ॥ হেনকালে কৃষ্ণচন্দ্র করি গোষ্ঠবেশ । মাতা প্রণ-
মিতে আইলেন হৃষীকেশ ।। সস্নেহেতে যশোমতি বলে
কৃষ্ণ প্রতি । শীঘ্র বাছা প্রণমহ রাই-গুণবতি ।। শুনিয়া
রাণীর বাণী ব্রজেন্দ্রনন্দন । রাধাপাদপদ্ম শিরে করিল
ধারণ ।। রাই কমলিনী লজ্জায় বদন ফিরায় । হেরি সব
সখীগণ মহানন্দ পায় ।। ১০ দণ্ড ।। গোপ-বেশ ধরি কৃষ্ণ
সঙ্গে সখাগণ । ধেনুবৃন্দ সঙ্গে করি যায় বৃন্দাবন ।। বিদায়
হইয়া কৃষ্ণ সখাগণ সঙ্গে । ধবলী শ্যামলি লৈয়া গোষ্ঠে যায়
রঙ্গে ।। সর্ব্ব ব্রজবাসিগণ ব্যাকুল স্নেহেতে । কিছু নাহি
বলে সবে চলয়ে পশ্চাতে ॥ পিতা নন্দ পদে কৃষ্ণ করি নম-
স্কার । নেত্রকোণে সখীগণে করিয়া সৎকার ।। যথাযোগ্য
সবাকারে করিয়া সম্মান । গৃহেতে পাঠায়া বনে যায় অভি-
রাম ।। এথা রাধা যশোদা রাণীকে প্রণমিয়া । নিজ নিকে-
তনে যায় শ্রীকৃষ্ণ স্মরিয়া ॥ ১১ দণ্ড ॥ কৃষ্ণচন্দ্র বনে গেলে
তবে শ্রীরাধিকা । তাঁরে দেখি গৃহে যায় প্রেমভরাধিকা ॥
সখীগণ ব্যজনাদি করিয়া তখন । রাধার শ্রম ঘুচাইল করিয়া
যতন ॥ মিত্র পূজিবার ছলে মিত্র সন্দর্শনে । উদ্যোগী হইল
ধনী সখীগণ সনে ॥ শাশুড়ি ননদী নিকট আজ্ঞা মাগি নিল

র্ঘ্য-পূজার সামগ্রী সঙ্গেতে লইল ॥ শ্রীরূপমঞ্জরী আদি যত
খীগণ। সঙ্গোপনে সেবার দ্রব্য করিল গ্রহণ ।। ১২ দণ্ড ॥
বে মেলি কুতূহলে সূর্য্য-বেদী যাইয়া। পূজার সামগ্রী সব
াখিল ধরিয়া ॥ সূর্য্যপূজা ব্যাজে পুষ্প উঠাইতে বনে।
মন করয়ে কৃষ্ণের সন্দর্শন মনে ॥ রাধাকুণ্ডুতে স্নানার্থে
মন করিল। প্রিয়নর্ম্মসখীগণ সঙ্গেতে চলিল ॥ ১৩ দণ্ড ।।
খানেতে কৃষ্ণচন্দ্র গোষ্ঠেতে যাইয়া। সখা সঙ্গে নানারঙ্গে
গুড়ি খেলিয়া ॥ সখাগণ সঙ্গে বনে প্রবেশ করিয়া। ক্ষণ-
াত্রে নানা ক্রীড়া করে হৃষ্ট হৈয়া ॥ তা সবাকে বঞ্চনা করিয়া
কৃষ্ণচন্দ্র। দুই তিন সখা সঙ্গে আনন্দের কন্দ ।। রাধিকা-
সঙ্কেত কথা মনেতে পড়িল। সুবল মধুমঙ্গল সঙ্গে কুণ্ডুতে
লিল ।। প্রিয়া-সন্দর্শনোৎসুক আনন্দ অন্তরে। সঙ্কেত
ঞ্জেতে যায় দ্রুত ভাব ভরে ।। ১৪ দণ্ড ।। যাইয়া দেখিল
নী সখীগণ সঙ্গে। আসিয়াছে কুণ্ডুতীরে অতি বড় রঙ্গে ।।
হেরিয়া রাধার রূপ অধৈর্য্য হইল। সুবল মধুমঙ্গল তার
স্থ কৈল ॥ ১৫ দণ্ড ।। তবে কৃষ্ণরূপ হেরি রাধা-বিনো-
দিনী। সখী প্রতি কহে ধনী সুমধুর বাণী ।। কি হেরি সে
অগ্রে দেখ নবকাদম্বিনী। কিম্বা অঞ্জন-গিরিবর কিম্বা মম
বণী ।। কিম্বা স্মর মূর্ত্তিমান্ কিম্বা কেকী-বর। কিম্বা মম
প্রাণনাথ নয়ন গোচর ।। ১৬ দণ্ড ॥ শুনিয়া রাধিকা-বাণী
লিতা কহিছে। তব প্রাণপ্রিয় রাধে নিকটে আসিছে ।।
লজ্জা পায়া শ্রীরাধিকা ঘোমটা টানি দিল। সে ভাব
রিয়া শ্যাম অতি সুখ পাইল ।। যাইয়া বলেন কৃষ্ণ গোপী-
া প্রতি। কি জন্যে কাননে সবার হৈয়াছে আগতি ।।

১৭ দণ্ড॥ শুনিয়া কৃষ্ণের কথা হাসিয়া ললিতা। কহি-
ছেন কৃষ্ণ প্রতি হাস্যরসযুতা॥ শুনহে নাগররাজ করি
নিবেদন। মোদের কাননে কেন তব আগমন॥ বৃন্দাবনে-
শ্বরী হন রাধা-ঠাকুরাণী। তাঁহার পালিত বন সবে মাত্র
জানি॥ ললিতার ললিতবাণী শুনি শ্যামরায়। হাসিয়া
বসনে ধরি বলে মরি হায়॥ মদনরাজার বন আমি অধি-
কারি। যখন যাহাকে পাই কর গ্রহণ করি॥ অদ্য পাই-
য়াছি সবায় নিকুঞ্জ-কুটীরে। সাধিব সে নিজ কর কে রাখিতে
পারে॥ এইমত মধ্যাহ্নেতে শ্রীরাধাগোবিন্দ। অতি যত্নে
মিলিয়া পাইল পরানন্দ॥ বন মধ্যে সখীগণ সঙ্গে দুঁহু জন।
বিবিধ প্রকার ক্রীড়া করে অনুক্ষণ॥ দোলার উপরে দোঁহে
করে আরোহন। আনন্দে দোলায় চতুর্দ্দিকে সখীগণ॥ কান্ত
করস্থিত বংশী কান্তা করে চুরি। অন্বেষণ করি সবা মধ্যে
ফিরে হরি॥ প্রিয়াগণ নানামত তিরস্কার করে। বহুবিধ
হাস্য করি শ্যাম-মুখ হেরে॥ নষ্টপ্রায় সর্ব্বধন ম্লানমুখ হরি
কান্তাগণ সুখ পায় সেই রূপ হেরি॥ কোনো স্থলে ঋতুরাজ
বসন্ত প্রকাশ। বন শোভা দেখি হৈল অন্তরে উল্লাস॥
কান্তাগণ সঙ্গে বন মধ্যে প্রবেশিয়া। চন্দন-কুঙ্কুম-জল
যন্ত্রেতে ভরিয়া॥ আনন্দেতে পরস্পর করয়ে সেচন। চন্দন
কুঙ্কুম-পঙ্ক করয়ে লেপন॥ শ্রীকৃষ্ণকে সেচন করয়ে সখী-
গণ। আবীর গুলাল পুনঃ উড়ায় সঘন॥ এইমত অন্য
ঋতু-শোভা-বনশ্রেণী। তাতে কান্তা সঙ্গে ক্রীড়া করে বেণু-
পাণি॥ সে-সে-ঋতুকালোচিত বিবিধ বিহার। কান্তাগণ

ক্ষমূলে। দিব্যাসনে মধুপান করে কুতূহলে।। মধুমদে
ত্ত নিদ্রা-মীলিত-নয়ন। পরস্পর করে ধরি করয়ে গমন॥
এইমতে শ্রীমতীকে বাহু-পাশে ধরি। রত্নসিংহাসনোপরি
লয়া গেল হরি।। ১৮ দণ্ড।। কামবাণবশ হৈয়া রমণ
করিতে। কুঞ্জগৃহে প্রবেশ করয়ে আনন্দেতে।। দ্বার বদ্ধ
রি হরি প্যারিজীকে লৈয়া। বসিলেন সিংহাসনে স্মর
তাইয়া।। কৃষ্ণ করস্পর্শে রাধা পুলকে পূরিল। রোমাঞ্চ
রীর সর্ব্ব ব্যাপিয়া রহিল।। বিগলিত-বসন-ভূষণ ক্রীড়া
রে। করিণীর সঙ্গে যেন মত্ত করিবরে॥ সখীগণ বিহ্বল
ইয়া মধুপানে। নিদ্রাবেশে সবাকার মুদিত-নয়নে॥ রাধা
ঙ্গ-দেহ-লজ্জা-ভয় বিস্মরিল। কৃষ্ণচন্দ্র বক্ষোপরি শয়নে
হিল।। আকাশের চাঁদ যেন মিলি গেল করে। আলিঙ্গন-
ম্বনাদি করে নিরন্তরে।। মুখে মুখে বুকে বুকে দশনে
শনে। রমণ করয়ে দোঁহে মোহিয়া মদনে।। লীলারসে
শের অমৃত পান করি। হাস্য উপজিল তায় হেরিয়া
ন্দরী।। সুন্দরী তখন লজ্জা পাইয়া উঠিয়া। বিমুখ হইয়া
সে বস্ত্র সম্বরিয়া।। সখী সব পৃথক কুঞ্জে করয়ে শয়ন।
প্রিয়ার প্রেরণে তবে মদনমোহন।। বহু-মূর্ত্তি হৈয়া সখী-
ণ নিকটেতে। যাইয়া রমণ করে আনন্দ-ভরেতে।। করি-
র সঙ্গে যেন মত্ত গজরাজ। তা সবার সঙ্গে ক্রীড়া করে
রাজ॥ ১৯ দণ্ড॥ এথা কুঞ্জে গবাক্ষ দিয়া যত সখীগণ।
রিয়া দোঁহার বিলাস আনন্দিত মন।। সময় জানিয়া
বা-পরা সখীগণ। ঝারি ভরি জল লৈয়া কৈল আগমন॥
ঞ্জের বাহিরে দোঁহে গমন করিল। নিজ নিজ কৃত্য করি

পুনঃ কুঞ্জে আইল ॥ রূপ হেরি গোপবালা আকুলা হইল
পাদ্য অর্ঘ্য দিয়া সবে পূজা আরম্ভিল ॥ কেহত চন্দন দে
কেহ পুষ্পমালা। কেহ পদে পুষ্প দেয় হেরি চিকণকালা
রাই কানু সাজাইয়া গোপাঙ্গনাগণ। মনঃসাধে দোঁহাকারে
করায় ভোজন ॥ ২০ দণ্ড ॥ প্রিয়া কাছে যায় তা সবারে
সঙ্গে করি। সরোবরে গিয়া জলক্রীড়া করে হরি ॥ পর
স্পর জলযুদ্ধ করি কতক্ষণ। তীরে উঠে পরে বস্ত্র ভূষ
চন্দন ॥ সরোবর-তীরে দিব্য-রত্ন-সুমন্দিরে। প্রবেশি
তাতে কৃষ্ণ কান্তা সঙ্গে ধীরে ॥ আমার রচিত ফল ফুলাদি
তৎপর। প্রিয়া-পরিবেশে সুখে খায় দামোদর ॥ ভোজ
নান্তে আচমন দিল সখীগণ। কুসুম-শয্যাতে গিয়া করয়ে
শয়ন ॥ তাম্বূলার্পণ ব্যজন পাদ-সম্বাহন। নানামত সেব
তারা করে দাসীগণ ॥ তাম্বূলাদি শ্রীমুখেতে করিল অর্পণ।
রাধিকা প্রসাদ পায় সঙ্গে সখীগণ ॥ শ্রীকৃষ্ণ শুইলে তবে
রাধিকাসুন্দরি। প্রিয়া-হধরামৃত খায় সঙ্গে সহচরি ॥ ভোজন
করিয়া তবে গিয়া শয্যালয়। কান্ত মুখ দেখিবারে আনন্দ
হৃদয় ॥ চন্দ্ররশ্মি পান যেন করয়ে চকোর। এইমত কান্ত-
মুখাম্বুজ দেখি ভোর ॥ দুই দিকে যোগায় তাম্বূল সখীগণ।
রাই শ্যাম ঘেরি সবে করিল আসন ॥ তাম্বূল ভোজন করে
রাধা গিরিধর। প্রিয় নর্ম্ম সখীগণ করয়ে চামর ॥ কৃষ্ণ
তাদের পরস্পর কথা শুনিবারে। ছদ্ম-নিদ্রা যায় মুখ ঢাকি
পীতাম্বরে ॥ কান্তকথাশ্রয়-পরিহাস্য-কথামৃত। তারা পরস্পর
পান করে আনন্দিত ॥ কৃষ্ণের ব্যাজ-নিদ্রা জানি কোনে
অনুমানে। হাস্য-আস্যে পরস্পর হেরয়ে নয়নে ॥ লজ্জা

ুক্ত হৈয়া কিছু না কহে বচন। মুখ হৈতে দূর করে সে
ীতবসন।। ভাল নিদ্রা গিয়াছ বলি হাসায় কৃষ্ণেরে। এই-
াত সখী সঙ্গে দুঁহু হাস্য করে।। ক্ষণমাত্র নিদ্রা সুখ অনু-
ভব করি। গণ সহ দুঁহু বৈশে দিব্যাসনোপরি।। হে মুনি-
সত্তম চুম্বাশ্লেষ পণ রাখি। পাশক খেলয়ে দুঁহু হৈয়া অতি
সুখি।। প্রেম নর্ম্ম আলাপন করে পরস্পর। শ্রীরাধিকা
জিতে পণ হারে গিরিধর।। হারিয়া বলেন মোর হইয়াছে
জিত। হার আদি গ্রহণ তাঁর করয়ে ত্বরিত।। প্রিয়া কর্ণোৎ-
পলে তাঁরে করেন তাড়ন। গতধনস্বত্ব হইয়া বিষণ্ণ-বদন॥
হে নারদ তবে কৃষ্ণ কহে দেবি শুন। জিতিয়াছ পণ তুমি
করহ গ্রহণ।। চুম্বনাদি দিব যাহা করিয়াছ পণ।। তখণ
আচরণ করে শ্রীনন্দনন্দন। কুটিলতায় ভ্রূলতায় ভৎর্সন
বচন।। দেখিয়া শুনিয়া অতি আনন্দিত মন।। রাধা কৃষ্ণ
দোঁহে এইরূপে পাশা খেলে। সখীগণ ব্যজন করয়ে কুতু-
হলে।। ২১ দণ্ড।। ইতি মধ্যে শ্রীরূপ শ্রীরাধার ঈঙ্গিতে।
মধুপাত্র লৈয়া আইল অতি হর্ষচিত্তে।। আনিয়া শ্রীকৃষ্ণ
অগ্রে ধরিয়া রাখিল। মধু হেরি মধুসূদন অতিহৃষ্ট হৈল।।
আপন শ্রীহস্তে মধু করিয়া ধারণ। রাধার বদনে দেন আন-
ন্দিত মন॥ পুনঃ রাধা বিনোদিনী অতি হৃষ্ট হৈয়া। বন্ধুকে
খাওয়ায় মধু শ্রীমুখ চাহিয়া।। অবশেষ যাহা ছিল সব সখী-
গণ। মনের আনন্দে সবে করিল ভোজন।। মাদকতা
উপজিল উন্মাদের প্রায়। হাসে কান্দে নাচে গায় অতি
সুখ পায়।। হেনকালে কৃষ্ণচন্দ্র সব গোপীসনে। বিহার
করিল ক্রমে রতির সন্ধানে।। শ্রীরাধার সঙ্গে ক্রীড়া করি

সমাপন। রাধাকুণ্ডুতে স্নানার্থে করিল গমন ॥ ২২দণ্ড ॥ প্রি
সঙ্গে লৈয়া পুনঃ জলক্রীড়া করি। মনোবাঞ্ছা পূরাইল নি
ইচ্ছা ভরি ॥ শুষ্কবস্ত্র পরিধান করি রসরাজ। আইলে
কুঞ্জ মধ্যে সখীর সমাঝ ॥ তবে সারিশুকালাপ শুনি দুঁ
জন। তথা হৈতে গৃহ প্রতি গন্তকাম মন ॥ পূর্ব্ববৎ ভোজ
নাদি করি সমাপন। রতিতল্পে আরামিলেন মদনমোহন
২৩ দণ্ড ॥ যথাযথ সেবাপরা সখীরা সেবিল। আরামাে
আসি রত্নবেদিতে বসিল ॥ রাধিকার সঙ্গে কৈল হাস পরি
হাস। বেলা অন্ত দেখি সব সখীর হৈল ত্রাস ॥ শ্রীরূপ
মঞ্জরী বলে রাধাকৃষ্ণ প্রতি। বেলা গেল নিজ গৃহে চল
শ্রীপতি ॥ শুনিয়া সখীর বাণী রাধাশ্যামরায়। সজলনয়
দুঁহু দোঁহা পানে চায় ॥ হেনকালে আসি মধুমঙ্গল সুবল
বেলা গেল বলি করে কুঞ্জে কোলাহল ॥ ২৪ দণ্ড ॥ শুনি
সে ধ্বনি ধনী অতি দুঃখ মনে। গমন করিতে উদ্যোগ হৈ
সখী সনে ॥ হেরিয়া সে ভাব কৃষ্ণ বলে রাই প্রতি। ম
প্রতি দয়া যেন থাকে রসবতি ॥ কান্তা আজ্ঞা লৈয়া কৃ
যায় ধেনু প্রতি। সূর্য্যগৃহে যায় রাধা সঙ্গে সখী-ততি
নানামতে শ্রীরাধিকা বন্ধু প্রবোধিয়া। সূর্য্যপূজাস্থা
আইল পূজা-দ্রব্য লৈয়া ॥ কতোদূর গিয়া পুনর্ব্বার কৃ
হরি। সূর্য্যপূজা স্থানে যায় দ্বিজবেশ ধরি ॥ ২৫ দণ্ড
বিশ্বেশ্বর নামে সূর্য্যপূজা পুরোহিত। যুবতীবৃন্দের মধ্যে
হৈল উপস্থিত ॥ সেই বিপ্রে হেরি বলে যত বৃদ্ধাগণ। বধূ
গণে পূজা করাও করিলাম বরণ ॥ তবে কৃষ্ণ দ্বিজবেশে
পূজা আরম্ভিল। শ্রীরাধার শোভা দেখি মন উচ্চাটিল

ষ্ণ কহে নারী স্পর্শ আমি নাহি করি। বস্ত্রাবৃত শিরে মিত্র
জ্ঞা নাহি করি ॥ কুন্দলতা রাই-শিরো বস্ত্র নামাইল।
মুখ হেরিয়া শ্রীমুখ প্রফুল্ল হইল ॥ তবে বিচক্ষণা তারা
ানিয়া কৃষ্ণেরে। না জানে আপনা ডুবে আনন্দ সাগরে ॥
বে কৃষ্ণচন্দ্র কহে মন্ত্র পড় প্যারি। পূর্ণ কর যাহা আমি
ভিলাষ করি ॥ শুনি রাধা মনে মনে করিয়া ভাবন।
রোহিতে দান দিল সর্ব্বস্ব যৌবন ॥ স্বস্তি বলি কৃষ্ণচন্দ্র
র্যুক্ত হৈল। নৈবেদ্যাদি যত মধুমঙ্গলকে দিল ॥ ২৬দণ্ড ॥
ইমত বিবিধ বিহারে নটবর। সার্দ্ধ যাম ব্যাপি ক্রীড়া
রি মনোহর ॥ শ্রীরাধিকা গৃহে যায় সখীগণ সঙ্গে। ধেনু
খা মাঝে কৃষ্ণ যায় নানা রঙ্গে ॥ গৃহেতে যাইয়া রাধা
রিল শয়ন। সখীগণ করে তাঁর পাদ-সম্বাহন ॥ ২৭ দণ্ড ॥
ানে শ্রীকৃষ্ণচন্দ্র সখাগণ সঙ্গে। নন্দালয়ে যাত্রা কৈল
ত বড় রঙ্গে ॥ ধবলি শ্যামলি আদি যত ধেনুগণ। ব্রজ-
ত সঙ্গে রঙ্গে করয়ে গমন ॥ মুরলির শব্দে ব্রজ করে
কর্ষণ। গোধূলি-পটলে ব্যাপ্ত দেখিয়া গগণ ॥ স্ব-কর্ম্ম
জিয়া বৃদ্ধ তরুণী বালক। কৃষ্ণের সম্মুখে যায় দেখিতে
ৎসুক ॥ যাবটে শ্রীরাধা বংশীধ্বনি সে শুনিল। নিদ্রা
তে বিনোদিনী উঠিয়া বসিল ॥ সখীগণ শ্রীঅঙ্গের বনা-
। বেশ। যাহা হেরি মোহ পায় কৃষ্ণ হৃষীকেশ ॥ ষোড়শ
ঙারে বিভূষিত অঙ্গ হৈয়া। শ্রীরাধিকা চন্দ্রমুখী রন্ধন
গিয়া ॥ নানা দ্রব্য আয়োজিল বহু যত্ন ভরে। কৃষ্ণ-
োগজন্য নানাবিধ পাক করে ॥ ইতি মধ্যে বংশীধ্বনি
ল নিকটে। গোপাল আইল বলি ব্রজে শব্দ রটে ॥

২৮ দণ্ড ॥ কৃষ্ণকে দেখিতে যায় সঙ্গে সহচরী। কৃষ্ণো
কণ্ঠায় উঠে মনে প্রেমের লহরী ॥ ঔৎসুক্যেতে রাজমা
ব্রজেদ্বারি স্থিত। ব্রজবাসি সব জন আনন্দে উন্মত্ত
কৃষ্ণ তা সবারে মিলি ক্রম-সুবিধানে। দর্শন স্পর্শন বা
স্মিতাবলোকনে ॥ গোপবৃদ্ধ সবাকারে নমস্কার করি
শরীরে বচনে মনে আদর আচরি ॥ এথা সে বাহির হৈ
চন্দ্রমুখীগণ। অনিমিষে কৃষ্ণমুখ করে সন্দর্শন ॥ পাই
পরম প্রীতি তাপ দূর কৈল। চন্দ্রোদয়ে কুমুদিনী যে
তৃপ্ত হৈল ॥ এথা কৃষ্ণ পিতা মাতা পদে করি নতি
সাষ্টাঙ্গে করিল তথা রোহিণীকে নতি ॥ হে নারদ! কটা
বিনয়ে প্রিয়াগণ। সবার সৎকার করে যথা যার মন।
এইমত ব্রজবাসি জন শ্রীকৃষ্ণেরে। নিজভাবোচিত য
সমর্হনা করে ॥ গোশালায় ধেনুগণে প্রবেশ করিয়া।
পিতার বচনে গৃহে যায় হৃষ্ট হৈয়া ॥ ২৯ দণ্ড ॥ পরে
গিয়া ভৃত্যগণ স্নান করাইল। নটবর বেশ ভূষা অ
পরাইল ॥ আসিয়া যশোদা রাণী কোলে করি লৈল। ক্ষী
সর ননী দুগ্ধ সব খাওয়াইল ॥ বলদেব সঙ্গে স্নান ভোজ
নাদি করি। মাতৃ আজ্ঞা লৈয়া গোশালায় যায় হরি ॥
ধেনু দুগ্ধ দোহন করিতে হৃষ্ট মন। গোষ্ঠে প্রবেশিল স
লয়ে সখাগণ ॥ কৃষ্ণ-অবশেষ রাধা সখীগণ সঙ্গে। ভোজ
করিয়া অট্টালিতে বৈশে রঙ্গে ॥ কিঞ্চিৎ পরেতে কৃ
সখাগণ লৈয়া। নিজ জনে তৃপ্ত করে দৃষ্ট্যমৃত দিয়া ॥ ত
কৃষ্ণ গোষ্ঠে ধেনু করয়ে দোহন। আর ধেনুগণ দো
সব সখাগণ ॥ অট্টালিতে বসি রাধা সখীগণ সঙ্গে। গো

াহন লীলা সন্দর্শন করে রঙ্গে ॥ ৩০ দণ্ড ॥ দিবা লীলা
াপ্ত।
তবে শ্রীযশোদা রাণী সায়াহ্ন দেখিয়া। রামকৃষ্ণে
ানাইল যতন করিয়া ॥ আসিয়া বসিল দোঁহে রত্নসিংহা-
ন। আরতি করিল রাণী রোহিণীর সনে ।। ধাত্রী আদি
ৃগণ সকলে আসিল। স্নেহযুক্ত রামকৃষ্ণে আশীর্ব্বাদ
দ ।। গবাক্ষের দ্বার দিয়া ব্রজবধূগণ। রামকৃষ্ণে সন্দর্শন
হৃষ্টমন ।। এখানে যাবটে যত ললিতাদি সখী। রাধিকা
াতি করে পরম কৌতুকী ।। অষ্ট সখী, ছয় মঞ্জরী, আর
পীগণ। জয় জয় রাধাজীউ বলে সর্ব্বক্ষণ ।। আরতি
র্য়া সবে আলিঙ্গন করি। চতুঃপার্শ্বে বসিলেন শ্রী-
কে ঘেরি ।। বন্ধুর লাগিয়া রাধা যতন করিয়া। মিষ্টান্ন
ান্ন পাঠায় ধনিষ্ঠাকে দিয়া ।। ১দণ্ড। ৩১ ॥ পরে নিজা-
য় নন্দ গোষ্ঠ হৈতে আইল। সন্ধ্যা-কৃত্য সমর্পিয়া বিষ্ণু
ামিল ।। কৃষ্ণের কুশল চাহি গেল অভ্যন্তরে। যাইয়া
খয়ে নন্দ আপন কুমারে ।। কোলে লৈয়া মুখ চুম্বে শত
বার। আনন্দ-সাগরে মগ্ন না জানে সাঁতার ।। যাব-
তে কমলিনী গোপী-চন্দ্রমালা। উঠিয়া দেখয়ে রাণী নন্দা-
লীলা ।। এথা দুগ্ধভায় শত সঙ্গেতে করিয়া। নন্দ যায়
মধ্যে কৃষ্ণকে লইয়া ।। সায়ংকৃত্য আদি করি তবে সেই
। পরম আনন্দ পায় দেখিয়া গোবিন্দ ॥ ২দণ্ড। ৩২ ॥
ব নন্দ উপনন্দ রামকৃষ্ণ লৈয়া। ভোজনে বসিল সবে
ত হৃষ্ট হৈয়া ।। শ্রীরাধার প্রেরিত দ্রব্য রাণী যশোমতি।
কে খাওয়ায় সব করি অতি প্রীতি ॥ চর্ব্ব্য চূষ্য লেহ্য

পেয় চতুর্ব্বিধ অন্ন। ভোজন করয়ে সবে নাহি হর্ষ ভি
৩দণ্ড। ৩৩॥ পরম হর্ষেতে নন্দ নিজ পাত্র হৈতে।
স্বাদু দ্রব্য দেয় কৃষ্ণের পাত্রেতে॥ বন্ধুবর্গ সঙ্গে কৃষ্ণ ক
ভোজন। পরম হর্ষেতে গিয়া কৈল আচমন॥ শ্রীযশে
আজ্ঞা পায়া ধনিষ্ঠা সুন্দরী। তুলসীর হস্তে অন্ন ব্যঞ্জন
করি॥ কৃষ্ণাধরামৃত অতি গোপন করিয়া। পাঠা
তেঁহ লৈয়া যান হৃষ্টা হৈয়া॥ ৪ দণ্ড। ৩৪॥ সঙ্কেত বী
তাম্বূল শ্রীকৃষ্ণকে দিল। নিধুবনে যাইবারে সঙ্কেত করি
ধনিষ্ঠিকা সখী তবে গমন করিল। যাবটে রাধিকা নি
শীঘ্র উত্তরিল॥ এখানে কুটিলা আদি বলে রাধিকা
যাহ বধূ ভোজন কর রাত্রি যে অধিকে॥ পুত্র অ
ভোজন করি গোষ্ঠে চলি গেল। বৃথা বসি রাত্রি কেন
তাহা বল॥ তবে যাইয়া শ্রীরাধিকা সখীগণ সঙ্গে। ভো
করিল নানা রসের প্রসঙ্গে॥ ৫ দণ্ড। ৩৫॥ তাম্বূল খা
কৃষ্ণ শয়ন-মন্দিরে। যাইয়া শয়ন করে পালঙ্ক উপরে
এথা রাধা কুতূহলে করিয়া ভোজন। সখী সঙ্গে গন্ধ-জ
কৈল আচমন॥ ভোজন অর্পণ করি তাম্বূল খাইয়া। পাল
শয়ন করে শ্রীকৃষ্ণ স্মরিয়া॥ নিধুবনে যাইবারে উৎক
মন। সখীরে জিজ্ঞাসে সদা রাত্রি কতক্ষণ॥ নন্দালয়ে ন
লাল নন্দ-সভা যাইয়া। ভাট-মুখে গাণবাদ্য শ্রবণ করিয়
৬ দণ্ড। ৩৬॥ পরমানন্দেতে কৃষ্ণ বলরাম সঙ্গে। কৌ
করয়ে রাজসভা মধ্যে রঙ্গে॥ সবাকারে যথাযোগ্য করি
সম্মান। আসন উপরে বৈশে আনন্দের ধাম॥ সুত
মাগধ পৌরাণিক বন্দিজন। নিজ নিজ কলা সবে ক

াটন ॥ তথা কৃষ্ণ নানাবিধ কৌতুক দেখিয়া। মনো-
গীত বাদ্য কবিতা শুনিয়া ॥ ধন ধান্য বস্ত্র আদি তাঁ
াকে দিয়া। যথাযোগ্য সম্মান করিল হৃষ্ট হৈয়া ॥ মাতা
দ্বারা রামকৃষ্ণে বোলাইয়া। শয্যাতে শোয়ায় দুগ্ধ পান
াইয়া ॥ সেবাতে নিযুক্ত করি সব দাসগণ। তবে ব্রজরাণী
হ করয়ে শয়ন ॥ কৃষ্ণচন্দ্র কৈল শয়ন বিচিত্র-মন্দিরে।
চিত্র পালঙ্কোপরি শয্যা মনোহরে ॥ রক্তকাদি দাসগণ
সেবা করে। কিন্তু কৃষ্ণ রাধা লাগি উৎকণ্ঠা অন্তরে ॥
ণ্ড ; ৩৭ ॥ কিছুকাল নিদ্রা যায় মদনমোহন। মনে
ভাবে যাব নিকুঞ্জ কানন ॥ কৃষ্ণচন্দ্র প্রিয়া-প্রেমে
য়া উন্মত্ত। কুঞ্জেতে গমন করে অতি অলক্ষিত ॥ ৮ দণ্ড
৩৮ ॥ এথা শ্রীরাধিকা শয্যা হইতে উঠিয়া। আসনে
ল নিজ মুখ প্রক্ষালিয়া ॥ যাবটেতে সখীগণ শ্রীমতীকে
। বেশ ভূষা বনাইল অতি হৃষ্টা হৈয়া ॥ শুক্লপক্ষ
পক্ষ অভিসার মত। যথাযোগ্য বেশ তারা করিল যত্নত ॥
কৃষ্ণ নিশা যোগ্য বেশ অঙ্গে ধরি। মদনমোহন মোহে
াধিকা প্যারী ॥ হে নারদ মোর কাছে দূতিকা পাঠায়।
দশ লইয়া তেঁহ তার স্থানে যায় ॥ ৯ দণ্ড। ৩৯ ॥ সেই
র অভিসার ত্বরিত করায়। সখীগণ সঙ্গে গৃহ হৈতে
হরায় ॥ জনরব শূন্য দেখি বাহির হইয়া। খিড়কীর
যায় শ্রীহরি স্মরিয়া ॥ অগ্রেতে রূপমঞ্জরী পাছে বিশা-
। ললিতার হস্তে ধরি চলে শ্রীরাধিকা ॥ ১০ দণ্ড।
॥ কভু শীঘ্রগতি চলে কভু ধীরে ধীরে। এই মত উপ-
যমুনার তীরে ॥ কল্পবৃক্ষ-নিকুঞ্জেতে দিব্য-রত্নময়।

মন্দির বিরাজে শোভা বর্ণনা না হয়॥ সখীগণ সঙ্গে তা
প্রবিষ্টা হইল। কুঞ্জশোভা দেখে চিত্তে চমৎকার ঘটিল
কুঞ্জমধ্যে শ্রীরাধিকা হৈয়া উপস্থিত। শ্রীকৃষ্ণ লাগিয়া সব
মন উৎকণ্ঠিত॥ বাসক-সজ্জায় শয্যা করিয়া বসিল। অ
পর তথা কৃষ্ণ আগমন কৈল॥ চূড়া-ধড়া-বেশ-ধরা মু
সে হাতে। আইলেন নটবর যুদ্ধে মনোমথে॥ ১১ দ
৪১॥ ক্রমে ক্রমে উপনীত রাধা-কুঞ্জ-দ্বারে। কোটি শ
ধর যাঁর নখরে বিহরে॥ যে কুঞ্জমন্দিরে রাধা কৃষ্ণ-উ
কণ্ঠাতে। তথা মিলিলেন সব সখীগণ সাথে॥ হেরিয়া
রূপসিন্ধু হত গোপবালা। ঝাঁপ দিয়া যুড়াইল তাদের অ
জ্বালা॥ শ্রীরাধিকা দক্ষিণ কর ধরে বামকরে। শ্রীগো
গজরাজ-গতি চলে ধীরে॥ আগে আগে বৃন্দাদেবী ক
গমন। দক্ষিণে ললিতা বামে বিশাখা শোভন॥ তা
বীটিকা দোঁহে করে সমর্পণ। চামর ব্যজন করে কো
সখীগণ॥ কুসুমল-কুটী লৈয়া কেহ চলে আগে। (
পাছে পুষ্পছত্র ধরে অনুরাগে॥ চতুর্দ্দিকে সখীগণ
করে রঙ্গে। বনে বিহরয়ে দোঁহে আনন্দতরঙ্গে॥ এই
বনক্রীড়া করি হর্ষ মনে। প্রবেশ হইল গিয়া নিকুঞ্জভব
সখীগণ চতুর্দ্দিকে মণ্ডলী রচিয়া। মধ্যে রহে রাধাকৃষ্ণ আ
ন্দিত হৈয়া॥ বৃন্দাদেবী সঙ্গে লৈয়া বনদেবীগণ। অ
অনুরাগে কৈল দোঁহার সেবন॥ ছয় ঋতু সুসেবিত শো
বৃন্দাবনে। দোঁহার রসেতে দোঁহে হইল মগনে॥ ক
চন্দ্র পাইয়া তারা অগ্রসারি লৈল। রসরঙ্গে রাধা

র কৈল। রাধিকাজী হেরি হরির প্রেম উথলিল ॥ বাহু
ার্শ্বে ধরি কোলে আনি বসাইয়া। শত শত চুম্ব দেয় শ্রীমুখ
হরিয়া ॥ রাধা রূপ হেরি বন্ধু কহে রাধা প্রতি। ইচ্ছা
য় বিনোদিনী হই তব মূর্ত্তি ॥ তব আশ্রয় লৈয়াছি
ান নিজজন। মনোবাঞ্ছা পূরায়িহ করি নিবেদন ॥ ১৩দণ্ড
৩ ॥ শুনিয়া কৃষ্ণের বাণী বলে বিনোদিনী। তব ভাবা-
াব বন্ধু কিছুই না জানি ॥ কভু গোপ, কভু বিপ্র, কভু
ধুবর্য্য। যুবতী-লম্পট কভু, কভু বা আচার্য্য ॥ স্বপ্নেহ
খেছি তোমায় ধরি মম বেশ। হরি হরি বলিয়া ভ্রমিছ
না দেশ ॥ এই মত প্রেমালাপ করি কতক্ষণ। আজ্ঞা
ল সখীগণে করিতে নর্ত্তন ॥ ললিতা বিশাখা আদি যত
খেশ্বরী। নৃত্য করে সকলেতে রাধাশ্যামে ঘেরি ॥ কেহ
য় কেহ নাচে কেহত বাজায়। আনন্দের সীমা নাই প্রেমে
সি বায় ॥ রাসরসে মত্ত হৈয়া পাসরে আপনা। রাধা-
ম বিনা আন, না জানে গোপীজনা ॥ সখীগণের নৃত্য
রি শ্রীরাধারমণ। ভাল ভাল বলিয়া প্রশংসে অনুক্ষণ ॥
দণ্ড। ৪৪ ॥ তবে সব গোপী মেলি মণ্ডলী করিল।
াশ্যামে নাচাইতে মনো-বাঞ্ছা হৈল ॥ জানিয়া সখীর
নাগর চঞ্চল। রাধা সহ উঠিয়া গেলেন রঙ্গ-স্থল ॥
তীর হস্ত ধরি নৃত্য আরম্ভিল। তুলনার স্থল নাহি, ভুবন
াল ॥ কিবা পদ চালন কিবা কটির দোলন। অনিমিষে
াগণ করে দরশন ॥ মধ্যে মধ্যে চুম্ব দেয় রাইমুখ
য়া। রাধা কৃষ্ণ মিথ আলিঙ্গয়ে হৃষ্ট হৈয়া ॥ চতুর্দ্দিকে
বধূ দেয় করতালি। দোঁহো মুখ হেরি নাচে দোঁহে কুতূ-

হলি ॥ এই মত কতক্ষণ করি গান নৃত্য। শ্রম দেখি সখীগ
করিলেন ক্ষান্ত ॥ ১৫ দণ্ড। ৪৫ ॥ তবে যত সেবাপরা মঞ্জরী
গণ। শ্রম ঘুচাইতে তারা করিল সেবন ॥ গন্ধ পুষ্প আ
সব দিয়া সাজাইল। রাধাশ্যাম-রূপ হেরি মোহিত হইল
পরে যত গোপবালা নিজগৃহ হৈতে। আনিয়াছে সামগ্
যে কৃষ্ণের নিমিত্তে ॥ সকলের সামগ্রী সব একত্র করিয়া
রাধাশ্যামে খাওয়ায় তারা যতন করিয়া ॥ ভোজন করি
দোঁহে কৈল আচমন। গন্ধমাল্য-তাম্বূলাদি দেয় সখীগণ
১৬ দণ্ড। ৪৬ ॥ তার পর অবশিষ্ট যত কিছু ছিল। স
গোপীগণ তাহা বাঁটিয়া খাইল ॥ আচমন করি সবে কু
মধ্যে গেল। রতি-তল্পোপরি তবে শয়ন করিল ॥ গা
বাদ্য নৃত্য রাস বিলাসাদি করি। কান্তা লৈয়া মধুপান করি
শ্রীহরি ॥ মধুপান-মদে সবার ঘূর্ণিত নয়ন। নিকুঞ্জ-মন্দি
গিয়া করিল শয়ন ॥ কান্তাগণ সঙ্গে রতি ক্রীড়াদি করিয়া
যমুনাতে জল-কেলি কৈল হৃষ্ট হৈয়া ॥ তীরে উঠি বস
ভূষণ সু-চন্দন। অঞ্জন সিন্দূর মালা কেশর সঘন ॥ পরস্প
অঙ্গে সবে করিয়া শৃঙ্গার। নিকুঞ্জে ভোজন কৈল না
উপহার ॥ ভোজন সমাপ্ত করি কৈল আচমন। কুসুম
শয্যাতে দোঁহে করিল শয়ন ॥ সখীগণ নিজ নিজ কুঞ্জে
শুতিল। এখানেতে রাধাশ্যাম রতি আরম্ভিল ॥ ১৭ দণ্ড
৪৭ ॥ লজ্জা ত্যজি দুই জন সুসজ্জ হইল। শয্যারথে মনে
রথ প্রকাশ করিল ॥ মুখে মুখে বুকে বুকে দশনে দশনে
মিথোরসনায় মধু খায় দুই জনে ॥ ১৮ দণ্ড। ৪৮ ॥
অভিলাষ দোঁহে করিয়া পূরণ। কুঞ্জের বাহিরে দোঁহে কৰি

মন॥ পুনঃ আসি কুঞ্জ মধ্যে কোলে রাধা লৈয়া॥ বেশ
নাইল শ্যাম আনন্দিত হৈয়া॥ ১৯ দণ্ড। ৪৯॥ তবেত
লিল রাই শ্যামচাঁদ প্রতি। প্রতি গোপী কুঞ্জে গিয়া কর
ন্ধু রতি॥ শ্রীরাধার আজ্ঞা পাইয়া মদনমোহন। ললি-
াদি ক্রমে ক্রমে করিল গমন॥ ২০ দণ্ড। ৫০॥ মঞ্জরীর
ঙ্গে রঙ্গে বিহার করিয়া। পুনঃ আইল রাধা-কুঞ্জে অতি
ষ্ট হৈয়া॥ দেখে আসি কমলিনী অলসে শয়ন। ধীরে
ীরে যাই শ্যাম কৈল আক্রমণ॥ ২১ দণ্ড। ৫১॥ চমকি
ঠিল ধনী একি একি বলি। দেখিয়া নাগররায় হৈল কুতু-
লি॥ পুনঃ নিজ কর্ম্ম দোঁহে করিয়া সাধন। মধুপান
রি পরে করিল শয়ন॥ ২২ দণ্ড। ৫২॥ সখীগণ আসি সবে
াদ সম্বাহিল। রতিশ্রমে দুই জনে সুখে নিদ্রা গেল॥ ২৩
ণ্ড। ৫৩॥ রজনী গম্ভীর হৈল যত সখীগণ। নিদ্রার
াবেশে দেহ অবশ তখন॥ দেখি কেহ কেহ নিজ কুঞ্জেতে
ত্তিল। কেহ কেহ দুঁহু রূপ দেখিতে লাগিল॥ ২৪ দণ্ড।
॥ দেখে শ্যাম কটি উপর রাধিকা চরণ। বক্ষে বক্ষ সম-
কপালে মিলন॥ কৃষ্ণ সব্য ভুজ রাধা গ্রীবাতলে দেয়া।
ভুজে পৃষ্ঠদেশ ধরা আকর্ষিয়া॥ ২৫ দণ্ড। ৫৫॥ সেই-
ল নিদ্রা মধ্যে মদনমোহন। স্বপ্নে দেখে রাধা সঙ্গে
ছে রমণ॥ ২৬ দণ্ড। ৫৬॥ নিদ্রাভঙ্গ হৈল কৃষ্ণের
ইয়া চেতন। শ্রীমতীর অঙ্গ শোভা করে নিরীক্ষণ॥
খিতে দেখিতে মনে মদন জন্মিল। রাসবিলাস হেতু পুন
ইচ্ছা হৈল॥ অল্পে অল্পে আক্রমণ কৈল রাধা অঙ্গ।
ন্নতে বসিল যেন সুরঙ্গিত ভৃঙ্গ॥ ঈষৎ কটি চালনেতে

কাম উপজিল। নিদ্রা হইতে প্রেমময়ী চৈতন্য পাইল
হেরিয়া কৃষ্ণের কায লাজ দূরে গেল। রতিরণে সুপাণ্ডিে
যুদ্ধ আরম্ভিল।। হাতাহাতি মুখামুখি মর্দ্দন ঘর্ষণ। পা
তাড়ন ক্ষত বিক্ষত করণ॥ বিপরীত আদি সব করিয়া সাধ
পুনঃ দোঁহে রতিশ্রমে করিল শয়ন॥ ২৭ দণ্ড। ৫৭॥ নি
অবশেষ দেখি যত পক্ষিগণ। নিকুঞ্জ-কাননে শব্দ ৈ
আরম্ভণ।। সে শব্দ শুনিয়া উঠি ব্রজবধূগণ। শীঘ্র ত
কুঞ্জমধ্যে করিল গমন।। ২৮ দণ্ড। ৫৮॥ দেখে গিয়া শ
সঙ্গে রঙ্গেতে রঙ্গিণী। শুতিয়াছে বিধুমুখী নাহিক উড়
দেখিয়া সে ভাব সখীর যে ভাব জন্মিল। সে ভাবে
ভাবে তারা জানিতে পারিল।। পরে রূপমঞ্জরী গিয়া
পদে ধরি। জাগাইল কিশোরীকে অতি যত্ন করি।। উ
তেই শ্যামচাঁদ বক্ষে রাখে ধরি। দেখিয়া সে ভাব
কহিছে মঞ্জরী॥ ছিছি বন্ধু একি ভাব লাজে মরে যা
নিশি গেল দিবা আইল গৃহে চল যাই।। তবেত উঠিল শ
রাই করে ধরি। বসিলেন কোলে রাধিকাকে লৈয়া হ
২৯ দণ্ড। ৫৯॥ দেখে নিশা প্রায়, আসি প্রভাত হই
রাধা করে ধরি শ্যাম গমন করিল॥ নির্জ্জনপথেতে দে
যায় ধীরে ধীরে। বিচ্ছেদেরে মনে ভাবি নয়নেতে ঝু
তবে সখীগণ দোঁহায় করিয়া সান্ত্বনা। নিজ গৃহে লৈয়া
রাধায় ব্রজাঙ্গনা।। কৃষ্ণ গিয়া নন্দালয়ে শয়ন করি
রাধিকা যাবটে গিয়া শয্যাতে শুতিল॥ কিছু পরে বৃন্দা
দধি-নির্ম্মন্থন। আরম্ভ করিল যত গোপাঙ্গনাগণ।। ৩০দ
৬০॥ একদিন-কৃত্য সাধকের ভাব্য হয়। এ লীলায়

য় প্রেমের উদয় ।। এই যষ্টিদণ্ডলীলা পরম-রহস্য। গোপী-
াবাশ্রিত জনে সর্ব্বথা প্রকাশ্য ।। অন্য সম্প্রদায়ে না
দখাবে কদাচন। বৈষ্ণব-চরণে মোর এই নিবেদন ॥ এই
গুাত্মিকী লীলা যে করে ভাবন। জন্মে জন্মে শিরে ধরি
াহার চরণ ।। প্রার্থনা করয়ে নবদ্বীপচন্দ্র দাস। জন্মে
ান্মে রেখ তোমাদের পদপাশ ।।

জয় জয় গুরুদেব চরণ-কমল। যাহার স্মরণে নাশে সর্ব্ব
মঙ্গল ।। জয় জয় গৌরচন্দ্র শচীর নন্দন। জয় নিত্যানন্দ-
নু, অদ্বৈত-জীবন ।। জয় গদাধর-প্রাণনাথ বিশ্বম্ভর। জয়
বাসাদি ভক্তগণের ঈশ্বর ॥ ভক্তগণ সঙ্গে তোমার নদিয়া
াহার। নিরন্তর হৃদয়েতে স্ফুরুক আমার ॥ অতঃপর ভক্ত-
র কৃপাকরি শুন। লালসাময় কয় শ্লোকে যে আছে বর্ণন ॥
ৎকণ্ঠামালিকা আর সঙ্কল্পকল্পদ্রুম। স্তবমালা স্তবাবলী
ক্তকল্পদ্রুম ॥ সাধনামৃত চন্দ্রিকাদি গ্রন্থ অনুপম। যাহাতে
াছয়ে এই শ্লোক সুধা-সম ।। অতএব সাধকবর চকোর
য়া। রসনায় সুধারস পীও সে পড়িয়া ।।

লালসাময়ানিপদ্যানি যথোৎকণ্ঠামালিকায়াং।

শ্রীরূপমঞ্জরি সুমঞ্জুলকঞ্জনেত্রে কারুণ্যপাত্রি গুণ-
মঞ্জরি মঞ্জুলালি ।। কস্তুরিকে তুলসিকে রসমঞ্জ-
রীতি, বক্ষ্যে কদা ব্রজবনস্থ বসন্নিকুঞ্জে ।। ১ ।।

যথাচ সঙ্কল্পকল্পদ্রুমে।

হে মঞ্জুলালি নিজনাথপদাব্জসেবা,-সাতত্যসম্পদ-
তুলাসি ময়ি প্রসীদ। তুভ্যং নমোঽস্তু গুণমঞ্জরি
মাং দয়স্ব, মামুদ্ধরস্ব রসিকে রসমঞ্জরি ত্বম্ ॥ ২ ॥

হে ভানুমত্যনুপমপ্রণয়াব্ধিমগ্না, স্বস্বামিনোস্ত্বম-
সি মাং পদবীং নয় স্বাং। প্রেমপ্রবাহপতিতাসি
নবঙ্গমঞ্জ,-র্য্যাত্মীয়তামৃতময়ীমপি ধেহি দৃষ্টিম্ ॥ ৩ ॥
হে রূপমঞ্জরি সদাসি নিকুঞ্জযূনো,-র্লীলাকলারস-
বিচিত্রিতচিত্তবৃত্তিঃ। তদ্দত্তদৃষ্টিরপি যৎ সমক-
ল্পয়ং তৎ, সিদ্ধৌ তবৈব করুণা প্রভুতামুপৈতু ॥ ৪ ॥
স্তবাবল্যাং চ। অলং মানগ্রন্থের্নিভৃতচটুমোক্ষায়
নিভৃতং, মুকুন্দে হা হেতি প্রথয়তি নিতান্তং ময়ি
জনে। তদর্থং গান্ধর্ব্বাচরণপতিতংপ্রেক্ষ্য কুটিলম্,
কদা প্রেমক্রৌর্য্যাৎ প্রখরললিতা ভৎসয়তি মাম্ ॥
মুদা বৈদগ্ধ্যাস্তর্ললিতনবকর্পূরমিলন,-স্ফুরন্নানান-
র্ম্মোত্তরমধুরমাধ্বীকরচনম্ ॥ সগর্ব্বং গান্ধর্ব্বা-
গিরিধরকৃতে প্রেমবিবশা, বিশাখা মে দীক্ষাং
বিতরতু গুরুস্তদ্যুগসখী ॥ ৬ ॥
কুহূকণ্ঠীকণ্ঠাদপি কমলকণ্ঠী ময়ি পুন,-র্বিশাখা গান-
স্যাপি চ রুচিরশিক্ষাং প্রণয়তু। যথাহস্তেনৈতদ্-
যুবযুগলমুল্লাস্য সগণা,-ল্লভে রাসে তস্মান্মণিপদক
হারানিহ মুহুঃ ॥ ৭ ॥
ক্বচিৎ কুঞ্জে কুঞ্জে চ্ছলমিলিতগোপালমনুতাম্,
মদীশাম্ মধ্যাহ্নে প্রিয়তরসখীবৃন্দবলিতাম্। সুধা-
জৈত্রৈরন্নৈঃ পচন-রসবি-চ্চম্পকলতা,-কৃতোচ্ছ্বচ্ছি-
ক্ষোল্লয়ং জন ইহ কদা ভোজয়তি ভোঃ ॥ ৮ ॥
ক্বচিৎকুঞ্জক্ষেত্রে স্মর-বিষম-সঙ্গ্রাম-গরিম,-ক্ষরচ্চিত্র
শ্রেণী-ব্রজযুবযুগস্যোৎকটমদৈঃ। বিধত্তে সোল্লাসং

পুনরলময়ং বর্ণকচয়ৈ,-র্বিচিত্রং চিত্রান্তঃ সখিকলিত-
শিক্ষাপ্যনুজনঃ ॥ ৯ ॥
পরং তুঙ্গ্যাস্থা যৌবতসদসি বিদ্যাঽদ্ভুতগুণৈঃ, স্ফুটং
জিত্বা পদ্মাপ্রভৃতিনবনারীর্ভ্রমতি যা। জনোঽয়ং
সম্পাদ্যঃ সখি বিবিধবিদ্যাস্পদতয়া, তয়া কিং
নাথায় চ্ছলমিহিতনেত্রেঙ্গিতলবৈঃ ॥ ১০ ॥
স্ফুরন্মুক্তাগুঞ্জামণিসুমনসাং হাররচনে, মুদেন্দোর্লে-
খামে রচয়তু তথা শিক্ষণবিধিম্। যথা তৈঃ সং-
ক্লিপ্তৈর্দয়িত-সরসী-মধ্যসদনে, স্ফুটং রাধাকৃষ্ণাবয়-
মপি জনো ভূষয়তি তৌ ॥ ১১ ॥
অয়ে পূর্ব্বং রঙ্গেত্যমৃতময়বর্ণদ্বয়রস,-স্ফুরদ্দেবী
প্রার্থ্যং নটনপটলং শিক্ষয়তি চেৎ। তদা রাসে
দৃশ্যং রসবলিতলাস্যং বিদধতো,-স্তয়োর্বক্তে যুঞ্জে
নটনপটু-বীটীং সখি মুহুঃ ॥ ১২ ॥
সদক্ষক্রীড়ায়াং বিধিমিহ তথা শিক্ষয়তু সা, সুদেবী
মে দিব্যং সদসি সুদৃশাং গোকুলভুবাম্। তয়ো-
র্দ্বন্দ্বে খেলামথ বিদধতোঃ স্ফুর্জ্জতি যথা, করোমি
শ্রীনাথাং সখি বিজয়িনীং নেত্রকথনৈঃ ॥ ১৩ ॥
স্তবমালায়াং। কদাহং সেবিষ্যে ব্রততিচমরী-
চামরমরু,-দ্বিনোদেন ক্রীড়াকুসুমশয়নে ন্যস্তবপু-
ষৌ। দরোন্মীলন্নেত্রৌ শ্রমজলকণক্লিষ্টদলকৌ,
ব্রুবাণাবন্যোন্যম্ ব্রজনবযুবানাবিহ যুবাম্ ॥ ১৪ ॥
শ্রীবৃন্দাবনশতকে। গুণৈঃ সর্ব্বৈর্হীনোঽপ্যহমখিল-
জীবাধমতমো,-প্যশেষৈর্দ্দোষৈঃ স্বৈরপি চ বলিতো

দুর্মতিরপি। প্রসাদাদ্যস্যৈবাবিদমহহ রাধাং ব্রজ-
পতেঃ, কুমারং শ্রীবৃন্দাবনমপি স গৌরো মম গতিঃ॥
আলোকামৃতদানতো ভবমহাবন্ধং নৃণাং ছিন্দতঃ,
স্পর্শাৎ পাদ-সরোজশৌচপরসাং তাপত্রয়ং ভিন্দত
আলাপাদ্‌ব্রজনাগরস্য পদয়োঃ প্রেমাণমাতন্বতো,
বন্দে ভাগবতানিমাননুলবং মূর্দ্ধ্না নিপত্য ক্ষিতৌ ॥
হে রূপমঞ্জরি হে মঞ্জুলালি মঞ্জরি। কস্তূরিমঞ্জরি হ
তুলসীমঞ্জরি॥ হে রসমঞ্জরি তথা হে গুণমঞ্জরি। তো
সে হও যুগল-প্রেমের মাধুরী॥ কারুণ্যপূর্ণ-মনোহর-
নেত্রে হেরে। ব্রজকুঞ্জে বাস দিবে মোরে দয়া করে
সেই বৃন্দাবন-কুঞ্জমধ্যে বাস করি। তোমাদিগে ডাকিব
সম্বোধন করি॥ ১॥ নিজনাথপাদপদ্মসেবার সাত
সম্পদ, তোমার সাম্য নাহি মিলে সত্য॥ ওহে মঞ্জুল
তুমি প্রসন্ন হও মোরে। হে গুণমঞ্জরি তোমায় প্র
বিস্তরে॥ দয়া কর নিজ গুণে বলি বারে বারে।
রসমঞ্জরি এবার উদ্ধারহ মোরে॥২॥ ওহে ভানুমতি তো
করিয়ে প্রার্থনা। নিজ পদবীতে লও বলে নিজজনা॥
তথা তব নাথ দোঁহা-প্রেমোদধি। নিরুপম সে সা
মগ্না নিরবধি॥ সেই প্রেমামৃতসিন্ধুর প্রবাহে পতি
লবঙ্গমঞ্জরি তোমায় নিবেদি সতত॥ আত্মীয়তা সুধ
দৃষ্টি দিয়া মোরে। পাপ তাপ নাশি এবার করহ উদ্ধারে।
নিকুঞ্জে কিশোরী কিশোরের কেলিকলা। রসবিচিত্রি
চিত্তবৃত্তিকুতূহলা॥ 'সদা হও তুমি ওহে শ্রীরূপমঞ্জ

্যি সম্পাদিব। তার সিদ্ধি হেতু তব দয়ারি প্রভাব ॥৪॥
ভূত নিকুঞ্জ বনে মানিনী সে রাধা। তাঁর মানগ্রন্থিতে কৃষ্ণ
ান্তর বাঁধা।। হে মুকুন্দ নিজ-বন্ধ মুক্ত না করিলে। অন্য
ন মুক্তি দেও কিসে সবে বলে।। এই কথা কুঞ্জে যথা
মার বলাতে। নিতান্ত দেখিয়া দান্ত কৃষ্ণ তজ্জন্যেতে॥
ন্ধর্ব্বিকা মানিনীর চরণ-কমলে। পতিত দেখিয়া তবে
ল শ্যামলে।। প্রেমের কৌশলে তবে কুশলা ললিতা।
সিবে আমাকে কবে করিয়া মমতা ॥ ৫ ॥ যুগলকিশোর-
ী বিশাখিকা মোরে। হর্ষ গর্ব্ব বিদগ্ধতা যাহার অন্তরে॥
া নর্ম্মোত্তর বাক্য অতি সুমধুরে। যাতে নবকর্পূর মিলি
লিত্য সে স্ফুরে।। এতাদৃশ মাধ্বীক-রচনা যেহ করে।
ন্ধর্ব্বিকা-গিরিধারি-প্রেম-রসভরে॥ কবে মোরে উপদেশ
ব কৃপা করে। শিক্ষাগুরু হয়ে আমায় করুণা অন্তরে॥৬
কণ্ঠী কণ্ঠ জিনি যে কোমলকণ্ঠা। বিশাখিকা সখী লাগি
ব উৎকণ্ঠা॥ মনোহর গানে শিক্ষা দিবে যে আমারে।
তে করিব প্রীত যুগল-কিশোরে।। সখীগণ সহ দোঁহার
স হইবে। মণি-পদকের হার দিবে মোরে কবে।।
াতোষিক পাই তবে মহারাসস্থলে। কবে হেন দিন
তব কৃপা-বলে॥ ৭ ॥ সঙ্কেত-কাননে প্রিয়নর্ম্মবৃন্দযুতা।
ত নিকুঞ্জে রাধা জানিয়া এ বার্ত্তা।। কৃষ্ণচন্দ্র ছল করি
কুঞ্জে মিলে। এমন সময়ে আমি আসি কুতূহলে।।
রস-বিদগ্ধা চম্পকলতা ঠাঁই। করিব সে স্বাদু পাক যথা
া পাই।। সে পক্কান্ন কবে আমি ভোজন করাব।
র পশ্চাতে রাধায় সে সব অর্পিব।। চম্পকলতার কবে

হেন কৃপা হবে। সুধা-স্বাদু পাক করা মোরে শিখাই
৮॥ দোঁহা অন্তরঙ্গা সখী চিত্রাদেবী কবে। তুলিকা চি
কার্য্য মোরে শিখাইবে॥ তবে যাই রাধাশ্যামে কুঞ্জ
হেরি। বিষম-স্মর-সংগ্রামে স্খলিতকবরী॥ রতিরণ
স্খলিত চিত্র-তিলক। চিত্রক-রচনা অঙ্গে দেখিব পৃথক॥
যুগকিশোরের উন্মদ এ ভাবে। বর্ণক-নিচয়ে পুন চি
করিবে॥ হেন সে সৌভাগ্য সুদিন এ জনার কবে।
সখীর অনুগত এ জন হইবে॥ ৯॥ তুঙ্গবিদ্যা সখী
বিদ্যাতে নিপুণা। জিনিয়া সে পদ্মা আদি নবনারীজ
নৃত্য গীত বাদ্য কলা ইন্দ্রজাল যত। যাঁহার অনু
বিদ্যাতে বিখ্যাত॥ কবে মোরে কৃপা করে সে সব শিখ
নেত্রেঙ্গিত মাত্রে বুঝিব ছল সবে॥ নিজ প্রাণনাথ
ছলনা উদ্দেশে। সভাতে করিবে মোরে ইঙ্গিতে আদে
চক্ষুর নিমিষে আমি সে কার্য্য বুঝিয়া। সম্পন্ন করিব
অনুগত হৈয়া॥ ১০॥ রাধাকুণ্ড শ্যামকুণ্ড দুয়ের
স্থানে। নিভৃত নিকুঞ্জে কিবা কুসুম-সদনে॥ রাধা
যুগল-বিলাস সদা দেখে। কৃপা কর মোরে ওহে সখী
রেখে॥ মুক্তাহার গুঞ্জাহার মণি-পুষ্প-হার। গাঁথিয়
দিতে মহানৈপুণ্য তোমার॥ কবে তব মালাগাঁথা-
শিখাইবে। অনুগত হৈয়া মালা এ জন পরাবে॥
কৃষ্ণপ্রিয়া রঙ্গদেবি নর্ম্ম কুতূহলি। রঙ্গভঙ্গী গান নৃত্য
সহ আলি॥ নিজে যেমন রঙ্গিণী সঙ্গিনী তেমতি।
কিশোর তোমা হেরে হৃষ্টমতি॥ তুমি কৃপা করি সব

গত হৈয়া যুগল-বদনে। কবে বীটী দিব আমি নটন-
[ঙ্গে ॥ ১২ ॥ পাশাখেলা-বিধি-শিক্ষা দেও হে সুদেবি।
-সুলোচনাসভায় দিব্য অনুভাবি ।। এতাদৃশ দিব্য অক্ষ-
া ভালমতে। শিখাবে নিপুণ করি সর্ব্ববিধায়েতে ।।
যুগল-কিশোরে যবে খেলাইবে। পাশক্রীড়ায় সখী সভা
য়া বসিবে ।। তবে আমি নেত্রভঙ্গী করিয়া প্যারিরে।
য়িনী করাব সে সুকৌশল করে ॥ ১৩ ॥ নিভৃতনিকুঞ্জে
ড়া কুসুম-শয্যাতে। নিহিত দোঁহার দেহ আরাম করিতে॥
স্পর রস-কথা কহে পরস্পরে। ব্রজনবযুবরাজ কিশোরী
শারে ।। ঈষদুন্মীলিত-নেত্র নিজানন্দ ভরে। শ্রমজল-
ক্লিন্ন অলকা-বিস্তারে ।। ব্রততি-চামর-বায়ু-ব্যজন-
নাদে। কবে দূর করিব দোঁহার রতি-স্বেদে ।। ১৪ ।।
গুণহীন সর্ব্বজীবাধমতম। অশেষ-স্বভাবদোষের হই
সম ।। দুরাচার দুর্ম্মতি দুষ্টপাপকর্ম্মাচারী। এমন নির্ঘৃণ
য় যিনি দয়াকারী ।। যাঁহার প্রসাদে আমি জানি বৃন্দা-
শ্রীরাধিকা সহগণ ব্রজেন্দ্র-নন্দন ।। হেন শ্রীগৌরাঙ্গ
প্রেমের সাগর। অগতির গতি মোর প্রাণের ঈশ্বর॥
অতঃপর গৌরভক্তে করিয়া প্রণাম। প্রার্থনা করিবে
সিদ্ধ মনস্কাম ।। যাঁহাদের আলাপে হয় প্রেমভক্তি-
। যাতে প্রীত হন ব্রজনাগর পদ্মনাভ ।। রাধাপ্রাণ-
পাদপদ্মপ্রাপ্তি হয়। সখী অনুগত সেবায় কৃষ্ণে সন্তো-
। ভক্তগণ সন্দর্শন দিয়েন যাহারে। আলোক-অমৃত
তৃপ্ত করি নরে ।। তার মহাবন্ধোচ্ছেদ অচিরাতে হয়।
বত-লোক-কৃপা সর্ব্বোৎতময় ।। জয় গৌরভক্তপাদপদ্ম-

শৌচজল। স্পর্শে তাপত্রয় নাশি করে সুমঙ্গল।। গুণের নিধি ভাগবত জনে। ভূমিতে পড়িয়া পদে অনুক্ষণে।। সেই পদরজঃ শিরে করি এই আশে। দ্বীপচন্দ্রদাস লালসা প্রকাশে।। ১৬।। অতঃপর সে জ হইয়া সাবধান। করিবে সে উচ্চৈর্নামসঙ্কীর্ত্তন গান।।

শ্রীমন্নবদ্বীপকিশোরচন্দ্র, হা নাথ বিশ্বম্ভর নাগরে হা শ্রীশচীনন্দন চিত্তচোর, প্রসীদ বিষ্ণুপ্রিয়য়েশ গৌর।। শ্রীকৃষ্ণ গোপাল হরে মুকুন্দ, গোবিন্দ হে নন্দকিশোর হা শ্রীযশোদাতনয় প্রসীদ, শ্রীবল্লবীজীবন রাধিকেশ।।

তমালশ্যামলঃ কৃষ্ণো ঘূর্ণতে রাসলীলয়া।
কিঙ্কিণীনূপুরাদীনাং ভূষণানাঞ্চ সিঞ্জিতৈঃ।।
মাধবো রাধয়া সার্দ্ধং গোপীভিঃ সহ মোদতে।
রাধাকৃষ্ণেতি সঙ্গীতং গোপ্যো গায়ন্তি সুস্বরম্।।
রাধাকৃষ্ণো নরীনর্ত্তি হস্তকাম্বুপদক্রমৈঃ।
স্বরসম্মূর্চ্ছনালাপতৌর্য্যত্রিকরতঃ স্বয়ম্।।

জয় কৃষ্ণমনোহর যোগতরে। যদুনন্দন নন্দকিশোর হ জয়তীহ কদম্বতলে ললিতঃ। কলবেণুসমীরিতগানরতঃ।। রাধিকয়া হরিরেকমতঃ। সততং তরুণীজনমধ্যগতঃ।। ভানুসুতা পরমাপ্রকৃতিঃ। পুরুষো ব্রজরাজসুতঃ সুকৃ ইহ নৃত্যতি গায়তি বাদয়তে। সহ গোপিকয়া বি রমতে।। যমুনাপুলিনে বৃষভানুসুতা। নবনীতসুকো বাহুলতা।। পরিরভ্য হরিং প্রিয়মাত্মসুখম্। পরিচুম্বতি শ চন্দ্রমুখম্।। রসিকো ব্রজরাজসুতঃ স্মরতে। রসিকাং ভানুসুতাং ভজতে।। নবপল্লবকল্পিততল্পগতাম্।

মনোভবভাবগতাম্ ॥ বসুদেবসুতোরসি হেমলতা।
পীনপয়োধরভারলতা ॥ শয়নং কুরুতে বৃষভানুসুতা।
রীতরতিশ্রমবিন্দুযুতা ॥ জগদাদিগুরুং ব্রজরাজসুতম্।
মামি সদা বৃষভানুসুতাম্ ॥ নব-নীরদ-সুন্দর-নীল-তনুম্।
চ্চুজ্জ্বল-কুণ্ডলিনী-সুতনুম্ ॥ স্মিতখণ্ড-শিখণ্ড-লসম্মুকুটম্।
ী-পরিবদ্ধ-কিরীট-ঘটাম্॥ কমলাশ্রিত-খঞ্জন-নেত্রযুগম্।
রাকৃতি-কুণ্ডল-গণ্ডযুগাম্ ॥ পরিপূর্ণ-মৃগাঙ্ক-সুচারু-মুখীম্।
হাস-সুধাময়-চন্দ্র-মুখম্ ॥ মধুরাধর-সুন্দর-পদ্মমুখীম্।
কুণ্ডল-মণ্ডিত-গণ্ডযুগম্ ॥ কনকাঙ্গদ-শোভিত-বাহুধরম্।
কঙ্কন-শোভিত-শঙ্খধরাম্ ॥ মণিকৌস্তুভ-ভূষিত-হার-যুতম্
কুম্ভ-বিরাজিত-হার-লতাম্॥ তুলসী-দল-দাম-সুগন্ধি-তনুম্
চন্দন-চর্চ্চিত-গৌরতনুম্ ॥ তনুভূষণ-পীতধটী-ত্বরিতম্।
নান্বিত-নীল-নিচোল-যুতাম্॥ কল-নূপুর-হংস-বিলাস-গতিম্
সাঞ্চল-দিগ্গজরাজ-গতিম্ ॥ রতিনাথ-মনোহর-বেশ-ধরাম্
নাথ-মনোহর-বেশ-ধরাম্॥ মণিনির্ম্মিত-পঙ্কজ-মধ্যগতম্।
রাস-মনোহর-মধ্যগতাম্। মুরলী-মধুর-শ্রুতি-রাগ-পরম্।
সপ্ত-সমন্বিত-গান-পরাম্ ॥ নব-নায়ক-বেশ-কিশোরিকয়া
াজসুতঃ সহ রাধিকয়া ॥ ইতরেতর-বদ্ধ-কর-ভ্রমণম্।
ত কুসুমায়ুধ-কেলি-রণম্॥ অধিকাধিক-মাধব-রাধিকয়োঃ
াস-পরস্পর-মণ্ডলয়োঃ ॥ মণি-কঙ্কণ-সিঞ্জিত-তালঘনম্।
ত সনকাদিমুনের্মননম্ ॥ বৃষভানুসুতা ব্রজরাজসুতঃ।
হীহ যথাবিধি-যন্ত্রগতঃ ॥ সহযোগগতোয়মিতোন্তরতঃ।
-প্রতিমা মণি-মারকতঃ॥ উভয়োভয়রাধিকয়োর্দয়িতো।
ান্তরতো ব্রজরাজসুতৌ ॥ উভয়োভয়মাধবয়োর্দয়িতে।

পৃথগন্তরতো বৃষভানুসুতে॥ বৃষভানুসুতা-ভুজবদ্ধগ
কুশলো ব্রজরাজসুতঃ সকলঃ॥ যদুনন্দনয়োর্ভুজবদ্ধগলা
কুশলা বৃষভানুসুতা সকলা॥ বৃষভানুসুতা ব্রজরাজসু
ব্রজরাজসুতো বৃষভানুসুতা॥ কেলিকদম্বতলে বনমা
নৃত্যতি চঞ্চল-চন্দ্রক-মৌলিঃ॥ রাধিকয়া সহ রাসবিলা
গোপবধূ-প্রিয়-গোকুলবাসী॥ ক্রীড়তি রাধিকয়া সহ কৃষ্ণ
শ্রীমুখচন্দ্র-সুধারস-তৃষ্ণঃ॥ নর্ত্তক-খঞ্জন-লোচন-লো
কুণ্ডল-মণ্ডিত-চারু-কপোলঃ॥ কুঞ্জগৃহে কুসুমোত্তম-তল্পে
সূর্য্যসুতাজল-বায়ুরনল্পে॥ কেশব আদিরসং প্রতি শে
রাধিকয়া সহ চন্দনশীতে॥ রাসরসে সুবিরাজতি রাধ
চন্দন-চর্চ্চিত-পঙ্কজ-গন্ধা॥ মাধব-সঙ্গম-রঙ্গিত-রঙ্গা। পূ
মনোরথ-মন্মথ-গঙ্গা॥ শ্যামল-কোমল-দিব্য-শরীরী। নিজ
কৃত-নন্দকিশোরী॥ ভাবময়ী বৃষভানুকিশোরী। কাঞ্চন-চ
কুঙ্কুম-গৌরী॥ রাধয়োরাধয়োর্মধ্যতো মধ্যতঃ। মাধ
মাধবো মণ্ডলে মণ্ডলে॥ রাধিকা রাধিকা মাধবং চুম্বতি
মাধবো মাধবো রাধিকাং শ্লিষ্যতি॥ রাধিকা রাধি
মাধবং গায়তি। মাধবো রাধিকাং বেণুনা পায়তি॥ কল্পি
মণ্ডলে রাধিকা রাজতে। মাধবো মাধবো যোগি
ধ্যায়তে॥ রাধিকা রাধিকা চান্তরেনান্তরা। মাধবো মাধ
শ্চান্তরেনান্তরা॥ রাধিকা রাধিকা মাধবো মাধবঃ। মাধ
মাধবো রাধিকা রাধিকা॥ মাধবো মাধবো রাধি
রাধিকা। রাধিকা রাধিকা মাধবো মাধবঃ॥

রাসাবতারবিস্তারং বংশীবদনসুন্দরম্।
রতিকামমদাক্রান্তং রাধাকৃষ্ণং ভজাম্যহম্॥

ভ্রমন্তং রাসচক্রেণ, নৃত্যন্তং তালসিঞ্জিতৈঃ।
গোপীভিঃ সহ গায়ন্তং, রাধাকৃষ্ণং ভজাম্যহম্॥
রাসমণ্ডলমধ্যস্থং, প্রফুল্লবদনাম্বুজম্।
অন্যো ঽন্য হৃদয়াসক্তং, রাধাকৃষ্ণং ভজাম্যহম্॥
বিদ্যুদ্গৌরীঘনশ্যামং, প্রেমালিঙ্গনতৎপরম্।
পরস্পরোরুমধ্যাঙ্গং, রাধাকৃষ্ণং ভজাম্যহম্॥
রাধিকারূপিণং কৃষ্ণং, রাধাং মাধবরূপিণীম্।
রাসযোগানুরাগেন, রাধাকৃষ্ণং ভজাম্যহম্॥
রাসক্রীড়াপরিক্লান্তং, মধুপানপরায়ণম্।
তাম্বুলমুখপূর্ণেন্দুং, রাধাকৃষ্ণং ভজাম্যহম্॥
রাসোল্লাস-কলা-পূর্ণ-গোপীমণ্ডল-মণ্ডিতম্।
শ্রীরাধারাধনাকাঙ্ক্ষং, কৃষ্ণচন্দ্রমুপাস্মহে॥
শ্রীরাধাকৃষ্ণদাসোঽহম্, প্রার্থয়ে জন্ম-জন্মনি।
রাধাকৃষ্ণ-সুধাসিন্ধু-রাস-গঙ্গাঙ্গসঙ্গমে॥
অবগাহ্য মনোহংস বিরহ ত্বং মহাসুখম্।
রাসগীতাং পঠেদ্যস্তু, শৃণুয়াদ্বাপি যো নরঃ॥
বাঞ্ছাসিদ্ধির্ভবেত্তস্য, মুখে ভাতি সরস্বতী।
ধর্ম্মার্থকামকৈবল্যং, লভতে সত্যমেব সঃ॥

বৈষ্ণব গোসাঞি কৃপা করহ কিঞ্চিৎ। তবে সে পূরিবে মনের বাঞ্ছিত॥

ইতি শ্রীবৈষ্ণবাচারদর্পণে শ্রীবৈষ্ণবসর্ব্বস্বে নিত্যলীলা-স্মরণং নাম তৃতীয়ো বিভবঃ।

———

চতুর্থ বিভবঃ।

শ্রীগুরু-গৌরাঙ্গ-পদ-সেবার বাসনা। করিয়া শ্রীগ
সেবা করিয়ে প্রার্থনা॥

অজ্ঞানতিমিরান্ধস্য, জ্ঞানাঞ্জনশলাকয়া।
চক্ষুরুন্মীলিতং যেন, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ১॥
অখণ্ডমণ্ডলাকারং, ব্যাপ্তং যেন চরাচরম্।
তৎপদং দর্শিতং যেন, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ২॥
সচ্চিদানন্দৈকরূপম্, মহান্ধতিমিরাপহম্।
শব্দাতীতং পরং ধাম, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ৩॥
গুরুর্ব্রহ্মা গুরুর্বিষ্ণু,-র্গুরুর্দেবো মহেশ্বরঃ।
গুরুরেব পরং ব্রহ্ম, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ৪॥
যজ্জ্ঞাত্বা বিনিবর্ত্তন্তে, গুণাঃ প্রকৃতিসম্ভবাঃ।
বিভূতিভূষিতা সিদ্ধি,-স্তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ৫॥
নরায় নররূপায়, পরমাত্মকমূর্ত্তয়ে।
সর্ব্বজ্ঞানবিভেদায়, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ৬॥
স্বতন্ত্রায় দয়াক্লৃপ্ত,-বিগ্রহায় শিবাত্মনে।
পরতন্ত্রায় ভক্তানাম্, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ৭॥
প্রকাশানাং প্রকাশায়, জ্ঞানিনাং জ্ঞানরূপিণে।
সচ্চিদানন্দ-রূপায়, তস্মৈ শ্রীগুরবে নমঃ॥ ৮॥
নমো গৌর-স্বরূপায়, নিত্যানন্দাত্মজায় বৈ।
শ্রীমতে বীরচন্দ্রায়, নমোঽস্তু পরমাত্মনে॥ ১॥
নিত্যানন্দৈকপ্রাণায়ৈ দেব্যা বসুধয়া সহ।
মাত্রে শ্রীবীরভদ্রস্য জাহ্নবায়ৈ নমো নমঃ॥ ২॥

নিত্যানন্দায় নিত্যায়, নিত্যপ্রেমপ্রদায়িনে।
রাধানন্দস্বরূপায়, গৌরাঙ্গায় নমো নমঃ॥ ৩॥
নমশ্চৈতন্যচন্দ্রায়, কোটিচন্দ্রাননত্বিষে।
প্রেমানন্দাব্ধিরূপায়, চারুচন্দ্রাংশুহাসিনে॥ ৪॥
অচ্যুতানন্দপিত্রে শ্রী,-প্রেমভাণ্ডারিস্বরূপিণে।
অদ্বৈতায় নমো নিত্যং, মাধুর্য্যায় নমো নমঃ॥ ৫॥
গান্ধর্ব্বিকাস্বরূপায়, গৌরাঙ্গপ্রেমসম্পদে।
গদাধরায় মে নিত্যং, নমোঽস্তু হি কৃপালবে॥ ৬॥
শ্রীরাধাবাসচিত্তায়, গৌরাঙ্গকরুণার্থিনে।
প্রেমাঙ্গভক্তভূপায় শ্রীবাসায় নমো নমঃ॥ ৭॥
চৈতন্যপ্রীতিপাত্রায় শ্রীস্বরূপাদিকায় চ।
প্রেমাব্ধৌ পরহংসায় তস্মৈ নিত্যং নমো নমঃ॥ ৮॥

কৃষ্ণোৎকীর্ত্তনমগ্ন-নর্ত্তনপরৌ প্রেমামৃতাম্ভোনিধী,
ধীরাধীরজনপ্রিয়ৌ প্রিয়করৌ নির্ম্মৎসরৌ পূজিতৌ।
শ্রীচৈতন্যকৃপাভরৌ ভুবি ভুবো ভারাবহন্তারকৌ,
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ১॥
নানাশাস্ত্রবিচারণৈকনিপুণৌ সদ্ধর্ম্মসংস্থাপকৌ,
লোকানাং হিতকারিণৌ ত্রিভুবনে মান্যৌ শরণ্যাকরৌ।
রাধাকৃষ্ণপদারবিন্দভজনানন্দেন মত্তালিকৌ,
বন্দে রূপ-সনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ২॥
শ্রীগোবিন্দগুণানুবর্ণনবিধৌ শ্রদ্ধাসমৃদ্ধ্যান্বিতৌ,
পাপোত্তাপকুলোদ্ভবাং তনুভৃতাং গৌরাঙ্গগানামৃতৈঃ।
আনন্দাম্বুধিবর্দ্ধনৈকরসিকৌ কৈবল্যনিস্তারকৌ,
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ৩॥

ত্যক্ত্বা তূর্ণমশেষমণ্ডলপতিশ্রেণীমতাং তম্মহী,
সর্ব্বার্থাদিগণেশকৌ, করুণয়া কৌপীণকন্থাশ্রিতৌ।
গোপীভাবরসামৃতাব্ধিলহরীকল্লোলমগ্নৌ মুহুঃ।
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ৪

কূজৎকোকিলহংসসারসগণাকীর্ণে ময়ূরাকুলে,
নানারত্ননিবদ্ধমূলবিটপশ্রীযুক্তবৃন্দাবনে।
রাধাকৃষ্ণমহর্নিশং প্রভজতৌ জীবান্বিতৌ যৌ মুদা,
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ৫।

রাধাকুণ্ডতটে কলিন্দতনয়া-তীরে চ বংশীবটে,
প্রেমোন্মাদবশাদশেষদশয়া গ্রস্তৌ প্রমত্তৌ সদা।
গায়ন্তৌ চ কদা হরের্গুণবরম্ ভাবাভিভূতৌ মুদা,
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ৬

সংখ্যাপূর্ব্বক-নাম-গান-নতিভিঃ কালাবসানীকৃতৌ,
নিদ্রাহারবিহারকাদিবিজিতৌ চাত্যন্তদীনৌ চ যৌ।
রাধাকৃষ্ণমহর্নিশং প্রভজতৌ জিহ্বৌকৃতৌ যৌ মুদা,
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ৭।

হে রাধে ব্রজদেবিকে চ ললিতে হে নন্দসূনো কুতঃ,
শ্রীগোবর্দ্ধনকল্পপাদপতলে কালিন্দি বন্যে কুতঃ।
ঘোষন্তাবিতি সর্ব্বতো ব্রজপুরে স্বেদৈর্মহাবিহ্বলৌ,
বন্দে রূপসনাতনৌ রঘুযুগৌ শ্রীজীবগোপালকৌ॥ ৮॥

জয় জয় গুরুদেবের চরণ-কমল। যাহার স্মরণে নাশে সর্ব্ব অমঙ্গল॥ অনঙ্গমঞ্জরী শ্রীজাহ্নবা পদ স্মরি। এবে গৌর সেবা-তত্ত্ব সুনির্দ্দেশ করি॥ জয় জয় গৌরচন্দ্র সর্ব্ব রসাধান। জয় প্রেম-কল্পতরু প্রেমের নিদান॥ জয় নব

ধ ভক্তি পদ্মবন-রূপ। তাহাতে মাধুর্য্য-মধু নিজের স্বরূপ॥ হাতে সুগন্ধি কর ভক্তজন-মন। জয় নিত্যানন্দ-তনু দ্বৈত-জীবন॥ জয় গদাধর-প্রাণনাথ বিশ্বম্ভর। জয় শ্রীবাসাদি-ভক্তগণের ঈশ্বর॥ জয় জয় মহাপ্রভু শ্রীকৃষ্ণ-চৈতন্য। কলিযুগ-পাবনাবতার ধন্য ধন্য॥ ভক্তগণ সহ তোমার নদিয়া বিহার। হৃদয়েতে নিরন্তর স্ফুরুক আমার॥ জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নিত্যানন্দ। জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর-ভক্তবৃন্দ॥ জয় জয় শ্রীরাধাগোবিন্দ গোপীনাথ। জয় রাধামদনমোহন প্রাণনাথ॥ জয় বৃন্দাবন-সুরতরু-তল-স্থিতি জয় খড়দহে রাধা শ্যামল শ্রীমূর্ত্তি॥ কোটি কোটি মন্মথমথন সেই মূর্ত্তি। রামচন্দ্র-প্রকাশিতে জাহ্নবার প্রীতি॥ জয় রূপ সনাতন ভট্ট রঘুনাথ। শ্রীজীব গোপাল ভট্ট দাস রঘু-নাথ॥ এই ছয় গোসাঁইর করি চরণ বন্দন। যাহা হৈতে বিঘ্ন নাশ অভীষ্ট পূরণ॥ এই ছয় গোসাঁই চৈতন্যের প্রেম-পাত্র। এ সবার কৃপায় গৌর মিলয়ে সর্ব্বত্র॥ জয় জয় ভক্তবৃন্দ কৃপা কর মোরে। শ্রীচরণাম্বুজ রজ ধরি মোর শিরে॥ দন্তে তৃণ ধরি আমি করি নিবেদন। রাধা-কৃষ্ণ-লীলামৃতে ডুবু মোর মন॥ সর্ব্ব বৈষ্ণবের পদ করিয়া বন্দন। শ্রীগৌরাঙ্গ অঙ্গ সেবা করিয়ে প্রার্থন॥ প্রথমে কহিয়ে কিছু শ্রীচৈতন্যতত্ত্ব। সংক্ষেপেতে সর্ব্ব সার হইবে বিদিত॥ কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি লিখন। চৈতন্য-চরিতামৃতে সুস্পষ্ট বচন॥ মধ্যখণ্ডে অষ্টম পরিচ্ছেদে নিরূপণ। রামানন্দরায়োদ্দেশে প্রভুর কথন॥ সনাতন শিক্ষা আদি যতেক বর্ণন। তাহা দেখি শুনি জানি বুঝিবে

ভক্ত জন ॥ ইথে মোর দোষ গুণ কিছু না লইবে। যা
যেই মত ভাব বুঝিয়া লইবে ॥ আর দেখ বৈষ্ণব-স্মৃতিশাস্ত্র
গ্রন্থকর্ত্তা। গোপালভট্ট গোস্বামি হন সর্ব্বশাস্ত্র-বেত্তা
তাঁর দীক্ষাগুরু-প্রবোধানন্দ-সরস্বতী। গৌরাঙ্গ কৃপা
সাক্ষাৎ প্রেমসরস্বতী ॥ তাঁহার প্রণীত শ্রীচৈতন্যচন্দ্রামৃত
পরে তার কয় শ্লোক করিব সুব্যক্ত ॥ প্রথমে কহিয়ে শ্রীরূ
গোস্বামি লিখন। স্তবমালা গ্রন্থে গৌর অষ্টকে বর্ণন ॥

কলৌ যং বিদ্বাসঃ স্ফুটমভিযজন্তে দ্যুতিভরা,-
দকৃষ্ণাঙ্গং কৃষ্ণং মখবিধিভিরুৎকীর্ত্তনময়ৈঃ।
উপাস্যঞ্চ প্রাহুর্যমখিলচতুর্থাশ্রমযুষাম্,
স দেবশ্চৈতন্যাকৃতিরতিতরাং নঃ কৃপয়তু ॥

কলিযুগে বিজ্ঞলোকে, সঙ্কীর্ত্তন যজ্ঞে যাঁকে, প্রকা
ভজন করে ভাই। জায়ন্তেয় মুনিবাক্য, গর্গ বাক্যে ক
ঐক্য, স্পষ্ট জানি গৌরচন্দ্র এই ॥ শুক্লো রক্ত-স্তথাপীত
ইদানীং কৃষ্ণতাং গত, এই হয় গর্গের বচন। সর্ব্ববেদান্তে
সার,-ভাগবতগ্রন্থবর,-দশমস্কন্ধে স্পষ্ট লিখন ॥ শুক্লরক্ত
পীত কৃষ্ণ, গর্গ বাক্যে করি দৃষ্ট, শুক্ল, রক্ত কৃষ্ণ পূর্ব্ব যুগে
কলিযুগ পরিশিষ্ট, পীতবর্ণ অবশিষ্ট, পরিশিষ্টে পরিশি
লাগে ॥ অতএব কলিযুগে, সঙ্কীর্ত্তন মহাযজ্ঞে, বিজ্ঞলোকে
যজে গৌরচন্দ্র। সন্যাসীর চিন্তনীয়, পুরুষ সুবর্ণম
শ্রীচৈতন্য সন্যাসীর ইন্দ্র ॥ চৈতন্যবিগ্রহদেব, সকল দেবে
দেব, করুণা করিবে মো সবারে। চৈতন্যের কৃপা হৈলে
প্রেমভক্তিরত্ন মিলে, প্রেমযোগে সেবিব তাঁহারে ॥

সদোপাস্যঃ শ্রীমান্ ধৃতমনুজকায়ৈঃ প্রণয়িতাম্,
বহদ্ভির্গীর্ব্বাণৈর্গিরিশ-পরমেষ্ঠি-প্রভৃতিভিঃ।
স্বভক্তেভ্যঃ শুদ্ধাং নিজভজনমুদ্রা-মুপদিশন্,
স চৈতন্যঃ কিং মে পুনরপি দৃশোর্যাস্যতি পদম্॥

শিব ব্রহ্মা আদি দেবে, সতত চরণ সেবে, নরদেহ করিয়া ধারণ। আছে চিহ্ন অনুভাব, পুরুবের প্রেমভাব, দেখি সবে বৈষ্ণব লক্ষণ॥ এ হেন দয়াল প্রভু, না দেখি না শুনি কভু, ভক্তরূপী স্বয়ং ভগবান। আপন ভজন তত্ত্ব, আপনি করিয়া ব্যক্ত, ভক্তে করে ভক্তি-শিক্ষা-দান॥ মহা-প্রভু-শ্রীচৈতন্য, রূপ-শোভা-জ্ঞান-পুণ্য,-সম্ভার সম্পদ লক্ষ্মী যাঁর। পুন কি সে দিন হবে, নয়ন গোচর হবে, শ্রীচরণ-কমল তাঁহার॥

ভাগবতে একাদশস্কন্ধের প্রমাণে। সত্য আদি চারি-যুগে ধর্ম্মের কথনে॥

ইতি দ্বাপর উর্ব্বীশ স্তুবন্তি জগদীশ্বরম্।
নানা-তন্ত্র-বিধানেন কলাবপি তথা শৃণু॥
কৃষ্ণবর্ণং ত্বিষাকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সঙ্কীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥

মুনীন্দ্র কহয়ে শুন ওহে পৃথ্বীপতি। ভগবানে স্তুতি করা এই ধর্ম্মরীতি॥ দ্বাপরযুগের এই পরিচর্য্যা ধর্ম্ম। কহি-লাম এবে শুন কলিযুগ ধর্ম্ম॥ নানাবিধ তন্ত্রশাস্ত্র সুবিধান-মতে। যে যজিবে তার সিদ্ধি হবে অচিরাতে॥ অন্তরে শ্যামলবর্ণ বাহিরে গৌরাঙ্গ। ইন্দ্র নীলমণি তুল্য উজ্জ্বল সর্ব্বাঙ্গ॥ অঙ্গ নিত্যানন্দ আদি উপাঙ্গ যতেক। অদ্বৈত

গদাধর পার্ষদ অনেক।। শ্রীবাসাদি ভক্ত বৃন্দ সঙ্গে
লইয়া। নাম রূপি অস্ত্র আছেন সতত ধরিয়া।। সঙ্কীর্ত্ত
প্রায় যজ্ঞ দ্বারা তাঁকে যজে। সুমেধা লোকেতে সব ছা
তাঁরে ভজে॥ সাঙ্গোপাঙ্গ-পারিষদ লইয়া বিহার। ক
কল্পান্তরে ভক্ত পাইবে নিস্তার॥ গোকুলবিহারী কৃষ্ণ হ
অবতারী। সর্ব্বরূপ ধরে সর্ব্বময় অধিকারী॥ গোপীগ
দেখাইল শ্রীরাম স্বরূপ। সেতু বন্ধ দেখাইল অতি অপরূপ
সেতু বন্ধ দেখি আনন্দিত গোপীগণে। রঘুনাথ রূপ দেখা
ইল কাম্যবনে॥ গোপীগণ নিবেদন কৃষ্ণ প্রতি কৈলে
ক্ষীরোদ-সমুদ্রশায়ী কি রূপে হইলে॥ নাভিপদ্মে ব্রহ্মোদ্
ক্ষীরোদশয়নে। কৃপাকরি দেখাইলেন সব গোপীগণে।
অবতারী নানাশক্তি নানারূপ হয়। অবতারের এত শ
কোন কালে নয়॥ লীলা-অবতার ব্রহ্মার প্রতি দিনে হয়
শ্রীচৈতন্য অবতার ব্রহ্মার দিনে নয়॥ সর্ব্ব অবতার সা
চৈতন্য গোসাঁই। অংশ কলা অবতার তাহাতে মিশাই।
আর সব বৈভব আর প্রাভব বিহিত। পরাবস্থা আদি স
চৈতন্যে মিলিত।। রসরাজ-মহাভাব-মাধুর্য্য-স্বরূপ। শ্রীকৃষ্ণ
চৈতন্য হন সর্ব্বরসভূপ॥ সর্ব্ব অবতার-ভক্ত হইয়া এক-
ত্রিত। আসিয়া মিলিল সবে চৈতন্য সহিত॥ যার যে
ভাব তাহা দেখান অনেক। রুক্মিণীর ভাবে কেহ দেখয়ে
প্রত্যেক।। সত্যভামা ভাব কেহ দেখে আনন্দিত। যার
যেই ভাব দেখে ভাবনা বিহিত।। মৎস্য কূর্ম্ম উপাসন
ছিল যে পূর্ব্বেতে। সেই ভাব দেখে এবে চৈতন্য অঙ্গেতে॥
শ্রীরাম স্বরূপ কেহ দেখয়ে নয়নে। ষড়্‌ভুজ রূপ কেহ দেখে

বস্তুমানে॥ তার্কিক পাষণ্ড দেখে বিরাটের রূপ। নদিয়া
াগরী দেখে কন্দর্প স্বরূপ॥ কেহ বা দেখয়ে তাঁকে সন্ন্যাসী
রূপ। কেহ দেখে মহাভাব রসরাজ রূপ॥ রামানন্দ
ায়ে প্রভু ইহা দেখাইল। কৃষ্ণদাস-কবিরাজ গ্রন্থেতে
লখিল॥ মধ্যখণ্ডে অষ্টম পরিচ্ছেদ প্রমাণ। দেখিলে
শুনিলে বুঝে লোক ভাগ্যবান॥ তবে হাঁসি তারে প্রভু
দেখাইল স্বরূপ। রসরাজ মহাভাব মিলি এক রূপ॥ দেখি
মানন্দ হৈল আনন্দে মূর্চ্ছিতে। ধরিতে না পারে দেহ
ড়িলা ভূমিতে॥ প্রভু তারে হস্ত স্পর্শে করাইলে চেতন।
ন্যাসীর বেশ দেখি বিস্মিত হৈল মন॥ আলিঙ্গন করি
ভু কৈল আস্বাদন। তোমা বিনা এইরূপ না দেখে অন্য
ন॥ অতএব এই রূপ দেখাই তোমারে॥ গৌর অঙ্গ
হ মোর রাধাঙ্গ স্পর্শন। গোপেন্দ্র সুত বিনা তিঁহো না
পর্শে অন্য জন॥ তাঁর ভাবে ভাবিত করি আত্ম মন।
বে কৃষ্ণ মাধুর্য্য রস করি আস্বাদন॥ তোমার ঠাঞি আমার
ছু গুপ্ত নাহি কর্ম্ম। লুকাইলে প্রেম বলে জান সর্ব্ব মর্ম্ম॥
গুপ্তে রাখিহ কাঁহা না করিহ প্রকাশ। আমার বাতুল চেষ্টা
াকে উপহাস॥ এইমতে নানারূপ দেখে ভক্তগণ।
র্ব্ব যার যেই ছিল ভাবনা ভজন॥ সর্ব্ব আসি চৈতন্যে
াসে কুতূহলে। আশ্রয়-ভাবনা-ভেদে রাধাকৃষ্ণ মিলে॥
পুণ্যে মহাভাগ্যে মহা ভক্তিবলে। চৈতন্য ভজনে
প্রেমেতে বিহ্বলে॥ শ্রীচৈতন্যচন্দ্রামৃত শ্লোক এবে শুন।
ত শ্রীচৈতন্য তত্ত্ব বুঝিবে নিপুণ॥

শ্রবণ-মনন-সংকীর্ত্ত্যাদি-ভক্ত্যা মুরারে,-র্যদি পরমপুমর্থং

সাধয়েৎ কোঽপি ভদ্রম্। মম তু পরমপারপ্রেমপীযূষ-
সিন্ধোঃ, কিমপি রসরহস্যং গৌরধাম্নো নমস্যম্॥ ৫৮॥

টীকা। শ্রীকৃষ্ণভক্তমপ্যাক্ষিপন্ স্বোপাস্যনিষ্ঠামাহ। শ্রবণমননে ত্যাদি। কোপি মুরারিভক্তঃ মুরারেঃ শ্রীকৃষ্ণস্য শ্রবণাদিসাধনভক্ত্যা পরমপু মর্থং প্রেমাণং যদি সাধয়েত্তর্হি ভদ্রং সাধয়তু মম পুনর্গৌরধাম্নো হরের্ভক্তি রসেষু যদ্রহস্যং প্রেমবস্তু পরং কেবলং আদরণীয়ত্বেন ভজনীয়ং গৌরং গৌর বর্ণধাম কান্তির্যস্য তস্য হরেঃ। কিন্তু তস্য অপার ইত্যাদি। পাররহিত প্রে মরূপস্য পীযূষস্য সিন্ধুস্তস্য॥ ৫৮॥

শ্রবণ মনন আর স্মরণ কীর্ত্তন। প্রভৃতি আছয়ে শাস্ত্রে নবধা ভজন॥ কৃষ্ণে ভজি সেই নববিধ ভক্তিদ্বারে। পরম পুরুষার্থ ফল যেবা লাভ করে॥ সেই সে মঙ্গল তার হউক সেইরূপে। কিন্তু আমি ভজি সেই গৌরাঙ্গ স্বরূপে॥ তিনি সে অপার প্রেমামৃত পারাবার। তাঁহার রহস্য রস সর্ব্বরস সার॥ অনির্ব্বচনীয় সেই বস্তু আশা করি। লভিবার মনে সদা ভজি গৌরহরি॥ ৫৮॥

ঈশং ভজন্তু পুরুষার্থচতুষ্টয়াশা,-দাসা ভবন্তু চ
বিহায় হরেরুপাস্যান্। কিঞ্চিদ্রহস্যপদলোভিত-
ধীরহন্তু, চৈতন্যচন্দ্রচরণং শরণং করোমি॥ ৫৯॥

টীকা। শ্রীচৈতন্যচরণশরণং বিনা একান্তদাসভক্তা অপ্য পরিচিত রহস্যাঃ কিং পুনঃ সাভিলাষ ভক্তানাং কথেতি দর্শয়ন্ স্বোপাস্যনিষ্ঠামাহ ঈশং ভজন্তু পুরুষার্থ ইত্যাদি। পুরুষার্থচতুষ্টয়েষু ধর্ম্মার্থকামমোক্ষেষু মনোরথো যেষাং তে ঈশং শ্রীকৃষ্ণং ভজন্তু তেষাং কা কথা। অন্যানুপাস্যান্ বিহায় ত্যক্ত্বা হরেঃ কৃষ্ণস্যৈকান্তদাসা অপি ভবন্তু যে কেঽপি। অহং পুনঃ শ্রীচৈতন্যচন্দ্রস্য চরণ আশ্রয়ং করোমি। তত্র হেতুভূতবিশেষণমাহ কিঞ্চি দ্রহস্যপদলোভিতধীঃ কিঞ্চিদতিদুর্ল্লভং রহস্যং শ্রীবৃন্দাবনেশ্বরয়োর্নিগূঢ় প্রেমরসাস্বাদনং তস্য পদে বিষয়ে লোভিতা ধীর্যস্য সোঽহং॥ ৫৯॥

ধর্ম্ম অর্থ কাম মোক্ষ অভিলাষ করে। যে ভজে সেই
ক্ষুক পরম ঈশ্বরে॥ কিম্বা অন্য দেব উপাসনা ত্যাগ করে।
স্বভাবে কৃষ্ণ ভজে তাহাতে কি করে॥ তাহাতে সে অতি
প্রেম নাহি পায়। বিনা শ্রীগৌরাঙ্গ পাদপদ্মের আশ্রয়॥
অতএব আমি সেই রহস্য আশায়। চরণে শরণ লয়ে ভজি
গৌররায়॥ ৫৯॥

নিষ্ঠাং প্রাপ্তা ব্যবহৃতিততির্লৌকিকী বৈদিকী যা,
যা বা লজ্জা প্রহসনসমুদ্গাননাট্যোৎসবেষু।
যেবা ভূবন্নহহ সহজপ্রাণদেহার্থধর্ম্মা,
গৌরশ্চৌরঃ সকলমহরৎ কোপি মে তীব্রবীর্য্যঃ॥৬০॥

টীকা। ননু লৌকিকবৈদিকাদিব্যবহারপরমার্থাদিকং সর্ব্বং ত্যক্ত্বা কথ-
ংবাহংনুবক্তোহসীত্যাহস্ম প্রত্যুত্তরেণ স্বোপাস্যনিষ্ঠামাহ, নিষ্ঠাং প্রাপ্তা ব্যব-
হৃততিরিত্যাদি। কোঽপি গৌররূপশ্চৌরো মে মম সকলমেব অহরৎ
বান্। ননু সাবধানস্য তব কথং হৃতবান্ তত্রাহ তীব্রবীর্য্যঃ অতিশয়প্রভাব-
্ অতো বলাদ্ধৃতবানিত্যর্থঃ। কিং কিং হৃতবান্ তত্রাহ ব্যবহৃতিততিরি-
দি। লোকসম্বন্ধিনী বেদসম্বন্ধিনী বা নিষ্ঠাং প্রাপ্তা যা ব্যবহারশ্রেণী তাং,
প্রকৃষ্টহাসসম্যগূর্দ্ধগাননাট্যোৎসবেষু যা বা লজ্জা, তামপি স্বাভাবিকাঃ
ণ দেহানাং নিমিত্তভূতা যে ধর্ম্মাস্তানপি হৃতবান্, অতোঽহং শরণং প্রবি-
মি যেন স আত্মসাৎ কৃত্বা স্বপদং প্রেমধনাদি দত্ত্বা তত্রৈব স্থাপয়েদিতি স্বো-
স্যনিষ্ঠা॥ ৬০॥

লৌকিক বৈদিক আর যত ব্যবহার। নৈষ্ঠিক আছয়ে
ত কর্ম্ম কাণ্ড আর॥ স্বাভাবিক ধর্ম্ম যত প্রাণ-দেহ-জন্য।
লজ্জা-ভয় আদি করি যত ভাব অন্য॥ অতিশয় বলশালী
গৌরবর্ণ চোর। গৌরহরি হরি নিল সর্ব্ব ধর্ম্ম মোর॥ ৬০॥

সান্দ্রানন্দোজ্জ্বলরসময় প্রেমপীযূষসিন্ধোঃ,
কোটিং বর্ষন্ কিমপি করুণা-স্নিগ্ধনেত্রাঞ্চলেন।
কোঽয়ং দেবঃ কনকদলীগর্ভগৌরাঙ্গযষ্টি,-
শ্চেতোঽকস্মান্মম নিজপদে গাঢ়গুপ্তং চকার॥ ৬১॥

টীকা। নমু পরমগাম্ভীর্য্যশীলো ভবান্ অবিচারেনাবিলম্বেন তত্রৈব কথ মন্থরক্তোভূত্তত্রাহ সান্দ্রানন্দোজ্জ্বল ইত্যাদি। অয়ং দেবঃ কোঽনির্ব্বচনী স্বপদারবিন্দে ঽকস্মান্মম চিত্তং দৃঢ়েন যুক্তং চকার কৃতবান্ কিং কুর্ব্বন্ করু স্নিগ্ধনেত্রাঞ্চলেন সান্দ্রানন্দোজ্জ্বলরসময়প্রেমপীযূষসিন্ধোঃ কোটিং কিম অনির্ব্বচনীয়ং যথা স্যাৎ বর্ষন্। নিবিড় আনন্দো যত্র এবম্ভূত উজ্জ্বল ন রসো যত্র তাদৃক্ যঃ প্রেমা স এবামৃতসিন্ধুস্তস্য। রসময়েতি পাঠে তা রসাত্মকো যঃ প্রেমেত্যাদি স এবার্থঃ। করুণয়া স্নিগ্ধো যো নেত্রাঞ্চলস্তে কারুণ্য চমৎকারমুক্ত্বা শোভা চমৎকারমাহ কনককদলীতি। হেমকদল গর্ভ ইব গৌরী অঙ্গযষ্টির্যস্য সঃ॥ কারুণ্যপ্রেমপীযূষসিন্ধুমগ্নীকৃতং জগৎ হেমরম্ভাগর্ভ গৌরহবির্মে হৃতবান্ মনঃ॥ ৬১॥

কনককদলীগর্ভ গৌরাঙ্গসুন্দর। শ্রীচৈতন্য মহাপ্র প্রেম সুধাকর॥ করুণারসেতে পূর্ণ সুস্নিগ্ধ কজ্জল। সে নেত্রাঞ্জন হয় পরম উজ্জ্বল॥ সেই অঞ্জন দ্বারে করি মো দিব্য নয়ন। নিবিড় আনন্দময় উজ্জ্বল চিক্কণ॥ এম মাধুর্য্যরসময় প্রেমামৃত। তাহার সাগর কোটি বর্ষি অ রত॥ বাক্য অগোচর সেই দেব অকস্মাৎ। আমার হৃদ কৈল নিজপদসাৎ॥ ৬১॥

পতন্তি যদি সিদ্ধয়ঃ করতলে স্বয়ং দুর্ল্লভা,
স্বয়ঞ্চ যদি সেবকী-ভবিতুমাগতাঃ স্যুঃ সুরাঃ।
কিমন্যদিদমেব বা যদি চতুর্ভুজং স্যাদ্বপু,-
স্তথাপি মম নো মনাক্ চলতি গৌরচন্দ্রান্মনঃ॥৬২

গৌরহরিপদাম্বুজভক্তানাং মনস্তস্মাদন্যত্র কুত্রাপি ন চলতীতি দর্শয়ন্ ধৈব চ স্বনিষ্ঠামাহ পতন্তি যদি সিদ্ধয় ইত্যাদি। অণিমাদয়োঽষ্টা ইতি র্লভাঃ সিদ্ধয়ঃ স্বয়ং করতলে পতন্তি, সুরাঃ দেবাশ্চ যদি স্বয়ং সেবকী-বিতু-মাগতাঃ স্যুঃ। অন্যৎ কিং, ইদং মম বপুর্যদি চতুর্ভুজং স্যাৎ তথাপি ম মনঃ কদাপি মনাগল্পমপি নো চলতীতি নিষ্ঠা প্রগাঢ়তা ॥ ইতি ॥ সিদ্ধয়ঃ াঃ করস্থাশ্চেৎ ভবেযুঃ সেবকাঃ সুরাঃ॥ চতুর্ব্বাহুবপুশ্চেন্মে তথাপি ন ন্মনঃ। গৌরহরি-পদাম্বুজাদিতি শেষ॥ ৬৪ ॥

অণিমা ১ লঘিমা ২ প্রাপ্তি ৩ প্রাকাম্য ৪ মহিমা ৫। শিত্ব ৬ বশিত্ব ৭ কামাবসায়িতা ৮ সীমা॥ এই অষ্ট সিদ্ধি-াপ্তি সুদুর্ল্লভ হয়। যদি তারা স্বয়ং আসি হস্তগত হয়॥ থবা দেবতাগণ আসি কুতূহলে। সম্মুখে সেবক ভাব রয়ে সকলে॥ অন্যের কা কথা যদি মম কলেবর। সারূ-প্যতে হয় চতুর্ভুজ-মূর্ত্তি-ধর॥ তথাপি চৈতন্যচরণ-অরবিন্দ হতে। না পারিবে মম মন ঈষৎ চালিতে॥ ৬৪ ॥

বাসো মে বরমস্তু ঘোরদহনজ্বালাবলীপঞ্জরে,
শ্রীচৈতন্যপদারবিন্দবিমুখৈর্ম্মা কুত্রচিৎ সঙ্গমঃ।
বৈকুণ্ঠাদিপদং স্বয়ঞ্চ মিলিতং নো মে মনো লিপ্সতে,
পাদাম্ভোজরজশ্ছটা যদি মনাগ্ গৌরস্য নো রস্যতে॥৬৫

দুঃপাতিদুঃখদশ্চৈতন্যবিমুখসঙ্গো ন জাতু কর্ত্তব্য ইতি শ্রীচৈতন্যচরণা-বিন্দভজনসুখং স্বয়ংমিলিতবৈকুণ্ঠাদাবপি নাস্তীতি চ দর্শয়ন্ স্বোপাস্য-ষ্ঠামাহ। বাসো মে বরমস্ত্বিত্যাদি। ঘোরা যাঃ দহনস্য বহ্নের্জ্বালাস্তাসা-বলী তস্যাঃ পঞ্জরে বরং বাসোঽস্তু, শ্রীচৈতন্যপাদারবিন্দাৎ যে বিমুখাস্তৈঃ, কুত্রচিৎ সময়েঽপি সঙ্গমো মাস্তু। নন্বু শ্রীচৈতন্যদ্বিমুখসম্মুখবিচারেণালম্ বৈকুণ্ঠ প্রাপ্তিসাধনানি ক্রিয়ন্তাং তত্রাহ বৈকুণ্ঠেত্যাদি। গৌরস্য ভগবতঃ দাম্ভোজস্য রজঃপরাগস্তস্য ছটা মনাগল্পমপি যদি নোরস্যতে নাস্বাদ্যতে হি মে মম মনঃ সাধনানি বিনাপি যদি স্বয়ং বৈকুণ্ঠাদি স্থানং মিলিতং স্যাৎ

তথাপি ন লিপ্সতে ন লক্ষু মিচ্ছতি ॥ ইতি ॥ বরং হুতবহজ্বালা পঞ্জরান্তর্ব্য
স্থিতিঃ। মাস্তু গৌরপাদাম্ভোজবিমুখৈঃ সহ সঙ্গমঃ ॥ বৈকুণ্ঠাদৌ স্বয়ং প্রা
মনোলিপ্সা ন মে কচিৎ। শ্রীচৈতন্যপদাম্ভোজ, পরাগাস্বাদনং বিনা ॥ ৬৫

ভয়ানক বহ্নি জ্বালা রাশির পঞ্জরে। বাস হয় সে
ভাল বাসি যে অন্তরে ॥ তথাপি চৈতন্যপাদপদ্মে বহির্মুখ
লোকের সহিত সঙ্গ না হয়, সে দুঃখ ॥ বৈকুণ্ঠাদি পদ আ
যদি স্বয়ং মিলে। বিনা সাধন ভজনাদি যোগাদির বলে
তাহাতেও আমি অভিলাষী নাহি হয়ে। যদি গৌরপাদর
অল্প আস্বাদিয়ে ॥ ৬৫ ॥

চৈতন্যেতি দয়াময়েতি পরমোদারেতি নানাবিধ,-
প্রেমাবেশিতসর্ব্বভূতহৃদয়েত্যাশ্চর্য্যধামন্নিতি।
গৌরাঙ্গেতি গুণার্ণবেতি রসরূপেতি স্বনামপ্রিয়ে,-
ত্যশ্রান্তং মম জল্পতো জনিরিয়ং যায়াদিতি প্রার্থয়ে

অস্মিন্ কলৌ শ্রীকৃষ্ণচৈতন্যনামান্যেব গ্রহণীয়ানি তেষামেব পরম
স্বার্থপ্রেমসাধকত্বাদিতি দর্শয়ন্ তদুপাসননিষ্ঠত্বেন তন্নাম্নাং জপমেব
যতে। চৈতন্যেত্যাদি। হে চৈতন্য, হে দয়াময়, হে পরমোদার, হে ন
বিধপ্রেমাবেশিতসর্ব্বভূতহৃদয়, হে আশ্চর্য্যধামন্, হে গৌরাঙ্গ, হে
র্ণব, হে রসরূপ, হে স্বনামপ্রিয়, উপলক্ষণয়াঽন্যান্যপি, হে শচীনন্দন
বিশ্বম্ভর, হে নবদ্বীপচন্দ্র, হে গৌরবিধো, হে কলিযুগপাবনাবতার, হে প
প্রেমদ, হে ভক্তবৎসল, হে স্বপ্রেমোৎসবেত্যাদীনি নামান্যবিরতং জল্প
মমেয়ং জনিঃ জন্ম যায়াদিত্যেবাহং প্রার্থয়ে নান্যৎ। নামার্থশ্চৈতন্য সচ্চি
নন্দময়, অথবা সর্ব্বেষাং চিত্তং পশ্যতি কিম্বা গৃহ্নাতি আকর্ষতীতি চৈ
যদ্বা সর্ব্বেষামুপলব্ধৌ নিবসতি চৈতন্য হে তদ্ভূত। কৃপাময় কৃপাপ্র
কিম্বা কৃপাস্বরূপ তৎপ্রাচুর্য্যে তৎস্বরূপে চ ময়ট্‌বিধানাৎ। পরমোদার, প
দাতৃশিরোমণে পতিতেভ্যোঽপি প্রেমদাতৃত্বাৎ। নানাবিধেষু শান্তদাস্য
বাৎসল্যমধুরেষু প্রেমসু আবেশিতানি সর্ব্বেষাং ভূতানাং হৃদয়ানি যেন

থাভূত। আশ্চর্য্যং পরমচমৎকারকারি ধাম তপ্তকাঞ্চনবৎ কান্তির্যস্য স
হে তথাভূত। গৌরং, পীতমঙ্গং যস্য। রসরূপ শৃঙ্গাররসরূপ, স্বস্য নামানি
প্রিয়াণি যস্য হে তথাভূত ॥ ইতি ॥ কৃষ্ণচৈতন্য গৌরাঙ্গ বিশ্বম্ভর শচীসুত।
বধূতপ্রিয় প্রেমসিন্ধো কুরু কৃপাং ময়ি ॥ ৬৭ ॥

ওহে শ্রীচৈতন্য প্রভু ওহে দয়াময়। ওহে প্রেমাবিষ্ট-
কারি-বিবিধ-হৃদয় ॥ ওহে পরম উদার, অত্যাশ্চর্য্যধাম।
ওহে গুণার্ণব ওহে শ্রীগৌরাঙ্গনাম ॥ হে শৃঙ্গাররসরূপ হে
প্রিয়-স্ব-নাম। এই সব নাম যেন জপি অবিরাম ॥ এই
রূপে হয় যেন জীবন যাপন। আর কিছু নাহি চাহি নাহি
প্রয়োজন ॥ ৬৭ ॥

কন্দর্পাদপি সুন্দরঃ সুরসরিৎপূরাদহো পাবনঃ,
শীতাংশোরপি শীতলঃ সুমধুরো মাধ্বীকসারাদপি।
দাতা কল্পমহীরুহাদপি মহাস্নিগ্ধো জনন্যা অপি,
প্রেম্না গৌরহরিঃ কদা নু হৃদি মে ধ্যাতঃ পদং ধাস্যতি ॥৭২

শ্রীগৌরহরেঃ সৌন্দর্য্যপাবনত্বশীতলত্বমাধুর্য্যদাতৃত্বস্নিগ্ধত্বান্যুপমাতিরিক্তা-
ন্যনুভূয় তচ্চিন্তয়া তৎপদাম্বুজস্ফূর্ত্তিমাশাস্তে কন্দর্পাদপীত্যাদি। এবম্ভূতো
গৌরহরির্ধ্যাতো ধ্যানবিষয়ীভূতঃ সন্ নু ভো কদা মম হৃদয়ে প্রেম্না স্নেহেন
পদং ধাস্যতি অর্পয়িষ্যতি। কিম্ভূতঃ কন্দর্পাদপি সুন্দরঃ কং ব্রহ্মাণং দর্প-
তি পৃষোদরাদিত্বাৎ মকারাগমে কন্দর্পঃ তস্মাদপি সুন্দরঃ মনোহরঃ কন্দর্প-
মোহকত্বাৎ। কন্দর্পস্তাবত্তুদ্বেজকো মোহকশ্চ, গৌরহরিসৌন্দর্য্যস্তু তদুদ্বেগ-
মোহৌ নাশয়িত্বা পরমপ্রেমানন্দসুখমনুভাবয়তীতি সৌন্দর্য্যচমৎকারঃ।
পাবনত্বচমৎকারমাহ সুরসরিদ্গঙ্গা সর্ব্বপাবনশ্রেষ্ঠা তস্যাঃ পূরাৎ প্রবাহাদপি
পাবনঃ অহো আশ্চর্য্যম্। গঙ্গাপ্রবাহঃ পাপানি নাশয়তি ন পুনঃ পাপহৃদয়ম্
অয়ন্তু হৃদয়ম্ শোধয়িত্বা পরমপ্রেমাণং স্থাপয়তীতি চমৎকারঃ। শীতাংশো-
শ্চন্দ্রাদপি শীতলঃ। চন্দ্রস্তু বাহ্যতমস্তাপাদিনাশকঃ। অয়ন্তু অন্তস্তমস্তাপ
নাশনপূর্ব্বকানন্দজনকঃ। মাধ্বীকসারাদমৃতাদপি মধুরঃ। অমৃতমাধুর্য্যং

দেবৈরনুভূয়তে ততশ্চ প্রাকৃতগর্ব্বমৎসরাদি ভবতি গৌরমাধুর্য্যং দেবৈ
র্লভম্। এতদাস্বাদনন্তু প্রাকৃতগর্ব্বমৎসরাদি দবয়িত্বা পরমপ্রেমানন্দং চ
য়তি। কল্পবৃক্ষাদপি দাতা, স তু প্রার্থিতঃ প্রার্থিতং দদাতি, অয়ন্তু করু
অযোগ্যেঽপ্য২প্রার্থিতপ্রেমাদি দদাতি। জনন্যা অপি স্নিগ্ধঃ, জননী তু স্ব
তোষু স্নিহ্যতি, অয়ন্তু প্রাণিমাত্রে॥ ইতি॥ স্মরগঙ্গেন্দুমাধ্বীকস্তবপা
মাতৃতঃ। অদ্ভুতশ্রীপবিত্রাদি যস্য তং গৌরমাশ্রয়ে॥ ৭২॥

কোটি কন্দর্প জিনি সর্ব্বাঙ্গ সুন্দর। গঙ্গাপ্রবাহ হৈতে
সুপাবনতর॥ কোটি সুধাংশু জিনি অতি সুশীতল। অ
তের সার জিনি মাধুর্য্য অচল॥ কল্পতরু অপেক্ষাও বি
বড় দাতা। জননী হইতে ও যাঁহাতে স্নেহবত্তা॥ সর্ব্ব
সর্ব্বদা চিন্তনীয় গৌরহরি। কবে মম হৃদে প্রেমে প
ধ্যান করি॥ প্রেমভক্তি অনুসারে ধ্যান মাত্র বলে। ক
তাঁর পাদামৃত পিব কুতূহলে॥ ৭২॥

কান্ত্যা নিন্দিতকোটিকোটিমদনঃ শ্রীমন্মুখেন্দুচ্ছটা,-
বিচ্ছায়ীকৃতকোটিকোটিশরদুন্মীলন্তুষারচ্ছবিঃ।
ঔদার্য্যেণ চ কোটিকোটিগুণিতং কল্পদ্রুমং হ্রেপয়ন্,
গৌরো মে হৃদি কোটিহজনুষাং ভাগ্যৈঃ পদং ধাস্যতি

পরমচমৎকারি তদদ্ভুতমাধুরীশত্বং তথা তাদৃশমাধুরীকত্বং পরমোদা
নুভূয় স্বান্তঃকরণে তৎপাদাম্বুজধ্যানমাশাস্তে। কান্ত্যা নিন্দিতেত্যাদি। এ
ম্ভূতো গৌরহরির্মমান্তঃকরণে কোটিজন্মযামসঙ্খ্যাজন্মনাং সম্বন্ধিভিঃ প্রা
পাদ্যৈর্ভাগ্যৈঃ পুণ্যৈঃ সাধনবিশেষৈঃ কৃতিভিঃ পদং নিজপাদপদ্মং ধা
অর্পয়িষ্যতি কিমিতি শেষঃ। জনুষামিতি প্রতিপাদ্যপ্রতিপাদকভাবসম্ব
যষ্ঠী। কিম্ভূতঃ কান্ত্যা কমনীয়রূপলাবণ্যেন নিন্দিতাঃ তিরস্কৃতাঃ কো
কোটি মদনাঃ কন্দর্পা যেন সঃ। যদ্যপি মদনস্যৈকত্বমেব ন তু বহুত্বং তথা
কবিপ্রৌঢ়োক্ত্যা সর্ব্বত্রৈবং প্রয়োগঃ সিদ্ধঃ। কোটিকন্দর্পলাবণ্যঃ কোটী
মধুরদ্যুতিরিতি। স্মৃতদর্শঃ হরেশ্চক্রং সূর্য্যকোটিসমপ্রভমিত্যাদি যদি কো

সংখ্যা অসংখ্যা বা কন্দর্পা ভবন্তি চেত্তথাপি নিন্দিতাঃ কিং পুনরেক এব। চন্দ্রাদৌ দ্রষ্টব্যম্। পুনঃ কিম্ভূতঃ। শ্রীমন্মুখেন্দুচ্ছটেত্যাদি শ্রীমতঃ পরম-শোভাবতঃ মুখচন্দ্রস্য ছটাভিরুচ্ছলিতকান্তিভিরিচ্ছায়ীকৃতঃ মলিনীকৃতঃ কোটিকোটিসংখ্যঃ শরৎসম্বন্ধী উদয়ং প্রাপ্নুবন্ তুষারচ্ছবিশ্চন্দ্রো যেন সঃ। পুনঃ কীদৃক্ ঔদার্য্যেণ পরমদাতৃত্বেন কোটিকোটিগুণিতং পরার্দ্ধবৃত্ত্যা সং-খ্যাতং কল্পদ্রুমং হি নিশ্চিতমল্পয়ন্। আপামরাযাচিতপ্রেমদাতৃত্বাৎ॥ ইতি॥ অগণ্যবিধুজিদ্বক্ত্রো দ্যুতিনির্জ্জিতস্মরাযুতঃ। কোটিকল্পতরোর্দ্দাতা গৌরঃ কিং দাস্যতে পদম্॥ মে হৃদীতি শেষঃ॥ ৭৬॥

কোটি কন্দর্পেরে নিন্দে অঙ্গ কান্তি যাঁর। কোটি শরচ্চন্দ্রে নিন্দে মুখচন্দ্র যাঁর॥ কোটি কল্পতরু জিনি বদান্যতা যাঁর। আপনার প্রেম দিয়া তারিল সংসার॥ কোটি জন্মার্জ্জিত পুণ্য সুফলে আমার। হৃদয়ে রাখিবেন গৌর পাদাম্বুজ সার॥ ৭৪॥

পাত্রাপাত্রবিচারণাং ন কুরুতে ন স্বং পরং বীক্ষতে,
দেয়াদেয়বিমর্শকো ন হি ন বা কালপ্রতীক্ষঃ প্রভুঃ।
সদ্যো যঃ শ্রবণেক্ষণপ্রণমনধ্যানাদিনা দুর্ল্লভং,
দত্তে ভক্তিরসং সএব ভগবান্ গৌরঃপরং মে গতিঃ॥৭৭

বিহিতাবিহিতযোগ্যাবিনিঃপেক্ষতয়াতিদুর্ল্লভনিগূঢ়প্রেমদাতৃত্বেন পরমং কারুণ্যং ব্যঞ্জয়ন্ তস্যৈব পদাম্বুজসেবাত্মনিষ্ঠাং দর্শয়তি পাত্রাপাত্রেত্যাদি। স এব গৌরো ভগবান পরং কেবলং মে মম গতির্গম্যঃ সেবনীয়ঃ নান্য ইত্যর্থঃ। যঃ পাত্রাপাত্রাদিবিশেষবৈর্ব্বিশিষ্টঃ সদ্যস্তৎক্ষণাদ্ভক্তিরসং দত্তে ভক্তিরসং কিম্ভূতং শ্রবণেক্ষণপ্রণমনধ্যানাদিসাধনৈর্দুর্ল্লভম্। শ্রবণং শ্রীমদ্ভাগবতাদেঃ, ঈক্ষণং শ্রীজগন্নাথাদেঃ, প্রণমনং দণ্ডবৎ প্রণামঃ, ধ্যানং শ্রীকৃষ্ণ লীলাগুণচিন্তনং, এতন্ন্যাদীনি যেষাং তৈরেবেতেষাং সাধনত্বেন ভক্তিরসমিত্যত্র ভক্তিঃ প্রেমলক্ষণা জ্ঞেয়া, তেন প্রেমভক্তিরসমিত্যর্থঃ। নন্বু দেয়া-দেয়াদিবিচারমকৃত্বা কথং দত্তে তত্রাহ প্রভুঃ স্বতন্ত্রেশ্বরঃ। ভগবদ্ভক্তিদানা-

দানে পাত্রাপাত্রবিচারো দেয়াদেয়পরামর্শঃ স্বপরেক্ষণং কালাকালপ্রতীক্ষ ণঞ্চ নাস্তীতি সূচিতং বিশেষতো ভগবদুপাসনে কালাকালাদিবিলম্বে ক্ষ ভঙ্গুরদেহপাতেঽনর্থপাতঃ স্যাৎ ইতরে তু কর্ম্মাদৌ কালাদিদোষেণ য ছিদ্রাদি স্যাৎ তদা ভগবন্নামাদিনাঽচ্ছিদ্রঃ ভবতি তদুপাসনস্য কো বা কা লাদিদোষঃ, অচ্ছিদ্রং যথা মন্ত্রতস্তন্ত্রতশ্ছিদ্রং দেশকালার্হবস্তুতঃ। সর্ব্ব করোতি নিশ্ছিদ্রং নামসংকীর্ত্তনং হরেঃ॥ ইতি॥ পাত্র স্বপরকালাদি নির পেক্ষী সুদুর্লভম্। দত্তে প্রেমরসং যো বৈ স মে গৌরহরির্গতিঃ॥ ৭৭॥

শ্রীমদ্ভাগবত আদি গ্রন্থের শ্রবণে। শ্রীজগন্নাথ আদি শ্রীমূর্ত্তি দর্শনে॥ কিম্বা শ্রীকৃষ্ণের লীলাগুণগণধ্যানে। দণ্ডবৎ প্রণামাদি ভজন সাধনে॥ যে প্রেমভক্তি নাহি পায় কোনো জনে। এতাদৃশ সেই প্রেম সদা বিতরণে॥ নাহি যার কালাকাল কিছুর বিচার। কিম্বা পাত্রাপাত্র কিম্বা স্ব-পর-বিচার॥ দেয়াদেয়-বিবেচনা কিছু নাহি করে। প্রেম দান করে যেহ জঙ্গম স্থাবরে॥ বারিধি বারিদ আর কল্পমহীরুহ। শ্রীগৌরাঙ্গের সহ সাম্য দিতে নাহি কেহ॥ অপেক্ষা করয়ে তারা দেশ কাল পাত্র। সর্ব্বথা যে প্রেম দেয় সর্ব্বদা সর্ব্বত্র॥ এমন গৌরাঙ্গচন্দ্র প্রভু মোর গতি। অন্য কাহাতেও, যেন না হয় মোর মতি॥ ৭৭॥

প্রবোধানন্দ সরস্বতীর এই বর্ণন। সর্ব্বধর্ম্মশাস্ত্রের হয় শিরের ভূষণ॥ ভক্তি মহাসাগরের সমুত্থ সুধারস। যাহার পানেতে হয় প্রেমেতে বিবশ॥ জন্ম মৃত্যু জরা ব্যাধি সব দূর হয়। তদনুগ ভজনেতে নাশে তাপত্রয়॥ অকপটে যেই জীব ইথে রত হয়। অচিরাতে শ্রীগৌরাঙ্গের কৃপা সে লভয়॥ অতএব সে অমৃত পাবার আশায়। নবদ্বীপ

ন্দ্রদাস বর্ণিল ভাষায় ।। এবে শুন ভক্তগণ হয়ে সাবহিত।
গৌর-স্বরূপ-তত্ত্ব গৌরাঙ্গভাবামৃত ।।

কণকরুচিরগৌরঃ, সর্ব্বচিত্তৈকচৌরঃ,
প্রকৃতিমধুরদেহঃ, পূর্ণলাবণ্যগেহঃ।
কলিতললিতরূপঃ, ক্ষুব্ধকন্দর্পভূপঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ।। ১ ।।

বহুলচিকুরবন্ধঃ, স্নিগ্ধমুগ্ধপ্রবন্ধঃ,
প্রসরপুরপুরন্ধ্রী,-চিত্তসন্ধানমন্ত্রী।
বিহিতবিবিধবেশঃ, দ্যোতিতাশেষদেশঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ।। ২ ।।

বিকসিতশতপত্র,-দ্যোতিবিস্ফারনেত্রঃ,
প্রিয়মৃদুলপবিত্র,-স্নিগ্ধদৃক্প্রেমপাত্রঃ।
অতিমধুরচরিত্রঃ, প্রোল্লসচ্চারুগাত্রঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ।। ৩ ।।

মলয়জকরবীর,-শ্চিদ্বিলাসাতিধীরঃ,-
সুবিমলসিতবস্ত্রঃ, প্রান্তবস্ত্রানুরক্তঃ।
রভসময়বিহারঃ, পূর্ণলীলাবতারঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ।। ৪ ।।

সকলরসবিদগ্ধঃ, সর্ব্বভাবপ্রশুদ্ধঃ,
সকলসুখবিনোদঃ, খ্যাতনৃত্যপ্রমোদঃ।
সকলসুখদনামা, ধন্যতারুণ্যধামা,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ।। ৫ ।।

অবিরতগলদস্রঃ প্রেমধারাসহস্রঃ,
স্নপিতসকলদেশঃ, খ্যাতনামোপদেশঃ।

ভুবনবিদিতসর্ব্ব,-প্রাণিনিস্তারগর্ব্বঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৬ ॥
ঘনপুলককদম্ব,-স্থূলমুক্তাসমাস্তঃ,-
স্নপিততরহৃদোরঃ,-প্রেমহুঙ্কারঘোরঃ।
সদয়মধুরমূর্ত্তি,-র্বিশ্ববিখ্যাতকীর্ত্তিঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৭ ॥
অখিলভুবনভর্ত্তা, দুর্গতিত্রাণকর্ত্তা,
কলিকলুষনিহন্তা, দীনদুঃখৈকশাস্তা।
নিরবধিনিজগাথা,-কীর্ত্তনানন্দদাতা,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৮ ॥
সুরমুনিগণবন্ধুঃ, প্রেমভক্ত্যেকসিন্ধুঃ,
প্রকটসুরভিনন্দঃ, শ্রীলপাদারবিন্দঃ।
নটনমধুরমন্দঃ, সুপ্রগাঢ়প্রবন্ধঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ৯ ॥
সকলনিগমসার,-প্রেমপূর্ণাবতারঃ,
প্রচুরগুণগভীরঃ, সর্ব্বসন্ধানধীরঃ।
অধমপতিতবন্ধুঃ, পূর্ণকারুণ্যসিন্ধুঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ১০ ॥
মধুরিমণিমমোজ্জ,-স্তাণ্ডবাচ্ছন্তবিজ্ঞ,-
স্তরুণিমণিবিচিত্রঃ, প্রেমনিস্তারপাত্রঃ।
মহিমনিনিজনাম,-গ্রাহিসম্পূর্ণকামঃ,
স্ফুরতু হৃদি নটেন্দ্রঃ, শ্রীনবদ্বীপচন্দ্রঃ ॥ ১১ ॥
শ্রীগৌরাঙ্গনটেন্দ্রস্য স্তুতিমেতামভীষ্টদাম্।
যঃ পঠেৎ পরমপ্রীতঃ স প্রেমী সুখভাগ্‌ভবেৎ॥১২॥

সোণার গৌরাঙ্গ কান্তি সর্ব্বমনোহারী। মাধুর্য্যময়-
নু পূর্ণলাবণ্যধারী ॥ সঙ্কলিতসকললালিত্যপূর্ণরূপ। যাঁকে
খি ক্ষুব্ধ হইল কন্দর্পভূপ ॥ মহাভাব মহারসরাজ সে
টেন্দ্র। মোর হৃদে স্ফুরুন্ শ্রীনবদ্বীপচন্দ্র ॥ ১ ॥ সুবহু-
ন্যাসে কেশবন্ধ মনোহর। কুমারী যুবতী বৃদ্ধা সর্ব্বমনো-
র ॥ বিহিত-বিবিধ-বেশ পদ্মপলাশাক্ষ। পুরকুলকামি-
র মনোহরে দক্ষ ॥ প্রকাশিত নানাদেশে মহানটইন্দ্র।
ার হৃদে স্ফুরুন্ শ্রীনবদ্বীপচন্দ্র ॥ ২ ॥ প্রফুল্ল-কমল-
াভি বিশাললোচন। বিনীত পবিত্র হয় যাঁর প্রিয়গণ ॥
হপূর্ণদৃষ্টি যাঁরা হন প্রেমপাত্র। মধুরচরিত্রসর্ব্ব-মনো-
-গাত্র ॥ মহাভাব মহারসরাজ সে নটেন্দ্র। মোর হৃদে
ুরুন্ শ্রীনবদ্বীপচন্দ্র ॥ ৩ ॥ মলয়জ-করবীর-গন্ধে আমো-
পাণ্ডু-মণ্ডল-বস্ত্রেয়ম্ দক্ষিণা প্রখরোদিতা। মেধা-য়াম্ পৌষ্করাজ্জাতা পতিরস্যাস্ত বালিশঃ॥ শ্রীধ্যানচন্দ্রগোস্বামিপাদৈর্ব্বিরচিতপদ্ধত্যাং যথা। কুঞ্জোঽস্তি পশ্চিমদলেঽরুণবর্ণঃ সুশোভনঃ। তুঙ্গ-বিদ্যানন্দদো-না,-ম্নেতি বিখ্যাতিমাগতঃ॥ নিত্যম্ তিষ্ঠতি তত্রৈব তুঙ্গবিদ্যা সমুৎসুকা। বিপ্রলব্ধা-ত্বমাপন্না শ্রীকৃষ্ণে রতিযুক্ সদা॥ নৃত্যগীতাদিসে-বাদ্যা গৃহমস্যাস্ত যাবটে। দক্ষিণা প্রখরা খাতা-ঽপ্যসৌ গৌররসে পুনঃ॥ বক্রেশ্বর ইতি খ্যাতি-মাপন্না হি কলৌযুগে॥ বিপ্রলব্ধালক্ষণম্ যথা শ্রীমদুজ্জ্বলনীলমণৌ। কৃত্বা সঙ্কেতমপ্রাপ্তে দৈ-বাজ্জীবিতবল্লভে। ব্যথমানা তদা প্রোক্তা বিপ্র-লব্ধা মনীষিভিঃ॥ নির্ব্বেদচিন্তাখেদাশ্চ মূর্চ্ছা-নি শ্বসিতাদিভাক্॥ দক্ষিণালক্ষণম্ যথা তত্রৈব। অসহা মাননির্ব্বন্ধে নায়কে যুক্তবাদিনী॥ সাম-ভিস্তেন ভেদ্যা চ দক্ষিণা পরিকীর্ত্তিতা॥ অস্যা যূথো যথা শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকায়াম্। মঞ্জুমেধা সুমধুরা সুমধ্যা মধুরেক্ষণা। তনুমধ্যা মধুস্যন্দা গণচূড়া বরাঙ্গদা॥ ক্রিয়া যথা তত্রৈব। তুঙ্গবিদ্যা তু বিদ্যানামষ্টাদশতয়াশ্রিতা। সন্ধাবতীব কুশলা কৃষ্ণবিস্রম্ভশালিনী॥ রসশাস্ত্রে নয়ে নাট্যে নাটি-কাখ্যায়িকাদিষু॥ সর্ব্বগান্ধর্ব্ববিদ্যায়ামাচার্য্যত্ব-মুপাশ্রিতা। বিশেষান্মার্গগীতাদৌ বীণায়াঞ্চাতি-পণ্ডিতা॥ মঞ্জুমেধাদয়ঃ সখ্যো যা অষ্টৌ পরি-

কীর্ত্তিতাঃ। যা দূত্যঃ কুশলাঃ সন্ধৌ ষাড়্গুণ্যস্থাদিমে গুণে॥ সঙ্গীতরসশালায়াম্ যাঃ সখ্যোঽধিকৃতিঙ্গতাঃ। মার্দ্দঙ্গিকাঃ কলাবত্যো নর্ত্তকী প্রমুখাশ্চ যাঃ॥ বৃন্দাবনান্তরস্থেষু জনেষধিকৃতাশ্চ যাঃ। সখ্যশ্চ জলদেব্যশ্চ তত্রৈবাঽধ্যক্ষতাম্ গতা॥ ইতি॥ অথেন্দুলেখা। ইন্দুলেখা ভবেৎ ষষ্ঠী হরিতালোজ্জ্বলদ্যুতিঃ॥ দাড়িম্বপুষ্পবসনা কনিষ্ঠা বাসরৈস্ত্রিভিঃ। বেলাসাগরসংজ্ঞাভ্যাম্ পিতৃভ্যাম্ জনিমীয়ুষী॥ ষামপ্রখরতাম্ যাতা পতিরস্যাস্তু দুর্ব্বলঃ॥ শ্রীধ্যানচন্দ্রগোস্বামিপাদৈর্বিরচিতপদ্ধত্যাম্ যথা। আগ্নেয়পাত্রপূর্ণেন্দুকুঞ্জে স্বর্ণাভবর্ণকে। ইন্দুলেখা বসত্যত্র স্বর্ণালঙ্কার-মণ্ডিতা॥ প্রোষিতভর্ত্তৃকাভাবমাপন্না রতিযুগ্ঘয়ৌ। অমৃতাশনসেবাঢ্যা যাঽসৌ নন্দাত্মজস্য বৈ॥ অসৌ তু বামপ্রখরা হরেশ্চামরসেবিনী। বসুরাগানন্দতয়া খ্যাতা গৌররসে হ্যসৌ॥ প্রোষিতভর্ত্তৃকালক্ষণম্ যথা উজ্জ্বলনীলমণৌ। দূরদেশম্ গতে প্রেষ্ঠে ভবেৎ প্রোষিতভর্ত্তৃকা। প্রিয়সঙ্কীর্ত্তনম্ দৈন্যমস্যাস্তানব-জাগরৌ॥ মালিন্যমনবস্থানম্ জাড্যম্ চিন্তাদয়ো মতাঃ॥ অস্যা যূথো যথা শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকায়াম্। তুঙ্গভদ্রা রসোত্তুঙ্গা রঙ্গবাটী সুমঙ্গলা। চিত্রলেখা বিচিত্রাঙ্গী মোদনী মদনালসা॥ অথ ক্রিয়া তত্রৈব। ইন্দুলেখা ভবেন্মন্ত্রাগমতন্ত্রোক্তযন্ত্রকে। বিজ্ঞাতবশ্যমন্ত্রেয়ম্ সা

মুদ্রকবিশেষবিৎ ॥ হারাদিগুম্ফবৈচিত্র্যে দন্তর-ঞ্জনককর্ম্মণি। সর্ব্বরত্নপরীক্ষায়াম্ পট্টডোরাদি-গুম্ফনে ॥ লেখে সৌভাগ্যযন্ত্রস্য কোবিদা যদ্ভুজে ধৃতম্। অন্যোন্যরাগমুৎপাদ্য সৌভাগ্যম্ জনয়েৎ পরম্ ॥ তুঙ্গভদ্রাদয়স্তস্যাঃ সখ্যঃ স্যুঃ প্রত্যন-ন্তরাঃ। যাস্তু সাধরণা দূত্যে দ্বয়োঃ পালিন্ধকা-দয়ঃ ॥ তাসাম্ রহস্যবার্ত্তানামিয়ম্ ভাজনতাম্ গতা। অলঙ্কারেষু বেশে চ কোষরক্ষাবিধৌ চ যা ॥ সখ্যো দাস্যেঽপ্যধিকৃতা যাশ্চ বৃন্দাবনান্তরে। স্থলেষ্বধিকৃতাদেব্যস্তাস্বধ্যক্ষতয়া স্থিতা ॥ ইতি ॥ অথ রঙ্গদেবী। সপ্তমী রঙ্গদেবীয়ম্ পদ্মকিঞ্জল্ককান্তি-ভাক্। জবারাগিদুকূলেয়ম্ কনিষ্ঠা সপ্তভির্দিনৈঃ। প্রায়েণ চম্পকলতাসদৃশী গুণতো মতা ॥ করুণা-রঙ্গসারাভ্যাম্ পিতৃভ্যাম্ জনিমীয়ুষী। অস্যা বক্রেক্ষণো ভর্ত্তা কনীয়ান্ ভৈরবস্য যঃ। শ্রীধ্যান-চন্দ্রগোস্বামিপাদৈর্বিরচিতপদ্ধত্যাম্ ॥ বৃক্ষোদলে শ্যামবর্ণে কুঞ্জে শ্রীরঙ্গদেবিকা। সুখদাখ্যে নিব-সতি নিত্যম্ শ্রীহরিবল্লভা। উৎকণ্ঠিতাভাবযুক্তা শ্রীকৃষ্ণে রতিভাক্ সদা ॥ অসৌ চন্দনসেবাঢ্যা বামমধ্যা ভবেৎ পুনঃ। গৃহমস্যা যাবটে তু যাঽসৌ গৌররসে পুনঃ ॥ গোবিন্দানন্দঘোষাখ্যামাপন্না হি কলৌ যুগে ॥ উৎকণ্ঠিতালক্ষণম্ যথা উজ্জ্বল-নীলমণৌ। অনাগসি প্রিয়তমে চিরয়ত্যুৎসুকা-ঽপি যা। বিরহোৎকণ্ঠিতাভাববেদিভিঃ সা সমী-

রিতা ॥ তস্যাস্তু চেষ্টা হৃত্তাপো বেপথুর্হেতুতর্কণম্।
অরতির্বাষ্পমোক্ষশ্চ ব্যবস্থাকথনাদয়ঃ ॥ অস্যা
যুথো যথা শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকায়াম্। কলকণ্ঠী
শশিকলা কমলা মধুরীন্দিরা ॥ কন্দর্পসুন্দরী কাম-
লতিকা প্রেমমঞ্জরী ॥ অথ ক্রিয়া তত্রৈব। রঙ্গ-
দেবী সদোত্তুঙ্গা হাস্যরঙ্গতরঙ্গিণী ॥ কৃষ্ণাঽগ্রেপি
প্রিয়সখী নর্ম্মকৌতূহলোৎসুকা। ষাড়্গুণ্যস্য
গুণে তুর্য্যে যুক্তিবৈশিষ্ট্যমাশ্রিতা ॥ কৃষ্ণস্যাকর্ষণম্
মন্ত্রম্ তপসা পূর্ব্বমীযুষী। বিচিত্রেষঙ্গরাগেষু গন্ধ-
যুক্তে বিধৌ চ যাঃ ॥ কলকণ্ঠী প্রভৃতয়ঃ সখ্যো-
ঽষ্টৌ যাঃ প্রকীর্ত্তিতাঃ। সখ্যো দাস্যোঽপ্যধি-
কৃতা যাশ্চ ধূপন-কর্ম্মনি ॥ শিশিরেঽঙ্গারধারিণ্যাম্
তাপার্ত্তাবপি বীজনে। আরণ্যকেষু পশুষু ছেকেষু
চ মৃগাদিষু ॥ সখীপ্রভৃতয়ো যাশ্চ তত্রৈষাঽধি-
কৃতিং গতা ॥ ইতি অথ সুদেবী। সুদেবী রঙ্গ-
দেব্যাস্তু যময়া মৃত্বুরষ্টমী ॥ রূপাদিভিঃ স্বসুঃ সাম্যা-
ত্তদ্ভ্রান্তিভরকারিণী। ভ্রাত্রা বক্রেক্ষণস্যেয়ম্ পরি-
ণীতা কনীয়সা ॥ শ্রীধ্যানচন্দ্রগোস্বামিপাদৈবির-
চিতপদ্ধত্যাম্। বায়ব্যদলকে কুঞ্জমাস্তে হরিতবর্ণ-
কম্ ॥ বসন্তসুখদাখ্যেঽত্র সুদেবী বর্ত্ততে সদা।
কলহান্তরিতাভাবমাপন্না রতিযুগ্ঘরৌ ॥ অসৌ
চ জলসেবাঢ্যা বামপ্রখরিকা মতা ॥ শ্রীবাসুদেব-
ঘোষাখ্যামাপ্তা গৌররসে ত্বঽসৌ ॥ কলহান্তরি-
তালক্ষণম্ যথা উজ্জ্বলনীলমণৌ। যা সখীনাম্ পুরঃ

পাদপতিতম্ বল্লভম্ রুষা। নিরস্য পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সা।। অস্যাঃ প্রকোপসন্তাপ-গ্লানিনিঃশ্বসিতাদয়ঃ ॥ যূথো যথা শ্রীকৃষ্ণগণোদ্দেশ-দীপিকায়াম্। কাবেরী চারুকবরা সুকেশী মঞ্জুকে-শিকা। হারহীরা মহাহীরা হারকণ্ঠী মনোহরা।। ক্রিয়া যথা তত্রৈব। সুদেবী কেশসংস্কারম্ প্রিয়-সখ্যাস্তথাঞ্জনম্।। অঙ্গসম্বাহনম্ চাস্যাঃ কুর্ব্বতী পার্শ্বগা সদা। শারিকাশুকশিক্ষায়াম্ নাবকুক্কুট-যোধনে।। স্ববিশাকুন শাস্ত্রে চ খগাদিরতবো-ধনে। চন্দ্রোদয়াভ্রপুষ্পাদিবহ্নিবিদ্যাবিধাবপি।। উদ্বর্ত্তনে বিশেষে চ সুষ্ঠু কৌশলমাগতা।। যাঃ কাবেরীমুখাঃ সখ্যস্তা অস্যাঃ প্রত্যনন্তরা। গণ্ডূষ-ক্ষেপপাত্রেষু গেন্দুকে শয়নেঽপি চ।। আসনে চাধিকারম্ যাঃ সখ্যোদাস্যশ্চ কুর্ব্বতে। প্রতিপ-ক্ষাদিভাবানাম্ যা জ্ঞানায় চরন্তি চ।। ধূর্ত্তাঃ প্রণি-ধিরূপেণ নানাবেশধরাঃ স্ত্রিয়ঃ।। যাশ্চ পক্ষিস্বর-ণ্যেষু ছেকেষধিকৃতাস্তথা। সখ্যশ্চ বনদেব্যশ্চ তত্রৈবাধ্যক্ষতাম্ গতাঃ।। ইতি।। অথ বরো যথা শ্রীকৃষ্ণগণোদ্দেশদীপিকায়াম্। এতদষ্টককল্পাভির-ষ্টাভিঃ কথিতো বরঃ। এতা দ্বাদশবর্ষীয়াশ্চল-দ্বাল্য কলাবতী।। শুভাঙ্গদা হিরণ্যাঙ্গী রত্নরেখা শিখাবতী। কন্দর্পমঞ্জরী ফুল্লকলিকাঽনঙ্গমঞ্জরী।। তত্র কলাবতী। মাতুলোয়োঽর্কমিত্রস্য গোপে নাম্না কলাঙ্কুরঃ। কলাবতী সুতা তস্য সিন্ধুমত্যা

জায়ত ॥ হরিচন্দনবর্ণেয়ং কীরদ্যুতিপটাবৃতা।
ঃপোতঃ পতিরেতস্যা বাহিকস্যানুজস্তু যঃ ॥ শুভা-
দা। শুভাঙ্গদা তড়িদ্বর্ণা বিশাখায়াঃ কণীয়সী।
ীঠরস্যানুজেনেয়ম্ পরিণীতা পতত্রিণা ॥ হির-
্যাঙ্গী। হিরণ্যাঙ্গী হিরণ্যাভা হরিণীগর্ভসম্ভবা।
ার্ব্বসৌন্দর্য্যসন্দোহমন্দিরীভূতবিগ্রহা ॥ যজ্বা
শস্বী ধর্ম্মাত্মা গোপো নাম্না মহাবসুঃ। স মিত্রং
বিমিত্রস্য বিচিত্রগুণভূষিতঃ ॥ অভিলষ্যন্ সুতং
ারং কন্যাং চাতি মনোহরাম্। ইস্টম্ ভাগুরিণা-
রভে নিয়তাত্মা পুরোধসা ॥ ততঃ সুধাময়ঃ
কোঽপি সুচারুশ্চরুরুত্থিতঃ। নন্দিতস্তম্ সুচন্দ্রায়ৈ
ধর্ম্মিন্যৈ স দত্তবান্ ॥ তমশ্নন্ত্যাম্ চরুম্ তস্যা-
লিন্দে সম্ভ্রমোজ্ঝিতা। সুরঙ্গ্যাখ্যা ব্রজচরী
ুরঙ্গী রঙ্গিণীপ্রসূঃ ॥ আগত্য তরসা তস্যা লোলা
কিঞ্চিদভক্ষয়ৎ। পশুপালী হরিণ্যৌ তে ততো
ার্ভমবাপতুঃ ॥ সুচন্দ্রা সুষুবে পুত্রং স্তোককৃষ্ণম্
ব্রুবন্তি যম্। অসোস্ট গোষ্ঠমধ্যে সা হিরণাঙ্গীম্
সুরঙ্গিকা ॥ যা সখী প্রিয়গান্ধর্ব্বা গান্ধর্ব্বায়াঃ
প্রিয়া সদা। ফুল্লাপরাজিতারাজিবিরাজৎপট-
মণ্ডিতা ॥ এতদা রতয়ো দারাং দদৌ বৃদ্ধায় গো-
ুহে। জরদ্গবায় গর্গস্য গিরা গৌরবতো গুরুঃ ॥
রত্নরেখা। সুতো মাতৃস্বসুঃ সূর্য্যস্বাহ্বয়স্য পয়ো-
নিধিঃ। তস্য পুত্রবতঃ পত্নী মিত্রকন্যাভিলাষিণী।
শ্রদ্ধয়া রাধয়াঞ্চক্রে ভাস্করম্ সুতবস্করা। প্রসা-

দেন দ্যুরত্নস্য রত্নরেখামসূত সা।। মনঃশিলারুচিরসৌ রোলম্বরুচিরাম্বরা। বৃষভানুসুতা-প্রেষ্ঠা ভানুশুশ্রূষণে রতা।। ব্যূঢ়া বাল্যকড়ারেণ মাতা যস্য কুঠারিকা। ঘূর্ণয়ন্তী দৃশৌ ঘোরে মাধবম্ প্রেক্ষ্য গর্জ্জতি॥ শিখাবতী। ধেনুধন্যাদভূদ্ধন্যা সুশিখায়াম্ শিখাবতী। কর্ণিকারদ্যুতিঃ কুন্দলতিকায়াঃ কণীয়সী।। জরত্তিত্তিরিকির্ম্মীরপটা মূর্ত্তেব মাধুরী। উদূঢ়া গড়ুলেনেয়ম্ গড্ডরাখ্যেন গোদুহা।। কন্দর্পমঞ্জরী। কন্দর্পমঞ্জরী নাম জাতা পুষ্পাকরাৎ পিতুঃ। জনন্যাং কুরুবিন্দায়াম্ যস্যাঃ পিত্রা হরিম্ বরম্।। হৃদি কৃত্বা ন কুত্রাপি বিবাহোঽন্যত্র কার্য্যতে। কিঙ্কিরাতোজ্জ্বলরুচির্বিচিত্রসিচয়াবৃতা॥ ফুল্লকলিকা। শ্রীমল্লাৎ ফুল্লকলিকা কমলিন্যামভূৎ পিতুঃ। সেয়মিন্দীবরশ্যামা শক্রগোপনিভাম্বরা।। সহজেনান্বিতা পীততিলকেনালিকস্থলে।। বিদূরোঽস্যাঃ পতির্দূরান্মহিষীরাম্বয়ত্যসৌ।। অথাঽনঙ্গমঞ্জরী। বসন্তকেতকীকান্তিমঞ্জুলাঽনঙ্গমঞ্জরী। যথার্থাক্ষরনামেয়মিন্দীবরনিভাম্বরা।। দুর্ম্মদো মদবানস্যাঃ পতির্যো দেবরঃ স্বসুঃ। প্রিয়াঽসৌ ললিতাদেব্যা বিশাখায়া বিশেষতঃ।। ইতি।। অথ পরিচারিকাঃ। লবঙ্গমঞ্জরী রূপমঞ্জরী রতিমঞ্জরী। গুণমঞ্জরিকা শ্রেষ্ঠা রসমঞ্জরিকা বরা।। মঞ্জুলালিমঞ্জরী চ বিলাসমঞ্জরী তথা। কস্তুরিমঞ্জরীকাঙ্খা রাধায়াঃ পরিচারিকাঃ।।

তত্র লবঙ্গমঞ্জরী যথা। শ্রীধ্যানচন্দ্রগোস্বামিপা-
দৈর্বিরচিতপদ্ধত্যাম্। কুঞ্জস্য তুঙ্গবিদ্যায়াঃ কুঞ্জঃ
পূর্ব্বেঽত্র বর্ত্ততে। লবঙ্গসুখদো নাম্না সুভৃশম্
সুমনোহরম্॥ লবঙ্গমঞ্জরী তত্র মুদা তিষ্ঠতি
সর্ব্বদা। সা তু রূপাখ্যমঞ্জর্য্যা একেনাহ্না বরীয়সী॥
উন্থদ্বিদ্যুৎসমানশ্রীস্তারাবলিপটাবৃতা। শ্রীকৃষ্ণা-
নন্দদা নিত্যম্ দক্ষিণা মৃদ্বিকা মতা॥ লবঙ্গমালা-
সেবাঢ্যা রত্নালঙ্কারমণ্ডিতা। বয় এক দিনং সার্দ্ধ-
হায়ণস্তু ত্রয়োদশ॥ ব ১৩। মা ৬। দি ১॥
শ্রীসনাতননাম্নাঽসৌ খ্যাতা গৌররসে কলৌ॥
অথ রূপমঞ্জরী। কুঞ্জোঽস্তি রূপোল্লাসাখ্যো ললি-
তাকুঞ্জকোত্তরে॥ সদা তিষ্ঠতি তত্রৈব সুশোভে
রূপমঞ্জরী। প্রিয়নর্ম্মসখীমুখ্যা সুন্দরী রূপমঞ্জরী॥
গোরোচনাসমাঙ্গশ্রীঃ কেকিপত্রাংশুকপ্রিয়া। জাম্বু-
নদাভতাম্বূলবীটীকাসেবনোৎসুকা॥ সার্দ্ধত্রিদশ-
বর্ষাসৌ বামমধ্যাত্বমাশ্রিতা। ব ১৩। মা ৬॥
রঙ্গণমালিকাচেতি প্রবদন্তি মনীষিণঃ॥ ইয়ম্
লবঙ্গমঞ্জর্য্যা একেনাহ্না কনীয়সী। কলৌ গৌররসে
রূপগোস্বামিত্বম্ সমাগতা॥ অথ রতিমঞ্জরী।
রত্যম্বুজাখ্যঃ কুঞ্জোঽস্তী,-ন্দুলেখাকুঞ্জদক্ষিণে॥
তত্রৈব তিষ্ঠতি সদা সুরূপা রতিমঞ্জরী। তারা-
বলিদুকূলেয়ম্ তড়িত্তুল্যতনুচ্ছবিঃ॥ দক্ষিণা মৃদ্বিকা
খ্যাতা তুলসীতি বদন্তি যাম্। পাদাব্জসেবনরতা
স্বর্ণালঙ্কারভূষিতা॥ অস্যা বয়ো দ্বিমাসাঢ্যা হায়-

ণাস্তু ত্রয়োদশ॥ ব ১৩। মা ২॥ ইয়ঞ্চ রঘু-
নাথাখ্যাম্ প্রাপ্তা গৌররসে কলৌ॥ অথ গুণ-
মঞ্জরী। ঐশান্যে চম্পকলতাকুঞ্জাৎ কুঞ্জোঽস্তি
শোভনঃ। গুণানন্দপ্রদো নাম্না তত্রাস্তে গুণ-
মঞ্জরী॥ রূপমঞ্জরিকাসৌখ্যা,-ঽভিলাষা সা প্রকী-
র্ত্তিতা। জবারাজিদ্দুকূলেয়ম্ তড়িৎপ্রকরকান্তি-
ভাক্॥ কনিষ্ঠেয়ম্ ভবেত্তস্যাস্তুলস্যাস্তু ত্রিভি-
র্দ্দিনৈঃ। শ্রীকৃষ্ণামোদদাক্ষিণ্যমাশ্রিতা প্রখরো-
দিতা॥ ভর্ম্মালঙ্কারসংশ্লিষ্টা বারিসেবাপরায়ণা।
বয়োঽস্যা একমাসাঢ্যা হায়ণাস্তু ত্রয়োদশ॥ সপ্ত-
বিংশতিভির্যুক্তা দিনৈশ্চ সমুদীরিতম্॥ ব ১৩।
মা ১। দিন ২৭॥ গোপালভট্টনামাসৌ খ্যাতা
গৌররসে কলৌ॥ অথ রসমঞ্জরী। রসানন্দ-
প্রদো নাম্না চিত্রাকুঞ্জস্য পশ্চিমে॥ কুঞ্জোঽস্তি
তত্র বসতি সর্ব্বদা রসমঞ্জরী। শ্রীরূপমঞ্জরীসম্যগ্-
জীবা তু সা প্রকীর্ত্তিতা॥ হংসপক্ষদুকূলেয়ম্ ফুল্ল-
চম্পককান্তিভাক্। লবঙ্গমঞ্জরীতুল্যা প্রায়েণ গুণ-
সম্পদা॥ অতীব প্রিয়তাম্ প্রাপ্তা রূপমঞ্জরিকা-
শ্রিতা। সন্ধানচতুরা সেয়ম্ দৌত্যে কৌশলমা-
গতা॥ পুরটাভরণৈর্দীপ্তা চিত্রা সেবানুরাগিণী।
ত্রয়োদশশরদ্যুক্তা দক্ষিণা মৃদ্বিকা মতা॥ ব ১৩॥
সা কলৌ রঘুনাথাখ্যাযুক্তভট্টত্বমাগতা॥ অথ
মঞ্জুলালিমঞ্জরী। লীলানন্দপ্রদো নাম্না বিশাখা-
কুঞ্জকোত্তরে। তত্রৈব তিষ্ঠতি মুদা শ্রীমঞ্জুলালি

মঞ্জরী ॥ রূপমঞ্জরিকাসখ্যা প্রায়েণ গুণসম্পদা। কিংশুকপুষ্প-বস্ত্রাঢ্যা তপ্তহেমতনুচ্ছবিঃ ॥ লীলা-মঞ্জরী নাম্নাঽস্যা বামমধ্যাত্বমাশ্রিতা। শ্রীরাধিকা-মনোঽভিজ্ঞা বস্ত্রসেবাপরায়ণা ॥ বয়ঃ সপ্তাহযুক্তা-ঽসৌ সার্দ্ধত্রিদশহায়ণা ॥ ব ১৩। মা ৬। দি ৭ ॥ কলৌ গৌররসে লোকনাথগোস্বামিতাম্ গতা ॥ অথ বিলাসমঞ্জরী। নৈর্ঋতে শ্রীরঙ্গদেবী,-কুঞ্জাৎ কুঞ্জোঽস্তি পশ্চিমে ॥ বিলাসনন্দদো নাম্নাঽত্রাস্তে বিলাসমঞ্জরী। বিলাসমঞ্জরী রূপমঞ্জরীসৌখ্যমা-শ্রিতা ॥ স্বকান্ত্যা সদৃশীচক্রে যা দিব্যাং স্বর্ণকে-তকীম্। চঞ্চরীকদুকূলেয়ম্ বামমৃদ্বীত্বমাশ্রিতা ॥ রাগজাঞ্জনসেবাঢ্যা মণিমণ্ডনমণ্ডিতা। কনিষ্ঠা রসমঞ্জর্য্যাশ্চতুর্ভির্দ্দিবসৈরিয়ম্ ॥ বয়ঃ ষড়্বিংশ-ত্যহোনাঃ শরদোঽস্যাস্ত্রয়োদশ ॥ ব ১২। মা ১১। দি ৪ ॥ জীবগোস্বামিতাম্ প্রাপ্তা কলৌ গৌররসে ত্বসৌ ॥ অথ কস্তূরীমঞ্জরী। কস্তূর্য্যা-নন্দদো নাম্না সুদেব্যাঃ কুঞ্জকোত্তরে। তত্রৈব তিষ্ঠতি সদা মুদা কস্তূরীমঞ্জরী ॥ কাচতুল্যাম্বরা চাসৌ শুদ্ধহেমাঙ্গকান্তিভাক্। মণীন্দ্রমণ্ডনৈর্যুক্তা শ্রীখণ্ড-সেবনোৎসুকা ॥ বয়স্ত্রিদশবর্ষাঽসৌ বামা মৃদ্বীত্বমাশ্রিতা ॥ ব ১৩। শ্রীকৃষ্ণকবিরাজাখ্যাম্ প্রাপ্তা গৌররসে কলৌ ॥ ইতি তত্ত্বনিরূপণম্ ॥

জহ্নবানিতাই-পাদ-পদ্ম শিরে ধরি। এবে গৌরগণের দেশ কিছু করি ॥ অগম্য অসঙ্খ্য হন চৈতন্যেরগণ।

যথা শক্তি অনুসারে কিঞ্চিৎ বর্ণন ॥ করিব, কৃপার্হি ব
নিজে নাহি জানি। পূর্ব্ব পূর্ব্ব অবতারে যাহা ছিলে
যিনি ॥ গ্রন্থ অনুভবে যাহা প্রাপ্ত যেই স্থানে। অ
যাহা শুনিয়াছি সাধুর কথনে ॥ ভাগবতামৃতকণা প্রথ
অবলম্ব। স্বরূপগোস্বামি-কড়চা আর একস্তম্ভ ॥ কর্ণপূ
গোস্বামীর গণোদ্দেশ আর। এইরূপ বহু গ্রন্থ করি
বিচার ॥ আর যথা যেই গ্রন্থে পাইয়াছি উদ্দেশ। তা
অনুসারে লেখা এই গ্রন্থলেশ ॥ নন্দসুত বলি যারে ভাগ
বতে গাই। সেই এবে অবতীর্ণ চৈতন্য গোসাঁই ॥ এ
মহাপ্রভু শ্রীচৈতন্য ভগবান। নিত্যানন্দাদ্বৈত দোঁহাকা
প্রভু নাম ॥ এতিন ঠাকুর আর পণ্ডিত গদাধর। এ চারি
গোস্বামি খ্যাতি ভুবন ভিতর ॥ লোকে যেমন প্রথমাদি
পুত্র সংজ্ঞা হয়। বড় মেজ সেজ ছোট ক্রমে পরিচয় ॥
পরে পরে কহিব গোপাল ও মহান্ত। ক্রমে উপগোপাল
উপমহান্ত যে শান্ত ॥ এবে শুন কহি পঞ্চতত্ত্বের আখ্যান।
তবেত কহিব ভক্তগণের ব্যাখ্যান ॥

তথাহি শ্রীকৃষ্ণদাসকবিরাজ-গোস্বামির উদ্ধৃত শ্রীরূপ-
গোস্বামিকৃত কড়চার শ্লোক।

পঞ্চতত্ত্বাত্মকং কৃষ্ণং ভক্তরূপস্বরূপকম্।
ভক্তাবতারম্ ভক্তাখ্যম্ নমামি ভক্তশক্তিকম্ ॥

কৃষ্ণদাস কবিরাজ গোস্বামি লিখিত। পঞ্চতত্ত্বাখ্যান
সর্ব্ব বৈষ্ণবে বিদিত ॥ তার মধ্যে ছয় তত্ত্ব লইয়া গুরুদ্বয়।
শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু ঐছে বিরাজয় ॥

শ্রীচৈতন্যচরিতামৃত-গ্রন্থকারেরকৃত মঙ্গলাচরণ-প্রথম শ্লোক।

যথা। "বন্দে গুরূনীশ-ভক্তানীশ-মীশাবতারকান্।
তৎপ্রকাশাংশ্চ তচ্ছক্তীঃ কৃষ্ণচৈতন্যসংজ্ঞকম্॥"

"আদি দুই শ্লোকে ইষ্টদেবে নমস্কার। সামান্য বিশেষ রূপে দুইত প্রকার॥ তৃতীয় শ্লোকেতে করি বস্তুর নির্দ্দেশ। যাহা হইতে জানি পরতত্ত্বের উদ্দেশ॥ চতুর্থ শ্লোকেতে করি জগতে আশীর্ব্বাদ। সর্ব্বত্র মাগিয়ে কৃষ্ণচৈতন্য-প্রসাদ॥ সেই শ্লোকে কহি বাহ্যাবতার-কারণ। পঞ্চ ষষ্ঠ শ্লোকে কহি মূল প্রয়োজন॥ এই ছয় শ্লোকে কৃষ্ণ-চৈতন্যের তত্ত্ব। আর পঞ্চ শ্লোকে নিত্যানন্দের মহত্ত্ব॥ আর দুই শ্লোকে কহি অদ্বৈত-তত্ত্বাখ্যান। আর এক শ্লোকে পঞ্চতত্ত্বের ব্যাখ্যান॥ এই চৌদ্দ শ্লোকে করি মঙ্গলাচরণ। তহি মধ্যে কহি সব বস্তু-নিরূপণ॥ সব শ্রোতা বৈষ্ণবেরে করি নমস্কার। এই সব শ্লোকের করি অর্থ বিচার॥ সকল বৈষ্ণব শুন করি একমন। চৈতন্য-কৃষ্ণের শাস্ত্রমত নিরূপণ॥ কৃষ্ণ, গুরুদ্বয়, ভক্ত, অবতার, প্রকাশ। শক্তি, এই ছয়রূপে করেন বিলাস॥ এই ছয় তত্ত্বের করি চরণ-বন্দন। প্রথমে সামান্যে করি মঙ্গলাচরণ॥ মন্ত্রগুরু আর যত শিক্ষা-গুরুগণ। তাঁ সবার চরণ আগে করিয়ে বন্দন॥ শ্রীরূপ, সনাতন, ভট্ট-শ্রীরঘুনাথ। শ্রীজীব, গোপাল-ভট্ট, দাস-রঘুনাথ॥ এই ছয়, গুরু-শিক্ষা-গুরু যে আমার। তাঁ সবার পাদ-পদ্মে কোটি নমস্কার॥ ভগ-বানের ভক্ত যত শ্রীবাস-প্রধান। তাঁহার চরণ-পদ্মে সহস্র

প্রণাম ।। অদ্বৈত আচার্য্য প্রভুর অংশ-অবতার। তাঁর পাদ-পদ্মে মোর কোটি নমস্কার ।। নিত্যানন্দ-রায় প্রভুর স্বরূপ প্রকাশ। তাঁর পাদ-পদ্ম বন্দো যাঁর মুঞি দাস ।। গদাধর পণ্ডিতাদি প্রভুর নিজশক্তি। তাঁ সবার চরণে মোর সহস্র প্রণতি ॥ শ্রীকৃষ্ণচৈতন্য প্রভু স্বয়ং ভগবান। তাঁহার পদারবিন্দে অনন্ত প্রণাম ।। সাবরণে প্রভুরে করিয়া নমস্কার। এই ছয় তেঁহো যৈছে করিয়ে বিচার ।। যদ্যপি আমার গুরু চৈতন্যের দাস। তথাপি জানিয়ে তাঁরে তাঁহারি প্রকাশ ।। গুরু, কৃষ্ণরূপ-হন শাস্ত্রের প্রমাণে। গুরুরূপে কৃষ্ণ কৃপা করেন আপনে ।। শিক্ষা-গুরুকেত জানি কৃষ্ণের স্বরূপ। অন্তর্যামী, ভক্তশ্রেষ্ঠ, এই দুই রূপ ।। জীবে সাক্ষাৎ নাহি তাতে গুরু চৈত্তরূপে। শিক্ষাগুরু-হন কৃষ্ণ মহান্ত-স্বরূপে ।। ঈশ্বর স্বরূপ-ভক্ত তাঁর অধিষ্ঠান। ভক্তের হৃদয়ে কৃষ্ণের সতত বিশ্রাম ।। সেই ভক্তগণ হয় দ্বিবিধ প্রকার। পারিষদগণ এক, সাধকগণ আর ।। ঈশ্বরের অবতার এ তিন প্রকার। অংশ অবতার এক, গুণাবতার আর ।। শক্ত্যাবেশ অবতার, তৃতীয় যেমত। অংশ অবতার, পুরুষ মৎস্যাদিক যত ॥ ব্রহ্মা বিষ্ণু শিব, তিন গুণাবতারে গনি। শক্ত্যাবেশ অবতার (সনকাদি দুইপাঠ) পৃথু ব্যাস মুনি ।। দুই রূপে হয় ভগবানের প্রকাশ। একত প্রকাশ হয় আরত বিলাস ।। একই বিগ্রহে যদি হয় বহু রূপ। আকারেহ ভেদ নাহি একই স্বরূপ ।। মহিষী-বিবাহে যৈছে যৈছে কৈল রাস। ইহাকে কহিয়ে কৃষ্ণের (প্রভুর পাঠান্তর কচিৎ) মুখ্য প্রকাশ ।। একই বিগ্রহ কিন্তু

আকার হয় আন। অনেক প্রকাশ হয় বিলাস তার নাম ॥ যৈছে বলদেব, পরব্যোমে নারায়ণ। যৈছে বাসুদেব প্রদ্যু- ম্নাদি সঙ্কর্ষণ ॥ ঈশ্বরের শক্তি হয় এ তিন প্রকার। এক লক্ষ্মীগণ পুরে মহিষীগণ আর ॥ ব্রজে গোপীগণ আর সবাতে প্রধান। ব্রজেন্দ্রনন্দন যাতে স্বয়ং ভগবান ॥ স্বয়ং রূপ কৃষ্ণের হয় শক্তি তার সম। ভক্ত-সহিত সবে তার হয় আবরণ ॥ ভক্ত আদি ক্রমে কৈল সবার বন্দন। এ সবার বন্দন সর্ব্বশুভের কারণ ॥ প্রথম শ্লোকে সামান্য মঙ্গলাচরণ। দ্বিতীয় শ্লোকেতে করি বিশেষ বন্দন ॥ (১ম পরিচ্ছেদ)।

(আদি ৭ম পরিচ্ছেদ)। গুর্ব্বাদি ছয় তত্ত্বের কৈল নমস্কার। গুরুতত্ত্ব কহিয়াছি শুন পাঁচের বিচার ॥ পঞ্চ তত্ত্ব অবতীর্ণ চৈতন্যের সঙ্গে। পঞ্চতত্ত্ব মিলি করেন সঙ্কী- র্ত্তন রঙ্গে ॥ পঞ্চতত্ত্ব এক বস্তু নাহি কিছু ভেদ। রস- আস্বাদিতে তাঁর বিবিধ বিভেদ ॥ * ॥

তথাহি শ্রীগৌরগণোদ্দেশ-দীপিকায় ৬ষ্ঠ শ্লোক।

"স্বানভিন্নৈনযুতং তত্ত্বম্ পঞ্চতত্ত্বমিহোচ্যতে।

অন্যথা তদসম্বন্ধাৎ তত্তত্ত্বং স্যাচ্চতুষ্টয়ম্ ॥" কিঞ্চ, ৭ম শ্লোকে। "উপাধিভেদাৎ পঞ্চত্বং তন্ত্রস্মেহপ্রদর্শ্যতে ॥"

স্বয়ং ভগবান্ কৃষ্ণ একলে ঈশ্বর। অদ্বিতীয় নন্দাত্মজ রসিক শেখর ॥ রাসাদি-বিলাসী ব্রজ-ললনা-নাগর। আর যত দেখ সব তাঁর পরিকর ॥ সেই কৃষ্ণ অবতীর্ণ শ্রীকৃষ্ণ- চৈতন্য। সেই পরিকরগণ সঙ্গে সব ধন্য ॥ একলে ঈশ্বর- তত্ত্ব চৈতন্য-ঈশ্বর। ভক্ত-ভাবময় তাঁর শুদ্ধ কলেবর ॥

কৃষ্ণ মাধুর্য্যের এক অদ্ভুত স্বভাব। আপনা আস্বাদিতে কৃষ্ণ করে ভক্তভাব॥ ইথে ভক্তভাব ধরে চৈতন্য গোসাঁই। ভক্ত-স্বরূপ তাঁর নিত্যানন্দ ভাই॥ ভক্ত অবতার তাঁর আচার্য্য গোসাঞি। এই তিন তত্ত্ব সবে প্রভু করি গাই॥ এক মহাপ্রভু, আর প্রভু দুইজন। দুই প্রভু সেবে মহা-প্রভুর চরণ॥ এই তিন তত্ত্ব সর্ব্বারাধ্য করি মানি। চতুর্থ যে ভক্ততত্ত্ব আরাধক জানি॥ শ্রীবাসাদি যত কোটি কোটি ভক্তগণ। শুদ্ধ-ভক্ততত্ত্ব বলি সবার গণন॥ গদাধর পণ্ডিত প্রভুর শক্তি অবতার। অন্তরঙ্গ ভক্ত করি গণন যাঁহার॥ যাহা সবা লইয়া প্রভুর নিত্য-বিহার। যাহা সবা লইয়া প্রভুর কীর্ত্তন প্রচার॥ যাহা সবা লঞা করেন প্রেম আস্বাদন। যাহা সবা লৈয়া দান করে প্রেমধন॥ এই পঞ্চতত্ত্ব মেলি পৃথিবী আসিয়া। পূর্ব্ব প্রেম ভাণ্ডারের মুদ্রা উখাড়িয়া॥ পাঁচে মেলি লুঠে প্রেম করে আস্বাদন। যত পিয়ে তত তৃষ্ণা বাড়ে অনুক্ষণ॥ পুনঃ পুনঃ পিয়ে পিয়াইয়া হয়ে মত্ত। নাচে কান্দে হাঁসে গায় যৈছে মদ-মত্ত॥ পাত্রাপাত্র বিচার নাহি নাহি স্থানাস্থান। যেই যাহা পায় তাহা করে প্রেমদান॥ লুঠিয়া খাইয়া করি ভাণ্ডার উজাড়ে। আশ্চর্য্য-ভাণ্ডার প্রেম শতগুণ বাড়ে॥ উথলিল প্রেমবন্যা চৌদিগে বেড়ায়। স্ত্রী বালক বৃদ্ধ যুবা সকল ডুবায়॥ সজ্জন দুর্জ্জন পঙ্গু জড় অন্ধগণ। প্রেম-বন্যায় ডুবাইল জগতের জন॥ জগত ডুবিল জীবের হইল বীজনাশ। তাহা দেখি পঞ্চজনের পরম উল্লাস॥ যত যত প্রেমবৃষ্টি করে পঞ্চজন। তত তত বাড়ে জল ব্যাপে

ভুবন ।। এই পঞ্চতত্ত্বরূপে শ্রীকৃষ্ণচৈতন্য। কৃষ্ণ নাম
প্রেম দিয়া বিশ্ব কৈল ধন্য ॥ মথুরাতে পাঠাইল রূপ-সনা-
ন। দুই সেনাপতি কৈল ভক্তি-প্রচারণ ।। নিত্যানন্দ-
ভুকে পাঠাইল গৌড়দেশে। তিঁহো ভক্তি প্রচারিলা
শেষ বিশেষে ।। আপনি দক্ষিণদেশে করিলা গমন।
ামে গ্রামে কৈল নাম প্রেম, প্রচারণ ॥ সেতুবন্ধ পর্য্যন্ত
ল ভক্তির প্রচার। কৃষ্ণপ্রেম দিয়া কৈল সবার নিস্তার ॥
ইত কহিল পঞ্চতত্ত্বের ব্যাখ্যান। ইহার শ্রবণে হয় গৌর-
ভু-জ্ঞান ।। শ্রীচৈতন্য নিত্যানন্দ অদ্বৈত তিন জন। গদা-
র শ্রীবাসাদি যত ভক্তজন ।। ইহা সবার পাদ-পদ্মে কোটি
নস্কার। যৈছে তৈছে কহি কিছু চৈতন্য বিহার ॥ (আদি-
ম পরিচ্ছেদ)।

(উক্তগ্রন্থের আদি ৮ম পরিচ্ছেদে) "জয় জয় শ্রীকৃষ্ণ-
তন্য গৌরচন্দ্র। জয় জয় পরমানন্দ জয় নিত্যানন্দ ।।
য়াদ্বৈতাচার্য্য জয় জয় কৃপাময়। জয় জয় গদাধর পণ্ডিত
হাশয় ।। জয় জয় শ্রীবাসাদি গৌর-ভক্তগণ। প্রণত
ইয়া বন্দো সবার চরণ ।। মূক কবিত্ব করে যা সবা স্মরণে।
ঙ্গু গিরি লঙ্ঘে অন্ধ দেখে তারাগণে ।। এ সবা না মানে
য পণ্ডিত সকল। তা সবারে বিদ্যাপাঠ ভেক কোলাহল ॥
 সবা না মানে যেবা করে কৃষ্ণ-ভক্তি। কৃষ্ণ কৃপা নাহি
ারে নাহি তার গতি ॥ পূর্ব্বে যৈছে জরাসন্ধ আদি রাজ-
ণ। বেদধর্ম্ম করি করে বিষ্ণুর পূজন ॥ কৃষ্ণ নাহি মানে
ারে দৈত্যকরি মানি। চৈতন্য না মানিলে তৈছে দৈত্য
রি জানি ।।

(মধ্য ৬ষ্ঠ পরিচ্ছেদ) নিজ দুই শ্লোকে লিখি, এক তালপাতে। প্রভুকে দিহ বুলি দিল জগদানন্দ হাতে॥ প্রভুস্থানে আইলা দুহেঁ প্রসাদ-পত্রী লঞা। মুকুন্দদত্ত পত্রী বাচিল হাতে পাঞা॥ দুই শ্লোক বাহির ভিতে লিখিয়া রাখিল। তবে জগদানন্দ পত্রী প্রভুকে দিল॥ প্রভু শ্লোক পড়ি পত্রী চিরিয়া ফেলিল। ভিত্তে দেখি সব ভক্ত শ্লোক-কণ্ঠে কৈল॥ এই দুই শ্লোক ভক্ত-কণ্ঠ মণি-হার। সার্ব্ব-ভৌমের কীর্ত্তি ঘোষে ঢক্কা বাদ্যাকার॥ সার্ব্বভৌম হৈলা প্রভুর ভক্ত একতান। মহাপ্রভুর সেবা বিনা নাহি মনে আন॥ শ্রীকৃষ্ণচৈতন্য শচী-সুত গুণধাম। এই ধ্যান এই জপ লয় এই নাম॥

তথাহি শ্রীচৈতন্যচন্দ্রোদয়-নাটকে ষষ্ঠাঙ্কে দ্বাত্রিংশাঙ্ক-
ধৃতৌ-সার্ব্বভৌম-ভট্টাচার্য্যকৃত-শ্লোকৌ।

বৈরাগ্য বিদ্যানিজভক্তিযোগশিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ।
শ্রীকৃষ্ণচৈতন্যশরীরধারী কৃপাম্বুধির্যস্তমহং প্রপদ্যে॥ ১॥
কালান্নষ্টং ভক্তিযোগংনিজং যঃ প্রাদুষ্কর্ত্তুং কৃষ্ণচৈতন্যনামা।
আবির্ভূতস্তস্য পাদারবিন্দেগাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভৃঙ্গঃ॥২

(মধ্যঃ ২০ পরিচ্ছেদ) রাজমন্ত্রী সনাতন বুদ্ধে বৃহস্পতি। প্রভুর কৃপাতে পুছেন অসঙ্কোচ মতি॥ অতি ক্ষুদ্র জীব মুঞি নীচ নীচাচার। কেমনে জানি কলিতে কোন অবতার॥ প্রভু কহে অন্যাবতার শাস্ত্রদ্বারা জানি। কলি অবতার তৈছে শাস্ত্রবাক্যে মানি॥ সর্ব্বজ্ঞ মুনির বাক্যে শাস্ত্র পরমাণ। আমা সবা জীবের হয় শাস্ত্রদ্বারা জ্ঞান॥ অবতারী নাহিক যে আমি অবতার। মুনি সব

ানি করে লক্ষণ-বিচার ।। স্বরূপ লক্ষণ আর তটস্থ লক্ষণ। এই দুই লক্ষণে তত্ত্ব জানে মুনিগণ ।। আকৃতে প্রকৃতে জানি রূপ লক্ষণ। কার্য্যদ্বারা জ্ঞান এই তটস্থ লক্ষণ ।। সনাতন কহে যাতে ঈশ্বর লক্ষণ। পীতবর্ণ, কার্য্য প্রেম-দান ঙ্কীর্ত্তন ।। কলিকালে সেই কৃষ্ণাবতার নিশ্চয়। সুদৃঢ় রিয়া কহ যাউক সংশয় ।। (মধ্য ২০ পরিচ্ছেদ)।

ভক্তিরূপ গৌরহরি, রাধাভাব-কান্তি ধরি, অবতীর্ণ ন্দের নন্দন। নিত্যানন্দ বিশ্বরূপ, রাম সঙ্কর্ষণরূপ, ভক্ত রূপ হয় দুইজন ।। অদ্বৈত আচার্য্য আর, হয় ভক্ত অবতার, পূর্ব্বে মহাবিষ্ণু ভগবান। শ্রীবাস প্রভৃতি যত, গৌরাঙ্গের অনুগত, তা সবার ভক্ত আখ্যান ।। পণ্ডিত শ্রীগদার, রাধারূপ-কলেবর, ভক্তি-শক্তি বলি বাখানিল। এই ঞ্চতত্ত্বময়, কৃষ্ণের স্বরূপ হয়, নিরূপিয়া প্রণাম করিল ।। শ্রীচৈতন্য নিত্যানন্দ, অদ্বৈত আচার্য্যচন্দ্র, এতিন বিগ্রহ এক জানি। রাধাপ্রেম আস্বাদিতে, জীবে ভক্তি প্রকাশিতে, ভিন্ন ভিন্ন দেহ অনুমানি ।। এই পঞ্চতত্ত্ব অর্থ, বিশেষ সুনিয়মার্থ, নিত্যানন্দ সব রূপে হয়। যাতে জানি উপাসনা, রাধাকৃষ্ণ আরাধনা, নবদ্বীপদাস সে চিন্তয় ।।

পূর্ব্বে কহিয়াছে নবদ্বীপের স্বরূপ। যাতে জনমিল বিশ্বম্ভর বিশ্বরূপ ।। বিষ্ণুপুরাণ অনুসারে নয়-দ্বীপ-গণ্য। তার মধ্যে নবদ্বীপ সর্ব্বদ্বীপ-মান্য ।। এই গ্রন্থের অনুক্রমে দ্বিতীয় বিভবে। বর্ণিত আছয়ে ধাম তত্ত্ব যা সম্ভবে ।। ভক্তি-বিধি অনুসারে সাধকানু-ভবে। বড় ভাগ্যে নব-দ্বীপ ধাম-জ্ঞান হবে ।। সার্দ্ধ তিন কোটি-তীর্থে যাহা নাহি

পায়। বিষ্ণুধামে কল্পবাসেও যাহা নাহি পায়॥ সেই পরম পুমর্থ যাঁহা মিলে ভাই। নবদ্বীপে ত্রিরাত্র-বাসেতে তাহা পাই॥ সীমন্ত ১, গোদ্রুম ২, মধ্য ৩, আর কোল ৪, দ্বীপ। ঋতু ৫, জহ্নু ৬, মোদদ্রুম ৭, রুদ্র ৮, অন্তর্ ৯, দ্বীপ॥ এই নয় দ্বীপ নবদ্বীপে যথাক্রমে। ষোল ক্রোশ পরিধি সেই নব-ভক্তি-ধামে॥ কমল আকার তার অষ্ট-দল হয়। মধ্যে কর্ণিকায় জগন্নাথের আলয়॥ মহাযোগ পীঠ যথায় মিশ্রের গৃহিণী। শচী হইলেন বিশ্বম্ভরের জননী॥ (সীমন্তদ্বীপ ১) সীমন্তদ্বীপে বহুগ্রাম, কালে নষ্ট প্রায়। ত্রিপথ গা-বেগে চড়া, কোথা ভাঙ্গি যায়॥ অদ্যাপি যে আছে উত্তরে রোকুনপুর। তদ্দক্ষিণে বন, পরে আছে বেলপুকুর॥ তাহার দক্ষিণে গঙ্গা বার্ত্তাকু আকার। প্রবাহিনী মধ্যে আছে সিমুলিয়া চর॥ দক্ষিণে শরডাঙ্গা (শবর-ডেঙ্গা) যাহা বিশ্রামের স্থল। ছাড়ি গঙ্গার দক্ষিণধারে সীমলী-(সীমন্তিনী দেবী)-পূজার স্থল॥ দ্বীপচন্দ্রপুর হয় পূর্ব্বোত্তর সীমা। ধুবলিয়া তার নিম্নে গ্রামেতে গণনা॥ শোনডাঙ্গা গ্রাম মাত্র কেবল পূর্ব্বসীমা। জলঙ্গীর-তীরে বল্লাল-দিঘীর গণনা॥ ১॥ (গোদ্রুমদ্বীপ ২) গোদ্রুমেতে গাদিগাছা, দেপাড়া হরিশপুর। ইহা পূর্ব্বসীমা পশ্চিমে মিয়াপুর॥ উত্তরে বামন্ পুকুরিয়া পশ্চিম ভারুই-ডাঙ্গা। তার নীচে গঙ্গানগর জলঙ্গী গঙ্গায় ঘূর্ণা॥ সুবর্ণবিহার আমঘাটা পূর্ব্বসীমা। উত্তরে জলঙ্গীখণ্ডে নৈঋতে ভীষ্মের মা॥ দে পাড়ায় অরণ্যমধ্যে শ্রীনৃসিংহ ক্ষেত্র বিখ্যাত প্রহ্লাদের রক্ষিতা আছেন যত্র॥ অদ্যাপিও যাঁর

পূজায় গোয়ালা সকল। গোদুগ্ধ বিক্রয়ে যাতে নাহি দেয় জল ॥ শ্রীনৃসিংহ পূজায় দুগ্ধে যেবা জল দেয়। তার দুগ্ধ ভাণ্ড সব ভেঙ্গে চূর্ণ হয় ॥ জলঙ্গী অলকানন্দা-তীরে কাশীধাম। হরিহর-ক্ষেত্র গোদ্রুমেতে অন্তর্ধান ॥ ২ ॥

মধ্যদ্বীপ৩) মধ্যদ্বীপে মাজদগ্রাম, নিম্নে বামনপুরা। তন্নিম্নে র্ণশিলা দক্ষিণে ভালুকাপাড়া ॥ নৈঋতে হাট্‌ডেঙ্গা গঙ্গা াড় প্রবাহিনী। বায়ুকোণ হইতে বহতা ভীষ্মজননী ॥ ৩ ॥

কোলদ্বীপ ৪) কোলিয়া পাহাড় আর সমুদ্র গড়-গ্রাম। ম্পাহাটি প্রভৃতি পশ্চিমসীমা-স্থান ॥ ৪ ॥ (ঋতুদ্বীপ ৫) তুদ্বীপ রাহুৎপুর বিদ্যানগর নাম। বর্ষায় পুরুব গায়ে ঙ্গা প্রবহমান ॥ ৫ ॥ (জহ্নুদ্বীপ ৬) তার উত্তরে জহ্নুদ্বীপ ানগর বিদ্যমান। তন্মধ্যে আছে অনেক গণ্ডগ্রাম ॥ ৬ ॥

মোদদ্রুমদ্বীপ৭) তদুত্তরে মোদদ্রুম মাওগাছি আক্‌ডালা। র্য্যক্ষেত্র বলি যার নাম অর্কটীলা ॥ মাতাপুর (মহৎপুর) াণ্ডবের নিবাস যথা। নানাস্রোতে বিহরেন ত্রিস্রোতা ঙ্গা তথা ॥ ৭ ॥ (রুদ্রদ্বীপ ৮) তদুত্তরে রুদ্রপাড়া আর ্বস্থলী। চুপী মেড়্‌তলা তার মধ্যে কোকৃশেয়ালী ॥ ঙ্গার পশ্চিমতীরে রুদ্রদ্বীপ নাম। গণসহ রুদ্র যাঁহা করে ত্যগান ॥ ৮ ॥ (অন্তরদ্বীপ ৯) এই সব মধ্যে অন্তরদ্বীপের বস্থান। সুরনদী যার চারিদিকে বিদ্যমান ॥ সমুদয়ের ধ্যবর্ত্তী কর্ণিকা-আখ্যান। মায়াপুরে মহাযোগ পীঠের বস্থান ॥ জগন্নাথ-মিশ্র-গৃহ যথা অধিষ্ঠান। বিশ্বরূপ শ্বম্ভরের প্রাদুর্ভাব স্থান ॥ ৯ ॥

———

অথ, ষোড়শক্রোশপরিধি শ্রীনবদ্বীপমণ্ডলম্ যথা।

শ্রুতিশ্ছান্দোগ্যীয়া বদতি হি পরব্রহ্মনিলয়ম্,
স্মৃতির্বৈকুণ্ঠাখ্যং গদতি ভগবদ্বিষ্ণুভবনম্।
সিতদ্বীপং গোলকমিতি চ নিজং যং ব্রজপুরম্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ১ ॥
যদংশেঽন্তর্দ্বীপে নিজকুচরিতান্মোহজনিতাৎ,
দয়াশীলং গৌরং সততমনুতাপী সমভজৎ।
বিধিস্তস্মৈ গূঢ়াভিলষিতপ্রভুর্যং সমবদৎ,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ২ ॥
যদংশে সীমন্তে গিরিবরসুতা বিশ্বজননী,
শচীসূনো রূপং পরমভজন প্রেমনিলয়ম্।
স্বসীমন্তে ন্যাধাৎ প্রভুচরণরেণূন্ ভগবতী,
নবদ্বীপং বন্দে মধুররসসারৈক-নিলয়ম্ ॥ ৩ ॥
যদংশে বজ্রী গোদ্রুম অতিবিতপ্তঃ স্বসুরভিম্,
সমাশ্রিত্য প্রেম্না সুরতরুতলে গৌরচরণম্।
ভজন্ সাক্ষাত্তস্মান্মধুররসসারং প্রাপ সুবরম্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ৪ ॥
যদংশে মধ্যদ্বীপ-মুনিভজনাকৃষ্টহৃদয়ঃ,
হরিগৌরঃ সার্দ্ধপ্রহরসময়ে হ্যাবিরভবৎ।
বরং তেভ্যঃ প্রাদান্মধুররসসারং স্ববশকম্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ৫ ॥
যদংশে তীর্থাটী দ্বিজকুলপতিঃ পুষ্করমনাঃ,
স্ববার্দ্ধক্যাত্তীর্থাটনকরণকে-শক্তিরহিতঃ।

স্বভাগ্যাদ্যং দৃষ্ট্বা পরমশুভদঞ্চেষ্টমনমৎ,
নবদ্বীপং বন্দে মধুররসসারৈক-নিলয়ম্ ॥ ৬ ॥
যদংশে কোলাকারিমখপতয়ে গুহ্যপরম,-
মদাৎ শ্রীগৌরাঙ্গঃ সুমধুররতিং প্রীতিহৃদয়ঃ।
স্বভক্তায়প্রীতঃ স চ সমদদৎপ্রীতভগবান্,
নবদ্বীপং বন্দে মধুররসসারৈক-নিলয়ম্ ॥ ৭ ॥
যদংশে রাধাপুর্ ইতি সুবিদিতে লোকগদিতৈঃ,
নটন্তং গৌরাঙ্গমভজত মুদাঽসৌ ঋতুপতিঃ।
নিকুঞ্জে পুষ্পারে বিবিধফলভারপ্রণমিতে,
নবদ্বীপং বন্দে মধুররসসারৈক-নিলয়ম্ ॥ ৮ ॥
যদংশে জহ্নুর্জান্নগরবহমানাং ত্রিপথগাম্,
সমাধানে দৃষ্ট্বা স্বভজনবিরুদ্ধাং সমপিবৎ।
অমুঞ্চত্তাং ভক্ত্যা পুনরপি মুনিঃ স্বর্গসরিতম্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ৯ ॥
যদংশে মাম্গাছিনগরপুরতো লক্ষ্মণযুতঃ,
পুরা সীতারামঃ কতিপয়দিনং বাসমকরোৎ।
তটে গাঙ্গে ত্রেতা-মুনিনিকরমোদদ্রুমতলে,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ১০ ॥
যদংশে মাহাতাপুর্ ইতি নগরে পাণ্ডবসুতঃ,
কিলোবাসাজ্ঞাতং দ্রুপদতনয়াসেবিতপদঃ।
অরণ্যে সভ্রাত্র্যচ্যুতবরসহায়ো হরিসখঃ,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥ ১১ ॥
যদেকাংশং বৈকুণ্ঠপুরমভিতো নারদমুনিঃ,
ইদানীং নষ্টত্বৎ সুবিদিতপরং নাবিকজনৈঃ।

অপশ্যৎ প্রত্যক্ষং মধুরিপু-হরিম্ গৌরবপুষম্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ।। ১২ ।।
যদংশে শ্রীরুদ্রঃ স্বগণমিলিতঃ প্রেমগলিতঃ,
নটন্মন্দং গায়ন্ করডমরুবাদ্যপ্রমুদিতঃ।
অপূর্ব্বেঽস্মিন্ গ্রামে (রুদ্রপাড়ায়) ঽচ্যুতপদভবা, যন্নিকটগা,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ।। ১৩।।
যথা সা পোড়া-মা চ্ছলয়তি সদা বৈষ্ণবরিপুন্,
স্বয়ং প্রৌঢ়া মায়া ঽধিবসতি নিয়ন্ত্রী কলিমদা।
অসচ্ছাস্ত্রাচারৈর্মদবিঘটিতান্মোহয়তি যা,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ।। ১৪ ।।
যতঃ কালীসৈষা বুড়শিববশীকাররমণী,
সদা ভক্তান্ গৌরস্য সুতসমানানবতি হি।
হরিং গৌরং নিত্যং ভজতি কপটৈঃ শূন্যহৃদয়া,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ।। ১৫ ।।
স্মৃতিন্যায়ান্ বেদান্তমুখবিবিধান্ শাস্ত্রনিচয়ান্,
যতঃ সাক্ষাৎবাণী প্রভুচরণসংসেবনরতা।
দ্বিজাতীনন্যাং শ্চাধ্যয়ননিরতান্ পাঠয়তি তন্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ।। ১৬ ।।
নটন্তং গায়ন্তং স্বগুণগণগানপ্রীতিনিরতং,
প্রভুং নিত্যানন্দং পরমকরুণাসিন্ধু-হৃদয়ম্।
তথা গৌরং শ্রীবাসভবন-গুণাকীর্ত্তনরতম্,
তথা ঽদ্বৈতং মাধুর্য্যরসগুণগানৈক-সদনম্ ।। ১৭।
গদাধর্য্যং গানং নিজজন-গণৈঃ সম্পরিবৃতম্,
যতঃ পশ্যন্ত্যদ্ধা নিজভজনসিদ্ধাঃ সুনয়নৈঃ।

নবদ্বীপোদ্ভূতং তমিহ পরমানন্দ-নিলয়ম্,
নবদ্বীপং বন্দে পরমরসসারৈক-নিলয়ম্ ॥১৮॥ যুগ্মম্ ॥

ভক্তগণে কহে বৃন্দাবন নবদ্বীপ। কেহ সে গোকলধাম কেহ শ্বেতদ্বীপ॥ মহাবৈকুণ্ঠধাম বলিয়া কেহ জানে। সকল বৈষ্ণব নিত্যধাম বলে মানে॥ হেন নবদ্বীপে সেই নন্দের কুমার। বিশ্বম্ভর নাম ধরি করয়ে বিহার॥ গৌরাঙ্গাবতারে শ্রীভাগবত প্রমাণ। নন্দ মহাশয় প্রতি গর্গের আখ্যান॥

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্নতোঽনুযুগং তনূঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥

নন্দ তব পুত্র প্রতি যুগে অবতারে। শুক্ল রক্ত কৃষ্ণ পীত চারি বর্ণ ধরে॥ সম্প্রতি যে কৃষ্ণবর্ণ করিল প্রচার। অবতীর্ণ হইল বহুপুণ্যতে তোমার॥ হেন কত প্রমাণ আছয়ে গ্রন্থান্তরে। তবু ভাগ্যহীন জীব বুঝিতে না পারে॥ যেহ সত্যযুগে শ্বেতবর্ণ হংস নাম। ত্রেতাযুগে যজ্ঞ অবতার রক্ত-ধাম॥ দ্বাপরেতে কৃষ্ণ-বর্ণ কৃষ্ণ অবতার। যাহা হৈতে সব অবতারের প্রচার॥ কলিযুগে পীতবর্ণ, শ্রীচৈতন্য হরি। বিলসয়ে নাম-সঙ্কীর্ত্তন পরচারি॥ স্বয়ং ভগবানের এক মুখ্য প্রয়োজন। সর্ব্ব অবতার করে ধর্ম্ম সংস্থাপন॥ নবদ্বীপ বৃন্দাবনে জনম আচরি। ঈশ্বরপুরীর শিষ্য হইল কৃপা-করি॥ মহৈশ্বর্য্যযুক্ত নাম রুক্মিণী পূর্ব্বেতে। এবে লক্ষ্মী ঠাকুরাণী ব্যক্ত পৃথিবীতে॥ পূর্ব্বে সত্যভামা নাম আছিল যাহার। বিষ্ণুপ্রিয়া ঠাকুরাণী সংজ্ঞা হৈল তাঁর॥ নিত্যানন্দ প্রভু মোর হন বলরাম। সঙ্কর্ষণ বিশ্বরূপ যার নিজ ধাম॥ মাধবেন্দ্রপুরীর শিষ্য লৌকিক-বিধানে। বিরা-

জয়ে ভারতবর্ষে গৌড়দেশ স্থানে ।। পূর্ব্বে নাম ছিল যাঁর অনঙ্গমঞ্জরী। শ্রীজাহ্নবা হন এবে মাধুর্য্যাধিকারী ॥ শ্রীরাধিকার বিলাস শ্রীঅনঙ্গমঞ্জরী। মহাভাব মোহনতা তাহাতে প্রচারি ।। পূর্ব্বকালে নাম যার ছিল কালা-রাণী। রেবত রাজার কন্যা রেবতী আখ্যানি ।। মহৈশ্বর্য্য প্রভৃতি তিনের এক কর্ত্তা। বসুধা বলিয়া নাম এবে সে সুব্যক্তা ।। অংশিনি শ্রীগদাধর অংশ নিত্যানন্দ। বিলাস গৌরাঙ্গ স্বয়ংরূপ শ্যামচন্দ্র ।। সহস্রদলকমল যাহার আরাম। সেই সে কমল-কলি নিত্যানন্দ রাম ।। যার বাহ্য দলে হয় আশ্চর্য্য বিলাস। জীব আত্মার পঞ্চরূপ যাহাতে প্রকাশ ।। চতুর্থ আত্মার হয় মাধুর্য্যের তত্ত্ব। ইহাতে জানিয়ে বস্তু বিলাস মহত্ত্ব ।। সর্ব্ব তত্ত্ব নিত্যানন্দ মাধুর্য্যের পুর। চারি রসে চারি ভক্ত, আনন্দাংশে শূর ।। রসতত্ত্ব প্রেমতত্ত্ব লীলাতত্ত্ব আর। বিলাস-মাধুর্য্য-তত্ত্ব সুখ-তত্ত্ব-সার ॥ কেলি-সুখ সার পূত চারি ভাব-লতা। যত মধুর রসগুণ তাহাতে মিশ্রিতা ॥ এক সবার পরমাত্মা এক বস্তু রাম। যাহার অন্তর নিত্যানন্দ গুণধাম ॥ দয়া-ধর্ম্ম ইহা সবার যত সমুচ্চয়। সকলের সার নিতাই কহিল নিশ্চয় ।। এক কৃষ্ণ গোপ-মূর্ত্তি রসিকশেখর। তাঁর লীলা-কায় নিত্যানন্দ সর্ব্বেশ্বর ॥ গুহ্য অতি গুহ্য রস বিলাস-নাগরী। এই এক-যুক্তি পরমাত্মা বিচারী ॥ হেন নিতাই জীবনচন্দ্র কনক-কিশোরা। উজ্জ্বলরস আস্বাদিল রসে তনু ভরা ।। নবদ্বীপ বৃন্দাবন এক কার্য্য জানি। নিত্যানন্দ রাধারূপ গৌর-শ্যাম মানি ।। নিত্যানন্দের অষ্ট পুত্র কন্যা গঙ্গা নামে। সপ্ত অন্তর্দ্ধান অভিরামের প্রণামে

শেষ পুত্র বীরচন্দ্র অবতীর্ণ হইল। অভিরাম আসি তবে প্রণাম করিল॥ তাহা দেখি বীরচন্দ্র মন্দ মন্দ হাঁসে। নৃত্য করি অভিরাম কহে প্রেমাবেশে॥ কলির জীবের ভাগ্য কহিতে না পারি। পুনঃ প্রকটিল কৃপা করি গৌর-হরি॥ ইহা বলি অভিরাম গোপাল চলিল। বীরচন্দ্র বাল্যলীলা প্রকাশ করিল॥ ক্রমে নানা ঐশ্বর্য্যের করিয়া প্রকাশ। জীব নিস্তারিতে গৌড়ে চলিল প্রবাস॥ গৌড়ের বাদশাহে শক্তি সঞ্চার করিল। তার দ্বার হইতে এক প্রস্তর আনিল॥ সেই প্রস্তরেতে শ্যামসুন্দরের মূর্ত্তি। প্রকট করিয়া দেখাইলেন বহু শক্তি॥ ইহা লিখি গ্রন্থা-ন্তর প্রবাদানুসারে। জাহ্নবার প্রকাশ কহে ভক্তিরত্নাকরে॥ পূর্ব্বে দ্রবময়ী গঙ্গা বেদেতে বিদিতা। এবে মূর্ত্তিমতী নিতানন্দের দুহিতা॥ বঙ্গের কুলীন চট্ট আচার্য্য মাধব। ভক্তির প্রভাবে হৈল গঙ্গার বল্লভ॥ এক্ষণে মাধব পূর্ব্বে শান্তনু নৃপতি। নিত্যানন্দ প্রভাবে সে অতি শুদ্ধমতি॥ তাহার সন্তান কৈল জিরাটে বসতি। প্রভুর প্রভাবে পাইল গোস্বামি খেয়াতি॥ সদাশিব রূপেতে আছিল পূর্ব্বকালে। মহাবিষ্ণু জগৎকর্ত্তা-রূপ তাঁরে বলে॥ এবে সে অদ্বৈতচন্দ্র নাম হয় তাঁর। যাহার কৃপায় লোক পাইল নিস্তার॥ অদ্বৈত গোসাঁই যেবা নাহি মানে মনে। নিত্যা-নন্দ চৈতন্য সে জানিবে কেমনে॥ যোগমায়া ভগবতী গৃহিণী যাঁহার। যাঁহা হৈতে সুমাধুর্য্য লীলার বিস্তার॥ ঐশ্বর্য্যের মাধুর্য্যের অধিকারী তিনি। এবে নাম হইয়াছে সীতা ঠাকুরাণী॥ অদ্বৈত আচার্য্য প্রভু হয় মহেশ্বর। যে

আনিল গৌরচন্দ্র ভুবন ভিতর॥ ভক্ত অবতার নিত্যা-
নন্দের বিলাস। মাধবেন্দ্রপুরীর শিষ্য শান্তিপুর বাস॥
অদ্বৈতের ছয় পুত্র কহি তার নাম। অচ্যুত, গোপাল, কৃষ্ণ-
মিশ্র, বলরাম॥ রূপ, জগদীশ, এই ছয় পরিচয়। সবাই
চৈতন্যভক্ত ভক্তি-রসাশ্রয়॥ পূর্ব্বে গণপতি যিনি দেবের
প্রধান। এবে এই ছয় রূপে তাঁর অধিষ্ঠান॥ অচ্যুতা-
নন্দের মত সর্ব্বোত্তম হয়। পরে পরে তারতম্য স্বভা
আছয়॥ কৃষ্ণ মিশ্র বলরামের আছয়ে সন্তান। শান্তি
পুরে বাস এবে আর নানা স্থান॥ শ্যামদাস অদ্বৈতে
শাখার প্রধান। সীতা মাতা যারে করাইল স্তনপান॥ পূর্বে
কার্ত্তিকেয় মহাবল সেনাপতি। এবে শ্যামদাসাচার্য্য সে
মহামতি॥ অচ্যুতানন্দের মত অবলম্ব করি। যাঁর বা
ভৈটে শিঙ্গারকোণ আদি পুরি॥ কবিরাজ গোসাঞি গ্রন্থে
যদি না ধরিল। তবু বৈষ্ণবের মুখে শুনিয়া লিখিল॥ আর
এক বিষ্ণুদাস আচার্য্য শাখা শূর। যার বাস কুলীনগ্রামের
কেশবপুর॥ বিষ্ণুদাস আচার্য্যের বৈষ্ণব আশ্রয়। অংশরূপে
সদাশিব যাহে বিরাজয়॥ গদাধর-পণ্ডিত শ্রীরাধাঠাকুরাণী।
ভরতপুরে বাস চৈতন্যের শাখা জানি॥ অথবা কৃষ্ণের ইচ্ছা
অন্তরে জানিল। গদাধর-পণ্ডিতে ললিতা প্রবেশিল॥ মহা-
মাধুর্য্যরূপ হন রাধা-ঠাকুরাণী। গদাধর নাম এবে কহিল বা-
খানি॥ নিজগ্রন্থে লিখিয়াছেন বৃন্দাবনদাস। গদাধরের স্বরূ-
পভাব করিয়া প্রকাশ॥ "গদাধরের গৌরাঙ্গ-প্রীত কহন না
যায়। ক্ষেত্রবাস কৃষ্ণ সেবা ছাড়ে তৃণপ্রায়"॥মাধুর্য্যের অংশে
চন্দ্রাবলী নাম হয়। সদাশিব কবিরাজ জানিহ নিশ্চয়॥

তথাহি শ্রীকবিকর্ণপুরগোস্বামিকৃত
শ্রীগৌরগণোদ্দেশদীপিকায়াম্।

শ্রীরাধা প্রেমরূপা যা পুরা বৃন্দাবনেশ্বরী। সা শ্রী-গদাধরো গৌরবল্লভঃ পণ্ডিতাখ্যকঃ॥ নির্ণীতঃ শ্রীস্বরূপাদ্যৈর্ব্রজলক্ষ্মীতয়া যথা। পুরা বৃন্দাবনে লক্ষ্মীঃ শ্যামসুন্দরবল্লভা॥ সাঽদ্য গৌরপ্রেমলক্ষ্মীঃ শ্রীগদাধরপণ্ডিতঃ। রাধামনুগতা যা তু ললিতা-ঽপ্যঽনুরাধিকা॥ অতঃ প্রবিশ্যা-দেশান্তং গৌর-চন্দ্রোদয়ে যথা॥ ইয়মপি ললিতৈব রাধিকালী, স খলু গদাধর এব ভূসুরেন্দ্রঃ। হরিরয়মথবা স্বীয়ৈব শক্ত্যা, ত্রিতয়মভূৎ স-সখী রাধিকা চ॥ ধ্রুবানন্দব্রহ্মচারী ললিতেত্যপরে জগুঃ। স্বপ্রকাশ স্বরূপেণ সমীচীনম্ মতন্তু তৎ॥ অথবা ভগবান্ গৌরঃ স্বেচ্ছয়াঽ গাত্রিরূপতাম্। অথ শ্রীরাধিকা-রূপঃ শ্রীগদাধরপণ্ডিতঃ॥ রাধাবিভূতিরূপা সা চন্দ্রকান্তিঃ পুরা স্থিতা। সাঽদ্য গৌরাঙ্গনিকটে দাসবংশো গদাধরঃ॥ পূর্ণানন্দা ব্রজে যাসীদ্বল-দেবপ্রিয়াঽগ্রণীঃ। সাঽপি কার্য্যবশাদেব প্রাবি-শত্তম্ গদাধরম্॥

সকলের গম্য নহে গদাধর তত্ত্ব। অন্তরঙ্গ পার্শ্বদেও না জানে মহত্ব॥ কেহ কহে এক রূপ কেহ কহে আর। গদাধর-পণ্ডিতের ভাব বোঝা ভার॥ প্রেমের স্বরূপা রাধা বৃন্দাবনেশ্বরী। তিঁহো শ্রীমান্ গদাধরপণ্ডিত-রূপ-ধারী॥ বৃন্দাবনলক্ষ্মী শ্যামসুন্দর-বল্লভা। গৌর-প্রেম-

লক্ষ্মী গৌর-অঙ্গকান্তি প্রভা ।। রাধাকৃষ্ণ দুই তনু মিলিয়া
গৌরাঙ্গ। রাধা গদাধর দ্বিধা রূপে রসরঙ্গ ।। শ্রীরাধার
প্রাণসমা ললিতা-সুন্দরী। নিজ-নাম-তুল্য নাম অনুরাধা
করি ।। তিনি শ্রীরাধার রূপ গদাধর দেহে। শ্রীচৈতন্য রাধা
যথা তথা মিলি রহে ।। শ্রীচৈতন্য-চন্দ্রোদয় নাটকের মতে
তথা শ্রীস্বরূপ-গোস্বামির বর্ণনেতে ।। শ্রীরাধা শ্রীগদাধ
নাহিক সন্দেহ। রুক্মিণীদেবীর সহ মিলি কহে কেহ ।। সে
সত্য যিনি লক্ষ্মী রাধিকার অংশ। সর্ব্বলক্ষ্মীময়ী রাধা সব
অবতংশ ।। মহানৃত্য কৈল যবে ধরি রাধা বেশ। গদাধ
হৈল তবে ললিতা আবেশ ।। ইহাতে নাটক মতে প্রমা
যে হয়। সকলি সম্ভবে অলৌকিক যে বিষয় ।। গদাধরে
প্রকাশ ব্রহ্মচারী ধ্রুবানন্দ। ললিতার রূপ করি কহে ভক্ত
বৃন্দ ।। প্রভুদেহ শ্রীরাধিকা ললিতা বিলাস। ললিতা
অংশ কিম্বা দ্বিতীয় প্রকাশ ।। শ্রীরাধা-বিভূতি চন্দ্রকা
পূর্ব্বে ব্রজে। এবে তিনি গদাধরদাস রূপে রাজে ।। পূর্ণা
নন্দা গোপী যিনি বলদেব-প্রিয়া। কার্য্যবশে সেহ গদাধ
প্রবেশিয়া ।। রহে গৌর পাশে গৌরলীলার সহায়। যা
যেই ভাব সেইমত সে কহায় ।। শ্রেষ্ঠশাখায় মহাপ্র
কৌতুক করিল। অতএব মামু ঠাকুর খেয়াতি পাইল।
এক মহাপ্রভু আর দুই জন প্রভু। পণ্ডিত গোস্বামী এ
এচ চারিজন বিভু ।। ইহা সবার পারিষদ বৈষ্ণব সকল
কতক গোসাঞি গোপাল মহান্ত নির্ম্মল ।। মহাপ্রভুর স
যে যে নবদ্বীপে ছিল। দক্ষিণ গমনে প্রভু সঙ্গে যে মিলিল
সে সব বৈষ্ণবে ভাই মহান্ত করিয়ে। ইহাদের মধ্যে উ

মহান্ত জানিয়ে ॥ নিত্যানন্দ-পারিষদ যতেক গোপাল। চূড়া-বান্ধা ধড়া পরা ব্রজের রাখাল ॥ ইঁহাদের পর আর রাখাল যে হয়। উপগোপাল বলি তা-সবার পরিচয় ॥ এ সবার নাম স্থান আগে নিবেদিব। এবে ছয় গোসাঞির স্বরূপ বর্ণিব ॥

শ্রীরাধিকার খুড়া রত্নভানু অনুপম। লবঙ্গমঞ্জরী তাঁর দুহিতার নাম ॥ লবঙ্গমঞ্জরী কনকাঙ্গ-সুদ্যুতি। তারাবলি-বস্ত্র অঙ্গে শোভে নানা ভাতি ॥ তুঙ্গবিদ্যার পূর্ব্বদিগে কুঞ্জ মনোহর। লবঙ্গ-সুখদ নাম সুখের আকর ॥ মনের আনন্দে তথা সদাই বসতি। দক্ষিণা-মৃদ্বিকা-ভাব কৃষ্ণে দেয় প্রীতি ॥ লবঙ্গ-মালা-সেবাতে যাঁর বড় অনুরাগ। রত্ন অলঙ্কারে যাঁর বাঢ়ে অঙ্গরাগ ॥ বয়ঃক্রম ত্রয়োদশ বৎসর ছয় মাস। সুমেধা পতির নাম কহিল প্রকাশ ॥ শ্রীলবঙ্গমঞ্জরী আছিল পূর্ব্বকালে। এবে সনাতন নাম কহিল বিরলে ॥ সনাতন গোসাঞি হয় লবঙ্গমঞ্জরী। চৈতন্যের শাখা ভক্তিরসের পেটারি ॥ ব্রহ্মপুত্র সনাতন পূর্ব্বে যে আছিল। গৌর-লীলা আস্বাদিতে ইহাতে মিলিল ॥ বৈরাগ্য করিল যেঁহো মহৈশ্বর্য্য ছাড়ি। পূর্ব্বদেশে রামকেলি গ্রামে যাঁর বাড়ী ॥১॥

বিভানু নামেতে যেই খুড়া রাধিকার। শ্রীরূপমঞ্জরী নামে দুহিতা তাঁহার ॥ ললিতার উত্তর কুঞ্জ রূপোল্লাস নাম। সদাই বসতি তথা সর্ব্ব গুণধাম ॥ প্রিয়নর্ম্ম-সখী মুখ্যা পরম সুন্দরী। গোরোচনা-সম যাঁর বর্ণের মাধুরী ॥ নিত্য-আলি-গোষ্ঠ-পালি শ্রীরূপমঞ্জরী। রাধিকার প্রিয়তমা বলি নিষ্ঠা করি ॥ পূর্ব্বে তিন নাম তাঁর স্থিতি সে যাবটে।

শুদ্ধ স্বর্ণবর্ণ রহে রাধিকা নিকটে।। শ্রীরূপমঞ্জরী আর লবঙ্গমালিকা। এই দুই নাম আর রঙ্গণমালিকা।। নীল-বস্ত্রা হন কিম্বা কেকি-পত্রাংশুকা। সুবর্ণাভা তাম্বূলবীটিকা সেবোৎ-সুকা।। সাড়ে তেরো বৎসর বয়স সবিশেষ। তেরো দিন ন্যূন আছে জানিহ উদ্দেশ।। বর্দ্ধন পতির নাম কহিয়ে কারণ। পদ্ধতিতে এই মত আছে বিবরণ।। পূর্ব্বে নাম ছিল যাঁর শ্রীরূপমঞ্জরী। এবে শ্রীরূপ গোসাঞি নাম হৈল তাঁরি।। শ্রীরূপমঞ্জরী খ্যাতি এ তিন ভুবনে। শ্রীরূপ গোসাঞি প্রকটিল গৌর-সনে।। চৈতন্যের শাখা বৃন্দাবনে বাস করি। ভক্তি সংস্থাপিল যেই বহু গ্রন্থ করি।। পূর্ব্বদেশে রামকেলি নগরে বসতি। যাহার কৃপাতে হয় জীবের সদ্গতি।। ২ ।।

রাধিকার আর দুই ছোট মামা হয়। মহাকীর্ত্তি চন্দ্র-কীর্ত্তি জানিহ নিশ্চয়।। ক্রমে মোনা ষষ্ঠা দুই মামির হয় নাম। ক্রমে দুই জনার দুই কন্যা অনুপম।। মোনার দুহিতার শ্রীরসমঞ্জরী। কহি বিবরণ সেই প্রেমের মাধুরী।। বিলাসমঞ্জরী কহি ষষ্ঠার দুহিতা। ক্রমে সে জানিবে এ দোঁহার মাতা পিতা।। রসমঞ্জরিকা নাম পূর্ব্বকালে হয়। এবে রঘুনাথভট্ট গোসাঞি নিশ্চয়।। চিত্রা সখীর পশ্চিমে সে কুঞ্জ মনোহর। রসানন্দপ্রদ নাম তথা নিরন্তর।। বসতি করেন যিনি সন্ধান-চতুরা। দৌত্যকার্য্যে কুশল দক্ষিণা মৃদুতরা।। লবঙ্গমঞ্জরী তুল্য গুণ-গণ-যুতা। শ্রীরূপমঞ্জরী প্রাণ তাঁহার আশ্রিতা।। প্রফুল্ল-চম্পকপুষ্প-সম অঙ্গকান্তি। হংসপক্ষ-দুকল-বসন শোভা অতি।। চিত্রসেবা-পরায়ণ

নানাভাব-যুতা। শুদ্ধ-স্বর্ণ-বিনির্ম্মিত অলঙ্কারে যুতা॥ বয়ঃ-ক্রম ত্রয়োদশ বৎসর যাঁর হয়। সতত কৈশোর-বর্ষে নিত্য বিলসয়॥ রঘুনাথ ভট্ট গোসাঞি শ্রীরসমঞ্জরী। কৃষ্ণ ভক্তি প্রচারিল জীবে কৃপা করি॥ তপন মিশ্রের পুত্র কাশীতে উদ্ভব। যার সঙ্গে কাশীবাসী হইল বৈষ্ণব॥ চৈতন্যের শাখা ভক্তি সিদ্ধান্তের শূর। যার পূর্ব্ববাস পদ্মা-পার রামপুর॥ ৩॥

নৈঋর্তে শ্রীরঙ্গদেবীর কুঞ্জ মনোহর। তাহার পশ্চিম-দিকে শোভয়ে সুন্দর॥ বিলাসানন্দদ নাম কুঞ্জে সদা বাস। রাগজ অঞ্জন সেবায় সদা সমুল্লাস॥ বামাগৃদ্ধী নায়িকার ভাব অঙ্গি করি। সুবর্ণ-কেতকী-বর্ণ শ্রীঅঙ্গ-মাধুরী॥ চঞ্চ-রীক-দুকূল-বসন শোভে ভাল। মণিময় অলঙ্কারে পরম রসাল॥ যোগমায়া সঙ্গে ঐক্য ভাবের পিরীতি। অত-এব যোগমায়া বলি যাঁর খ্যাতি॥ বয়ঃ ত্রয়োদশ বর্ষ আর ত্রিংশ দিন। রসমঞ্জরী হৈতে কনিষ্ঠা চারি দিন॥ জীব গোসাঞি বিলাসমঞ্জরী আখ্যান। পূর্ব্বদেশে রামকেলি গ্রামে যার স্থান॥ শ্রীবল্লভের পুত্র রূপগোস্বামির শাখা। চৈতন্যের প্রিয়শাখা তার মধ্যে লেখা॥ বৃন্দাবনে লুপ্ত তীর্থ সব উদ্ধারিল। ভক্তিশাস্ত্রের অর্থ করি সিদ্ধান্ত স্থাপিল॥৪॥

ভদ্রকীর্ত্তি নামে গোপ রাধিকার মামা। রাধিকার মামি সে হয় মেনকা নামা॥ গুণমঞ্জরী নাম কন্যা তাঁহার হয়। মণ্ড-লিকা ভদ্র নামে পতি যে নিশ্চয়॥ চম্পকলতার কুঞ্জের ঈশানে শোভন। গুণানন্দপ্রদ নাম কুঞ্জ সে পাবন॥ শ্রীরূপমঞ্জরী সৌখ্য সদাভিলাষিণী। জবারাজি-দুকূল-বস্ত্রা

শ্রীকৃষ্ণামোদিনী॥ দক্ষিণা-প্রখরা ভাব নারী-শিরোমণি। বারিসেবা-পরায়ণা স্বর্ণ-বিভূষিণী॥ বয়ঃ এক মাসাধিক ত্রয়োদশ হায়ণ। কিশোর বয়স আর হয় সাতাইশ দিন॥ গুণমঞ্জরিকা নাম আছিল পূর্ব্বেতে। এবে সে গোপালভট্ট জানিহ নিশ্চিতে॥ লবঙ্গমঞ্জরী সঙ্গে রসের ঐক্যতা। এক অঙ্গ এক প্রাণ জানিহ সর্ব্বথা॥ প্রবোধানন্দ সরস্বতী যাঁর গুরু হন। হরিভক্তিবিলাস-গ্রন্থে আছে নিরূপণ॥ শ্রীগুণ-মঞ্জরী গোপাল ভট্ট গোসাঞি। পৃথিবীতে যাহার তুলনা দিতে নাই॥ চৈতন্যের শাখা শুদ্ধ-বৈদিক-ব্রাহ্মণ। বৃন্দা-বনে প্রকাশিল শ্রীরাধারমণ॥ গোপীনাথ পূজারি হরিবংশ শ্রীনিবাস। এই তিন যার মুখ্য শাখার প্রকাশ। দক্ষিণ দ্রাবিড়ে বাস নৃসিংহনগর। হরিভক্তি-বিলাস যার কৃত গ্রন্থবর॥ ৫॥

ষষ্ঠেতে কহিয়ে রতিমঞ্জরী বিদিত। কালিন্দী সহিত যার সহজ পিরীত॥ পূর্ব্বে তিন নাম তাঁর কহিল নিশ্চয়। রতি-মঞ্জরিকা নাম ভানুমতি হয়॥ তুলসীমঞ্জরী হরিতাল-শুদ্ধ-বর্ণা। মেঘবর্ণ-শোণ-পীত-বিচিত্র বসনা॥ সৌদামিনী সম যাঁর শ্রীঅঙ্গের শোভা। তারাবলি-বস্ত্রে যিনি কৃষ্ণ-মনোলোভা॥ ইন্দুলেখা দক্ষিণে কুঞ্জ রত্যম্বুজ নাম। তথায় বসতি হয় যাঁর অবিরাম॥ দক্ষিণা-মৃদ্বিকাভাব আলম্বন করি। পাদপদ্ম-সেবারতা পরমা সুন্দরী॥ সুবর্ণ-গঠিত অলঙ্কার-বিভূষণ। বয়ো দুই মাস আর ত্রয়োদশ হায়ণ॥ শ্রীরতিমঞ্জরী হয় রঘুনাথ দাস। যাহার শরীরে সদা কৃষ্ণের বিলাস॥ চৈতন্যের শাখা কৃষ্ণপ্রেমে উনমত্ত। সকলের

স্নেহপাত্র গৌরভক্ত যত ॥ বৈরাগ্যের কথা কিবা কহিব তাঁহার। গৌড়দেশে কৃষ্ণপুরে নিবাস যাঁহার ॥ ৬ ॥

ছয় গোস্বামীর এই দিল পরিচয়। যাঁদের কৃপাতে শুদ্ধ প্রেমভক্তি হয় ॥ শ্রীসনাতন রূপ ভট্ট রঘুনাথ। শ্রীজীব গোপালভট্ট দাস রঘুনাথ ॥ এই ছয় গোসাঞির পদরজঃ শিরে ধরি। আর দুই মঞ্জরী যে কহিয়ে বিবরি ॥ মঞ্জু-লালী মঞ্জরী সপ্তম নর্ম্ম সখী। রূপমঞ্জরীর সম গুণ-জ্ঞান দেখি ॥ বিশাখার উত্তরে কুঞ্জ অতি মনোহর। লীলানন্দ-প্রদ নাম সর্ব্বাঙ্গসুন্দর ॥ তথায় বসতি যাঁর হয় নিরন্তর। কিংশুক-কুসুম-সম-বসন আবর ॥ তপ্ত-হেম-তনু-কান্তি বাম-মধ্যাভাব। শ্রীরাধিকা-মনোহারি যাঁহার স্বভাব ॥ শ্রীলীলা-মঞ্জরী নাম যাঁহার অপর। বসন সেবন কার্য্যে সতত তৎ-পর ॥ বয়ঃ ত্রয়োদশ বর্ষ ছমাস সাত দিন। লোকনাথ গোসাঁই সে গৌরপ্রেমাধীন ॥ যশোর নগরে তাল্‌গড়িগ্রামে বাস। চৌষট্টি মহান্ত মধ্যে করেন বিলাস ॥ ৭ ॥

অষ্টমী হয়েন শ্রীকস্তূরীমঞ্জরী। শ্রীরাধিকা প্রিয়সখি শ্যাম-মনোহারি ॥ কস্তূর্য্যানন্দদনাম কুঞ্জ মনোহর। সুদে-বীর কুঞ্জের হয় দিক্ সে উত্তর ॥ তথায় আনন্দে সদা বসতি যাঁহার। শুদ্ধ-স্বর্ণ-অঙ্গ-কান্তি কাচ তুল্যাম্বর ॥ মণিময় ভূষণে ভূষিত যাঁর অঙ্গ। শ্রীঅঙ্গ চন্দন সেবায় সদা মনো-রঙ্গ ॥ বয়ঃক্রম ত্রয়োদশ বর্ষ যার হয়। বামমৃদ্বিকা ভাব যাহার আশ্রয় ॥ সেই এবে কৃষ্ণদাস কবিরাজ গোসাঁই। নিত্যানন্দগৌর তত্ত্ব প্রকাশে সম নাই ॥ গঙ্গার পশ্চিম-তীরে উদ্ধারণপুর। তার উত্তর পশ্চিমে তিন ক্রোশ দূর ॥

নৈহাটি নিকটে ঝামটপুর নামে গ্রাম। যথা দেখা দিলে তাঁরে নিত্যানন্দ রাম॥ তথা হৈতে সিদ্ধাবস্থায় বৃন্দাবনে বাস। করি সাধিলেন সর্ব্ব মনের অভিলাষ॥ শ্রীগোবিন্দ প্রসাদমালা আজ্ঞা তথায় পাইয়া। সম্পূর্ণ করিলেন গ্রন্থ তথায় তিষ্ঠিয়া॥ উপমহান্তগণ মধ্যে যাঁর সুবিলাস। চৈতন্য-চরিতামৃত যাঁহার প্রকাশ॥ ৮॥

অষ্ট মঞ্জরীর এই দিল পরিচয়। দ্বাদশ গোপাল এবে শুন যাহা হয়॥ বৃন্দাবনে কৃষ্ণসখা গোপাল শ্রীদাম। এবে গৌরাঙ্গের সঙ্গে নাম অভিরাম॥ নিত্যানন্দপ্রভু-শাখা মহা-বলবান। ব্রজের রাখালবেশে সখা অভিরাম॥১॥ গৌড়-দেশে খানাকুলে নিবাস প্রচার। বত্রিশ বোঝা কাষ্ঠের হয় বংশী যাহার॥ সুদাম গোপাল পূর্ব্বে কৃষ্ণসখা রঙ্গী। সুন্দরানন্দ ঠাকুর এবে গৌরাঙ্গের সঙ্গি॥ বাল্যকালাবধি তীর্থ ভ্রমিল প্রচুর। নিত্যানন্দশাখা বাস হয় মহেশপুর॥২॥ পূর্ব্বে গোপালবসুদাম যার পরিচয়। এখানে প্রকট শ্রীপ-ণ্ডিত ধনঞ্জয়॥ তাঁহারে বন্দিব সাবধানে অতিশয়। সর্ব্বস্ব প্রভুরে দিয়া ভাণ্ড হাতে লয়॥ গৌরাঙ্গে সর্ব্বস্ব দিয়া হৈল তাঁর দাস। নিত্যানন্দ প্রভুশাখা শীতলগ্রামে বাস॥৩॥ সুবলগোপাল কৃষ্ণপ্রিয় সুবিদিত। এবে গৌরাঙ্গের সঙ্গে গৌরীদাস পণ্ডিত॥ হেন ভাগ্যবান আর নাহি কোন ঠাঁই। অদ্যাবধি যার গৃহে গৌরাঙ্গ নিতাই॥ সর্ব্ব সমর্পণ কৈল প্রভুর সেবায়। নিত্যানন্দ প্রভুশাখা বাস অম্বিকায়॥ ৪॥ মহাবল গোপাল যে ছিল বৃন্দাবনে। কমলাকর পিপ্পিলাই সেই সে এখানে। দিবারাত্রি করে রাধাকৃষ্ণ-গুণ-গান।

নিত্যানন্দ প্রভু শাখা বৈষ্ণবের প্রাণ ।। গঙ্গার পশ্চিম তীর মাহেশে রহিল। জগন্নাথের প্রতিমূর্ত্তি করি সেবা কৈল ।। নারায়ণী কন্যা বীরভদ্রে সমর্পিয়া। সিদ্ধ-প্রাপ্তি হৈল যার বৃন্দাবনে গিয়া ।। ৫ ।। সুবাহু গোপাল ব্রজে ছিল বিরাজিত। উদ্ধারণ দত্ত বলি এবে প্রকটিত ।। নিত্যানন্দ প্রিয় শাখা অনন্য ভকতি। যার বংশে নিত্যানন্দ বিনে নাহি গতি ।। হুগ্লি-জিলা ত্রিশবিঘা গ্রাম সন্নিকট। খ্যাতনাম সপ্তগ্রামে হইয়া প্রকট ।। আকৌমার করি বহু-তীর্থ-পর্য্যটন। নিত্যানন্দ-প্রভুর পূর্ণ কৃপার ভাজন ।। অবশেষে প্রভুর আজ্ঞায় বাস কৈল। গঙ্গা-পশ্চিমতীরে স্ব-নামে খ্যাত হৈল ।। কাঁটোয়ার উত্তরে দুই ক্রোশ ব্যবধান। যাহা স্থাপিলেন মূর্ত্তি গৌর-ভগবান ।। নিত্যানন্দ-প্রিয়ভক্ত-উদ্ধারণ-বার্ত্তা। বর্ণিয়াছেন চৈতন্য-ভাগবত-কর্ত্তা ।। আছে অন্ত্যখণ্ডে পঞ্চমাধ্যায়ে বর্ণিত। প্রকাশ করিয়ে তাহা যথাবৎ-উদ্ধৃত ॥ "কতো-দিন থাকি নিত্যানন্দ খড়দহে। সপ্তগ্রাম আইলেন সর্ব্বগণ-সহে ॥ সেই সপ্তগ্রামে আছে সপ্তঋষি-স্থান। জগৎবিদিত সে ত্রিবেণী-ঘাট-গ্রাম ।। সেই গঙ্গাঘাটে পূর্ব্ব সপ্তঋষি-গণ। তপ করি পাইলেন গোবিন্দ চরণ ।। তিন দেবী সেইস্থানে একত্র মিলন। জাহ্নবী-যমুনা-সরস্বতীর সঙ্গম ।। প্রসিদ্ধ ত্রিবেণী-ঘাট, সকল ভুবনে। সর্ব্ব-পাপক্ষয় হয় যাহার দর্শনে।। নিত্যানন্দ মহাপ্রভু পরম আনন্দে। সেই ঘাটে স্নান করিলেন ভক্তবৃন্দে ।। উদ্ধারণদত্ত ভাগ্যবন্তের আগারে। রহিলেন তথা প্রভু ত্রিবেণীর-তীরে ।। কায় মনো-বাক্যে নিত্যানন্দের চরণ। ভজি

লেন অকৈতবে দত্ত উদ্ধারণ॥ নিত্যানন্দ স্বরূপের সেবা অধিকার। পাইলেন উদ্ধারণ কিবা-ভাগ্য তার॥ জন্ম জন্ম নিত্যানন্দ স্বরূপ ঈশ্বর। জন্ম জন্ম উদ্ধারণও তাঁহার কিঙ্কর॥ যতেক বণিক-কুল উদ্ধারণ হৈতে। পবিত্র হইল দ্বিধা নাহিক ইহাতে॥ বণিক তারিতে নিত্যানন্দ অবতার। বণিকেরে দিলা প্রেমভক্তি অধিকার॥ সপ্তগ্রামে সব বণিকের ঘরে ঘরে। আপনে শ্রীনিত্যানন্দ কীর্ত্তনে বিহরে॥ বণিক সকলে নিত্যানন্দের চরণ। সর্ব্বভাবে ভজিলেন লইয়া শরণ॥ বণিক-সবার কৃষ্ণ-ভজন দেখিতে। মনে চমৎকার পায় সকল জগতে॥ নিত্যানন্দ মহাপ্রভুর মহিমা অপার। বণিক অধম মূঢ়ে যে কৈল উদ্ধার॥ সপ্তগ্রামে মহাপ্রভু নিত্যানন্দরায়। গণ-সহে সঙ্কীর্ত্তন করেন লীলায়॥ সপ্তগ্রামে যত হৈল কীর্ত্তন-বিহার। শত বৎসরেও তাহা নারি বর্ণিবার॥ পূর্ব্বে যেন সুখ হৈল নদীয়া-নগরে। সেই মত সুখ হৈল সপ্তগ্রাম পুরে॥ রাত্রি দিনে ক্ষুধা তৃষ্ণা নাহি নিদ্রা-ভয়। সর্ব্বদিকে হৈল হরিসঙ্কীর্ত্তন-ময়॥ প্রতি ঘরে ঘরে প্রতি নগরে চত্বরে। নিত্যানন্দ মহাপ্রভু কীর্ত্তনে বিহরে॥ নিত্যানন্দ স্বরূপের আবেশ দেখিতে। হেন নাহি যে বিহ্বল নহে ত্রিজগতে॥ অন্যের কি দায় বিষ্ণুদ্রোহি যে যবন। তাহারাও পাদ-পদ্মে লইল শরণ॥ যবনের নয়নে দেখিতে প্রেমধার। ব্রাহ্মণেরা আপনারে করায় ধিক্কার॥ জয় জয় অবধূত চন্দ্র মহাশয়। যাঁহার কৃপায় হেন সব রঙ্গ হয়॥ এইমতে সপ্তগ্রামে আম্বুয়া-মুলুকে। বিহরেন নিত্যানন্দ স্বরূপ কৌতুকে॥ ক্ষেত্রে হৈতে নিত্যা-

ন্দ সঙ্গে গৌড়ে আইল। গঙ্গাতীর উদ্ধারণ-পুরে বাস
কল॥ ৬॥ মহাবাহু গোপাল যে ব্রজে কৃষ্ণসখা। মহেশ-
ণ্ডিত এবে তার নাম লেখা॥ নিত্যানন্দ যার কুল ধন
াণ গতি। মশিপুরগ্রামে হয় যাহার বসতি॥ ৭॥ পুরুবে
গাপাল ছিল দাম নাম যার। নাগর পুরুষোত্তম এবে নাম
ার॥ প্রভুর চরণে যার সুদৃঢ় বিশ্বাস। নিত্যানন্দ প্রভু
াখা নাগরদেশে বাস॥ ৮॥ স্তোককৃষ্ণ গোপাল যে
ন্দাবনে ছিল। ঠাকুর পুরুষোত্তম এখানে হইল॥ সদা-
শিব ঠাকুর-পুত্র হয় বৈদ্যজাতি। নিত্যানন্দ-শাখা সুখ-
াগরে বসতি॥ ৯॥ অর্জ্জুনগোপাল বলি ব্রজে ছিল
িনি। পরমেশ্বর ঠাকুর হইল এবে তিনি॥ নিত্যানন্দ-
প্রিয়শাখা অলৌকিক প্রীতি। রাঢ়দেশে বিশ্‌খালা-গ্রামেতে
সতি॥ ১০॥ পূর্ব্বে বৃন্দাবনে যেহো নবঙ্গগোপাল।
াকুর কানাই এবে পণ্ডিত বাচাল॥ কেহ কহে বৈদ্যজাতি
ালা-কৃষ্ণদাস। নিত্যানন্দ প্রভু শাখা বোধ্‌খানায় বাস॥
১॥ ব্রজে ছিল হাস্যকারী শ্রীমধুমঙ্গল। গৌরাঙ্গের সঙ্গে
এবে পণ্ডিত শ্রীধর॥ নিত্যানন্দ প্রভু শাখা কৃষ্ণে দৃঢ়
প্রীতি। নবদ্বীপে বাস হয় শুদ্ধাচার অতি॥ ১২॥ দ্বাদশ
গাপাল হয় এইত পর্য্যন্ত। ইহার পরেতে লিখি উপ-
গাপাল সন্ত॥ সুবলগোপাল ব্রজে বলবান সখা। এবে
শ্রীহলায়ুধ পণ্ডিত নামে লেখা॥ কৃষ্ণসেবা করি যেঁহো
বিষয় কৈল দূর। চৈতন্যের শাখা বাস রামচন্দ্রপুর॥ ১॥
রূপ-গোপাল যার নাম বৃন্দাবনে। শ্রীরুদ্রপণ্ডিত বলি
এবে গৌর সনে॥ নিত্যানন্দ প্রভু শাখা বল্লভপুরে বাস।

শ্রীরাধাবল্লভ ঠাকুর যাহার প্রকাশ ॥ ২ ॥ গন্ধর্ব্ব গোপা
ব্রজে ছিল বিরাজিত। এবে গৌর-সঙ্গে মুকুন্দানন্দ পণ্ডিত
চৈতন্যের শাখা নবদ্বীপে বাস হয়। যার গ্রন্থ প্রকাশি
গৌরাঙ্গ উদয় ॥ ৩ ॥ কিঙ্কিণী গোপাল কৃষ্ণসখা ব্রজে
ছিল। কাশীশ্বর পণ্ডিত বলি খ্যাতি এবে হৈল ॥ বল্লভ
পুরেতে বাস চৈতন্যের শাখা। নিত্যানন্দপ্রিয় উপগোপা
মধ্যে লেখা ॥ ৪ ॥ অংশুমান্ গোপাল, ওঝা বনমালী দাস
চৈতন্যের শাখা কুল্যাপাড়া পুরে বাস ॥ ৫ ॥ ভদ্রসেন গো
পাল এবে সন্ত ঠাকুর। নিত্যানন্দশাখা বাস হয় রোকো
পুর ॥ ৬ ॥ বসন্তগোপাল হয় মুরারি মাহাতি। গৌরা
ঙ্গের শাখা বংশীটোটাতে বসতি ॥ ৭ ॥ উজ্জ্বল-গোপা
এবে হইল গঙ্গাদাস। নিত্যানন্দ-প্রভু-শাখা নৈহাটি
বাস ॥ ৮ ॥ কোকিলগোপাল এবে গোপাল ঠাকুর। নিত্যা
নন্দ প্রভুশাখা বাস গৌরাঙ্গপুর ॥ ৯ ॥ বিলাসিগোপাল হই
শিবাই এইখানে। নিত্যানন্দ শাখা-বাস যাহার বেল্ল
॥ ১০ ॥ পুণ্ডরীকগোপাল এবে হইল নন্দাই। শালিগ্রা
যারে কৃপা করিল নিতাই ॥ ১১ ॥ কনবিঙ্ক গোপাল এ
বিষ্ণাই ঠাকুর। নিত্যানন্দ প্রভু শাখা বাস ঝামটপুর।
এইত লিখিল উপগোপাল দ্বাদশ। যাহাদের নাম লইতে
কৃষ্ণ হয় বশ ॥ ১২ ॥

শুন এবে চতুঃষষ্টি মহান্ত লিখিব। তার মধ্যে ব্রজ
ভক্ত পরিচয় দিব ॥ শ্রীবাস পণ্ডিত পূর্ব্বে নারদ আছিল
যার গৃহে মহাপ্রভু নিত্য-লীলা কৈল ॥ চৈতন্যের মুখ্যশা
নবদ্বীপে বাস। নিত্যানন্দ চন্দ্রে যার সুদৃঢ় বিশ্বাস ॥ ১

শ্রীমুরারি গুপ্ত হনূমান মহাশয়। চৈতন্যের শাখা নবদ্বীপে বাস হয় ॥ ২ ॥ পুরন্দর পণ্ডিত যে অঙ্গদ সুমতি। চৈতন্যের শাখা পাহাড়পুরেতে বসতি ॥ খড়দহ গ্রামে যাঁহার জন্মস্থান। তাঁর গৃহ নিত্যানন্দপ্রভু বাসস্থান ॥ মা জাহ্নবার কনিষ্ঠ পৌত্র রামচন্দ্রে। শ্রীপাঠে বাস দিয়া বড় পাইল আনন্দে॥ বৃন্দাবনদাস লিখিল ভাগবতে। শেষখণ্ডে পঞ্চমাধ্যায়ে ইহার চরিতে ॥ উহা প্রকাশিয়া লিখি করিয়া উদ্ধৃত। পরে প্রভুর আজ্ঞায় হইলেন যথাস্থিত ॥ পাহাড়পুরে প্রভুর মূর্ত্তি করিলেন স্থাপিত। অন্তরঙ্গ শিষ্য-সঙ্গে সেবয়ে সতত ॥ নিজাবাস জন্মভূমি খড়দহ গ্রামে। প্রভুর শ্রীমূর্ত্তি-সেবা দিলেন নিজারামে ॥ জাহ্নবীর পূর্ব্বতীরে জাহ্নবা নিতাই। বামেতে বসুধা-সহ স্থাপিত তথাই ॥ আর ষড়্ভুজ মহাপ্রভুর শ্রীমূর্ত্তি। বামে বিষ্ণুপ্রিয়া দক্ষে লক্ষ্মী গায়েন্ কীর্ত্তি ॥ শঙ্খ চক্র গদাপদ্ম হল ও মূষল। ছয় হস্তে এই ছয় ধরিয়া সকল ॥ এই সব সেবা সমর্পিয়া প্রিয়জনে। পাহাড়পুরে প্রকাশিলেন প্রভুর বচনে॥ সত্যভাবে দুই ভাই গৌরাঙ্গ নিতাই। তথায় শ্রীমূর্ত্তিদ্বয় স্থাপিলেন যাই ॥ এবে লিখি শ্রীচৈতন্য ভাগবত মত। খড়দহে বাসের কথা আছে যে বর্ণিত ॥ "তবে নিত্যানন্দ মহাপ্রভু কতো-দিনে। শচী আই দেখিবারে ইচ্ছা হৈল মনে ॥ শুভযাত্রা করিলেন নবদ্বীপ প্রতি। পারিষদ-গণ সবে চলিলা সংহতি ॥ তবে আইলেন প্রভু খড়দহগ্রামে। পুরন্দর পণ্ডিতের দেবালয় স্থানে ॥ খড়দহ গ্রামে প্রভু নিত্যানন্দ রায়। যত নৃত্য করিলেন কহনে না যায় ॥ পুর-

ন্দর পণ্ডিতের পরম উন্মাদ। বৃক্ষের উপরে চড়ে করি সিংহ-নাদ॥ বাহ্য নাহি শ্রীচৈতন্যদাসের শরীরে। ব্যাঘ্র তাড়াইয়া যায় বনের ভিতরে॥ কভূ লম্ফ দিয়া উঠে ব্যাঘ্রের উপরে। কৃষ্ণের প্রসাদে ব্যাঘ্র লঙ্ঘিতে না পারে॥ মহা অজাগর সর্প লই নিজ কোলে। নির্ভয়ে চৈতন্যদাস থাকে কুতূহলে॥ ব্যাঘ্রের সহিত খেলা খেলেন নির্ভয়। হেন কৃপা-করে অবধূত মহাশয়॥ সেবক বৎসল প্রভু নিত্যানন্দ রায়। ব্রহ্মার দুর্লভ-রস ইঙ্গিতে ভুঞ্জায়॥ চৈতন্যদাসের আত্ম-বিস্মৃতি সর্ব্বথা। নিরন্তর কহেন আনন্দ মনঃ কথা॥ দুই তিন দিন ডুবি জলের ভিতরে। থাকেন কোথাও দুঃখ না হয় শরীরে॥ জড়-প্রায় অলক্ষিত-বেশ ব্যবহার। পরম উদ্দাম সিংহ বিক্রম অপার॥ চৈতন্যদাসের যত ভক্তির বিকার। কত বা কহিতে পারি অন্ত নাহি যার॥ ৩॥ গোবিন্দানন্দ নাম সুগ্রীব মহাশয়। চৈতন্যের শাখা নবদ্বীপে বাস হয়॥ ৪॥ গঙ্গাদাস পণ্ডিত বশিষ্ঠ মহাশয়। চৈতন্যের শাখা বিদ্যা-নগরেতে রয়॥ মহাপ্রভুর পুরোহিত সর্ব্বলোকে জানে। সকল বৈষ্ণব বশ কৃষ্ণগুণ-গানে॥ ৫॥ পূর্ব্বে বিভীষণ এবে রামচন্দ্রপুরী। চৈতন্যের শাখা বাস নদীয়া নগরী॥ ৬॥ ঋচিক মুনির পুত্র ব্রহ্মা নাম ছিল। প্রহ্লাদের সম এথা জনম লইল॥ হরিদাস বলি নাম হইল এখন। শুনি কহি তার পূর্ব্ব শাপ বিবরণ॥ অধৌত তুলসীপত্র নিজ হস্তে লৈয়া। পূজাকালে পিতারে দিলেন সমর্পিয়া॥ তাহা দেখি ক্রুদ্ধ হইয়া মুনি শাপ দিল। সেই শাপে হরিদাস যবন হইল॥ তি

লক্ষ সংখ্যা নাম যে করয়ে নিতি। চৈতন্যের শাখা বুড়ুল-
গ্রামে যার স্থিতি ॥ ক্ষেত্রে বাস করি তথা লীলা সম্বরিল।
নিজ হস্তে মহাপ্রভু যারে সমাধিল ॥ ৭ ॥ বেদব্যাস মুনি
এবে বৃন্দাবনদাস। নিত্যানন্দ-প্রভু-শাখা কুমারহট্টে বাস ॥
পূর্ব্বে সত্যবতী এবে হইলা নারায়ণী। যারে কৃপা করি-
লেন গৌর গুণমণি ॥ প্রভুর উচ্ছিষ্ট অন্ন করিয়া ভোজন ॥
গর্ভে ধরিলেন যেঁহো দাস বৃন্দাবন ॥ কেহ বলেন বাসু-
দেব-দত্তের যে মূর্ত্তি সেবা ছিল। মামগাছি গ্রামে তাহা
াব সমর্পিল ॥ সেই হইতে ঐ মূর্ত্তি সেবা এঁর অধিকারে।
ক্রমান্বয়ে পর্য্যায়ে ঐ শাখায় ভার ধরে ॥ ৮ ॥ সঙ্কর্ষণ ব্যূহ
ীনকেতন রামদাস। নিত্যানন্দ-শাখা যার ঝামটপুরে বাস
। ৯ ॥ প্রদ্যুম্নের ব্যূহ হয় শ্রীরঘুনন্দন। মহান্তের মধ্যে
ার প্রাধান্যে গণন ॥ বাল্যকালাবধি শ্রীগৌরাঙ্গে রতিমতি।
চতন্যের প্রিয়শাখা শ্রীখণ্ডে বসতি ॥ ১০ ॥ অনিরুদ্ধ
্যহ হয় পণ্ডিত বক্রেশ্বর। কৃষ্ণের আবেশে নৃত্য করেন
বিস্তর ॥ প্রকাশ-বিচ্ছেদে যাঁর নাম শশিরেখা। গুপ্তি-
াড়ায় বাস চৈতন্যের প্রিয়শাখা ॥ ১১ ॥ গোপীনাথাচার্য্য
য় ব্রহ্মা জগৎপতি। চৈতন্যের শাখা নবদ্বীপেতে বসতি
। ১২ ॥ শুকদেব গোসাঞি এবে বল্লবভট্ট হয়। চৈত-
ন্যের শাখা যে কর্ণাটে বিরাজয় ॥ ১৩ ॥ পূর্ব্বে শ্রীগরুড়
এবে গরুড় পণ্ডিত। চৈতন্যের শাখা টোটাগ্রামে বিরা-
জিত ॥ ১৪ ॥ যাঁহাদের সঙ্গে মনে হয় ব্রজস্থল। গোপা-
াস বহু ধেনু রাখাল মণ্ডল ॥ অষ্টনিধি মধ্যে যাহা শঙ্খনিধি
ছল। আচার্য্যরত্ন বলি খ্যাত এবে হইল ॥ চৈতন্যের

শাখা নবদ্বীপে হয় বাস। বিদ্যানিধি সঙ্গে সদা যার পরি-
হাস ॥ ১৫ ॥ জগন্নাথ আচার্য্য দুর্ব্বাসা মহামতি। চৈত-
ন্যের শাখা যাঁর শ্রীহট্টে বসতি ॥ ১৬ ॥ ইন্দ্রদ্যুম্ন পূর্ব্বে
যাঁর মহাখ্যাতি ছিল। পৃথিবীতে জগন্নাথ যেঁহো প্রকা-
শিল ॥ প্রতাপরুদ্র মহারাজা সেই মহাশয়। চৈতন্যের
শাখা যাঁর ক্ষেত্রে বাস হয় ॥ ১৭ ॥ গন্ধর্ব্ব চন্দ্রকান্তি যেহ
রাধার বিভূতি। গৌরসঙ্গে এবে গদাধর দাস খ্যাতি॥
নিত্যানন্দ-প্রভু-শাখা বাস এঁড়েদহে। বলপ্রিয়া পূর্ণানন্দ
কেহ কেহ কহে ॥ ১৮ ॥ বিশ্বামিত্র মুনি এবে আচার্য্য বন-
মালী। গৌরাঙ্গ-বিবাহে যেঁহো কৈল ঘটকালি ॥ চৈত-
ন্যের শাখা বাস নবদ্বীপে হয়। বিবাহের পরে যে গৌরাঙ্গ
সঙ্গ লয় ॥ ১৯ ॥ পাণ্ডব-অর্জ্জুন আর অর্জ্জুনী ব্রজাঙ্গনা।
পাদ্মোত্তরে করে দোঁহা একত্র ঘটনা ॥ দোঁহে মেলি হইল
এবে রায় রামানন্দ। রাত্রি দিন যাঁর সঙ্গে প্রভুর আনন্দ॥
ক্ষেত্র মধ্যে হয় বাস চৈতন্যের শাখা। কেহ কহে রামা-
নন্দ হয়েন বিশাখা ॥ এই বাক্য ! ইথে কভু না হয় সম্মতি
ভবানন্দ রায়ে প্রভু কহে পৃথা-পতি ॥ ২০ ॥ পূর্ব্বে নন্দ
সভাসদ ভাণ্ডরী পণ্ডিত। এবে গৌর-সঙ্গে দেবানন্দ সুবি-
দিত ॥ কুলিয়াতে নিবাস চৈতন্যশাখা হয়। পুরাণে
অর্থ-বেত্তা বিশুদ্ধ আশয় ॥ ২১ ॥ এইত কহিল সাধারণ
ভক্তগণ। শ্রীব্রজমণ্ডলের ভক্ত করিয়ে বর্ণন ॥ কৃষ্ণপ্রিয়া
চন্দ্রাবলী ছিল বৃন্দাবনে। সদাশিব কবিরাজ হইল এখানে
নিত্যানন্দ-প্রভু-শাখা কুমারহট্টে বাস। গদাধর-পণ্ডিত
সঙ্গে যার পরিহাস ॥ ২২ ॥ চন্দ্রাবলীর প্রিয়সখী ভদ্রা

আছিল। [illegible]

শাখা এবে শঙ্কর পণ্ডিত। পাহাড়্পুর বাস হয় নির্ম্মল চরিত ॥ ২৩ ॥ সব্যা সখী ব্রজে যাঁর বক্রতা-চরিত। এবে গৌরাঙ্গের সঙ্গে দামোদর পণ্ডিত ॥ চৈতন্যের শাখা বাস অভিরামপুরে। প্রেমের কন্দল যেঁহ প্রভু সঙ্গে করে ॥ ২৪ ॥ পূর্ব্বে রাধার প্রিয়সখী ললিতা সুন্দরী। এবে গৌরসঙ্গী ধ্রুবানন্দ ব্রহ্মচারী ॥ কেহ কহে গদাধর পণ্ডিতে মিলিল। প্রকাশ-ভেদে দুই মত সঙ্গত হইল ॥ চৈতন্যের শাখা বাস রামচন্দ্রপুর। রাধাকৃষ্ণ-লীলারস-সিদ্ধান্তের শূর ॥ ২৫ ॥ বৃন্দাবনে প্রিয়সখী বিশাখা আছিল। রাধিকারে ভাবকলা যেঁহ শিখাইল ॥ এবে তেঁহ স্বরূপ গোসাঞি মহাশয়। সেই ভাবে প্রেমানন্দে সদা বিলসয় ॥ সন্ন্যাসাশ্রমে ঈশ্বর-পুরীর শাখা হয়। প্রভুর অন্তর জানে বাস নদীয়ায় ॥ গৃহস্থ আশ্রমে পুরুষোত্তম নাম ছিল। প্রভুর পূর্ব্বেই সেই গৃহ ছাড়ি গেল ॥ ২৬ ॥ চিত্রা সখী রাধিকারে বেশভূষা কৈল। গৌরসঙ্গে বনমালী কবিরাজ হৈল ॥ চৈতন্যের প্রিয়শাখা প্রেমের ভাণ্ডার। গরিফায় বাস প্রভুর অঙ্গ সেবাকার ॥২৭॥ চম্পকলতা নামে, রাধার প্রাণসখী। রাঘব গোসাঞি গৌরাঙ্গের সঙ্গী লিখি ॥ রামনগরবাসী চৈতন্যের নিজ দাস। সব ছাড়ি যেঁহ কৈল গোবর্দ্ধনে বাস ॥ ২৮ ॥ ব্রজে তুঙ্গবিদ্যা সর্ব্বশাস্ত্রবিজ্ঞা যেঁহ। শ্রীপ্রবোধানন্দ সরস্বতী এবে তেঁহ ॥ শ্রীচৈতন্যচন্দ্রামৃত যাঁহার প্রকাশ। গৌরাঙ্গের শাখা কাশী-ধাম যাঁর বাস ॥ ২৯ ॥ ব্রজে ইন্দুরেখা রাধিকার প্রিয়-সখী। কৃষ্ণদাস ব্রহ্মচারী গৌরসঙ্গে দেখি ॥ প্রেমোন্মাদে

সদা রহে নাহি বাহ্য-স্মৃতি। চৈতন্যের প্রিয়শাখা গুপ্তি
পাড়ায় স্থিতি ॥ ৩০ ॥ রাধিকার প্রিয়সখী রঙ্গদেবী ছিল
গৌরাঙ্গের সঙ্গে গদাধর ভট্ট হইল ॥ চৈতন্যের শাখা বিষয়
বার্ত্তা যাঁর দূরে। তৈলঙ্গী দেশেতে বাস হনূমান পুরে ॥৩১॥
সুদেবিকা সখী রাধা-প্রিয়া বৃন্দাবনে। অনন্ত আচার্য্য গো-
সাঞি হইল এখানে ॥ চৈতন্যের প্রিয়সখা সদা সেবা করে।
বিলাসি বৈরাগী বাস অনন্ত-নগরে ॥ ৩২ ॥ অষ্টসখীর পরি-
চয় লিখিয়া এখন। তাঁ-সবার বাস নাম করিব বর্ণন॥
ললিতাদি-সখীগণ পূর্ব্ব নাম লইয়া। চতুঃষষ্টি মহান্তে
আগে নিবেদিয়া ॥ পিছে, ক্রমে অন্তরঙ্গা প্রিয়সখীগণে।
বত্রিশ করিব উপমহান্ত বর্ণনে ॥ পূর্ব্বে ললিতার সখী
রত্নরেখা ছিল। এবে চৈতন্যের শাখা কৃষ্ণদাস হইল॥
কুলীন ব্রাহ্মণ সাতগাছিয়া নিবাস। সব ছাড়ি যেঁহ কৈল
বৃন্দাবনে বাস ॥ ৩৩ ॥ রাধার ধনিষ্ঠা সখী রাঘব পণ্ডিত।
চৈতন্যের শাখা পানীহাটিতে বিদিত ॥ ৩৪ ॥ মাধব আচার্য্য
যে মাধবী সখী হয়। নিত্যানন্দ-শাখা নন্যা-পুরে বিরাজয়॥
৩৫ ॥ সুকেশী যে সখী মকরধ্বজ মহাশয়। নিত্যানন্দ-শাখা
বড়গাছি বাস হয় ॥ ৩৬ ॥ বিশাখার সখী যে মধুরা বৃন্দা-
বনে। বিদ্যাবাচস্পতি নাম হইল এখানে ॥ চৈতন্যের
শাখা কাঁউগাছিতে নিবাস। সংসার ছাড়িয়া যে করিল
গঙ্গা-বাস ॥ ৩৭ ॥ মধুরেক্ষণা সখী বলভদ্র ভট্টাচার্য্য। নব-
দ্বীপে বাস চৈতন্যের শাখা-বর্য্য ॥ ৩৮ ॥ কলকণ্ঠী সখী রামা-
নন্দ বসু হয়। চৈতন্যের শাখা কুলীন্-গ্রামে বিরাজয় ॥৩৯॥
ব্রজে নান্দীমুখী এবে সারঙ্গ ঠাকুর। চৈতন্যের শাখা যাঁর

মাউগাছি পুর ॥ ৪০ ॥ চিত্রার সখী সুকণ্ঠী যেঁহ ব্রজে ছিল। সত্যরাজ খান বলি এখানে হইল ।। চৈতন্যের শাখা কুলীন-গ্রামে যার বাস। কুলীনগ্রামি জন সব হয় কৃষ্ণদাস ॥৪১॥ পূর্ব্বে মধুমতী সখী রাধার প্রেয়সী। গৌরশাখা নরহরি শ্রীখণ্ড নিবাসী ।। ৪২ ।। ব্রজে বৃন্দাদেবী এবে শ্রীমুকুন্দ দাস। চৈতন্যের প্রিয়শাখা শ্রীখণ্ড নিবাস ॥ ৪৩ ॥ বৃন্দাবনে দূতী যেঁহো ছিল বীরা সখী। এবে সেন শিবানন্দ গৌরসঙ্গে লখি ।। গৌরাঙ্গের প্রিয়শাখা কাঁচড়াপাড়ায় বাস। কৃষ্ণরায় শ্রীবিগ্রহ যাঁহার প্রকাশ ।। শ্রীনাথের প্রতিষ্ঠিত জানিবে প্রমাণে। পদ্মাসনে লেখা আছে সব বিবরণে ।। ৪৪ ।। চম্পকলতার সখী ব্রজে কলাবতী। শ্রীগোবিন্দঘোষ বলি যাঁহার খেয়াতি ।। গৌরাঙ্গের শাখা অগ্রদ্বীপেতে নিবাস। শ্রীগোপীনাথ ঠাকুর যাঁহার প্রকাশ ।। ৪৫ ।। ভুগর্ভঠাকুর পূর্ব্বে শ্রীপ্রেমমঞ্জরী। গৌরাঙ্গের শাখা বাস কাঞ্চন-নগরী । ৪৬ ।। লোকনাথ গোসাঞি যে শ্রীলীলামঞ্জরী। গৌরাঙ্গের শাখা যশোরেতে যার পুরী ॥ ৪৭ ॥ রাসোল্লাসা সখী এবে মাধব ঘোষ নাম। গৌরাঙ্গের শাখা যার ডাঁইহাট ধাম ৪৮ ॥ গুণতুঙ্গা সখী এবে বাসুঘোষ খ্যাতি। গৌরাঙ্গের প্রিয় শাখা তমলুকে স্থিতি ॥৪৯॥ রাগরেখা সখী এবে শিখি মাহাতি। চৈতন্যের শাখা বংশীটোটায় যাঁর স্থিতি ॥ ৫০ ॥ যজ্ঞপত্নী-প্রধান যে ছিল মধুবনে। শুক্লাম্বর ব্রহ্মচারী হইল এখানে ॥ চৈতন্যের শাখা টাটিগ্রামে বাস কৈল। যাচ্ঞা করিয়া প্রভু যাঁর অন্ন খাইল ।। ৫১ ।। শ্রীচন্দ্রলতিকা সখী জগদীশ পণ্ডিত। গৌরাঙ্গের শাখা যশোড়াতে বিরাজিত

॥ ৫২ ॥ ভগবানাচার্য্য রত্নাবলী সখী হয়। জগদীশপণ্ডি-
তের শাখা পরিচয় ॥ উপশাখা মধ্যে আছে করিয়ে বর্ণন।
মালিপাড়ায় বাস হয় ভক্ত অকিঞ্চন ॥ ৫৩ ॥ গুণচূড়া সখী
হৈল কবি-কর্ণপুর। কাঁচড়াপাড়ায় বাস চৈতন্যের শাখা-
শূর ॥ বৃদ্ধপদাঙ্গুষ্ঠ প্রভু যার মুখে দিল। পুরীদাস নাম
বলি শক্তি সঞ্চারিল ॥ ৫৪ ॥ কর্পূরমঞ্জরী এবে রামাই
ঠাকুর। চৈতন্যের প্রিয়শাখা বাঘ্‌নাপাড়া পুর ॥ ৫৫ ॥
শ্রীশ্যামমঞ্জরী এবে দ্বিজ হরিদাস। চৈতন্যের শাখা হয়
ব্রহ্মপুর বাস ॥ ৫৬ ॥ কামলেখা সখী হয় ছোট হরিদাস।
চৈতন্যের শাখা যাঁর বাখরগঞ্জে বাস ॥ ৫৭ ॥ শ্রীকামমঞ্জরী
সখী নন্দন ব্রহ্মচারী। গৌরাঙ্গের শাখা যার নবদ্বীপে পুরী
॥ ৫৮ ॥ কলভাষিণী সখী বাণীনাথ পণ্ডিত। গাদিগাছা
বাস গৌরশাখাতে বিদিত ॥ ৫৯ ॥ কলকণ্ঠী সখী এবে চির-
ঞ্জীব দাস। চৈতন্যের শাখা শ্রীখণ্ডে যাঁর বাস ॥ ৬০ ॥
খঞ্জনী সে সখী সুন্দরানন্দ ঠাকুর। চৈতন্য শাখা বরাহনগরে
যাঁর পুর ॥৬১॥ নীলকান্তি সখী এবে নবাইহোড় হয়। নিত্যা-
নন্দ-শাখা রোকোন্‌পুরে বিলসয় ॥৬২॥ কলাপিনী সখী জগ-
দানন্দ পণ্ডিত। গৌরাঙ্গের শাখা নবদ্বীপে বিরাজিত ॥৬৩
সুকেশী যে সখী এবে সেন শ্রীকংসারি। গৌরাঙ্গের শাখা
গুপ্তিপাড়া যার পুরী ॥ ৬৪ ॥ এইত লিখিল চতুঃষষ্টি
মহান্ত। এবে লিখি বত্রিশ উপমহান্ত সুশান্ত ॥ কলাবতী
সখী এবে ঠাকুর সুলোচন। চৈতন্যের শাখা যাঁর শ্রীখণ্ডে
ভবন ॥ ১ ॥ ভাগবতাচার্য্য হয় সখী শৌরসেনী। নিত্যা-
নন্দশাখা বাস বরাহনগর জানি ॥ ২ ॥ ইন্দিরা যে স

জীব পণ্ডিত সম্প্রতি। নিত্যানন্দ প্রভুশাখা আকাই হাটে স্থিতি ॥ ৩ ॥ মনোহরা সখী কবিচন্দ্র মহামতি। চৈতন্যের শাখা যাঁর আক্‌নায় বসতি ॥ ৪ ॥ শ্রীকান্ত সেন কাত্যায়নী ঠাকুরাণী। চৈতন্যের শাখা বাস গরিফা গ্রামে জানি ॥ ৫ ॥ কৃষ্ণপ্রিয়া বংশী এবে ঠাকুর, বংশীদাস। চৈতন্যের শাখা যাঁর স্বরগ্রামে বাস ॥ ৬ ॥ যেঁহ মথুরাতে কুব্জা কৃষ্ণপ্রিয়া ছিল। কাশীমিশ্র ক্ষেত্রবাসী গৌরশাখা হইল ॥ ৭ ॥ যদুনাথ আচার্য্য মালতী সখী হয়। গৌরাঙ্গের শাখা চান্দ্রপুরে বিরাজয় ॥ ৮ ॥ কমলা যে সখী এবে মুকুন্দ ঠাকুর। চৈতন্যের শাখা বাস রামচন্দ্রপুর ॥ ৯ ॥ চন্দ্রিকা সখী পরমানন্দ গুপ্ত হয়। চৈতন্যের শাখা অম্বিকাতে বিলসয় ॥ ১০ ॥ সুধীরা যে সখী মাধবাচার্য্য এবে। সনাতনমিশ্র পুত্র সুধীর জানিবে ॥ নবদ্বীপে বাস বিষ্ণুপ্রিয়া শাখা জানি। বিষ্ণুপ্রিয়া ঠাকুরাণী যাঁহার ভগিনী ॥ ১১ ॥ কস্তূরীমঞ্জরী কবিরাজ কৃষ্ণদাস। চৈতন্যচরিতামৃত যাঁহার প্রকাশ ॥ নিত্যানন্দচন্দ্রে যাঁর সুদৃঢ় বিশ্বাস। নৈহাটি নিকটে ঝামট্‌পুরে যাঁর বাস ॥ ১২ ॥ নাগরী যে সখী হয় দ্বিজ শুভানন্দ। শ্যামপুরবাসি গৌর-শাখা প্রেমানন্দ ॥১৩॥ সুরঙ্গিণী সখী শ্রীধর ব্রহ্মচারী। চৈতন্যের শাখা বাস পাঁচড়া নগরী ॥ ১৪ ॥ কলহংসী সখী রঘুনাথ দ্বিজ এবে। চৈতন্যের শাখা বাস ত্রিবেণী জানিবে ॥ ১৫ ॥ সুমুখী যে সখী জগন্নাথ মহাশয়। নপাড়া নিবাস চৈতন্যের শাখা হয় ॥ ১৬ ॥ শশিমুখী সখী সুবুদ্ধিমিশ্র জানি। চৈতন্যের শাখা বাস অম্বিকাতে শুনি ॥ ১৭ ॥ সুরঙ্গিণী সখী এবে শ্রীহর্ষ

ব্রাহ্মণ। শান্তিপুরবাসি গৌরশাখাতে গণন॥ ১৮ ॥ সম্মোহিনী সখী সরখেল কৃষ্ণদাস। নিত্যানন্দ প্রিয়শাখা অম্বিকা নিবাস॥১৯॥ বিলাসিনী সখী এবে শ্রীপুরপণ্ডিত। চৈতন্যের শাখা আম্বুড়গ্রামে বিরাজিত॥২০॥ গোপালিকা সখী এবে গোপাল আচার্য্য। শান্তিপুরে বাস শ্রীঅদ্বৈত-শাখাবর্য্য॥ ২১॥ গৌরশান্তি সখী এবে শ্রীযদুনন্দন। অদ্বৈতের শাখা যার ঘাঁটালে ভবন॥ ২২॥ বিমলা সুদেবী-সখী ছিল বৃন্দাবনে। শ্রীরাম ঠাকুর তিঁহো এবে গৌরগণে। গৌরাঙ্গের শাখা যার চট্টগ্রামে বাস। যে করিল গদাধর-চৈতন্য প্রকাশ॥ ২৩॥ পুরূবে সুশীলা যে গোবিন্দ দত্ত এবে। সুখচর বাস গৌর শাখা সে জানিবে॥ ২৪॥ বিদ্যুল্লতা সখী যে বিহারি কৃষ্ণদাস। নিত্যানন্দ শাখা আঁটি-পুরে যার বাস॥ ২৫॥ রত্নাবলী সখী এবে হোড় হরি-দাস। চৈতন্যের শাখা এঁড়েদহে যাঁর বাস॥ ২৬॥ চিত্রাঙ্গী যে সখী এবে শ্রীনাথ পণ্ডিত। গৌরাঙ্গের শাখা কাঁচড়া-পাড়াতে বিদিত॥ কৃষ্ণরায় শ্রীবিগ্রহ প্রতিষ্ঠা করিল। সেবা করি সেন শিবানন্দে সমর্পিল॥ ২৭॥ সুকপালী সখী এবে গালিম জগন্নাথ। নিত্যানন্দশাখা বাস বাকলা চন্দ্রনাথ॥ ২৮॥ আহ্লাদিনী সখী পুরুষোত্তম ব্রহ্মচারী। অদ্বৈতের শাখা জয়নগর যাঁর পুরী॥ ২৯॥ সুখময়ী সখী এবে শ্রীমন্ত পণ্ডিত। চারি সহোদর হয় মধুর চরিত॥ নিত্যানন্দের শাখা সাঞ্জিবনগ্রামে বাস। শ্রীনন্দদুলাল ঠাকুর যাহার প্রকাশ॥ ৩০॥ রসবতী সখী যে কাশীশ্বর ঠাকুর। চৈতন্যের শাখা যার বাস বল্লভপুর॥ ৩১॥ প্রেমবতী সখী

এবে শঙ্করারণ্য হয়। নিত্যানন্দশাখা চাতরাগ্রামে বিল-
সয় ।। ৩২ ।।

বত্রিশ করিল উপমহান্ত বর্ণন। আর কত লিখিব অসঙ্খ্য
গৌরগণ ।। এবে লিখি পিতামহ আদি বন্ধু যত। তাঁদের
যে নাম ধাম পূর্ব্বাপর মত ।। পর্য্যন্য গোপাল কৃষ্ণপিতামহ
ছিল। উপেন্দ্র মিশ্র এবে শ্রীহট্টে বিরাজিল ।। ব্রজে বরী-
য়সি নাম ইহার রমণী। কলাবতী বলি খ্যাতি পাইল এখনি ॥
জ নন্দ যশোমতী দোঁহে যে আছিল। এবে শচী জগ-
থ মিশ্র প্রকটিল ।। পূর্ব্বে যে রোহিণী বসুদেব সুবিদিত।
বে হৈল পদ্মাবতী মুকুন্দপণ্ডিত ।। হাড়াই ওঝা-পণ্ডিত
লি কেহ কয়। সামান্য বিশেষ নাম দুই পরিচয় ।। শুদ্ধ
ৎসল্যে নিত্যানন্দে করে প্রীতি। রাঢ়দেশে একচাকা-
ামে যার স্থিতি ।। সুমুখ গোপাল যেঁহো পুরুবে আছিল।
লাম্বর চক্রবর্ত্তী এখানে হইল ।। শচীদেবীর পিতা কৃষ্ণে
র গতিমতি। নবদ্বীপে বাস জ্যোতিঃশাস্ত্রে বিদ্যা অতি ॥
তন্যের ভাবি জন্ম গণিয়া আপনি। সভাতে কহিল সবার
ন গর্গমুনি ।। ইহার গৃহিণী পূর্ব্বে জটিলা আছিল। বিলা-
নী বলি নাম এখানে হইল ॥ পুরুবে অক্রূর এবে কেশব-
রতী। প্রভুর সন্ন্যাস-গুরু কাঁটোয়াতে স্থিতি ।। পূর্ব্বে
ন্দীপনি মুনি অবন্তীনগরে। ঈশ্বরপুরী খ্যাত হইল এই
বতারে ।। দেবগুরু পূর্ব্বে যেঁহো ছিল বৃহস্পতি। বাসু-
ব সার্ব্বভৌম এবে তাঁর খ্যাতি ।। নীলাচলে ভাগ্যবলে
ভুতে বিশ্বাস। হেন গৌর-প্রেমী শেষে নবদ্বীপে বাস ॥
র্ব্বে গর্গাচার্য্য এবে সুদর্শন-পণ্ডিত। নবদ্বীপে বাস চৈত-

ন্যের পুরোহিত ।। আদ্যাশক্তি এবে হইল সীতা-ঠাকুরাণী
শান্তিপুরে বাস হয় অদ্বৈত গৃহিণী ।। পৌর্ণমাসী দেবী ব্র
গোবিন্দানন্দিনী। গোবিন্দ আচার্য্য এবে তাঁর নাম শুনি
ব্রজে ধাত্রী স্তনদাত্রী অম্বিকা আছিল। শ্রীবাস গৃহি
এবে মালিনী হইল ।। পাণ্ডুমহারাজ এবে রায় ভবানন্দ
যাঁরে পৃথা পতি বলি প্রভুর আনন্দ ॥ বুঝিবে ককুদ্মি মহা
রাজ যেঁহো ছিল। সূর্য্যদাস পণ্ডিত নামে এবে প্রকটিল
ইহার দুহিতা দুই রেবতী বারুণী। শ্রীবলদেবের প্রি
সর্ব্বশাস্ত্রে শুনি। রেবতী জাহ্নবা দেহে এবে প্রবেশিল
বারুণী বসুধাদেবী আপনি হইল ।। সূর্য্যদাস দুই কন্
নিত্যানন্দে দিয়া। স্মরণ লইল পদে নিজদাস হৈয়া
চৈতন্য নিতাই প্রতিমূর্ত্তি করি ঘরে। গঙ্গাতীর অম্বিকা
নগরে বাস করে ।। পূর্ব্বে জনক মহারাজা মিথিলার পতি
এখানে বল্লভাচার্য্য নদীয়া বসতি ।। ভীষ্মক নৃপতি যে
কৃষ্ণ অবতারে। রুক্মিণীর পিতা বলি কহিয়ে যাঁহারে
সেই ঠাকুরাণী এবে লক্ষ্মী প্রিয়া হৈল। গৌরাঙ্গ বিরহে
আগে লীলা সম্বরিল ।। পূর্ব্বে সত্রাজিত এবে মিশ্র সনা
তন। বিষ্ণুপ্রিয়া কন্যা কৈল গৌরাঙ্গে অর্পণ ।। সত্যভামা
এবে বিষ্ণুপ্রিয়া ভাগ্যবতী। বিবাহের পূর্ব্বে যাঁর মনে
গৌরস্ফূর্ত্তি।। পূর্ব্বেতে উদ্ধব এবে পুরী পরমানন্দ। যাঁ
সঙ্গে প্রভু সদা করয়ে আনন্দ ।। মাধবেন্দ্র পুরীর শা
বৈষ্ণবে বিশ্বাস। টোটাগ্রামে যার জন্ম শেষে ক্ষেত্রে বাস
পূর্ব্বে বৃন্দাবনে কৃষ্ণপ্রিয়া বিন্দুমতী ॥ এবে কবি কর্ণপুরে
জননী মালতী ।। ক্ষেত্রে মহাপ্রভু স্থানে যেঁহো মন্ত্র লৈল

ত্নগর্ভা বলি যাঁরে প্রভু খ্যাতি দিল।। পূর্ব্বে ব্রজে বৃষ-
নু রাজা যেঁহো ছিল। পুণ্ডরীকাক্ষ বিদ্যানিধি এবে সে
ল।। রাধিকার ভাবে সদা উৎকণ্ঠিত মন। যাঁরে পিতা
লি প্রভু কৈল সম্বোধন।। চৈতন্যের প্রিয়শাখা পণ্ডিত
ধান। নবদ্বীপে প্রভু যাঁরে করয়ে সম্মান।। চন্দ্রভানু
জা ছিল যেঁহো বৃন্দাবনে। শ্রীচন্দ্রশেখরাচার্য্য প্রকট
ানে।। পূর্ব্বদেশে বাকলা চন্দ্রদ্বীপে যাঁর বাস। নর্ত্তক
াপাল সেবা যাঁহার প্রকাশ।। শ্রীমধুমঙ্গল পূর্ব্বে ছিল
দ্যকারি। যাঁর নাম প্রদ্যুম্ন মিশ্র ব্রহ্মচারী॥ পূর্ব্ব ভাবে
ণ করে হাস পরিহাস। নৈয়্যাড়ি নিবাস চৈতন্যের নিজ
স।। পূর্ব্বে শ্রীগৌতম সত্যানন্দ সরস্বতী। গৌরাঙ্গের
ায় গুপ্তিপাড়াতে বসতি।। বৃন্দাবনচন্দ্র মূর্ত্তি প্রকাশ
রিয়া। সিদ্ধপ্রাপ্তি হৈল যাঁর বৃন্দাবনে গিয়া।। শ্রীচৈ-
ন্য হন সর্ব্ব অবতারাশ্রয়। সর্ব্ব শিরোমণি সর্ব্ব ভক্তজনা-
য়।। এবে লিখি গুরুবর্গ লৌকিক বিধানে। মাধবেন্দ্র
রী আদি বৈষ্ণবাভিধানে।। রাধিকার মহামন্ত্র মন্ত্রচিন্তা-
ণি। প্রেমময় প্রেমপ্রদ নাম আহ্লাদিনী।। সন্ধিনী সম্বিৎ
প চৈতন্য সঙ্গেতে। অন্তঃকৃষ্ণ বহির্গৌর দেখি সেই
তে।। মন্ত্রযুক্ত পৌর্ণমাসী পূর্ব্বকালে হন। এবে মাধবেন্দ্র
রী কহিল কারণ।। মাধবেন্দ্র পুরী শক্তি সঞ্চার প্রভাবে।
শ্বরপুরীকে হয় পুনঃ কহি এবে।। মহাপ্রভুর উপদেশ-
রু-মহাশয়। যাহার কৃপায় সর্ব্ব লোক নিস্তারয়॥ কাশী-
র ব্রহ্মচারী তদ্রূপ গণন। মহাভাগবত বলি যার বিবরণ॥
াশীশ্বর গোস্বামি বলি যাঁর হৈল খ্যাতি। মথুরামণ্ডলে

যার বিশেষ সুখ্যাতি ॥ মাধবপুরীর শিষ্য নাম রঙ্গপুরী। সম-শক্তি দুই ব্যক্তি কহিল বিচারি ॥ কাশীশ্বর ব্রহ্মচারী সন্ধিনী-স্বরূপ। সম্বিৎ-স্বরূপ রঙ্গপুরী অপরূপ ॥ গর্গ সন্দীপনি পূর্ব্বে মথুরায় স্থিতি। এবে সে জানিবে নাম কেশব-ভারতী॥ চৈতন্যেরে দণ্ড ধরাইল মহাশয়। দণ্ড ধৃত মাত্র নর-নারায়ণ হয় ॥ ভারতী কহেন তুমি সোঽহমিতি বদ। মহাপ্রভু উচ্চারিল তস্যাঽহং নিনদ ॥ অবতারি মহাপ্রভু ভক্তির প্রকাশ। অতএব জানা গেল কপট সন্ন্যাস ॥ পুনঃ নীলাম্বর সেই গর্গ মহামুনি। চৈতন্য ভবিষ্য কথা কহিয়াছেন তিনি ॥ রঘুনাথে পড়াইল বশিষ্ঠ তপোধন। এবে সে জানিবে গঙ্গাদাস সুদর্শন ॥ এবে সে চৈতন্যে পড়াইল গঙ্গাদাস। শুনিলে সকল লোকের পরম উল্লাস ॥ পূর্ব্বকালে নন্দ নাম আছিল যাহার। জগন্নাথ মিশ্র নাম এবে সে প্রচার ॥ ব্রজেশ্বরী যশোদা আছিল পূর্ব্বকালে। শচী ঠাকুরাণী এবে কহি কুতূহলে ॥ সর্ব্বাধিক্য ব্রজেশ্বরীর আছিল পূর্ব্বকালে। অতএব আই আই সর্ব্ব ভক্তে বলে॥ শ্রীদেবকী নাম পূর্ব্বকালে যিনি হন। পদ্মাবতী নাম এবে জানিহ কারণ ॥ পূর্ব্বকালে নাম বসুদেব মহাশয়। হাড়াই পণ্ডিত এবে জানিহ নিশ্চয় ॥ মাধবেন্দ্রপুরী-শিষ্য ঠাকুর অদ্বৈত। মায়াদেবী গর্ভোদ্ভব জানিহ নিশ্চিত ॥ শ্রীঅচ্যুতানন্দ বন্দো তনয় তাঁহার। শুদ্ধ সত্ত্ব হন মহাবিষ্ণু অবতার। ব্রহ্মজ্যোতির্ম্ময় সে ঠাকুর গোপীনাথ। পূর্ব্বে ব্রহ্মতত্ত্ব এবে চৈতন্যের সাথ ॥ শ্রীকৃষ্ণের ধাত্রী-মাতা অম্বিকা পূর্ব্বেতে। এবে সে মালিনী নাম কহিল নিশ্চিতে ॥ চৈতন্যের ধাত্রী

মাতা এবে সেই হন। কিলিম্বা বলিয়া নাম ভগিনী কথন॥ কিলিম্বা বলিয়া নাম পূর্ব্বকালে শুনি। এবে সে হইল নারায়ণী ঠাকুরাণী॥ বিদর্ভ-নগরপতি পূর্ব্বে যিনি হন। বল্লভ আচার্য্য নাম করণ-কারণ॥ চৈতন্য গৃহিণী এবে লক্ষ্মী ঠাকুরাণী। তাঁর পিতা আচার্য্য ঠাকুর মহামানী॥ পূর্ব্বকালে নাম ছিল নৃপ সত্রাজিত। সনাতনমিশ্র এবে কহিল নিশ্চিত॥ বিষ্ণুপ্রিয়ার পিতা মহাপ্রভুর শ্বশুর। কে কহিতে পারে তাঁর গুণ কত দূর॥ পূর্ব্বে বিশ্বামিত্র নাম সর্ব্বগুণ-শালী। এবে শুদ্ধ নাম যে আচার্য্য বনমালী॥ পূর্ব্বেতে রুক্মিণী পাঠাইল বিপ্রবর। কাশীনাথ নাম এবে সেই দ্বিজবর॥ চৈতন্যের বিবাহ-ঘটক দুই জন। আদ্য অন্ত কহিল দোঁহার বিবরণ॥ যশোদার ছোট ভাই যশো-ধর-নামা। বিশ্বেশ্বর চক্রবর্ত্তী চৈতন্যের মামা॥ পূর্ব্বে বৃষভানু যেই অতি অনুপম। পুণ্ডরীক-বিদ্যানিধি এবে হয় নাম॥ বৃহস্পতি সার্ব্বভৌম ভট্টাচার্য্য হন। সর্ব্বাগ্রে করিল চৈতন্য-কবিত্ব বর্ণন॥ তবে সে বন্দনা কৈল দাস বৃন্দাবন। পূর্ব্বে যেহ বেদব্যাস কহিল কারণ॥ তাহার ঘরণী পতিব্রতা-শিরোমণি। সৌভাগ্য সুশীলা শুদ্ধ সাবিত্রী জননী॥ মহাপ্রভু প্রতি স্নেহ কৈল বহুবিধি। কে কহিতে পারে তাঁর ভাগ্যের অবধি॥ মহাপ্রভু শ্রীচৈতন্য প্রেমবৃক্ষ হন। স্কন্ধ শাখা উপশাখা যত ভক্তগণ॥ এখন যে ভাগ্য-বন্ত তাহাতে মিলয়। পল্লব উপপল্লবাদি জানিহ নিশ্চয়॥ সচরাচর বৃক্ষ হন মহাগুণধাম। নব মহানিধি তার শিকড় অনুপম॥ শিকড় সহিত বৃক্ষ সচল হইয়া। যেথা সেথা

প্রেমফল ফিরে বিলাইয়া ॥ নিধি মহানিধির কহিব বিব-রণ। মহানিধি হইতে নিধির হইল জনন ॥ ব্রজে নিজ-কার্য্য নিধি সাধেন সর্ব্বথা। মহানিধি কৃষ্ণপ্রতি মহাপ্রীতি-দাতা ॥

নিধির্যথা। মহাপদ্মশ্চ পদ্মশ্চ শঙ্খো মকরকচ্ছপৌ।
মুকুন্দানন্দি নীলা চ ইত্যষ্টৌ নিধয়ঃ স্মৃতাঃ ॥ ইতি॥
মহানিধির্যথা। কবির্হবিরন্তরীক্ষঃ প্রবুদ্ধঃ পিপ্পলায়নঃ।
আবির্হোত্রোঽথ দ্রবিড়শ্চমসঃ করভাজনঃ ॥ ইতি॥

নিধি মহানিধি সব একত্র হইয়া। মহাপ্রভু সঙ্গে থাকে আনন্দ করিয়া ॥ কবি মহাপদ্ম দোঁহে একরূপ হৈয়া। পরমানন্দ পুরী সেই কহিল জানিয়া ॥ সান্দীপনী কেশব ভারতী তিনি হন। নিধি-রূপে কেশব ভারতী নিরূপণ॥ পদ্ম হবি দুই রূপে হৈয়া এক রূপ। কেশব ভারতী এ কারণ অপরূপ ॥ অন্তরীক্ষ শঙ্খ দুই হইয়া বরাবরি। বিখ্যাত হইল এবে ব্রহ্মানন্দ পুরী ॥ মকর প্রবুদ্ধ দোঁহে হইয়া এক মতি। এবে সে জানিবে ব্রহ্মানন্দ সে ভারতী ॥ কচ্ছপ পিপ্পলায়ন এক রূপ ধরি। এখন হইল খ্যাত সেই বিষ্ণু-পুরী ॥ মুকুন্দ আর আবির্হোত্র হৈয়া বরাবরি। হইল বিখ্যাত এবে শ্রীকেশব পুরী ॥ দ্রবিড় হইয়া যুক্ত নিধি নামা-নন্দ। এবে সে জানিবে হৈল পুরী কৃষ্ণানন্দ ॥ নীলা-নিধি চমস সে হইয়া একার্থ। এবে সে হইল খ্যাত নর-সিংহ তীর্থ ॥ করভাজন পূর্ব্বেতে নাম যাঁর হয়। সুখানন্দ পুরী সেই জানিহ নিশ্চয় ॥ ব্রজে মহা অষ্টশক্তি কৃত কৃষ্ণ-কর্ম্ম। করেন কৃষ্ণের কার্য্য জানিয়া সে মর্ম্ম ॥ যখন যে

কার্য্য কৃষ্ণ করয়ে মনন। সে কর্ম্ম করেন সিদ্ধ এই অষ্ট জন॥ সিদ্ধীকৃত হয় যার যেই বিবরণ। সেই হেতু শক্তি হয় সিদ্ধায় গণন॥ শ্রীশক্তি ১ ভূশক্তি ২ কামশক্তি ৩ লজ্জাশক্তি ৪। চিৎশক্তি ৫ সৎশক্তি ৬ জীবশক্তি ৭ মায়াশক্তি ৮॥ এই অষ্ট শক্তি এবে প্রেমের সিদ্ধতা। যাহা বিনা প্রেমসিদ্ধি না হয় সর্ব্বথা॥ শ্রীশক্তি বলিয়া নাম আছিল পূর্ব্বকালে। এবে জগন্নাথ-তীর্থ জানিহ নিশ্চলে॥ ভূশক্তি বলিয়া পূর্ব্বে যে ছিল নিশ্চয়। এবে শ্রীপুরুষোত্তম তীর্থ সেই হয়॥ কামশক্তি বলি যেই পূর্ব্বকালে হন॥ এবে সেই রাম-তীর্থ জানিহ কারণ॥ লজ্জাশক্তি নাম পূর্ব্বে ব্রজে যে বিহারী। ইদানীং হইল নাম রঘুনাথ পুরী॥ পূর্ব্বকালে ছিল যেই চিৎশক্তি স্বরূপ। বাসুদেব তীর্থ নাম এবে অপরূপ॥ সৎশক্তি পূর্ব্বেতে যেই কহিল মরম। এখন কহিয়ে নাম উপেন্দ্র আশ্রম॥ পূর্ব্বে যেই জীবশক্তি কহিল বিবরি। ইদানীং জানিবে সেই শ্রীআনন্দ পুরী॥ মায়াশক্তি আছিল যে পূর্ব্ব অনুবন্ধ। ইদানীং জানিবে নাম হরিহরানন্দ॥ কৃষ্ণব্যূহ অনিরুদ্ধ আছিল পূর্ব্বকালে। বক্রেশ্বর পণ্ডিত গোসাঁই জানিহ এ কালে॥ এইরূপে গোপাল-গুরু তাঁর ব্যূহ হন। সুমুখি-গোপিকাভাবে হন নিমগন॥ নিত্যানন্দ ব্যূহ বীরচন্দ্র চূড়ামণি। তাঁহার রমণী নারায়ণী ঠাকুরাণী॥ চৈতন্যপ্রভু অংশ বংশবিস্তার মতে। বর্ণিয়াছেন গ্রন্থকার বহু প্রমাণেতে॥ সৃষ্টি অধিপতি ব্রহ্মা ছিল পূর্ব্বকালে। ঠাকুর শ্রীহরিদাস এবে কহি ভালে॥ পূর্ব্বেতে আছিল যেই ইন্দ্র মহামতি। এবে সে

প্রতাপরুদ্র নাম গজপতি ॥ রামচন্দ্র পুরী সে সাক্ষাৎ বিভীষণ। রঘুনাথের পূর্ব্ব ভাবে মিত্রতা মিলন ॥ পূর্ব্বকালে ছিল যে অঙ্গদ শক্তিধর। ইদানীং হইল সে পণ্ডিত পুরন্দর ॥ সুগ্রীব রামের মিত্র আছিল পূর্ব্বেতে। এবে সে গোবিন্দানন্দ কহিল সাক্ষাতে ॥ পূর্ব্বকালে আছিল যে পাণ্ডু নৃপবর। এবে রায় ভবানন্দ কহিল তৎপর ॥ যাঁহার সে পঞ্চ পুত্র হয় ভাগ্যবন্ত। কহি একে একে সব নামের মহত্ব ॥ বাণীনাথ পট্টনায়ক নাম যুধিষ্ঠির ১। রায় রামানন্দ সে অর্জ্জুন মহাবীর ২ ॥ কলানিধি ভীম ৩, সুধানিধি সে নকুল ৪। সহদেব গোপীনাথ ঔদার্য্যে নাহি তুল ৫ ॥ অর্জ্জুনের প্রতি কৃষ্ণ কহিল কারণ। গোপিকা অনুগা বিনা ব্রজপ্রাপ্তি নন ॥ অর্জ্জুন অনুগত হইল সখি বিশাখার। তাঁর বর্ণ বস্ত্র সদা চিত্তের বিস্তার ॥ রামানন্দে কেহ কেহ কহেন অর্জ্জুন। বিশাখানুগত বলি বিশাখার গুণ ॥ সেই শক্তি হইতে কহিলেন রামানন্দ। শুনি মহাপ্রভুর চিত্তে পরম আনন্দ ॥ শ্রীচন্দ্রশেখর সরখেল মহাশয়। চন্দ্রের সমান তিঁহ জানিহ নিশ্চয় ॥ সনক সনৎকুমার সনন্দ সনাতন। চারি সহোদর কহি ব্রহ্মার নন্দন ॥ সনক জানিবে এবে যেই লোকনাথ। সনন্দ জানিবে কবিচন্দ্র হৈয়া সাথ ॥ সনৎকুমার জানিবে রামদাস মহাশয়। সনাতন শ্রীনাথ এবে কহিল নিশ্চয় ॥ দিবাকর রূপ যে আছিল পূর্ব্বকালে। বিশ্বেশ্বরানন্দ এবে কহিলাম ভালে ॥ কর্ণপুর রামচন্দ্র কবিরাজমত। দ্বাদশ ব্রজের সখা যেরূপে বর্ণিত ॥

শ্রীদামশ্চ ১ সুদামশ্চ ২ সুবলশ্চ ৩ মহাবলঃ।

সুবাহু-৫ ভদ্রসেনশ্চ-৬ স্তোককৃষ্ণ-৭ সুরামকৌ-৮।
লবঙ্গশ্চ-৯ মহাবাহু-১০ গন্ধর্ব্ব-১১ বীরবাহুকৌ ॥ ১২ ॥

শ্রীদাম বলিয়া যেঁহ আছিল পূর্ব্বেতে। এবে ঠাকুর অভিরাম গৌরাঙ্গ-লীলাতে ॥ ১ ॥ সুদাম বলিয়া নাম আছিল যাঁহার। পণ্ডিত সুন্দরানন্দ নাম হয় তাঁর ॥ ২ ॥ প্রিয় সখা সুবল যে আছিল পূর্ব্বেতে। পণ্ডিত গৌরীদাস প্রভুতে অতিপ্রীতে ॥ ৩ ॥ মহাবল পূর্ব্বে যে কহিল অনুভবে। পণ্ডিত পুরুষোত্তম নাম হইল এবে ॥৪॥ সুবাহু বলিয়া নাম আছিল পূর্ব্বেতে। উদ্ধারণ দত্ত নাম নিত্যানন্দ-প্রীতে ॥ ৫ ॥ ভদ্রসেন পূর্ব্বকালে নাম হয় যাঁর। পরমেশ্বরদাস নাম এবে হয় তাঁর ॥ ৬ ॥ স্তোককৃষ্ণ বলি [সখা] পূর্ব্বে যেই ছিল। কমলাকর পিপ্পিলাই নামে খ্যাত হল ॥ ৭ ॥ অংশুমান সখা পূর্ব্বে নাম ছিল যাঁর। নাগর [প]ুরুষোত্তম দাস নাম তাঁর ॥ ৮ ॥ লবঙ্গ নামে গোপাল ছিল [প]ূর্ব্বকালে। মনোহর দাস ঠাকুর নাম সবে বলে ॥ ৯ ॥ [ম]হাবাহু নাম সখা ছিল যেই জন। কালিয়াকৃষ্ণদাস ঠাকুর এবে হন ॥ ১০ ॥ বীরবাহু নামে সখা পূর্ব্বেতে যে ছিল। [হ]লায়ুধঠাকুর বলিয়া আখ্যা হৈল ॥ ১১ ॥ গন্ধর্ব্ব নামেতে [স]খা আছিল পূর্ব্বকালে। ঠাকুর মুকুন্দদাস নাম কহে ভালে [॥] ১২ ॥ মনোহর আর কালিয়া কৃষ্ণদাস ঠাকুর। একই ভাবক্রম এবে কহি যে প্রচুর ॥ বৃন্দাবনদাস-গ্রন্থসম্মত এই [হ]য়। মধুমঙ্গল হইলেন নরহরি মহাশয় ॥ মহাবল উদ্ধারণ [দ]ত্ত দাস ঠাকুর। ১। লবঙ্গ শ্রীপুরুষোত্তম দাস ঠাকুর ॥২॥ [অ]র্জ্জুন পুরুষোত্তমদাস ঠাকুর। ৩। স্তোককৃষ্ণ নাগরপুরু-

ষোত্তমদাসঠাকুর ।। ৪ ।। সুবাহু পরমেশ্বরদাস ঠাকুর। ৫
গন্ধর্ব্ব শ্রীমুকুন্দদাস ঠাকুর ।। ৬ ।। শ্রীদাম অভিরাম গো
পাল ঠাকুর। ৭। সুদাম শ্রীধনঞ্জয়দাস ঠাকুর ॥ ৮ ॥ মহা
বল শ্রীমহেশপণ্ডিত ঠাকুর। ৯। অর্জ্জুন ওঝাবনমালিদাস
ঠাকুর ॥ ১০ ॥ কোকিল শ্রীবক্রেশ্বরদাস ঠাকুর। ১১। গন্ধব
হইলেন উদ্ধবদাস ঠাকুর ।। ১২ ।। বলাই বিলাসরূপ নাম
সঙ্কর্ষণ। শঙ্কর-অরণ্য নাম বিশ্বরূপ হন ॥ চৈতন্য অগ্রজ
নাম অতি অনুপম। নিত্যানন্দ অংশ এবে কহি গুণধাম
যিনি মীনকেতন সে রামদাস ঠাকুর। জলে জলজন্তু নিস্তা
রিলেন প্রচুর ॥ বিষ্ণুপ্রিয়া ঠাকুরাণী হন সত্যভামা। লক্ষণ
মহিষী নাম অতি অনুপমা ।। সতাভামা ভাব যুক্ত লক্ষণ
মহিষী। লক্ষণা যে সুলক্ষণা কহিব প্রশংসি ।। পণ্ডি
জগদানন্দ দামোদর পুরী। দুই জনে এক ভাব কহি
বিবরি ॥ বৃন্দাবতি নাম যিনি বৃন্দাবনে হন। মুকুন্দঠাকু
এবে কহিল কারণ ।। সৈব্যা নামে যেই সখি ছিল ব্রজ
পুরে। দামোদর আচার্য্য সে এবে নাম ধরে ।। তাঁহা
অনুজ কহি শঙ্কর পণ্ডিত। হরিপ্রিয়া পূর্ব্বকালে বে
বিদিত ।। বীরবৃন্দা নামে যেই বৃন্দাবনে হন। সেন শিব
নন্দ এবে জানিহ কারণ ।। সেন শিবানন্দ সেই ভক্ত মহ
শয়। তিন পুত্র তাঁর এবে জানিহ নিশ্চয় ।। শ্রীচৈত
দাস আর রামদাস নাম। আর কবিকর্ণপুর গুণে অনুপম
সারি শুকে কৃষ্ণ পড়াইল ব্রজে যেন। সেইমত প্রভু পড়া
ইল তিনজন ।। দক্ষ নামে শুক যিনি কৃষ্ণের পূর্ব্বে যে
এবে সে চৈতন্যদাস কহিল সাক্ষাতে ।। বিচক্ষণ বলি শু

পূর্ব্বে নাম যাঁর। এবে রামদাস বলি নাম হয় তাঁর॥ শ্রীরাধিকার সারী যে সূক্ষ্মধীরা হয়। কবিকর্ণপুর সেই জানিহ নিশ্চয়॥ সরলা বলিয়া নাম পূর্ব্বেতে আছিল। শ্রীবংশীবদনানন্দ নাম জানাইল॥ মধুমতী নাম সখী হন রাধিকার। নরহরি দাস নাম এবে পরচার॥ শ্রীচৈতন্য-প্রেমের ভাণ্ডার তাঁর হাতে। সরকার ঠাকুর নাম কহি সেইমতে॥ কামদেব রত্নাবলি সুতের গণন। এবে সে জানিবে তিনি শ্রীরঘুনন্দন॥ সঙ্কীর্ত্তনে নৃত্যকালে পরম প্রকৃতি। দেখিয়ে পুরুষ অঙ্গ প্রকৃতি আকৃতি॥ সুভানু নামেতে যেই খুড়া রাধিকার। তারাপালি নামে দুই দুহিতা তাহার॥ তারা পূর্ব্বে যাঁর নাম এবে সে লোচন। পালি পূর্ব্বে যাঁর নাম এবে সুলোচন॥ অতএব দিদি বলি কন রাধিকারে। রাধিকা ধামালি গীত কে কহিতে পারে॥ সরস্বতী পূর্ব্বকালে আছিল যে জন। ঠাকুর জগদানন্দ কহিল কারণ॥

অথ অষ্ট সখী। ললিতা চ-১ বিশাখা চ-২ চিত্রা-৩ চম্পকলতিকা-৪। তুঙ্গবিন্তা-৫ চেন্দুরেখা চ-৬ রঙ্গদেবী-৭ সুদেবিকা॥ ৮॥

অষ্ট সখীমধ্যে শ্রেষ্ঠ ললিতাসুন্দরী। ময়ূরপুচ্ছের-সম-চিত্রবস্ত্র পরি॥ স্থির সৌদামিনীবর্ণা অনুরাধা খ্যাতা। ভৈরব-নামেতে পতি শারদী নামে মাতা॥ সাতাইস দিনের বড় রাধিকা হৈতে। বিশোক পিতার নাম কহিল সাক্ষাতে॥ দশা, তের, সমা সাত, মাস সাত দিন। বাম প্রখরা ভাব খণ্ডিতা প্রবীণ॥ তাম্বূল-চন্দন-সেবা-দিব্য ভূষা অঙ্গে।

ললিতানন্দদ কুঞ্জে সদা বসে রঙ্গে ॥ ললিতা বলিয়া নাম ছিল পূর্ব্বকালে। স্বরূপ দামোদর নাম প্রভুর স্ববলে ॥

তস্যাঃ যূথ। রত্নপ্রভা-১ রতিকলা-২ সুভদ্রা-৩ চন্দ্ররেখিকা-৪। সুমুখী চ-৫ ধনিষ্ঠা চ-৬ কলহংসী-কলাপিনী-৮ ॥

রত্নপ্রভা নাম সখী ললিতার যূথে। আচার্য্যরত্ন নাম মহাপ্রভু সাথে ॥ ১ ॥ রতিকলা নামে সখি পূর্ব্বে যিনি হন। রত্নগর্ভ ঠাকুর গৌর-গণেতে গণন ॥ ২ ॥ সুভদ্রা বলিয়া নাম ছিল পূর্ব্বকালে। শ্রীচন্দ্রশেখরাচার্য্য এবে কহি ভালে ॥ ৩ ॥ চন্দ্ররেখিকা নাম ললিতার যে সখী। ভূগর্ভ ঠাকুর বলি এবে তাঁরে লিখি ॥ ৪ ॥ সুমুখী বলিয়া নাম ছিল ব্রজস্থানে। রাঘবগোসাঞি এবে বাস গোবর্দ্ধনে ॥৫॥ ধনিষ্ঠা ললিতা যূথে ছিল যেই জন। দামোদর-পণ্ডিত সে জানিহ কারণ ॥ ৬ ॥ কলহংসী নামে পূর্ব্বে আছিল যে যে জন। ঠাকুর শ্রীকৃষ্ণদাস কহিল কারণ ॥ ৭ ॥ ললিতার যূথ কলাপিনী নাম হয়। কৃষ্ণানন্দঠাকুর সে জানিহ নিশ্চয়॥ ললিতার সমগুণ সমশক্তি সব। সম-বর্ণ-বস্ত্র সবার সমান প্রভাব ॥ ৮ ॥

অথ বিশাখা। তারাবলিবস্ত্রা বিদ্যুৎ আভা তনুদ্যুতি। পিতা সে পাবন, মাতা দক্ষিণা যুবতী ॥ বিশাখানন্দদ কুঞ্জে বসে নিরন্তর। স্বাধীনভর্তৃকা, সেবা বস্ত্র অলঙ্কার ॥ বাহিক পতির নাম কহিল বিশেষ। ইহার উত্তরে কহি দশার উদ্দেশ ॥ তের বর্ষ সাত মাস ন দিন পাঁচ প্রহর। বিশাখা আছিল যেহোঁ পূর্ব্বকলেবর ॥ এবে সে স্বরূপ গোসাঁই

কহে ভক্তবর। এবে কেহ কহেন ঠাকুর দামোদর ॥ বিশাখার ভাবে পূর্ণ হইয়া আনন্দ। সে ভাবে কহেন কেহ রায় রামানন্দ ॥

তস্যাঃ যূথ। মাধবী-১ মালতী-২ চান্দ্ররেখিকা-৩
কুঞ্জরী তথা-৪। হরিণী-৫ চপলানাম্নী-৬ সুরভিশ্চ-৭
শুভাননা-৮ ॥

বিশাখার যূথে পূর্ব্বে মাধবী যেই হন। মাধব সঞ্জয় এবে কহিল কারণ ॥ ১ ॥ মালতী বলিয়া যিহোঁ পূর্ব্ব কলেবর। এবে নাম কহিয়ে ঠাকুর নীলাম্বর ॥ ২ ॥ বিশাখার যূথে চান্দ্ররেখিকা পূর্ব্বেতে। রামচন্দ্র দত্ত এবে গৌরাঙ্গগণেতে ॥ ৩ ॥ কুঞ্জরী বলিয়া নাম সখী পূর্ব্বকালে। বাসুদেব দত্ত তাঁর নাম সবে বলে ॥ ৪ ॥ হরিণী বলিয়া নাম পূর্ব্বকালে যাঁর। নন্দন আচার্য্য বলি এবে নাম তাঁর ॥ ৫ ॥ চপলা বলিয়া নাম পূর্ব্বে ব্রজে স্থিতি। ঠাকুর শঙ্কর নাম এবে মহামতি ॥ ৬ ॥ সুরভি বলিয়া নাম পূর্ব্বে যাঁর হয়। সুদর্শন ঠাকুর বলি জানিবে নিশ্চয় ॥ ৭ ॥ সুভানু নামেতে যিহোঁ ব্রজের ভূষণ। এবে সে সুবুদ্ধি মিশ্র কহিল কারণ ॥ ৮ ॥

অথ চম্পকলতা। চম্পক-কুসুমবর্ণা চম্পক-লতিকা। এক দিবসের বড় সখি বিশাখিকা ॥ চাস-পক্ষ বস্ত্র অঙ্গে পিতা সে আরাম। উহার জননী বাটিকা যাঁর নাম ॥ কামলতা নাম কুঞ্জে সদা যাঁর স্থিতি। চণ্ড নামে যাঁর পতি কহিল সুব্যক্তি ॥ তের সমা, সাত মাস, নয়দিন, বয়স। রাধা হৈতে ছোট বড় বিংশতি দিবস ॥ বাসকসজ্জায় রতি যাঁর

অনুক্ষণ। বাম-মধ্যাভাব সেবা চামর-চালন ॥ চম্পা
লতিকা নাম সখী অনুবন্ধ। এবে সে জানিবে তিঁহো (
শিবানন্দ ॥

তস্যাঃ যূথ। কুরঙ্গাক্ষী-১ সুচরিতা-২ মণ্ডলী-৩
মণিকুণ্ডলা-৪। চন্দ্রিকা-৫ চন্দ্রলতিকা-৬ কন্দু-
কাক্ষী-৭ সুমন্দিরা-৮ ॥

কুরঙ্গাক্ষী বলি যিহোঁ নাম ছিল পূর্ব্বে। কহিয়ে মক
ধ্বজ দত্ত নাম এবে ॥ ১ ॥ সুচরিতা নামে যিহোঁ পূর
কালে হন। রঘুনাথ দত্ত এবে কহিল কারণ ॥ ২ ॥ মণ্ড
বলিয়া নাম পূর্ব্বকালে ছিল। শ্রীমধু-পণ্ডিত নাম এবে তাঁ
হৈল ॥ ৩ ॥ মণিকুণ্ডলিকা নাম পূর্ব্ব কলেবর। বিষ্ণু
দাস আচার্য্য নাম বড়ই তৎপর ॥ ৪ ॥ চন্দ্রিকা বলিয়া না
পূর্ব্বে যেই ছিল। পুরন্দরমিশ্র নাম এবে খ্যাত হৈল ॥ ৫
যে চন্দ্রলতিকা সখী পূর্ব্বকালে হন। গোবিন্দঠাকুর এ
এই বিবরণ ॥ ৬ ॥ কন্দুকাক্ষি নাম যাঁর পূর্ব্বেতে আছিল
এবে সে পরমানন্দ গুপ্ত খ্যাত হৈল ॥ ৭ ॥ সুমন্দিরা না
যাঁর পূর্ব্বেতে প্রকাশ। এবে যে জানিবে তিঁহো বলরা
দাস ॥ ৮ ॥

অথ চিত্রাসখী। চিত্রা কাশ্মীর-গৌরাঙ্গী কাচতুল্যা
ম্বরা। পিঠর নামেতে পতি পরম তৎপরা ॥ চর্চ্চিতা মায়ে
নাম কহিল পূর্ব্বেতে। ছাব্বিশদিনের ছোট বিশাখা হইতে
চিত্রার পিতার নাম চতুর গোয়াল। গোধন পালন র
করে সর্ব্বকাল ॥ ১৩ ॥ ৭ ॥ ৬ ॥ তের সমা সাত মাস ছ
দিন বয়স। এমতে কহিল তত্ত্ব দশার স্বরস ॥ কমলকিঙ্কর

াম কুঞ্জে যাঁর বাস। অভিসারিকা ভাবে যাঁর সদাই
লাস ॥ অধিক-মৃদ্বিকাভাব যাবটে যাঁর ঘর। লবঙ্গমালা-
দবায় যিনি সদা সুতৎপর ॥ সুচিত্রা বলিয়া যিহোঁ পূর্ব্ব-
ালে হন। গোবিন্দানন্দ ঠাকুর প্রভু-প্রীতি-ভাজন ॥

তস্যাঃ যুথ। রসালিকা-১ তিলকিনী-২ শৌরসেনী-
৩ সুগন্ধিকা-৪। রমিলা-৫ কামনগরী-৬ নাগরী-৭
নাগবেলিকা-৮ ॥

রসালিকা নাম সখী পূর্ব্বের বিধান। শ্রীমান্ পণ্ডিত
বে কহয়ে আখ্যান ॥ ১ ॥ তিলকিনী নাম সখী পূর্ব্ব
ভিলাষ। এবে সে কহিয়ে নাম জগন্নাথ দাস ॥২॥ শৌর-
ানী নাম পূর্ব্বে যাঁহার বিধান। এবে কহি জগদীশ ঠাকুর
াখ্যান ॥ ৩ ॥ সুগন্ধিকা নাম যেই ছিল পূর্ব্বকালে।
কুর সদাশিব এবে কহয়ে সকলে ॥ ৪ ॥ রমিলা বলিয়া
াম পূর্ব্বের কথন। রায় মুকুন্দ এবে লীলার কারণ ॥৫॥
র্ব্বে কামনগরী সখী যেই ব্রজপুরে। এবে সে মুকুন্দানন্দ
হিল নির্ভরে ॥ ৬ ॥ পূর্ব্বে যাঁর নাগরী বলিয়া সখী নাম।
রন্দর আচার্য্য সে অতি অনুপম ॥ ৭ ॥ পূর্ব্বে নাগবে-
কা বলিয়া ব্রজে স্থিতি। এবে সে জানিবে নারায়ণ
চম্পতি ॥ ৮ ॥

অথ তুঙ্গবিদ্যা। চন্দন মিশাল যেন হৈয়াছে কুঙ্কুমে।
ঙ্গবিদ্যা সখী রূপ কহিল উত্তমে ॥ পঞ্চম দিনের বড়
শাখা হইতে। অষ্টাদশ বিদ্যাতে বিখ্যাতা যে জগতে ॥
১।৭।৫ দশা তেরসমা সাতমাস পাঁচদিন। পাণ্ডুর মণ্ডল
স্ত্র অঙ্গেতে সুলীন ॥ পৌষ্কর পিতার নাম মেধা নামে

মাতা। বালিশ পতির নাম কহিল সর্ব্বথা ॥ দক্ষিণা প্রখরা ভাব বিপ্রলব্ধা রতি। তুঙ্গবিদ্যানন্দদ নামে কুঞ্জে স্থিতি॥ তৌর্য্যত্রিক-সেবা-পরা পরম সাদরে। বক্রেশ্বর পণ্ডিত বলি কেহ ব্যক্ত করে॥ তুঙ্গবিদ্যা পূর্ব্বে যেই পরম সন্তোষ। কেহ কহে সেই এবে শ্রীমাধব ঘোষ॥

তস্যাঃ যূথ। মঞ্জুমেধা-১ সুমধুরা-২ সুমধ্যা-৩ মধুরেক্ষণা-৪। তনুমধ্যা-৫ মধুস্যন্দা-৬ গুণচূড়া-৭ বরাঙ্গদা-৮॥

মঞ্জুমেধা সখী বলি পূর্ব্বে যার নাম। এবে সে মকরধ্বজ সেন অনুপম॥ ১॥ সুমধুরা নামে সখী পূর্ব্বে যার স্থিতি। এবে সে জানিবে তাঁরে বিদ্যাবাচস্পতি॥ ২॥ সুমধ্যা বলিয়া নাম আছিল যে জন। ঠাকুর গোবিন্দ এবে কহিল কারণ॥ ৩॥ মধুরেক্ষণা নাম যে ব্রজের বনিতা। সূক্ষ্মধীরা সারীর সঙ্গে ভাবের ঐক্যতা॥ ভাবের সংযোগে কহি কবিকর্ণপুর। নিজ তত্ত্ব নাম কহি মহেশ ঠাকুর॥ ৪॥ তনুমধ্যা-নামা যিনি পূর্ব্বকালে হন। ঠাকুর শ্রীকান্ত এবে জানা প্রয়োজন॥ ৫॥ মধুস্যন্দা-নামা যিনি পূর্ব্বে বিদিত। এবে সে জানিবে তাঁরে মাধব পণ্ডিত॥ ৬॥ গুণচূড়া বলি সখী পূর্ব্বে গুণধাম। প্রবোধানন্দ সরস্বতী এবে হয় নাম॥ ৭॥ বরাঙ্গদা বলি নাম ছিল পূর্ব্বকালে। বলভদ্র ভট্টাচার্য্য নাম কহি ভালে॥ ৮॥

অথ ইন্দুরেখা। হরিতালোজ্জ্বলবর্ণা সখি ইন্দুরেখা। তিন দিবসের বড় যাঁহার বিশাখা॥ ষষ্ঠেতে কহিল ইন্দুরেখার গণন। দাড়িম্ব কুসুম-[illegible] ॥ জননী

নাম বেলা, জনক সাগর। দুর্ব্বল পতির নাম, কহিল তৎপর ॥
১৩।৭।৭ ॥ দশা, তের সমা, সাত মাস, সাত দিন। মহাগুণা-
ন্বিতা পূর্ণ রসের প্রবীণ ॥ বামপ্রখরা ভাব সতত যাঁহার।
প্রোষিত-ভর্ত্তৃকা-রস, স্বর্ণ অলঙ্কার ॥ পূর্ণচন্দ্রকুঞ্জে বাস
অগ্নিকোণ দলে। অমৃতাশন সেবা যেঁহ করে কুতূহলে ॥
ইন্দুলেখা নামে সখী মহাগুণধাম। ঠাকুর গোবিন্দানন্দ
এবে হয় নাম ॥

অস্যাঃ যূথ। তুঙ্গভদ্রা-১ রসোত্তুঙ্গা-২ রঙ্গবাটী-৩
সুমঙ্গলা-৪। চিত্রলেখা-৫ বিচিত্রাঙ্গী-৬ মোদনী-৭
মদনালসা-৮ ॥

তুঙ্গভদ্রা নাম সখী মহাগুণধাম। ঠাকুর পরমানন্দ এবে
তাঁর নাম ॥ ১ ॥ ইন্দুরেখার যূথে রসোত্তুঙ্গা নামে সখি।
ঠাকুর বল্লভ নাম গৌরগণে লেখি ॥ ২ ॥ পূর্ব্বযুগে সখী
ছিল রঙ্গবাটী বলি। এবে জগদীশ ঠাকুর মহাকুতূহলি ॥৩॥
সুমঙ্গলা নামে সখী ব্রজের ভূষণ। বনমালি দাস এবে করিল
বর্ণন ॥ ৪ ॥ চিত্রলেখা নামে সখি ব্রজের ভূষিত। এবে
সে কহিল নাম শ্রীকর পণ্ডিত ॥ ৫ ॥ বিচিত্রাঙ্গী নামা সখী
বিচিত্র শোভন। এবে নাম শ্রীনাথ মিশ্র আছয়ে বর্ণন ॥৬॥
মহাভাবে মোদনী যে মাদন লক্ষণ। এবে সে জানিবে
তিঁহো আচার্য্য লক্ষণ ॥ ৭ ॥ সখী সে মদনালসা নাম পূর্ব্ব-
কালে। পণ্ডিত পুরুষোত্তম সবে বলে ভালে ॥ ৮ ॥

অথ রঙ্গদেবী। সপ্তমে রঙ্গদেবীর কহিয়ে লক্ষণ। কমল-
কেশর-সম দেহের বরণ ॥ গুণেতে চম্পকলতা-সমা যেন
এক। বিশাখা হইতে ছোট দিবস সাতেক ॥ রঙ্গসার পিতা,

মাতা করুণা যুবতী। বক্রেক্ষণ গোপ-নামে তাঁর নিজপতি॥ রঙ্গদেবী-সুদেবীর করণ-প্রকাশ। জবাপুষ্পবর্ণ বস্ত্র অঙ্গেতে বিলাস॥ ১৩।৭।৩॥ দশা, তের সমা, সাত মাস, তিন দিন। একত্র প্রকাশ সব গুণেতে প্রবীণ॥ সুখদা নামক কুঞ্জে সদা যাঁর স্থিতি। দক্ষিণ শ্যামবর্ণ দলে উৎকণ্ঠিতা রতি॥ বাম মধ্যাভাব চন্দন-সেবাপরা। যাবটেতে গৃহ যাঁর বিরহ কাতরা॥ রঙ্গদেবী পূর্ব্বকালে গোকুলে বিলাস। শ্রীগো-বিন্দানন্দ ঘোষ এবে সে প্রকাশ॥

অস্যাঃ যূথ। কলকণ্ঠী-১ শশিকলা-২ কমলা-৩ মধুরে-৪ ন্দিরা-৫। কন্দর্পসুন্দরী-৬ কামলতিকা-৭ প্রেম-মঞ্জরী-৮॥

কলকণ্ঠী-নামা পূর্ব্বে আছিল যে জন। কাশীমিশ্র প-ণ্ডিতে হইল প্রকটন॥ ১॥ শশিকলা নাম পূর্ব্বে ব্রজের যুবতী। এবে সে কহিয়ে নাম শ্রীশিখি মাহাতি॥ ২॥ কমলা বলিয়া নাম ব্রজেতে বিদিত। এবে সে জানিবে তিঁহো শ্রীরাম পণ্ডিত॥ ৩॥ মধুরা বলিয়া সখি পূর্ব্বে নাম যাঁর। বড় হরিদাস নাম এবে হয় তাঁর॥ ৪॥ ইন্দিরা বলিয়া সখী পূর্ব্বে যেহোঁ হন। কবিচন্দ্র ঠাকুর এবে জানিহ কারণ॥ ৫॥ কন্দর্পসুন্দরী নাম পূর্ব্বে যাঁর স্থিতি। ঠাকুর হিরণ্যগর্ভ এবে মহামতি॥ ৬॥ কামলতা নাম সখী পূর্ব্বে সুবিখ্যাত। এবে সে জানিবে তিঁহো সেন জগন্নাথ॥৭॥ প্রেমমঞ্জরিকা নাম প্রেমের সুন্দর। এবে সে জানিবে তিঁহো দ্বিজ পীতাম্বর॥ ৮॥

অথ সুদেবী। অবয়ব পীতবর্ণ সুদেবী সে ধরে। স্বর্ণ-

বর্ণ বস্ত্র শোভা করে কলেবরে ॥ রঙ্গদেবী সহোদরা এক মাতা পিতা। বক্রেক্ষণের কনিষ্ঠ ভ্রাতার পরিণীতা ॥ জ্যেষ্ঠ ভাসুরের নাম ভৈরব যাঁর হয়। বর্ণ অলঙ্কারে রঙ্গদেবী ভ্রম হয় ॥ বসন্তসুখদা-কুঞ্জে সদা যাঁর স্থিতি। হরিদ্বর্ণ বায়ু-কোণে জলসেবায় রতি ॥ কলহান্তরিতা-ভাব বামপ্রখরা। প্রকোপ-গ্লানিতে যিনি কৃষ্ণ-মনোহরা ॥ যাবট্‌গ্রামেতে ঘর বসতি সবার। নবীন-যৌবন-বয়ঃক্রম সবাকার ॥ সুদেবী বলিয়া নাম ব্রজের সন্তোষ। ইদানী জানিবে তিঁহো বাসু-দেব ঘোষ ॥

অস্যাঃ যূথ। কাবেরী-১ চারুকবরা-২ সুবেশী-৩ মঞ্জুকেশিকা ৪। হারহীরা-৫ মহাহীরা-৬ হারকণ্ঠী-৭ মনোহরা-৮ ॥

সুদেবীর যূথে সখি কাবেরী যে ছিলা। রাঘব পণ্ডিত গৌরগণে প্রকটিলা ॥১॥ সুচারুকবরা নাম পূর্ব্বের বিলাসে। মুরারিচৈতন্যদাস এবে সে প্রকাশে ॥ ২ ॥ সুকেশী বলিয়া নাম পূর্ব্বকালে ছিল। মকরধ্বজ পণ্ডিত এবে নাম হৈল ॥৩॥ সুদেবীর যূথে সখি মঞ্জুকেশী নাম। এবে সে কংসারিসেন গুণে অনুপম ॥৪॥ হারহীরা নাম সখী পূর্ব্বে ব্রজে খ্যাত। এবে সে জানিবে তিঁহো শ্রীজীবপণ্ডিত ॥ ৫ ॥ মহাহীরা নাম সখী ব্রজের ভূষণ। শ্রীমুকুন্দকবিরাজ হইয়াছেন এখন ॥ ৬ ॥ হারকণ্ঠী নামে সখী ব্রজের বিলাস। এবে সে জানিবে তাঁরে ছোট হরিদাস ॥ ৭ ॥ মনোহরা নাম সখী ব্রজে পূর্ব্বে হন। কবিচন্দ্র গুপ্ত বলি হইল এখন ॥ ৮ ॥ ইতি চৌষট্টি মহান্ত ॥

শ্রীকৃষ্ণদাস কবিরাজ গোস্বামি মতে এবং মতান্তরে যূথনিরূপণ। ললিতা শ্রীরূপগোস্বামি ॥ ১ ॥ বিশাখার

ভাবযুক্ত শ্রীরামানন্দ রায় ও শ্রীদামোদর গোস্বামি ।। ২ ॥
চিত্রা শ্রীশিবানন্দসেন ও শ্রীবনমালী কবিরাজ ।। ২ ॥
চম্পকলতা শ্রীবসুরামানন্দ ও শ্রীরাঘব পণ্ডিত ।। ২ ॥
তুঙ্গবিদ্যা শ্রীমাধব ঘোষ ও শ্রীপ্রবোধানন্দ সরস্বতী ।। ২ ॥
ইন্দুরেখা শ্রীগোবিন্দানন্দঠাকুর ও শ্রীভূগর্ভ ঠাকুর ।। ২ ॥
রঙ্গদেবী শ্রীগোবিন্দ ঘোষ ও শ্রীগোপীনাথ ঠাকুর ।। ২ ॥
সুদেবী শ্রীবাসুদেবঘোষ ও শ্রীগদাধর ভট্টগোস্বামী ।। ২ ॥

পূর্ব্বে যে বড়াই কৃষ্ণে করিত ধামালি। সেইমত গোবিন্দ আচার্য্য গীতাবলি ।। কাত্যায়ণী বলি যেই পূর্ব্বকালে ছিল। এবে সে শ্রীকান্ত সেন নাম জানাইল ।। বন্দি গৌরদাসগণ আর ভক্তগণ। সবার পদরেণু শিরে করিয়া ভূষণ॥ অস্তু, পূর্ব্বকালে, যেই দাস-ভক্ত-গণ। একত্র করিয়া সব করিল বর্ণন॥ যাঁর যেবা যূথ মাতা পিতা কিম্বা পতি। বয়ে: বর্ণ বেশ সেবা কার কোথায় স্থিতি॥ কোন দিকে কোন বর্ণ কি কুঞ্জ কোন্ দল। সংস্কৃত প্রমাণে ব্যক্ত হইয়াছে সকল॥ বরগণ মধ্যে কলাবতী-১ শুভাঙ্গদা-২। হিরণ্যাঙ্গী-৩ রত্নরেখা-৪ কিশোরী সর্ব্বদা ॥ শিখাবতী-৫ পঞ্চমী ষষ্ঠে কন্দর্পমঞ্জরী-৬। উৎফুল্লকলিকা-৭ আর অনঙ্গমঞ্জরী-৮ ।। ইহ সবাদের সব পূর্ব্ব বিবরণ। লিখিয়াছি সংস্কৃতে এথা না কৈল বর্ণন ।। ভাষাতেও যথা স্থানে প্রয়োজন মত। সংক্ষেপে লিখিয়াছি আমি যার যেই মত॥ যদি কিছু অপরাধ তাহাতেও হয়। শ্রোতা ভক্তগণ তাহা ক্ষমিবেন নিশ্চয়॥ পূর্ব্বকালে উদ্ধব আছিল যেই জন। পরমানন্দ অবধূত হইল এখন॥ সুচারুকবরা সখী সুদেবীর যূথে। প্রহ্লাদ সহিত

যুক্ত একভাবমতে ॥ মুরারি চৈতন্যদাস শ্রীনৃসিংহানন্দ। ইহাতে কহিল তত্ত্ব ভাব অনুবন্ধ ॥ প্রহ্লাদ নামেতে ভক্ত পূর্ব্বকালে হন॥ নন্দিনী আশ্রয় তত্ত্ব ভাব সুশোভন ॥ প্রহ্লাদ নামেতে ভক্ত ছিল পূর্ব্বকালে। সারঙ্গঠাকুর এবে নাম কহি ভালে॥ ঠাকুর মুরারিদাস তাঁর ব্যূহ হন। প্রেম-শুদ্ধ-তত্ত্বচিত্ত কহিল কারণ ॥ শুকদেব নামে পূর্ব্বে ছিল মহাশয়। বিদ্যানিধি নাম এবে কহিল নিশ্চয় ॥ মাধব আচার্য্য নাম অংশে সুশীতল। যাঁহার রচিত গীত শ্রীকৃষ্ণ-মঙ্গল ॥ শ্রীকৃষ্ণের মহিমা শ্রীভক্তের মহিমা। কেবা জন আছে ইহা করিবেক সীমা ॥ পরিহূত সখা পূর্ব্বে নাম সে উৎপল। আর পরিহূত করি শ্রীমধুমঙ্গল॥ শ্রীধরপণ্ডিত এবে খোলাবেচা খ্যাতি। নরহরি আচার্য্য সে হৈল মহামতি ॥ মালাধর দাস নাম ছিল নন্দীশ্বরে। রাঘব পণ্ডিত নাম এবে সেই ধরে ॥ নন্দীশ্বরের কার্য্য তিনি কৈল বহুমতে। সেই মতে ঝালি বহে প্রভুর সহিতে ॥ দময়ন্তী নাম তাঁর ভগিনী উত্তমা। পূর্ব্বে নন্দীশ্বর দাসী গুণমালা নামা ॥ পূর্ব্বকালে গৃহকর্ম্ম করিত যেমন। এবে প্রভুর সেবা দ্রব্য করয়ে রচন॥ পূর্ব্বকালে শোভন নামেতে দীপধর। সভামধ্যে দিউটি যে ধরিত তৎপর॥ শ্রীমান্ ঠাকুর এবে নাম তাঁর হয়। প্রভুর সঙ্কীর্ত্তনে ইহোঁ দিউটি ধরয় ॥ নৃত্যকালে চন্দ্রহাস নামে যেই নিধি। জগদীশ পণ্ডিত সেই নৃত্যবিনোদী॥ যে গুণ-সাগর নাম কলাবন্ত পূর্ব্বে। কহিয়ে শঙ্করঘোষ নাম হয় এবে॥ যার উম্ফ-বাদ্যে প্রভুর বড়ই পিরীত। উদ্দণ্ড করত নৃত্য হৈয়া হরষিত ॥ গরুড়পণ্ডিত যে গরুড় বলি তাঁরে।

গোপী সহ হয়েন অক্রুর ব্যবহারে॥ পূর্ব্বে বিদুর এবে পণ্ডিত ধনঞ্জয়। সর্ব্বস্ব প্রভুরে দিয়া ভাণ্ড হাতে লয়॥ পূর্ব্বকালে ছিল যাঁর বিশ্বকর্ম্মা নাম। খ্যাত-মর্ম্ম-কর্ম্মা এবে ভাস্কর সে নাম॥ সুদামা নামেতে বিপ্র দরিদ্র আছিল। এবে সে ভিক্ষুক বনমালি নাম হৈল॥ শুক্লাম্বর ব্রহ্মচারী তদ্রূপ গণন। ইহাতে জানিবে ঐক্য ভাব বিবরণ॥ কৃষ্ণ পরিচর্য্যা কার্য্য করেন পূর্ব্বেতে। ভোজনের স্থানাসন করিত নিভৃতে॥ এবে সেন শিবানন্দ জানিহ নিশ্চয়। শুনিলে যাঁহার নাম হরিভক্তি হয়॥ পূর্ব্বে যার নাম হয় বীর হনূমান। এবে সে মুরারি গুপ্ত নামেতে আখ্যান॥ কলকণ্ঠি নাম পূর্ব্বে কৃষ্ণের গায়ন। কীর্ত্তনীয়া গৌরীদাস কহিল কারণ॥ সুকণ্ঠ নামেতে পূর্ব্বে গায়ন যে জন। এবে সে মকরধ্বজ প্রভুর গায়ন॥ সারদা নামেতে যেহোঁ গায়ক পূর্ব্বেতে। বৈদ্য বিষ্ণুদাস এবে গায়ক সাক্ষাতে॥ সারঙ্গ নামেতে যে বায়েন পূর্ব্ব কালে। এবে তারে সারঙ্গ বায়েন বলি ভালে॥ সুধানিধি নামে যে বায়েন পূর্ব্বে ছিল। এবে সে গোবিন্দদত্ত নাম জানাইল॥ মতল্লী নামেতে পূর্ব্বে পুলিন্দী দুহিতা। গোপীর উচ্ছিষ্ট তিঁহো মাগিয়া খাইতা। কালিদাস ঠাকুর বলি এবে নাম ধরে। তাঁহার ভাগ্যেরসীমা কে কহিতে পারে॥ ধনিষ্ঠা চন্দনকলা কুসুমিকা আর নন্দগৃহে নন্দদাসী পূর্ব্বের বিহার॥ রঙ্গদেবী ধনিষ্ঠায় ভাব এক রূপ। সে ভাবে গোবিন্দ ঘোষ কহিল স্বরূপ॥ তুঙ্গবিদ্যায় চন্দ্রকলায় হয় এক ভাব। সে যোগে মাধব ঘোষ কহিল প্রস্তাব॥ সুদেবী মিলনে বাসুদেব ঘোষ জানি

কুসুমিকা নন্দগৃহে দাসী পরিমাণি ।। পিতৃ-দাসী হৈল পুত্র মাতার লক্ষণ। শ্রীমূর্ত্তি করেন শ্রাদ্ধ তাহার কারণ ।। হস্তে কুশ ধরি প্রভু শ্রাদ্ধ করেন নিজে। ভাবের আস্বাদ বুঝে ভাগ্যবান যে ।। সখ্যভাবে পরমমাধুরী তত্ত্বে জানি। নন্দ-দাসী ভাবে শ্রাদ্ধ করেন আপনি ।। ধনিষ্ঠা করিল বাঞ্ছা কৃষ্ণের পরশ। ইহাতে করিল জ্ঞাত মাধুর্য্যের রস ।। ধনিষ্ঠা বাঞ্ছিত "মোর স্তন সুশোভন। কোনো ছলে কৃষ্ণ যদি করেন স্পর্শন" ॥ হেন বাঞ্ছা ধনিষ্ঠার চিরদিন ছিল। তাঁর বাঞ্ছা সিদ্ধি হেতু উপায় সৃজিল ॥ একদিন ননি কৃষ্ণ সকল খাইল। হাতে মুখে যশোদা সে আসিয়া ধরিল ।। নবনি খাইল সব কি হবে উপায়। এ কথা শুনিয়া কৃষ্ণ প্রবো-ধেন মায় ।। ধনিষ্ঠা আছিল স্তনে অল্প বস্ত্র দিয়া। দেখান শ্রীকৃষ্ণ তার স্তনে হস্ত দিয়া ।। এত খানি মাত্র আমি খাই-য়াছি নবনি। ঈষৎ হাসিয়া যান যশোমতি রাণী ।। ধনিষ্ঠা পলান কৃষ্ণ দেখি বিবরণ। সেই সব কথা এবে অকথ্য কথন ।। প্রেমকন্দ নামে যে কৃষ্ণের বেশকারি। কাশীশ্বর গোসাঞি সে কহিল বিবরি ।। রক্তক, পত্রক, আর সঙ্গিক, গৃহিণী। কৃষ্ণের কিঙ্কর চারি পূর্ব্বে সুবলনী ॥ শিখি ভট্ট, মালা ভট্ট, রামাই, নন্দাই। ক্রমেতে জানিবে এবে কিঙ্কর সদাই ।। মাধবী শিখির সঙ্গে ঐক্য-বিবরণ। সেই ভাবে মাধবী এবে কহিল করণ ।। পয়োদ বারিদ সেবা করিত দুই জন। পূর্ব্বে করিত তিহোঁ জল আয়োজন ।। এবে সেই জলসেবা করে দুই দাস। রামাই নন্দাই রহে গোবিন্দের পাশ ॥ গোপীনাথ আচার্য্য তাঁর নাম কহি এবে। গোপী-

রত্ন নাম তাঁর কহিল প্রভাবে॥ কুন্দলতা নাম যাঁর ব্রজের ভূষণ। বিদ্যানিধি ব্রহ্মচারী কহিল করণ॥ পদ্মা নামে সখী যে আছিল পূর্ব্বকালে। এবে সে উদ্ধব দাস কহিল বিরলে॥ বল্লভ নামেতে দাস পূর্ব্বকালে হন। বুদ্ধিমন্ত খান সে হইল এখন॥ কলাঙ্কুশ নামে দাস পূর্ব্ব অভিলাষ। সুবুদ্ধি বলিয়া নাম ভাবের প্রকাশ॥ যোগমায়া ভগবতী দেবী পৌর্ণমাসী। কৃষ্ণের লীলায় তিহোঁ আনন্দ বিলাসী॥ নান্দিমুখী বিধুমতী দুই শিষ্য তাঁর। সন্ধিনী দায়িনী দুই লীলার বিস্তার॥ কৃষ্ণলীলা সন্ধান যে করিত সতত। সন্ধিনী দায়িনী দুই কহি অভিমত॥ নান্দিমুখী জগদীশ আচার্য্য সুমতি। গ্রন্থলিখি শ্রীবিজয় যেন বিন্দুমতি॥ রতিমঞ্জরীর যূথে দুই সখী হন। কলাবতী রত্নবতী নাম দুই জন॥ রামানন্দ সত্যরাজ এই দুই ভ্রাতা। জানিবেন ক্রমে দুই ব্রজের বনিতা॥ গোবিন্দ গরুড় নাম দুই মহাশয়। বৈকুণ্ঠেতে এই দুই জয় ও বিজয়॥ শুদ্ধ-সত্ত্বে গোবিন্দ গরুড় দুই ভাই। আসুরি অংশেতে জন্ম জগাই মাধাই॥ ব্যাস-সম কহি এবে দাসবৃন্দাবন। চৈতন্যলীলায় আদি ব্যাস সে কারণ॥ বেদগর্ভ নামে মুনি ছিল পূর্ব্বকালে। গৌতমী নামেতে তাঁর পত্নী কহি ভালে॥ ভাগবত আচার্য্য সে পতি পত্নী মিলে। মহাপ্রভুর সঙ্গেতে ফিরেন কুতূহলে॥ বজ্র নামে পূর্ব্বে যে কৃষ্ণের পৌত্র নাতি। শ্রীনাথ পণ্ডিত এবে কহিল ভারতী॥ পূর্ব্বে যে আছিল বিপ্র মথুরায় স্থিতি। তাঁ সবার পত্নী যে বড়ই ভাগ্যবতী॥ গোপীর অনুগা হৈয়া কৃষ্ণের সাধন। এবে সে উভয় মত কহিল কারণ॥ সুলভা

াামেতে মুনি গর্গপত্নী তাঁর। এবে দেবানন্দ কহি করিয়া
বচার ।। সরটকা নামে বিপ্র কুর্ব্বকা ব্রাহ্মণী। অনন্ত
াচার্য্য এবে কহি পরমাণি ।। সুধাকর নামে মুনি বামনী
রণী। একরূপ হৈয়া এবে ফিরয়ে অবনী ।। শ্রীরাম পণ্ডিত
ার নাম হয় এবে। সর্ব্বগুণে পরিপূর্ণ চৈতন্যের ভাবে ॥
াদর নামেতে মুনি সুহাস ঘরণী। শুভানন্দ নাম এবে ক-
হল কাহিনী ।। সামধ্বনি নামে মুনি সুবলঘরণী। কমলনয়ন
াম কহিল বাখানি ।। শাণ্ডিল্য নামেতে যিনি মহাকবি
নি। এবে সে ঈশানদাস নাম তাঁর মানি ।। বৈদিক
ামেতে মুনি আছিল পূর্ব্বেতে। লিখদা তাঁহার পত্নী কহিল
াক্ষাতে ॥ সঞ্জয় বলিয়া তাঁর নাম এবে হয়। ভক্তের সহিত
ভক্ত জানিহ নিশ্চয় ।। বেদগর্ত্তনাম মুনি আছিল যেই জন।
ভার্গবী বলিয়া তাঁর পত্নীর গণন ।। শ্রীজীব ঠাকুর তাঁর
াম বিবরণ। উভয় সম্মত দ্বিজপত্নীর গণন ।। মধুব্রত বলি
যই দাস পূর্ব্বকালে। বুদ্ধিমন্তখান এবে কহিল বিরলে ।।
াানা মানু নামে পূর্ব্বে কৃষ্ণের দুই দাস। বেণুশৃঙ্গযষ্টি
যই বহে পশুপাশ ।। বিষ্ণুদাসবৈদ্য আর বৈদ্যকৃষ্ণদাস।
ক্রমেতে জানিবে দুহেঁ প্রভুর বিলাস ॥ সুবিলাস বলি যেই
াস পূর্ব্বে ছিল। শেখর পণ্ডিত এবে নাম জানাইল ।।
বলাস নামেতে দাস ছিল পূর্ব্বকালে। জগন্নাথ আচার্য্য
তাঁর নাম কহি ভালে ।। বর্দ্ধন নামেতে দাস ছিল পূর্ব্ব-
ভাবে। রঘুনাথ বৈদ্য তাঁর নাম কহি এবে ।। প্রগুণ বিলাস
দুই দাস পূর্ব্বে হন। বাণীনাথ বসুবিদ্যা নাম দুই জন ।।
কুমুদ নামেতে দাস ছিল পূর্ব্বকালে। এবে সে জগদানন্দ

নাম কহি ভালে।। তম্বুর বলিয়া নাম পূর্ব্ব অনুবন্ধ। এ
সে জানিবে তারে দত্ত রামানন্দ।। দ্বাদশ গোপাল আ
যত ভক্তগণ। চৌষট্টি মহান্তগণ যাহে যুক্ত হন।। শ্রীগু
জাতীয় ধর্ম্ম পালন করিয়া। প্রাপ্তি হব কৃষ্ণ সেবা আনন্দি
হৈয়া।। ক্রমে যাঁর সেই যূথ ক্রমেতে পাইয়া। নিষ্প
প্রেমের তত্ত্ব কহিল ডাকিয়া॥ কিঞ্চিৎ লিখিল যাহা আছ
প্রচারে। অনন্ত গৌরাঙ্গ ভক্ত কে গণিতে পারে।। গৌর
গণোদ্দেশগ্রন্থে যে কিছু দেখিল। প্রাচীন বৈষ্ণব মুখে আর
যা শুনিল।। গ্রন্থান্তরে কিছু কিছু করিল শ্রবণে। কিছু
কিছু লুপ্ত হইয়াছিল বহু দিনে।। প্রসিদ্ধ খেয়াতি শ্রী
আছে স্থানে স্থানে। অনেক যতনে কিছু করিল সন্ধানে।।
তাহা অনুসারে লিখি যথা নিজমতি। সব লিখিবারে মোর
নাহিক শকতি॥ মহান্ত গণনে যদি ক্রম ভঙ্গ হয়। নিয়ম
লিখিতে যদি হয় বিপর্য্যয়।। ইথে অপরাধ মোর ক্ষম ভক্ত
গণ। কৃপা করি দেহ মোরে যুগল চরণ।। বৈষ্ণব গোসাঞি
কৃপা করহ কিঞ্চিত। তবে সে পূরিবে মোর মনের বাঞ্ছিত।।
গৌরগণের দয়ায় যদি কিঞ্চিৎ সঞ্চিত। হইয়া থাকে তার
যেন না হই বঞ্চিত। জাহ্নবা নিতাইকে জানাইলাম সমী
হিত। নবদ্বীপচন্দ্র দাসের এই নিবেদিত।।

যে গৌরভক্তাঃ ক্রমভঙ্গভূতা,
নামানি যেষাং ভ্রমবিস্মৃতানী।
ক্ষন্তব্য-মাগো-মম তৈঃ কৃপালুভি,-
র্ণমাম্যহন্তৎ পদসারসানি।।

"অযুক্তং যদিহপ্রোক্তং প্রমাদেন-ভ্রমেণ বা।
বচো ময়া-দয়াবন্তঃ সন্তঃ সংশোধয়ন্তু তৎ॥"
সন্তিযদ্যপিভূয়াং সোগ্রন্থা-বৈষ্ণবসম্মতাঃ।
তথাপি সারমাকৃষ্য-নবভক্ত্যর্থ-উদ্যমঃ॥
ইদং গৌরাঙ্গলীলাঢ্যং ভাবনামৃত-সারকম্।
নিত্যানন্দ-বিলাসাব্ধি-সুধাসারপ্রদর্শকম্॥
প্রেমপীযূষপাথোধিপূরাপ্লাবকমূর্ত্তিদম্।
গৌরাঙ্গভক্তসর্ব্বস্বং বৈষ্ণবাচার-দর্পণম্॥
করেগৌরাঙ্গভক্তানাং নিত্যানন্দেষ্টসম্পদাম্।
অস্ত্বেতদর্পিতং তাবদ্ বৈষ্ণবাচারদর্পণম্॥
দত্তাদ্ গৌরাঙ্গভক্তায়াদোষদর্শিকৃপালবে।
কৃতঘ্ন-গোখরক্রূর-কোলপাপিজনে ক্বচিৎ।
ন দাতব্যং ন দাতব্যমিতিমেবি-নিবেদম্॥

বৈষ্ণব সর্ব্বস্ব বৈষ্ণবাচারদর্পণ। পড়িলে শুনিলে পায় ...র-প্রেমধন॥ হ'য়ে নিত্যানন্দ প্রভুর করুণা ভাজন। ...দ্বত প্রভু কৃপায় হয় অসাধ্য-সাধন॥ গদাধর পণ্ডিত ...বে একান্ত শরণ। শ্রীবাস গোসাঞি কৃপায় সাঙ্গে ভজন॥ ...লোচিলে কৃপা ক'রে গৌরাঙ্গের-গণ। অগতির গতি ...রা পতিতপাবন॥ এই গ্রন্থ মনোযোগে ক'রে অধ্যয়ন। ...থবা শ্রবণ করে যেই সাধুজন॥ পঞ্চতন্ত্র শ্রীচৈতন্যের ...ার ভাজন। হইয়া প্রেম-পয়োধিতে করে নিমজ্জন॥ ...গৌরাঙ্গ ভক্ত-করে করি সমর্পণ। পরিশেষে করিল এই ...হ সমাপন॥ অদোষ দরশি-গৌরভক্ত দয়াবান। তাঁহারা ...খিবে যেন নাহি দেখে আন॥ কৃতঘ্ন-গোখর ক্রূর কোল

তুষ্টচিত। পাষণ্ড পাপীরে না দেখাবে কদাচিত॥ দেখাবে তুষ্টজনে কথঞ্চিৎ ক্বচিৎ। কিঞ্চিৎও সন্দি চিত্তে হইবে বঞ্চিত॥

ইতি শ্রীবৈষ্ণবাচারদর্পণে বৈষ্ণব-সর্ব্বস্বে গৌর-গণোদ্দেশ-নিরূপণং নাম পঞ্চমোবিভবঃ॥ ৫॥

সমাপ্তঃ প্রথমভাগঃ।

কলিকাতা আহীরীটোলা ষ্ট্রীট ৯৯ সংখ্যক ভবনে এন, এ শীলের যন্ত্রে শ্রীনৃত্যলাল শীল দ্বারা মুদ্রিত ও প্রকাশিত।